শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

# শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি

শ্রীচৈতন্য-সারস্বত মঠ, নবদ্বীপ।

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

শ্রীল ভক্তিবিনোদ-সরস্বতী-ধারায়
শ্রীবৃন্দাবনধামরজঃপ্রাপ্ত পরম পূজ্যপাদ
শ্রীশ্রীমৎ কৃষ্ণদাস বাবাজী মহারাজ কীর্ত্তিত

# শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি

বিশ্বব্যাপী শ্রীচৈতন্য-সারস্বত মঠাদি প্রতিষ্ঠানের
প্রতিষ্ঠাতা-সভাপতি-আচার্য্য
ওঁ বিষ্ণুপাদ পরমহংস ন্যাসিকুল-মুকুটমণি সর্ব্বশাস্ত্রসিদ্ধান্তবিৎ
শ্রীশ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী
মহারাজের কৃপানির্দ্দেশে
সঙ্কলিত

বিশ্বব্যাপী শ্রীচৈতন্য-সারস্বত মঠাদি প্রতিষ্ঠানের
বর্তমান সভাপতি-আচার্য্য
ওঁ বিষ্ণুপাদ পরমহংস
শ্রীল ভক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ
সম্পাদিত

**শ্রীচৈতন্য-সারস্বত মঠ, নবদ্বীপ।**

**শ্রীচৈতন্য সারস্বত মঠ**
নবদ্বীপ, নদীয়া হইতে
ত্রিদণ্ডীস্বামী শ্রীভক্তিপ্রপন্ন তীর্থ
কর্তৃক প্রকাশিত

দ্বিতীয় সংস্করণ
২৭ শে শ্রাবণ, ১২ই আগষ্ট, ২০০১
শ্রীজন্মাষ্টমী তিথি

মঠ কর্তৃক সর্ব্বসত্ত্ব সংরক্ষিত

টাইপ সেটিং:
শ্রীপাদ শ্রুতশ্রবা দাসাধিকারী

মুদ্রণ:
গিরি প্রিন্ট সার্ভিস
৯১ বৈঠকখানা রোড়
কলিকাতা ৭০০০০৯

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

## প্রথম সংস্করণের

# নিবেদন

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গের অহৈতুকী করুণায় অতি স্বল্পসময়ে 'শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি' প্রকাশিত হওয়ায় আমাদের বহুদিনের একটি অভাব পূর্ণ হইল। শ্রীল ভক্তিবিনোদ-সরস্বতী-ধারায় যে কীর্ত্তনগুলি শ্রীল প্রভুপাদ ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের সময়ে প্রত্যহ ও বিশেষ বিশেষ দিনে গীত হইত এবং এখনও শ্রীচৈতন্য-সারস্বত মঠে গীত হইয়া থাকে, প্রায় তৎসমুদয় কীর্ত্তনই এই শ্রীগৌড়ীয় গীতাঞ্জলিতে পাইবেন।

আমাদের পরমারাধ্যতম শ্রীগুরু-পাদপদ্মের সর্ব্বকালের অকৃত্রিম বন্ধু, আমাদের প্রতি অকপট স্নেহশীল পরম ভাগবত শ্রীবৃন্দাবন-ধাম-রজঃপ্রাপ্ত পূজ্যপাদ শ্রীল কৃষ্ণদাস বাবাজী মহারাজ এই সংগীতগুলি পরম আদরের সহিত সাশ্রুনয়নে সুধাবিনিন্দিত সুমধুরকণ্ঠে সংকীর্ত্তন করিতে করিতে শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্ব্বা-গোবিন্দ-সুন্দরগণের তৃপ্তি বিধান করিতেন। প্রধানতঃ তিনিই আমাদের শ্রীগুরু পাদপদ্মের রচিত সংস্কৃত পদ্যাবলী সানন্দে, স্বেচ্ছায় গর্ব্বভরে ভারতের সর্ব্বত্র শ্রীরূপ রঘুনাথের আনুগত্যময় সম মর্য্যাদায় স্থাপন ও প্রচারের দ্বারা জীবকল্যাণ বিধান করিয়া পরমানন্দ লাভ করিয়াছেন। তাই

তাঁহার পবিত্র স্মৃতি রক্ষা-কল্পে তাঁহার প্রিয় কীর্ত্তনগুলি একত্রিত করিয়া তাঁহারই শ্রীকরকমলে সমর্পিত হইল। তিনি কৃপা করিয়া আমাদের প্রতি নিত্যকাল সুপ্রসন্ন থাকুন—এই প্রার্থনা।

ওঁ বিষ্ণুপাদ শ্রীগুরুপাদপদ্ম শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ ও পরমভাগবত শ্রীল কৃষ্ণদাস বাবাজী মহারাজের প্রতি ঐকান্তিক নিষ্ঠাবান্ বৈষ্ণব আচার্য্য ত্রিদণ্ডিস্বামী শ্রীমৎ বিরহপ্রকাশ মহারাজ এই গ্রন্থ প্রকাশে বিশেষ আনুকূল্য করিয়া বৈষ্ণব জগতে এক মহান্ আদর্শ স্থাপন করিয়া সকলের কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন।

স্বল্প সময়ে প্রকাশের বিশেষ কৃতিত্বের জন্য যে সমস্ত গুরু-ভ্রাতৃবর্গ শ্রীগুরু-গৌরাঙ্গের কৃপা লাভ করিয়া অশেষ ধন্যবাদাই হইয়াছেন, তন্মধ্যে শ্রীপাদ নিমাইসুন্দর ব্রহ্মচারী বিদ্যাবিনোদ প্রভু ও শ্রীমান্ বিশ্বরূপ ব্রহ্মচারী প্রভুর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

অদোষদরশী বৈষ্ণবগণ ! সম্পাদনায় অযোগ্যতা নিবন্ধন যে সমস্ত ক্রটী এই অপ্রাকৃত গীতাঞ্জলির সৌন্দর্য্যহানি করিয়াছে, তাহা কৃপাপূর্ব্বক মার্জ্জনা করিয়া পরবর্ত্তী সংস্করণের সুষ্ঠু-সেবার জন্য এই অধমকে জ্ঞাপন করিলে ধন্য হইব। ইতি—

বিনীত দীনাধম
সম্পাদক

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গৌ জয়তঃ

## দ্বিতীয় সংস্করণের

# নিবেদন

বিশ্ববিশ্রুত শ্রীচৈতন্য সারস্বত মঠের প্রতিষ্ঠাতা পরমারাধ্য পরমহংসকুল-বরেণ্য শ্রীগুরুপাদপদ্ম শ্রীশ্রীল শ্রীভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের কৃপা নির্দেশে সঙ্কলিত শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলির প্রথম সংস্করণ শেষ হয়ে যাওয়ায় এবং ভক্তগণের এই গ্রন্থের জন্যে বিশেষ চাহিদা থাকায় বর্তমানে বিশ্বব্যাপী শ্রীচৈতন্য সারস্বত মঠের আচার্য্য পরমপূজ্যপাদ বিশ্ববরেণ্য শ্রীশ্রীল শ্রীভক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজের সম্পাদনায় ও কৃপানির্দেশে শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি নবকলেবরে জীবের পরম মঙ্গলের জন্যে পুনঃ প্রকাশিত হলেন।

শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলিতে মহাজনগণের অপ্রাকৃত অনুভূতি লব্ধ শাস্ত্রের সার কথাগুলিই বিভিন্ন স্তব, স্তুতি, প্রার্থনা, গীতি রূপে প্রকাশিত হয়েছেন। এগুলির নিত্যানুশীলন আমাদের পরম মঙ্গল সাধন করতে পারে। আজ শুধু প্রাচ্যেই নয়, পাশ্চাত্ত্যের বহু ভাগ্যবান জীব মধুলোভে মৌমাছির মত এসবের প্রতি আকৃষ্ট হয়েছেন। কলিযুগপাবনাবতারী শ্রীমন্ মহাপ্রভু ও তাঁর নিজজনগণের ভবিষ্যত-বাণী আজ অক্ষরে অক্ষরে সত্য

হয়েছে। শুধু যারা দুর্ভাগা তারাই এসবের দিব্য মহিমা উপলব্ধি করতে পারেন নি। 'যে জন কৃষ্ণভজে সে বড় চতুর', অর্থাৎ চতুর ভাগ্যবান জীবগণ যেখানেই থাকুননা কেন তাঁরা প্রাকৃত কবির কাব্য সঙ্গীতের প্রতি আকর্ষণ ছেড়ে দিয়ে এই সব অপ্রাকৃত কবির কাব্য ও সঙ্গীতের প্রতি অনুরক্ত হবেন। যেহেতু এসব দিব্য-চেতন বস্তুর অনুশীলনের দ্বারাই আমাদের চিত্ত শুদ্ধ হয়ে শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের শ্রীচরণে শুদ্ধভক্তি লাভ করতে পারে, যেটি আমাদের একমাত্র প্রয়োজন। আর এই গীতি সমূহের শ্রবণ-কীর্ত্তনের দ্বারা আমরা শ্রীগুরু-বৈষ্ণব-ভগবানের সুখবিধান করে তাঁদের কৃপালাভ করতে পারব।

তাই দেখা যাচ্ছে শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি আজ সারা বিশ্বেই সুকৃতি-সম্পন্ন ভক্তগণের কন্ঠহার রূপে সমাদর লাভ করেছেন। শ্রীগুরু-বৈষ্ণবগণের বিশেষ ইচ্ছায় এই সংস্করণে আরো কিছু নতুন গীতি সংযোজন করা হল। সেগুলি যেমন-শ্রীমন্ মহাপ্রভু ও শ্রীকৃষ্ণের শতনাম, গোস্বামীগণের শোচক, সম্পূর্ণ প্রেম-ধাম-দেব স্তোত্রম, শ্রীনামাষ্টকগীতি ইত্যাদি।

শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলির নবকলেবরের রূপদানে বিশেষভাবে এগিয়ে এসেছেন আমেরিকার ভক্তপ্রবর শ্রীপাদ শ্রুতশ্রবা প্রভু। ইনার মাতৃভাষা বাংলা না হলেও শ্রীগুরু-গৌরাঙ্গের কৃপায় ও ইনার নিজের অক্লান্ত সেবাপ্রচেষ্টার দ্বারা এই গ্রন্থের টাইপ-



সেটিং সেবাটি সম্পন্ন হয়েছে। এছাড়া প্রুফ্-রিডিং সেবায় সাহায্য করেছেন আমাদের পরম-বান্ধব সুশিক্ষিত বিশিষ্ট সজ্জন শ্রীযুক্ত অরুণ ব্যানার্জী মহাশয়। এই সেবা-প্রচেষ্টায় শ্রীগুরু-গৌরাঙ্গের কৃপা ইনারা নিশ্চই লাভ করবেন তাতে কোন সন্দেহ নাই।

অদোষদরশী বৈষ্ণবগণের শ্রীচরণে প্রার্থনা প্রকাশনার অযোগ্যতার জন্যে এই গ্রন্থে যে ভুল-ত্রুটি হয়েছে তা কৃপা-গুণে সংশোধন করে শুদ্ধ-সেবার যোগ্যতা এ অধমকে প্রদান করুণ যাতে চিরকাল শ্রীগুরু-বৈষ্ণবের সেবা সুষ্ঠু-ভাবে করে জীবন সার্থক করতে পারি। ইতি—

বিনীত দীনাধম
প্রকাশক

# সূচীপত্র


| বিষয় | পত্র |
|---|---|
| **অ** | |
| অক্রোধ পরমানন্দ | ৪৯ |
| অনাদি করমফলে | ১৩২ |
| অন্য-অভিলাষ ছাড়ি | ২১৯ |
| অপরাধ ফলে মম | ১৩২ |
| অবতার সার | ১২০ |
| অম্বুদাঞ্জনেন্দ্রনীল | ১৬৪ |
| অরুণবসনে | ১০০ |
| অয়ি নন্দতনুজ | ১৩১ |
| **আ** | |
| আত্মনিবেদন তুয়া | ১৯৮ |
| আত্মসমর্পণে গেলা | ১৯৯ |
| আমার জীবন সদা | ১৯১ |
| আমার শপতি লাগে | ২৩৯ |
| আর কেন মায়াজালে | ২৩১ |
| আরে মোর জীবন ধন | ৮০ |
| আরে মোর শ্রীরূপ | ৬৭ |
| আশ্লিষ্য বা পাদ | ১৩৫ |
| **ই** | |
| ইন্দ্রনীলমণি | ১৭৩ |
| **উ** | |
| উদিল অরুণ | ২২৫ |
| **ঋ** | |
| ঋক্-তাৎপর্য্যম্ | ২৪৩ |
| **এ** | |
| এইবার করুণা কর | ৫৭ |
| একদিন নীলাচলে | ২০৪ |
| একদিন শান্তিপুরে | ২০৩ |
| এ মন গৌরাঙ্গ বিনে | ১২৭ |
| এমন দুর্ম্মতি | ১৯৩ |
| **ও** | |
| ওমন কি করে বরণ | ২৩০ |
| ও মোর জীবন-গতি | ৬৩ |
| ওহে হরিনাম, তব | ১৪৪ |
| **ক** | |
| কদাচিৎকালিন্দী | ১৫৯ |
| কবে আহা গৌরাঙ্গ | ১২৬ |
| কবে গৌরবনে | ১৯৭ |
| কবে শ্রীচৈতন্য মোরে | ১৯৬ |
| কবে হবে বল সেদিন | ২২২ |
| কলি-কুক্কুর | ২২৪ |
| কলিঘোর-তিমিরে | ১২১ |
| কি জানি কি বলে | ১৯২ |
| কিরূপে পাইব সেবা | ৬১ |
| কুম্কুমাক্ত কাঞ্চন | ১৬৬ |
| কৃপা কর বৈষ্ণব ঠাকুর | ৬০ |
| কৃষ্ণোৎকীর্ত্তন | ৬১ |
| কে যাবি কে যাবি | ২৩২ |
| **গ** | |
| গাইতে গাইতে নাম | ১৩৪ |
| গাইতে গোবিন্দ নাম | ১৩৪ |
| গায় গোরাচাঁদ জীবের | ১৩৭ |
| গায় গোরা মধুর স্বরে | ১৩৭ |
| গুরুদেব কবে তব করুণা | ২৪ |
| গুরুদেব কৃপাবিন্দু দিয়া | ২৩ |
| গুরুদেব কবে মোর | ২৫ |
| গুরুদেবে ব্রজবনে | ২৬ |
| গুরোর্গুরোমে | ৩৮ |
| গোপীনাথ মম নিবেদন | ২৩৩ |
| গৌরাঙ্গের দুটি পদ | ১০৩ |
| গৌরাঙ্গ বলিতে হবে | ১২৫ |
| গোরা পহুঁ | ১৯৬ |
| **চ** | |
| চেতোদর্পণ মার্জ্জন | ১২৮ |
| **জ** | |
| জগন্নাথসুত মহা | ১৪৬ |
| জনম সফল তার | ১৭৮ |
| জয় ‘গুরু-মহারাজ’ | ১০ |
| জয় গুরু মহারাজ করুণাসাগর | ২১১ |
| জয় গুরু শ্রীভক্তি | ২৩৭ |
| জয় জয় গুরুদেবের | ৮ |
| জয় জয় গোরাচাঁদের | ২০৫ |
| জয় জয় পহুঁ শ্রীল | ৭৪ |
| জয় জয় রাধাকৃষ্ণ যুগল | ২০৬ |
| জয় জয় রূপ মহারস | ৬৯ |
| জয় জয় সুন্দর | ১৬১ |
| জয় জয় হরিনাম | ১৩৯ |
| জয় জয় রাধামাধব | ২১৪ |
| জয় রাধে জয় কৃষ্ণ | ১৮৫ |
| জয়রে জয়রে জয় | ১৯ |
| জয়রে জয়রে জয় গৌর | ২০৬ |
| জয় যশোদানন্দন কৃষ্ণ | ১৭৬ |
| জয় শচীনন্দন সুর | ২০৮ |

| বিষয় | পত্র |
|---|---|
| জীব জাগ জীব জাগ | ২২৫ |
| জ্ঞানী জ্ঞান-যোগে, | ১৪১ |
| **ঠ** | |
| ঠাকুর বৈষ্ণবগণ | ৫৯ |
| ঠাকুর বৈষ্ণবপদ | ৫৮ |
| **ত** | |
| তপনমিশ্রের পুত্র | ৮৬ |
| তাতল সৈকতে | ১৮৭ |
| তুহুঁ দয়া-সাগর | ১২৯ |
| তিলক ধারণ মন্ত্র | ২৪৫ |
| তৃণাদপি সুনীচেন | ১৩০ |
| **দ** | |
| দয়াল নিতাই চৈতন্য | ৫৬ |
| দুর্ল্লভ মানব জন্ম | ১৯৪ |
| দুষ্ট মন তুমি কিসের | ৮৯ |
| দেব ভবন্তং বন্দে | ১৬১ |
| দেবসিদ্ধমুক্ত-যুক্ত | ১০৩ |
| **ধ** | |
| ধন মোর নিত্যানন্দ | ৫৫ |
| **ন** | |
| ন ধনং ন জনং | ১৩১ |
| নব-নীরদ-নিন্দিত | ১৬৮ |

| বিষয় | পত্র |
|---|---|
| নমো নমঃ তুলসী কৃষ্ণ | ২১৪ |
| নমো নমঃ তুলসী মহা | ২১০ |
| নমামীশ্বরং | ১৫৭ |
| নয়নং গলদশ্রু | ১৩২ |
| নাম-সংকীর্ত্তন | ২৩৬ |
| নাম্নামকারি | ১২৯ |
| নারদমুনি, বাজায় বীণা | ১৪৫ |
| নিখিলশ্রুতি-মৌলি | ১৩৮ |
| নিজপতি-ভুজ | ১৭০ |
| নিতাই গুণমণি আমার | ৫০ |
| নিতাই-পদ-কমল | ৪৮ |
| নীতে যস্মিন নিশান্তে | ২৭ |
| নৌমি শ্রীগুরুপাদাব্জং | ২৪১ |
| **প** | |
| পরম করুণ | ৫৫ |
| পীতবরণ কলি | ১২৯ |
| প্রভু তব পদ যুগে | ১৩১ |
| প্রপঞ্চে পড়িয়া | ১৮৯ |
| প্রলয়-পয়োধি-জলে | ১৫৪ |
| **ব** | |
| বন্ধুগণ ! শুনহ বচন | ১৩৫ |
| বন্ধু সঙ্গে যদি তব | ২৩২ |

| বিষয় | পত্র |
|---|---|
| বরজ বিপিনে | ১৮৪ |
| বসতু মনো মম | ১৬২ |
| বাচ্য ও বাচক—দুই | ১৪৩ |
| বিভাবরী শেষ | ২২৬ |
| বিমল হেম জিনি | ১২২ |
| বিরজার পারে শুদ্ধ | ২১৫ |
| বিশ্বে উদিত, নাম-তপন | ১৪০ |
| বৃষভদনুজ-নাশান | ১৮০ |
| বৈষ্ণব ঠাকুর দয়ার | ৫৭ |
| **ভ** | |
| ভজ রে ভজ রে আমার | ২১৬ |
| ভজহুঁ রে মন | ১৭৫ |
| ভজ ভকত বৎসল | ২০৯ |
| ভয়ভঞ্জন জয় | ১৬ |
| ভাইরে ভজ গোরাচাঁদের | ১২৪ |
| ভুলিয়া তোমারে | ১৮৮ |
| **ম** | |
| মন রে কেন কর বর্ণ | ২২৯ |
| ময়ূর মুকুট পীতাম্বর | ২২৮ |
| মাধব বহুত মিনতি | ১৮৬ |
| মানস দেহ গেহ | ১৭৭ |

| বিষয় | পত্র |
|---|---|
| **য** | |
| যণ্ড কলি রূপ শরীর | ৬৮ |
| যদি গৌর না হত | ১২২ |
| যদি তে হরিপাদ | ১১৮ |
| যবে রূপ-সনাতন | ৭৫ |
| যশোমতি-নন্দন | ১৭৬ |
| যশোমতী স্তন্যপায়ী | ১৫০ |
| যুগায়িতং নিমেষেণ | ১৩৩ |
| যে আনিল প্রেমধন | ২২৩ |
| যোগপীঠোপরিস্থিত | ১৩৬ |
| যোহনন্তোহনন্তবক্ত্রে | ৫০ |
| **র** | |
| রাধাকুণ্ডতট | ১৮৩ |
| রাধা কৃষ্ণ প্রাণ মোর | ১৭৯ |
| রাধা কৃষ্ণ বল বল | ২২৮ |
| রাধা ভজনে যদি | ১৭৪ |
| রাধা মাধব কুঞ্জবিহারী | ১৭৬ |
| রাধিকাচরণ পদ্ম | ১৭৪ |
| রাধে রাধে গোবিন্দ | ১৮৪ |
| রাধে জয় জয় মাধব | ১৬২ |
| রূপের গৌরব কেন | ২৩০ |
| রূপের বৈরাগ্যকালে | ৭০ |

| বিষয় | পত্র |
| --- | --- |
| **শ** | |
| শরচ্চন্দ্রভ্রান্তিং | ৫৩ |
| শচীর অঙ্গনে কভু | ২০৪ |
| শরীর অবিদ্যা জাল | ২০৩ |
| শুদ্ধ ভকত চরণ রেণু | ২০১ |
| শুন মোর দুঃখের কাহিনী | ১৯০ |
| শুন হে রসিক জন | ১৮২ |
| শূন্য ধরাতল চৌদিকে | ১৩৪ |
| শ্রিতকমলাকুচ | ১৫৫ |
| শ্রীকৃষ্ণকীর্ত্তনে যদি | ১৩০ |
| শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু জীবে | ১০২ |
| শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া | ১২৫ |
| শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যা... | ২৩৬ |
| শ্রীকৃষ্ণের শতনাম | ১৫০ |
| শ্রীগায়ত্রী-নির্গলিতার্থম্ | ২৪৩ |
| শ্রীগুরুচরণ-পদ্ম | ৫ |
| শ্রীগুরু-পরম্পরা | ৩ |
| শ্রীগোপাল-ভট্ট-প্রভু | ৮৪ |
| শ্রীগৌরধামাশ্রিত | ৪২ |
| শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভোশ্চ | ৯৬ |
| শ্রীচৈতন্য কৃপা হৈতে | ৭৬ |

| বিষয় | পত্র |
| --- | --- |
| শ্রীমচ্চৈতন্যপাদৌ | ৪৩ |
| শ্রীমদ্ভাগবতে মহাপ্রভুর | ৯৯ |
| শ্রীমদ্রূপগোস্বামি-শোচক | ৬৩ |
| শ্রীল-রঘুনাথ ভট্টগোস্বামি-শোচক | ৮৬ |
| শ্রীরূপ-বদনে শ্রীশচী | ১৩৮ |
| শ্রীরূপমঞ্জরী পদ | ২৬ |
| শ্রীরূপের বড় ভাই | ৭১ |
| শ্রীল গদাধর-প্রার্থনা | ২৪২ |
| শ্রীল-গোপালভট্টগোস্বামি-শোচক | ৮৪ |
| শ্রীল জীবগোস্বামি-শোচক | ৮০ |
| শ্রীল প্রভুপাদ-প্রণতি | ২৪২ |
| শ্রীল রঘুনাথদাস-গোস্বামি-শোচক | ৭৫ |
| শ্রীল-সনাতন-গোস্বামি-শোচক | ৭০ |
| শ্রীশ্রীপ্রেমধাম-দেব-স্তোত্রম্ | ১০৩ |
| শ্রীশ্রীমন্মহাপ্রভুর শতনাম | ১৪৬ |
| শ্রীহরিবাসরে হরি | ২০০ |

| বিষয় | পত্র |
| --- | --- |
| **স** | |
| সদোপাস্য শ্রীমন্ | ৯২ |
| সংসার-দাবানল | ৬ |
| স্বজনার্ব্বুদ | ১১ |
| স্মরতু মনো মম | ১৬৩ |
| **হ** | |
| হরি দৃষ্ট্বা গোষ্ঠে | ৯৪ |
| হরিনাম, তুয়া অনেক | ১৪২ |
| হরিবল হরিবল | ২২৭ |
| হরি হরয়ে নমঃ | ২৩৮ |
| হরি হরি বিফলে জনম | ২১৭ |
| হরি হরি বড় শেল | ২১৮ |
| হরি হে দয়াল মোর | ১৮৩ |
| হা হা কবে গৌর নিতাই | ১২৩ |
| হা হা ভক্তিবিনোদ | ৩৩ |

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

**শ্রীবৃন্দাবনধামরজঃপ্রাপ্ত পরমপূজ্যপাদ**

**শ্রীশ্রীমৎ কৃষ্ণদাস বাবাজী মহারাজ কীর্ত্তিত**

# শ্রীগৌড়ীয়-গীতাঞ্জলি

## বন্দনা

বন্দেঽহং শ্রীগুরোঃ শ্রীযুতপদকমলং শ্রীগুরূন্ বৈষ্ণবাংশ্চ
শ্রীরূপং সাগ্রজাতং সহগণরঘুনাথান্বিতং তং সজীবম্ ।
সাদ্বৈতং সাবধূতং পরিজনসহিতং কৃষ্ণচৈতন্যদেবং
শ্রীরাধাকৃষ্ণপাদান্ সহগণললিতা-শ্রীবিশাখান্বিতাংশ্চ ॥

ওঁ অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া ।
চক্ষুরুন্মিলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ ॥

গুর্ব্বাভীষ্টসুপূরকং গুরুগণৈরাশীষসংভূষিতং
চিন্ত্যাচিন্ত্যসমস্তবেদনিপুণং শ্রীরূপপন্থানুগম্ ।
গোবিন্দাভিধমুজ্জ্বলং বরতনুং ভক্ত্যন্বিতং সুন্দরং
বন্দে বিশ্বগুরুঞ্চ দিব্যভগবৎ-প্রেম্ণো হি বীজপ্রদম্ ॥

দেবং দিব্যতনুং সুছন্দবদনং বালার্কচেলাঞ্চিতং
সান্দ্রানন্দপুরং সদেকবরণং বৈরাগ্য-বিদ্যাম্বুধিম্ ।
শ্রীসিদ্ধান্তনিধিং সুভক্তিলসিতং সারস্বতানাম্বরং
বন্দে তং শুভদং মদেকশরণং ন্যাসীশ্বরং শ্রীধরম্ ॥

শ্রীসিদ্ধান্তসরস্বতীতি বিদিতো গৌড়ীয়-গুর্ব্বন্বয়ে
ভাতো ভানুরিব প্রভাতগগনে যো গৌর-সংকীর্ত্তনৈঃ।
মায়াবাদ-তিমিঙ্গিলোদরগতানুদ্ধৃত্য জীবানিমান্
কৃষ্ণপ্রেম-সুধাব্ধিগাহনসুখং প্রাদাৎ প্রভুং তং ভজে ॥

নমো গৌরকিশোরায় ভক্তাবধূতমূর্ত্তয়ে।
গৌরাঙ্ঘ্রিপদ্মভৃঙ্গায় রাধাভাবনিষেবিণে ॥

বন্দে ভক্তিবিনোদং শ্রীগৌরশক্তিস্বরূপকম্।
ভক্তিশাস্ত্রজ্ঞসম্রাজং রাধারসসুধানিধিম্ ॥

গৌরব্রজাশ্রিতাশেষৈর্বৈষ্ণবৈর্বন্দ্যবিগ্রহম্।
জগন্নাথপ্রভুং বন্দে প্রেমাব্ধিং বৃদ্ধবৈষ্ণবম্ ॥

বাঞ্ছাকল্পতরুভ্যশ্চ কৃপাসিন্ধুভ্য এব চ।
পতিতানাং পাবনেভ্যো বৈষ্ণবেভ্যো নমো নমঃ ॥

পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারং ভক্তাখ্যং নমামি ভক্তশক্তিকম্ ॥

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেম-প্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ ॥

জয়তাং সুরতৌ পঙ্গোর্মম মন্দমতের্গতী।
মৎসর্ব্বস্বপদাম্ভোজৌ রাধামদনমোহনৌ ॥

দীব্যদ্‌বৃন্দারণ্যকল্পদ্রুমাধঃ-
শ্রীমদ্রত্নাগারসিংহাসনস্থৌ।
শ্রীগান্ধর্ব্বা-শ্রীলগোবিন্দদেবৌ
প্রেষ্ঠালিভিঃ সেব্যমানৌ স্মরামি ॥

শ্রীমান্ রাসরসারম্ভী বংশীবটতটস্থিতঃ।
কর্ষন্ বেণুস্বনৈর্গোপীর্গোপীনাথঃ শ্রিয়েঽস্তু নঃ ॥

বৃন্দায়ৈ তুলসীদেব্যৈ প্রিয়ায়ৈ কেশবস্য চ।
কৃষ্ণভক্তিপ্রদে দেবি সত্যবত্যৈ নমো নমঃ ॥

অথ নত্বা মন্ত্রগুরূন্ গুরূন্ ভাগবতার্থদান্।
ব্যাসান্ জগদ্‌গুরূন্ নত্বা ততো জয়মুদীরয়েৎ ॥

জয়ঃ সপরিকর-শ্রীশ্রীগুরুগৌরাঙ্গ-গান্ধর্বা-গোবিন্দসুন্দর-পাদপদ্মানাং জয়স্তু



## শ্রীগুরু-পরম্পরা

কৃষ্ণ হৈতে চতুর্ম্মুখ, হন কৃষ্ণসেবোন্মুখ,
ব্রহ্মা হৈতে নারদের মতি।
নারদ হৈতে ব্যাস, মধ্ব কহে ব্যাস-দাস,
পূর্ণপ্রজ্ঞ পদ্মনাভ গতি ॥
নৃহরি মাধব-বংশে, অক্ষোভ্য পরমহংসে,
শিষ্য বলি অঙ্গীকার করে।
অক্ষোভ্যের শিষ্য জয়- তীর্থ নামে পরিচয়,
তাঁর দাস্যে জ্ঞানসিন্ধু তরে ॥

তাঁহা হৈতে দয়ানিধি, তাঁর দাস বিদ্যানিধি,
রাজেন্দ্র হইল তাঁহা হৈতে।
তাঁহার কিঙ্কর জয়- ধর্ম্ম নামে পরিচয়,
পরম্পরা জান ভালমতে ॥
জয়ধর্ম্ম-দাস্যে খ্যাতি, শ্রীপুরুষোত্তম-যতি,
তাঁ'হ'তে ব্রহ্মণ্যতীর্থ সূরি।
ব্যাসতীর্থ তাঁর দাস, লক্ষ্মীপতি ব্যাসদাস,
তাঁহা হইতে মাধবেন্দ্র পুরী ॥
মাধবেন্দ্র পুরীবর, শিষ্যবর শ্রীঈশ্বর,
নিত্যানন্দ, শ্রীঅদ্বৈত বিভু।
ঈশ্বরপুরীকে ধন্য, করিলেন শ্রীচৈতন্য,
জগদ্গুরু গৌর মহাপ্রভু ॥
মহাপ্রভু শ্রীচৈতন্য, রাধাকৃষ্ণ নহে অন্য,
রূপানুগ জনের জীবন।
বিশ্বম্ভর প্রিয়ঙ্কর, শ্রীস্বরূপ-দামোদর,
শ্রীগোস্বামী রূপ-সনাতন ॥
রূপপ্রিয় মহাজন, জীব-রঘুনাথ হন,
তাঁর প্রিয় কবি কৃষ্ণদাস।
কৃষ্ণদাস-প্রিয়বর, নরোত্তম সেবাপর,
যাঁর পদ বিশ্বনাথ-আশ ॥
বিশ্বনাথ ভক্তসাথ, বলদেব জগন্নাথ,
তাঁর প্রিয় শ্রীভক্তিবিনোদ।



মহাভাগবতবর, শ্রীগৌরকিশোরবর,
হরিভজনেতে যাঁর মোদ ॥
তদনুগ-মহাজন শ্রীকৃষ্ণ-কীর্ত্তন-ধন
যেবা দিল পুরি জগকাম।
শ্রীবার্ষভানবীবরা, সদা সেব্য সেবাপরা,
তাঁহার দয়িতদাস নাম ॥
তদভিন্ন দেহদিব্য স্বরূপ-রূপ-রঘু-জিব্য
সদা সেব্য যাঁর পাদপদ্ম।
সুসিদ্ধান্ত মূর্ত্তিধর শ্রীশ্রীধর গুরুবর
রূপানুগ-সাধুশ্রেয় সদ্ম ॥
তাঁর প্রিয় মনোঽভীষ্ট স্থাপনে সদাসচেষ্ট
ভক্তিসুন্দর শ্রীগোবিন্দ নাম।
এই পরম্পরা ধন সবে গৌর-নিজজন
তাঁদের উচ্ছিষ্টে মোর কাম ॥

## শ্রীগুরু-বৈষ্ণব মাহাত্ম্য-গীতি

শ্রীগুরুচরণ-পদ্ম কেবল ভকতিসদ্ম
বন্দোঁ মুঞি সাবধান মতে।
যাঁহার প্রসাদে ভাই এ ভব তরিয়া যাই
কৃষ্ণপ্রাপ্তি হয় যাঁহা হৈতে ॥
গুরুমুখ-পদ্মবাক্য চিত্তেতে করিয়া ঐক্য
আর না করিহ মনে আশা।

শ্রীগুরুচরণে রতি সেই সে উত্তম গতি
যে প্রসাদে পূরে সর্ব্ব আশা ॥
চক্ষুদান দিলা যেই জন্মে জন্মে প্রভু সেই
দিব্য জ্ঞান হৃদে প্রকাশিত ।
প্রেমভক্তি যাহা হৈতে অবিদ্যা বিনাশ যাতে
বেদে গায় যাঁহার চরিত ॥
শ্রীগুরু করুণাসিন্ধু অধম জনার বন্ধু
লোকনাথ লোকের জীবন ।
হা হা প্রভু কর দয়া দেহ মোরে পদছায়া
এ অধম লইল শরণ ॥

শ্রীল বিশ্বনাথ-চক্রবর্ত্তি-ঠক্কুর-বিরচিতম্

## —ঃ শ্রীগুর্ব্বষ্টকম্ ঃ—

সংসার-দাবানল-লীঢ়-লোক-
ত্রাণায় কারুণ্য-ঘনাঘনত্বম্ ।
প্রাপ্তস্য কল্যাণ-গুণার্ণবস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥১॥

মহাপ্রভোঃ কীর্ত্তন-নৃত্য-গীত-
বাদিত্র-মাদ্যন্মনসো রসেন ।
রোমাঞ্চ-কম্পাশ্রু-তরঙ্গ-ভাজো
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥২॥



শ্রীবিগ্রহারাধন-নিত্য-নানা-
শৃঙ্গার-তন্মন্দির-মার্জ্জনাদৌ ।
যুক্তস্য ভক্তাংশ্চ নিযুঞ্জতোঽপি
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৩॥

চতুর্ব্বিধ-শ্রীভগবৎ-প্রসাদ-
স্বাদ্বন্ন-তৃপ্তান্ হরিভক্ত-সঙ্ঘান্ ।
কৃত্বৈব তৃপ্তিং ভজতঃ সদৈব
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৪॥

শ্রীরাধিকা-মাধবয়োরপার-
মাধুর্য্যলীলা-গুণ-রূপ-নাম্নাম্ ।
প্রতিক্ষণাস্বাদন-লোলুপস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৫॥

নিকুঞ্জযূনো রতি-কেলি-সিদ্ধ্যৈ
র্যা যালিভির্যুক্তিরপেক্ষণীয়া ।
তত্রাতি-দাক্ষ্যাদতি-বল্লভস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৬॥

সাক্ষাদ্ধরিত্বেন সমস্ত-শাস্ত্রৈ-
রুক্তস্তথা ভাব্যত এব সদ্ভিঃ ।
কিন্তু প্রভোর্যঃ প্রিয় এব তস্য
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৭॥

যস্য প্রসাদাদ্ ভগবৎ-প্রসাদো
যস্যাপ্রসাদাৎ ন গতিঃ কুতোঽপি ।
ধ্যায়ং স্তুবংস্তস্য যশস্ত্রিসন্ধ্যং
বন্দে গুরোঃ শ্রীচরণারবিন্দম্ ॥৮॥

শ্রীমদ্ গুরোরষ্টকমেতদুচ্চৈ-
র্ব্রাহ্মে মুহূর্ত্তে পঠতি প্রযত্নাৎ ।
যস্তেন বৃন্দাবন-নাথ-সাক্ষাৎ-
সেবৈব লভ্যা জনুষোঽন্ত এব ॥৯॥

## শ্রীগুরু-আরতি

জয় জয় গুরুদেবের আরতি উজ্জ্বল ।
গোবর্দ্ধন-পাদপীঠে ভুবন-মঙ্গল ॥১॥
শ্রীভক্তিসুন্দর দেব প্রভু শিরোমণি ।
গোস্বামী গোবিন্দ জয় আনন্দের খনি ॥২॥
আজানুলম্বিত ভুজ দিব্য কলেবর ।
অনন্ত প্রতিভা ভরা দিব্য গুণধর ॥৩॥
গৌর-কৃষ্ণে জানি তব অভিন্ন স্বরূপ ।
সংসার তারিতে এবে শুদ্ধ-ভক্তরূপ ॥৪॥
রূপানুগ-ধারা তুমি কর আলোকিত ।
প্রভাকর সম প্রভা ভুবন-বিদিত ॥৫॥



শুদ্ধ ভক্তি প্রচারিতে তোমা সম নাই ।
অকলঙ্ক ইন্দু যেন দয়াল নিতাই ॥৬॥
উল্লসিত বিশ্ববাসী লভে প্রেমধন ।
আনন্দে নাচিয়া গাহে তব গুণগণ ॥৭॥
স্থাপিলা আশ্রম বহু জগত মাঝারে ।
পারমহংস-ধর্ম্ম-জ্ঞান-শিক্ষার প্রচারে ॥৯॥
চিন্ত্যাচিন্ত্য-বেদজ্ঞানে তুমি অধিকারী ।
সকল সংশয় ছেত্বা সুসিদ্ধান্তধারী ॥৯॥
তোমার মহিমা গাহে গোলোক মণ্ডলে ।
নিত্য-সিদ্ধ পরিকরে তব লীলাস্থলে ॥১০॥
পতিত পাবন তুমি দয়ার সমীর ।
সর্ব্বকার্য্যে সুনিপুণ সত্য-সুগম্ভীর ॥১১॥
অপূর্ব্ব লেখনী ধারা প্রগাঢ় পাণ্ডিত্য ।
সদা হাস্য মিষ্ট ভাষী সুশীল কবিত্ব ॥১২॥
সাধুসঙ্গে সদানন্দী সরল বিনয়ী ।
সভামধ্যে বক্তা শ্রেষ্ঠ সর্ব্বত্র বিজয়ী ॥১৩॥
গৌড়ীয় গগনে তুমি আচার্য্য-ভাস্কর ।
নিরন্তর সেবাপ্রিয় মিষ্ট কণ্ঠস্বর ॥১৪॥
তোমার করুণা মাগে ত্রিকাল বিলাসে ।
গান্ধর্ব্বিকা-গিরিধারী সেবামাত্র আসে ॥১৫॥
কৃপা কর ওহে প্রভু শ্রীগৌর-প্রকাশ ।
আরতি করয়ে সদা এ অধম দাস ॥১৬॥

## শ্রীগুরু-আরতি-স্তুতি

**শ্রীল ভ**ক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ বিরচিত

জয় 'গুরু-মহারাজ' যতিরাজেশ্বর ।
শ্রীভক্তিরক্ষক দেব-গোস্বামী শ্রীধর ॥১॥
পতিতপাবন-লীলা বিস্তারি ভুবনে ।
নিস্তারিলা দীনহীন আপামর জনে ॥২॥
তোমার করুণাঘন মুরতি হেরিয়া ।
প্রেমে ভাগ্যবান জীব পড়ে মুরছিয়া ॥৩॥
সুদীর্ঘ সুপীব্য দেহ দিব্য-ভাবাশ্রয় ।
দিব্যজ্ঞান-দীপ্তনেত্র দিব্যজ্যোতির্ম্ময় ॥৪॥
সুবর্ণ-সুরজ-কান্তি অরুণ-বসন ।
তিলক তুলসীমালা, চন্দন-ভূষণ ॥৫॥
অপূর্ব্ব শ্রীঅঙ্গশোভা করে ঝলমল ।
ঔদার্য্য-উন্নতভাব মাধুর্য্য-উজ্জ্বল ॥৬॥
অচিন্ত্যপ্রতিভা, স্নিগ্ধ, গম্ভীর, উদার ।
জড়জ্ঞান-গিরিবজ্র দিব্য-দীক্ষাধার ॥৭॥
গৌর-সংকীর্ত্তন-রাস-রসের আশ্রয় ।
"দয়াল নিতাই" নামে নিত্য প্রেমময় ॥৮॥
সাঙ্গোপাঙ্গে গৌরধামে নিত্য-পরকাশ ।
গুপ্ত-গোবর্দ্ধনে দিব্য-লীলার বিলাস ॥৯॥
গৌড়ীয়-আচার্য্য-গোষ্ঠী-গৌরব-ভাজন ।
গৌড়ীয়-সিদ্ধান্তমণি কণ্ঠ-বিভূষণ ॥১০॥
গৌর-সরস্বতী-স্ফূর্ত্ত সিদ্ধান্তের খনি ।



আবিষ্কৃত গায়ত্রীর অর্থ-চিন্তামণি ॥১১॥
একতত্ত্ব বর্ণনেতে নিত্য-নবভাব ।
সুসঙ্গতি, সামঞ্জস্য, এসব প্রভাব ॥১২॥
তোমার সতীর্থবর্গ সবে একমতে ।
রূপ-সরস্বতী ধারা দেখেন তোমাতে ॥১৩॥
তুলসীমালিকা হস্তে শ্রীনাম-গ্রহণ ।
দেখি' সকলের হয় 'প্রভু' উদ্দীপন ॥১৪॥
কোটীচন্দ্র-সুশীতল ওপদ ভরসা ।
গান্ধর্ব্বা-গোবিন্দলীলামৃত-লাভ-আশা ॥১৫॥
অবিচিন্ত্য-ভেদাভেদ-সিদ্ধান্ত-প্রকাশ ।
সানন্দে আরতি স্তুতি করে দীন দাস ॥১৬॥

## শ্রীশ্রীপ্রভুপাদপদ্ম-স্তবকঃ

সুজনার্ব্বুদরাধিতপাদযুগং
যুগধর্ম্মধুরন্ধর-পাত্রবরম্ ।
বরদাভয়দায়ক-পূজ্যপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥১॥

ভজনোর্জ্জিতসজ্জনসঙ্ঘপতিং
পতিতাধিককারুণিকৈকগতিম্ ।
গতিবঞ্চিতবঞ্চকাচিন্ত্যপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥২॥

অতিকোমলকাঞ্চনদীর্ঘতনুং
তনুনিন্দিতহেমমৃণালমদম্ ।
মদনার্ব্বুদবন্দিতচন্দ্রপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৩॥

নিজসেবকতারকরঞ্জিবিধুং
বিধুতাহিত-হুঙ্কৃতসিংহবরম্ ।
বরণাগতবালিশ-শন্দপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৪॥

বিপুলীকৃতবৈভবগৌরভুবং
ভুবনেষু বিকীর্ত্তিত-গৌরদয়ম্ ।
দয়নীয়গণার্পিত-গৌরপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৫॥

চিরগৌরজনাশ্রয়বিশ্বগুরুং
গুরুগৌরকিশোরকদাস্যপরম্ ।
পরমাদৃতভক্তিবিনোদপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৬॥

রঘুরূপসনাতনকীর্ত্তিধরং
ধরণীতলকীর্ত্তিতজীবকবিম্ ।
কবিরাজ-নরোত্তমসখ্যপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৭॥



কৃপয়া হরিকীর্ত্তনমূর্ত্তিধরং
ধরণীভরহারক-গৌরজনম্ ।
জনকাধিকবৎসলস্নিগ্ধপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৮॥

শরণাগতকিঙ্করকল্পতরুং
তরুধিক্কৃতধীরবদান্যবরম্ ।
বরদেন্দ্রগণার্চ্চিতদিব্যপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥৯॥

পরহংসবরং পরমার্থপতিং
পতিতোদ্ধরণে কৃতবেশযতিম্ ।
যতিরাজগণৈঃ পরিসেব্যপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥১০॥

বৃষভানুসুতাদয়িতানুচরং
চরণাশ্রিত-রেণুধরস্তমহম্ ।
মহদদ্ভুতপাবনশক্তিপদং
প্রণমামি সদা প্রভুপাদপদম্ ॥১১॥

## শ্রীশ্রীপ্রভুপাদপদ্মস্তবকের বঙ্গানুবাদ

কোটি কোটি সুজনকর্ত্তৃক আরাধিত শ্রীপাদপদ্মযুগ, (কৃষ্ণ-সঙ্কীর্ত্তনরূপ) যুগধর্ম্মসংস্থাপক, (বিশ্ববৈষ্ণবরাজসভার) পাত্ররাজ, (নিখিল জীবের) ভয়হরণকারিগণের মনোঽভীষ্টপ্রদাতা সর্ব্বপূজ্য

শ্রীপাদপদ্মে আমি প্রণাম করি — আমার প্রভুর পদনখজ্যোতিঃ-পুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥১॥

ভজনসমৃদ্ধ সুজনগণের অধিপতি, পতিতজনের প্রতি অধিক করুণাময় ও তাঁহাদের একমাত্র গতি এবং বঞ্চকগণের বঞ্চনাকারী গতিবিশিষ্ট অচিন্ত্যচরণে আমি প্রণাম করি—আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥২॥

অতি কোমল সুবর্ণবর্ণ দীর্ঘতনুকে আমি প্রণাম করি—যাঁহার তনু কর্ত্তৃক স্বর্ণময় মৃণালের মত্ততা নিন্দিত হইতেছে। কোটি কোটি মদন কর্ত্তৃক বন্দিত নখচন্দ্রসমূহ যে শ্রীগুরুপাদপদ্মের শোভা বিস্তার করিতেছে, আমার প্রভুর সেই পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৩॥

তারকরঞ্জন চন্দ্রের ন্যায় যিনি নিজ সেবকমণ্ডলে পরিবেষ্টিত হইয়া তাঁহাদের চিত্ত প্রফুল্লিত করিয়া থাকেন, ভক্তিদ্বেষিগণ যাঁহার হুঙ্কারে বিদ্রাবিত হয় এবং নিরীহ জনগণ যাঁহার পাদপদ্ম বরণ করিয়া পরম কল্যাণ লাভ করেন, তাঁহাকে প্রণাম করি; আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৪॥

যিনি শ্রীগৌরধামের বিপুল বৈভবশোভা প্রকাশ করিয়াছেন, শ্রীগৌরাঙ্গের মহাবদান্যতার কথা যিনি নিখিল ভুবনে বিঘোষিত করিয়াছেন এবং নিজ কৃপাভাজন জনের হৃদয়ে যিনি শ্রীগৌর-পাদপদ্ম প্রতিষ্ঠিত করিয়াছেন, তাঁহাকে প্রণাম করি; আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৫॥



যিনি গৌরাশ্রিত জনগণের নিত্য আশ্রয়স্থল ও জগদ্‌গুরু, যিনি নিজ গুরু শ্রীগৌরকিশোরের সেবাপরায়ণ এবং যিনি শ্রীভক্তিবিনোদ ঠাকুরের সম্বন্ধমাত্রে পরমাদরবিশিষ্ট, তাঁহাকে প্রণাম করি, আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৬॥

যিনি শ্রীরূপসনাতন ও রঘুনাথের কীর্ত্তিকেতন উত্তোলন করিয়া বিরাজমান, এই ধরণীতলে যাঁহাকে পাণ্ডিত্যপ্রতিভাময় শ্রীজীবের অভিন্নতনু বলিয়া অনেকে কীর্ত্তন করিয়া থাকেন এবং যিনি শ্রীল কৃষ্ণদাস কবিরাজ ও ঠাকুর নরোত্তমের সমপ্রাণ বলিয়া প্রসিদ্ধি লাভ করিয়াছেন, তাঁহাকে প্রণাম করি; আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৭॥

জীবের প্রতি কৃপা করিয়া যিনি মূর্ত্তিমান্ হরিকীর্ত্তন-স্বরূপে প্রকাশিত, ধরণীর অপরাধভার-বিদূরণকারী শ্রীগৌরপার্ষদ এবং জীবের প্রতি জনকাপেক্ষাও অধিক বাৎসল্যের সুকোমল আকরকে আমি প্রণাম করি; আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৮॥

শরণাগত কিঙ্করগণের (অভীষ্টপ্রদানে) যিনি কল্পতরুসদৃশ, বৃক্ষকেও ধিক্কারকারী যাঁহার বদান্যতা ও সহিষ্ণুতা এবং বরদশ্রেষ্ঠ ব্যক্তিগণও যাঁহার দিব্য শ্রীপাদপদ্মের পূজা করিয়া থাকেন, তাঁহাকে প্রণাম করি; আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥৯॥

পরমহংসকুলতিলক, পরমপুরুষার্থ শ্রীকৃষ্ণপ্রেমসম্পত্তির যিনি অধিপতি, পতিতকুলের উদ্ধার নিমিত্ত যিনি যতিবেশ (ভিক্ষুবেশ)

ধারণকারী এবং শ্রেষ্ঠ ত্রিদণ্ডী যতিগণ যাঁহার শ্রীপাদপদ্ম সেবা করিতেছেন, তাঁহাকে প্রণাম করি, আমার প্রভুর পদনখজ্যোতিঃ-পুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥১০॥

যিনি শ্রীবৃষভানুনন্দিনীর পরম প্রিয় অনুচর, যাঁহার শ্রীচরণরেণু আমি মস্তকে ধারণ করিবার সৌভাগ্যের অভিমান করিতেছি, সেই অদ্ভুত পাবনীশক্তিসম্পন্ন শ্রীপাদপদ্মে আমি প্রণাম করি—আমার প্রভুর পদনখজ্যোতিঃপুঞ্জকে আমি নিত্যকাল প্রণাম করি ॥১১॥

## শ্রীদয়িত-দাস-প্রণতি-পঞ্চকম্

ভয়ভঞ্জন-জয়শংসন-করুণায়তনয়নম্ ।
কনকোৎপল-জনকোজ্জ্বল-রসসাগর-চয়নম্ ॥
মুখরীকৃত-ধরণীতল-হরিকীর্ত্তন-রসনম্ ।
ক্ষিতিপাবন-ভবতারণ-পিহিতারুণ-বসনম্ ॥
শুভদোদয়-দিবসে বৃষরবিজানিজ-দয়িতম্ ।
প্রণমামি চ চরণান্তিক-পরিচারক-সহিতম্ ॥১॥

শরণাগত-ভজনব্রত-চিরপালন-চরণম্ ।
সুকৃতালয়-সরলাশয়-সুজনাখিল-বরণম্ ॥
হরিসাধন-কৃতবাধন-জনশাসন-কলনম্ ।
সচরাচর-করুণাকর-নিখিলাশিব-দলনম্ ॥
শুভদোদয়-দিবসে বৃষরবিজানিজ-দয়িতম্ ।
প্রণমামি চ চরণান্তিক-পরিচারক-সহিতম্ ॥২॥



অতিলৌকিক-গতিতৌলিক-রতিকৌতুক-বপুষম্ ।
অতিদৈবত-মতিবৈষ্ণব-যতি-বৈভব-পুরুষম্ ॥
সসনাতন-রঘুরূপক-পরমাণুগচরিতম্ ।
সুবিচারক ইব জীবক ইতি সাধুভিরুদিতম্ ॥
শুভদোদয়-দিবসে বৃষরবিজানিজ-দয়িতম্ ।
প্রণমামি চ চরণান্তিক-পরিচারক-সহিতম্ ॥৩॥

সরসীতট-সুখদোটজ-নিকটপ্রিয়ভজনম্ ।
ললিতামুখ-ললনাকুল-পরমাদরযজনম্ ॥
ব্রজকানন-বহুমানন-কমলপ্রিয়নয়নম্ ।
গুণমঞ্জরি-গরিমাগুণহরিবাসনবয়নম্ ॥
শুভদোদয়-দিবসে বৃষরবিজানিজ-দয়িতম্ ।
প্রণমামি চ চরণান্তিক-পরিচারক-সহিতম্ ॥৪॥

বিমলোৎসবমমলোৎকল-পুরুষোত্তম-জননম্ ।
পতিতোদ্ধৃতি-করুণাস্তৃতি-কৃতনূতন-পুলিনম্ ॥
মথুরাপুর-পুরুষোত্তম-সমগৌরপুরটনম্ ।
হরিকামক-হরিধামক-হরিনামক-রটনম্ ॥
শুভদোদয়-দিবসে বৃষরবিজানিজ-দয়িতম্ ।
প্রণমামি চ চরণান্তিক-পরিচারক-সহিতম্ ॥৫॥

## শ্রীদয়িত-দাস-প্রণতি-পঞ্চকের অনুবাদ

যিনি সুবর্ণ কমল-উৎপাদনকারী (অপ্রাকৃত, উন্নত) উজ্জ্বল-রসসাগর হইতে উত্থিত (মূর্ত্তি), যাঁহার বিশাল ও কারুণ্যপূর্ণ লোচনযুগল

(আর্ত্তগণের) ভয় নিবারণ ও (আশ্রিতগণের) বিজয় ঘোষণা করিতেছে, যাঁহার রসনা সমগ্র পৃথিবীকে শ্রীকৃষ্ণ-সঙ্কীর্ত্তনে (সর্ব্বদা) মুখরিত করিতেছে এবং যিনি জগৎপবিত্রকারী ও ভবতাপবিদূরণকারী অরুণ (কাষায়) বসন পরিধান করিয়া শোভা পাইতেছেন, শ্রীচরণানুচরগণের সহিত শ্রীবৃষভানুনন্দিনীর সেই নিজ প্রিয়জনকে তদীয় শুভ প্রকট-বাসরে আমি পুনঃ পুনঃ প্রণাম করিতেছি ॥১॥

শরণাগত ভজনশীল ভক্তগণ নিত্যকাল যাঁহার শ্রীচরণতলে প্রতিপালিত হইতেছেন, যিনি সরলহৃদয়, সুকৃতিসম্পন্ন সমুদয় সজ্জনগণের বরেণ্য, শ্রীহরিসেবায় বিঘ্নকারিগণকে(ও) যিনি শোধনাঙ্গীকার করিতেছেন এবং যিনি সমস্ত স্থাবর-জঙ্গমের প্রতি করুণার উৎসস্বরূপে নিখিল বিশ্বের অমঙ্গলরাশি খণ্ডন করিতেছেন, শ্রীচরণানুচরগণের সহিত শ্রীবৃষভানুনন্দিনীর সেই নিজ প্রিয়জনকে তাঁহার শুভ প্রকট-বাসরে আমি (পুনঃ পুনঃ) প্রণাম করিতেছি ॥২॥

যিনি লোকাতীত বিলাসসম্পন্ন, চিত্রকরের(ও) বাঞ্ছা এবং কৌতুহল-পূর্ত্তিকারী (সুন্দর) (অথবা চিত্রকর ও রতির কৌতুকপ্রদ) শ্রীমূর্ত্তিবিশিষ্ট, দেবতা অপেক্ষা(ও) উন্নতমতি এবং বৈষ্ণব-সন্ন্যাসীর (ত্রিদণ্ডি যতির) ঐশ্বর্য্যস্বরূপ পুরুষপ্রবর, যিনি সসনাতন-রূপ-রঘুনাথের পরমাণুগত্যময় চরিত এবং শ্রীজীবপাদতুল্য (সুসিদ্ধান্ত-সম্পন্ন) রূপে সুবিচারক সাধুগণ কর্ত্তৃক কথিত হইয়া থাকেন, শ্রীচরণানুচরগণের সহিত শ্রীবৃষভানুনন্দিনীর সেই নিজ প্রিয়জনকে তাঁহার শুভ প্রকট-বাসরে আমি (পুনঃ পুনঃ) প্রণাম করিতেছি ॥৩॥



শ্রীরাধাকুণ্ডতটে স্বানন্দ-সুখদ-কুঞ্জে যিনি নিজ প্রিয়জনের ভজন-পরায়ণ, ললিতাদি ব্রজললনাগণের(ও) পরমাদর-ভাজন, ব্রজবনে প্রসিদ্ধ কমল-মঞ্জরীর যিনি অত্যন্ত প্রিয় এবং যিনি গুণমঞ্জরীর গরিমা-গুণ দ্বারা শ্রীহরির বাসভবন নির্ম্মাণ করিতেছেন, শ্রীচরণানুচরগণের সহিত শ্রীবৃষভানুনন্দিনীর সেই নিজ প্রিয়জনকে তাঁহার শুভ প্রকট-বাসরে আমি (পুনঃ পুনঃ) প্রণাম করিতেছি ॥৪॥

যিনি বিমলানন্দ স্বরূপ বা বিমলাদেবীর প্রসন্নতা বা উল্লাসস্বরূপ, পবিত্র উৎকলে পুরুষোত্তমক্ষেত্রে জন্মলীলা প্রকাশ এবং নূতন পুলিন বা নবদ্বীপে নিজ পতিতোদ্ধার ও ((প্রেম-প্রদানরূপ) করুণাবিস্তার-লীলা প্রদর্শন করিয়াছেন, যিনি ব্রজধাম ও পুরুষোত্তমধামসদৃশ গৌরধাম (শ্রীমায়াপুর নবদ্বীপ) পরিভ্রমণ করিয়া ব্রজকাম, বৈকুণ্ঠধাম ও কৃষ্ণনাম নিরন্তর প্রচার করিতেছেন, শ্রীচরণানুচরগণের সহিত শ্রীবৃষভানুনন্দিনীর সেই নিজ প্রিয়জনকে তাঁহার শুভ প্রকট-বাসরে আমি (পুনঃ পুনঃ) প্রণাম করিতেছি ॥৫॥

# আচার্য্য-বন্দনা

জয়রে জয়রে জয় পরমহংস মহাশয়
শ্রীভক্তিসিদ্ধান্ত সরস্বতী ।
গোস্বামী ঠাকুর জয় পরম করুণাময়
দীনহীন অগতির গতি ॥
নীলাচলে হইয়া উদয় ।

শ্রীগৌড়মণ্ডলে আসি' প্রেমভক্তি পরকাশি'
জীবের নাশিলা ভব-ভয় ॥
তোমার মহিমা গাই হেন সাধ্য মোর নাই
তবে পারি যদি দেহ শক্তি ।
বিশ্বহিতে অবিরত আচার-প্রচারে রত
বিশুদ্ধ শ্রীরূপানুগা ভক্তি ॥
শ্রীপাট খেতরি-ধাম ঠাকুর শ্রীনরোত্তম
তোমাতে তাঁহার গুণ দেখি ।
শাস্ত্রের সিদ্ধান্ত-সার শুনি লাগে চমৎকার
কুতর্কিক দিতে নারে ফাঁকি ॥
শুদ্ধভক্তি-মত যত উপধর্ম্ম-কবলিত
হেরিয়া লোকের মনে ত্রাস ।
হানি' সুসিদ্ধান্ত-বাণ উপধর্ম্ম খান খান
সজ্জনের বাড়ালে উল্লাস ॥
স্মার্ত্তমত জলধর শুদ্ধভক্তি রবি-কর
আচ্ছাদিল ভাবিয়া অন্তরে ।
শাস্ত্রসিন্ধু মন্থনেতে সুসিদ্ধান্ত ঝঞ্ঝাবাতে
উড়াইলা দিগ্‌দিগন্তরে ॥
স্থানে স্থানে কত মঠ স্থাপিয়াছ নিষ্কপট
প্রেমসেবা শিখাইতে জীবে ।
মঠের বৈষ্ণবগণ করে সদা বিতরণ
হরিগুণ-কথামৃত ভবে ॥



শুদ্ধভক্তি-মন্দাকিনী বিমল প্রবাহ আনি
শীতল করিলা তপ্তপ্রাণ ।
দেশে দেশে নিষ্কিঞ্চন প্রেরিলা বৈষ্ণবগণ
বিস্তারিতে হরিগুণগান ॥
পূর্ব্বে যথা গৌরহরি, মায়াবাদ ছেদ করি
বৈষ্ণব করিলা কাশীবাসী ।
বৈষ্ণবদর্শন-সূক্ষ্ম বিচারে তুমি হে দক্ষ
তেমতি তোষিলা বারাণসী ॥
দৈববর্ণাশ্রম-ধর্ম্ম হরিভক্তি যার মর্ম্ম
শাস্ত্রযুক্তে করিলা নিশ্চয় ।
জ্ঞান-যোগ-কর্ম্মচয় মূল্য তার কিছু নয়
ভক্তির বিরোধী যদি হয় ॥
শ্রীগৌড়মণ্ডল ভূমি ভক্তসঙ্গে পরিক্রমি
সুকীর্ত্তি স্থাপিলা মহাশয় ।
অভিন্ন ব্রজমণ্ডল গৌড়ভূমি প্রেমোজ্বল
প্রচার হইল বিশ্বময় ॥
কুলিয়াতে পাষণ্ডীরা অত্যাচার কৈল যা'রা
তা সবার দোষ ক্ষমা করি ।
জগতে কৈলে ঘোষণা 'তরোরিব সহিষ্ণুনা'
হন 'কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ' ॥
শ্রীবিশ্ববৈষ্ণব-রাজ- সভামধ্যে "পাত্ররাজ"
উপাধি-ভূষণে বিভূষিত ।

বিশ্বের মঙ্গল লাগি' হইয়াছ সর্ব্ব'ত্যাগী
বিশ্ববাসী জন-হিতে রত ॥
করিতেছ উপকার যাতে পর উপকার
লভে জীব শ্রীকৃষ্ণ-সেবায় ।
দূরে যায় ভব-রোগ খণ্ডে যাহে কর্ম্মভোগ
হরিপাদপদ্ম যা'তে পায় ॥
জীব মোহ-নিদ্রাগত জাগা'তে বৈকুণ্ঠদূত
'গৌড়ীয়' পাঠাও ঘরে ঘরে ।
উঠরে উঠরে ভাই আর ত সময় নাই
'কৃষ্ণ ভজ' বলে উচ্চৈঃস্বরে ॥
তোমার মুখারবিন্দ- বিগলিত মকরন্দ
সিঞ্চিত অচ্যুত-গুণগাথা ।
শুনিলে জুড়ায় প্রাণ তমো মোহ অন্তর্দ্ধান
দূরে যায় হৃদয়ের ব্যথা ॥
জানি আমি মহাশয় যশোবাঞ্ছা নাহি হয়
বিন্দুমাত্র তোমার অন্তরে ।
তব গুণ বীণাধারী, মোর কণ্ঠ-বীণা ধরি'
অবশেতে বলায় আমারে ॥
বৈষ্ণবের গুণ-গান করিলে জীবের ত্রাণ
শুনিয়াছি সাধুগুরুমুখে ।
কৃষ্ণভক্তি সমুদয় জনম সফল হয়
এ ভব-সাগর তরে সুখে ॥



তে-কারণে প্রয়াস যথা বামনের আশ
গগনের চাঁদ ধরিবারে ।
অদোষ-দরশী তুমি অধম পতিত আমি
নিজগুণে ক্ষমিবা আমারে ॥
শ্রীগৌরাঙ্গ-পারিষদ ঠাকুর ভক্তিবিনোদ
দীনহীন পতিতের বন্ধু ।
কলিতমঃ বিনাশিতে আনিলেন অবনীতে
তোমা' অকলঙ্ক পূর্ণ ইন্দু ॥
কর কৃপা বিতরণ প্রেমসুধা অনুক্ষণ
মাতিয়া উঠুক জীবগণ ।
হরিনাম-সংকীর্ত্তনে নাচুক জগত জনে
বৈষ্ণব-দাসের নিবেদন ॥

---

গুরুদেব!
কৃপাবিন্দু দিয়া কর এই দাসে
তৃণাপেক্ষা অতি দীন ।
সকল সহনে বল দিয়া কর
নিজমানে স্পৃহাহীন ॥
সকলে সম্মান করিতে শকতি
দেহ নাথ যথাযথ ।
তবে ত' গাইব হরিনাম সুখে
অপরাধ হবে হত ॥

কবে হেন কৃপা লভিয়া এ জন
কৃতার্থ হইবে নাথ।
শক্তিবুদ্ধিহীন আমি অতি দীন
কর মোরে আত্মসাথ ॥
যোগ্যতা বিচারে কিছু নাহি পাই
তোমার করুণা সার।
করুণা না হৈলে কাঁদিয়া কাঁদিয়া
প্রাণ না রাখিব আর ॥

গুরুদেব! কবে তব করুণা প্রকাশে।
শ্রীগৌরাঙ্গলীলা হয় নিত্যতত্ত্ব,
এই দৃঢ় বিশ্বাসে।
'হরি হরি' বলি' গোদ্রুম কাননে
ভ্রমিব দর্শন আশে ॥১॥
নিতাই, গৌরাঙ্গ, অদ্বৈত, শ্রীবাস,
গদাধর—পঞ্চজন।
কৃষ্ণনাম-রসে ভাসা'বে জগৎ
করি' মহাসংকীর্ত্তন ॥২॥
নর্ত্তন-বিলাস মৃদঙ্গ-বাদন,
শুনিব আপন-কাণে।
দেখিয়া দেখিয়া, সে লীলা-মাধুরী,
ভাসিব প্রেমের বানে ॥৩॥



না দেখি' আবার, সে লীলা-রতন,
কাঁদি 'হা' গৌরাঙ্গ' বলি'।
আমারে বিষয়ী 'পাগল' বলিয়া
অঙ্গেতে দিবেক ধুলি ॥৪॥

গুরুদেব ! কবে মোর সেই দিন হবে।
মন স্থির করি' নির্জ্জনে বসিয়া
কৃষ্ণনাম গাব যবে।
সংসার-ফুকার কাণে না পশিবে,
দেহ-রোগ দূরে রবে ॥১॥
'হরে কৃষ্ণ' বলি' গাহিতে গাহিতে,
নয়নে বহিবে লোর।
দেহেতে পুলক উদিত হইবে,
প্রেমেতে করিবে ভোর ॥২॥
গদ-গদ বাণী মুখে বাহিরিবে,
কাঁপিবে শরীর মম।
ঘর্ম্ম মুহুর্মুহুঃ, বিবর্ণ হইবে,
স্তম্ভিত প্রলয়-সম ॥৩॥
নিষ্কপটে হেন দশা কবে হ'বে,
নিরন্তর নাম গাব।
আবেশে রহিয়া দেহযাত্রা করি'
তোমার করুণা পাব ॥৪॥

গুরুদেবে ব্রজবনে, ব্রজভূমিবাসিজনে
শুদ্ধভক্তে আর বিপ্রগণে।
ইষ্টমন্ত্রে, হরিনামে, যুগল-ভজনকামে
কর রতি অপূর্ব্ব যতনে ॥১॥
ধরি মন ! চরণে তোমার।
জানিয়াছি এবে সার কৃষ্ণভক্তি বিনা আর
নাহি ঘুচে জীবের সংসার ॥২॥
কর্ম্ম, জ্ঞান, তপঃ, যোগ, সকলই ত কর্ম্মভোগ
কর্ম্ম ছাড়াইতে কেহ নারে।
সকল ছাড়িয়া ভাই শ্রদ্ধাদেবীর গুণগাই
যাঁর কৃপা ভক্তি দিতে পারে ॥৩॥
ছাড়ি' দম্ভ অনুক্ষণ স্মর অষ্টতত্ত্ব মন
কর তাহে নিস্কপট রতি।
সেই রতি প্রার্থনায় শ্রীদাসগোস্বামী-পায়,
এ ভক্তিবিনোদ করে নতি ॥৪॥

---

শ্রীরূপমঞ্জরী-পদ সেই মোর সম্পদ
সেই মোর ভজন-পূজন।
সেই মোর প্রাণ-ধন সেই মোর আভরণ
সেই মোর জীবনের জীবন ॥
সেই মোর রসনিধি সেই মোর বাঞ্ছাসিদ্ধি
সেই মোর বেদের ধরম।
সেই ব্রত, সেই তপ, সেই মোর মন্ত্র জপ



সেই মোর ধরম করম ॥
অনুকূল হবে বিধি সে-পদে হইবে সিদ্ধি
নিরখিব এ দুই নয়নে।
সে রূপমাধুরী-রাশি প্রাণ-কুবলয়-শশী
প্রফুল্লিত হবে নিশিদিনে ॥
তুয়া-অদর্শন-অহি গরলে জারল দেহি
চিরদিন তাপিত জীবন।
হা হা প্রভু ! কর দয়া দেহ মোরে পদছায়া
নরোত্তম লইল শরণ ॥

---

## শ্রীশ্রীদয়িতদাসদশকম্

শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ বিরচিতম্

(ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমদ্ভক্তিসিদ্ধান্ত সরস্বতী ঠাকুরের লীলাসংগোপনের পরে প্রকাশিত)

নীতে যস্মিন্ নিশান্তে নয়নজলভরৈঃ স্নাতগাত্রার্ব্বুদানাং
উচ্চৈরুৎক্রোশতাং শ্রীবৃষকপিসুতয়া ধীরয়া স্বীয়গোষ্ঠীম্।
পৃথ্বী গাঢ়ান্ধকারৈর্হৃতনয়নমণীবাবৃতা যেন হীনা
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽহয়ম্ ॥১॥

যস্য শ্রীপাদপদ্মাৎ প্রবহতি জগতি প্রেমপীযূষধারা
যস্য শ্রীপাদপদ্মচ্যুতমধু সততং ভৃত্যভৃঙ্গান্ বিভর্ত্তি।
যস্য শ্রীপাদপদ্মং ব্রজরসিকজনো মোদতে সম্প্রশস্য
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽহয়ম্ ॥২॥

বাৎসল্যং যচ্চ পিত্রো জগতি বহুমতং কৈতবং কেবলং তৎ
দাম্পত্যং দস্যুতৈব স্বজনগণ-কৃতা বন্ধুতা বঞ্চনেতি ।
বৈকুণ্ঠস্নেহমূর্ত্তেঃ পদনখকিরণৈর্যস্য সন্দর্শিতোঽস্মি
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৩॥

যা বাণী কণ্ঠলগ্না বিলসতি সততং কৃষ্ণচৈতন্যচন্দ্রে
কর্ণক্রোড়াজ্জনানাং কিমু নয়নগতাং সৈব মূর্ত্তিং প্রকাশ্য ।
নীলাদ্রীশস্য নেত্রার্পণভবনগতা নেত্রতারাভিধেয়া
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৪॥

গৌরেন্দোরস্তশৈলে কিমু কনকঘনো হেমহৃজ্জম্বুনদ্যা
আবির্ভূতঃ প্রবর্ষৈর্নিখিলজনপদং প্লাবয়ন্ দাবদগ্ধম্ ।
গৌরাবির্ভাবভূমৌ রজসি চ সহসা সংজুগোপ স্বয়ং স্বং
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৫॥

গৌরো গৌরস্য শিষ্যো গুরুরপি জগতাং গায়তাং গৌরগাথা
গৌড়ে গৌড়ীয়-গোষ্ঠ্যাশ্রিতগণ-গরিমা দ্রাবিড়ে গৌরগর্ব্বী ।
গান্ধর্ব্বা গৌরবাঢ্যো গিরিধরপরমপ্রেয়সাং যো গরিষ্ঠো
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৬॥

যো রাধাকৃষ্ণনামামৃতজলনিধিনা প্লাবয়দ্বিশ্বমেত-
দাম্লেচ্ছাশেষলোকং দ্বিজনৃপবণিজং শূদ্রশূদ্রাপকৃষ্টম্ ।
মুক্তৈঃ সিদ্ধৈরগম্যঃ পতিতজনসখো গৌরকারুণ্যশক্তি-
র্যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৭॥



অপ্যাশা বর্ত্ততে তৎ পুরটবরবপুর্লোকিতুং লোকশন্দং
দীর্ঘং নীলাব্জনেত্রং তিলকুসুমনসং নিন্দিতার্দ্ধেন্দুভালম্ ।
সৌম্যং শুভ্রাংশুদন্তং শতদলবদনং দীর্ঘবাহুং বরেণ্যং
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৮॥

গৌরাব্দে শূন্যবাণান্বিতনিগমমিতে কৃষ্ণপক্ষে চতুর্থ্যাং
পৌষে মাসে মঘায়ামমরগণগুরোর্বাসরে বৈ নিশান্তে ।
দাসো যো রাধিকায়া অতিশয়দয়িতো নিত্যলীলাপ্রবিষ্টো
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥৯॥

হাহাকারৈর্জ্জনানাং গুরুচরণজুষাং পূরিতাভূর্নভশ্চ
যাতোঽসৌ কুত্র বিশ্বং প্রভুপদবিরহাদ্ধন্ত শূন্যায়িতং মে ।
পাদাব্জে নিত্যভৃত্যঃ ক্ষণমপি বিরহং নোৎসহে সোঢুমত্র
যত্রাসৌ তত্র শীঘ্রং কৃপণনয়ন হে নীয়তাং কিঙ্করোঽয়ম্ ॥১০॥

## শ্রীশ্রীদয়িত-দাস-দশকের অনুবাদ

শ্রীশ্রীবৃষভানুনন্দিনী নিশান্তকালে লক্ষ লক্ষ বিলাপকারী, নয়নধারা-সিঞ্চিত-গাত্র জনগণের মধ্য হইতে যাঁহাকে অধীরভাবে নিজ গোষ্ঠীমধ্যে আকর্ষণ করিলে যাঁহাকে হারাইয়া এই পৃথিবী হৃতনয়নমণিজনের ন্যায় (সরস্বতী ঠাকুরের গূঢ় নাম "নয়নমণি") গভীর অন্ধকারে আচ্ছন্ন হইয়াছিল,—হে (প্রভুদর্শনবিরহিত) আমার দীন নয়ন! (পক্ষান্তরে হে দীনোদ্ধারণ! অথবা সঙ্গে না লইবার জন্য করুণাতে কৃপণতা-প্রকাশকারী হে নয়ন নামক প্রভুজন) ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥১॥

যাঁহার পাদপদ্ম হইতে জগতে প্রেমসুধানদী প্রবাহিত হইতেছে, যাঁহার পাদপদ্মচ্যুত মধু নিরন্তর পান করিতে করিতে অনুচর-মধুকরগণ নিজ নিজ জীবন ধারণ করিতেছে, ব্রজের বিশ্রম্ভ-রসাশ্রিত জন যাঁহার পাদপদ্মের প্রশংসা করিতে সুখবোধ করিয়া থাকেন—হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥২॥

মাতাপিতার বাৎসল্য বলিয়া জগতে যাহা বহুমানিত, (হরিভক্তির বাধারূপে) তাহা ছলনা মাত্র, সমাজপ্রচলিত তথাকথিত পবিত্র দাম্পত্যপ্রেম (উভয়ের সম্ভাব্য নিরুপাধিক প্রেমসম্পদ্ অর্জ্জনের উন্মূলুণ্ঠনকারী আসুরিক প্রচেষ্টারূপে) দস্যুতা ভিন্ন কিছুই নয় এবং বন্ধুতা বঞ্চনামাত্র—এই সমুদায় বিচার যে অপ্রাকৃত স্নেহময় বিগ্রহ মহাপুরুষের পদনখকিরণের দ্বারা প্রদর্শিত হইয়াছি—হে দীন নয়ন, ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৩॥

শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রের কণ্ঠস্বররূপে যে বাণী সর্ব্বদা জনগণের কর্ণক্রোড়ে বিলাস করিতেন, তিনিই কি কর্ণ হইতে নয়নগোচর মূর্ত্তি প্রকাশ করিয়া শ্রীনীলাচলচন্দ্রের (রথযাত্রাকালে) নয়নার্পণরূপ প্রসাদপ্রাপ্ত প্রাসাদে প্রকটিত হইয়া "নয়নমণি" নামের সার্থকতা প্রদর্শন করিতেন? হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই ভৃত্যকে সেইখানে লইয়া চল ॥৪॥



শ্রীভাগবতোক্ত জম্বুনদের নির্ম্মল স্বর্ণময় জল আকর্ষণ করিয়া কি এই কাঞ্চনবর্ণ মেঘ শ্রীগৌরচন্দ্রের অস্তগমনশৈলে উদিত হইয়া (ত্রিতাপ)-দাবাগ্নিদগ্ধ সমুদয় দেশকে প্রচুর বর্ষণ দ্বারা প্লাবিত করিতে করিতে শ্রীগৌরাঙ্গের উদয়ভূমিরজে অকস্মাৎ আত্মগোপন করিলেন! হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৫॥

যিনি গৌরবর্ণ এবং শ্রীগৌরগাথাগানকারী নিখিল জগতের (স্বাভাবিক) গুরু হইয়াও যিনি শ্রীগৌরকিশোর নামক কোন মহাত্মার শিষ্যত্ব অঙ্গীকার করিয়াছেন, যিনি সমগ্র গৌড়মণ্ডলে শুদ্ধ গৌড়ীয় গোষ্ঠীর আশ্রয়দাতৃগণের গরিমাস্থল, যিনি দ্রাবিড় বৈষ্ণবগণের (লক্ষ্মীনারায়ণোপাসকগণের) নিকট শ্রীগৌরপ্রদত্ত (শ্রীরাধাগোবিন্দের ব্রজভজনের) কথা কীর্ত্তন করিতে গর্ব্ব অনুভব করেন, শ্রীগান্ধর্ব্বার গণেও যাঁহার গরিমাসম্পদ্ দৃষ্ট হয় এবং গিরিধারীর পরম প্রিয়মণ্ডলে যিনি শ্রেষ্ঠ স্থানে অধিষ্ঠিত অর্থাৎ মুকুন্দপ্রেষ্ঠ—হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৬॥

যিনি শ্রীরাধাকৃষ্ণনামামৃত-সমুদ্রে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র ও অপশূদ্র এমন কি ম্লেচ্ছ পর্য্যন্ত অশেষ লোকাত্মক সমগ্র বিশ্বকে প্লাবিত করিয়াছেন, মুক্ত ও সিদ্ধগণের অগম্য হইয়াও যিনি পতিতজনবন্ধু এবং শ্রীগৌরাঙ্গের করুণাশক্তি বলিয়া পরিচিত—হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৭॥

সেই লোকমঙ্গলকর পুরটসুন্দর মূর্ত্তি-দর্শনের কি আশা আছে? সেই সুদীর্ঘ, নীলকমলনয়ন ও তিলফুলজয়ী নাসিকা, সেই অর্দ্ধচন্দ্রধিক্কারী ললাট, সেই সৌম্যবদনকমল, সেই শুভ্রজ্যোতিঃ দন্তপংক্তি ও সেই আজানুলম্বিত বাহুসমন্বিত রমণীয় বিগ্রহের পুনর্দর্শনের কি আশা আছে? হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৮॥

চারি শত পঞ্চাশৎ সংখ্যক (৪৫০) গৌরাব্দে পৌষ মাসে, কৃষ্ণপক্ষে, চতুর্থী তিথিতে, মঘা নক্ষত্রে বৃহস্পতিবারে নিশান্ত সময়ে শ্রীমতী বৃষভানুনন্দিনীর অতীব দয়িত অনুচর যিনি নিত্যলীলায় প্রবেশ করিলেন—হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥৯॥

জনসাধারণের ও শ্রীগুরুপাদপদ্মের সেবারত শিষ্যগণের হাহাকারে সমস্ত পৃথিবী ও আকাশ পূর্ণ হইয়া গেল। ঐ মহাপুরুষ কোথায় গেলেন? হায়! সমস্ত বিশ্ব আজ প্রভুপাদ-বিরহে শূন্যবোধ হইতেছে। পাদপদ্মের নিত্য ভৃত্য ক্ষণমাত্র বিরহও সহ্য করিতে অসমর্থ। হে দীন নয়ন! ঐ মহাপুরুষ যেখানে, শীঘ্র এই কিঙ্করকে সেইখানে লইয়া চল ॥১০॥

---



# শ্রীমদ্ভক্তিবিনোদবিরহদশকম্

শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ বিরচিতম্

(শ্রীল প্রভুপাদের প্রকটকালে রচিত, তৎকর্ত্তৃক পঠিত এবং সুপ্রশংসিত হইয়াছিল; ইহাতে তিনি উত্তরকালে সম্প্রদায়সেবার শুভেচ্ছা ও আশা প্রকাশ করিয়াছিলেন।)

হা হা ভক্তিবিনোদঠক্কুর! গুরো! দ্বাবিংশতিস্তে সমা
দীর্ঘাদ্দুঃখভরাদশেষবিরহাদ্দুঃস্থীকৃতা ভূরিয়ম্।
জীবানাং বহুজন্মপুণ্যনিবহাকৃষ্টো মহীমণ্ডলে
আবির্ভাবকৃপাং চকার চ ভবান্ শ্রীগৌরশক্তিঃ স্বয়ম্ ॥১॥

দীনোঽহং চিরদুষ্কৃতির্নহি ভবৎপাদাব্জধূলিকণা-
স্নানানন্দনিধিং প্রপন্নশুভদং লব্ধুং সমর্থোঽভবম্।
কিন্ত্বৌদার্য্যগুণাত্তবাতিযশসঃ কারুণ্যশক্তিঃ স্বয়ম্
শ্রীশ্রীগৌরমহাপ্রভোঃ প্রকটিতা বিশ্বং সমন্বগ্রহীৎ ॥২॥

হে দেব! স্তবনে তবাখিলগুণানাং তে বিরিঞ্চাদয়ো
দেবা ব্যর্থমনোরথাঃ কিমু বয়ং মর্ত্ত্যাধমাঃ কুর্ম্মহে।
এতন্নো বিবুধৈঃ কদাপ্যতিশয়ালঙ্কার ইত্যুচ্যতাং
শাস্ত্রেষ্বেব 'ন পারয়েঽহ'মিতি যদ্গীতং মুকুন্দেন তৎ ॥৩॥

ধর্ম্মশ্চর্ম্মগতোঽজ্ঞতৈব সততা যোগশ্চ ভোগাত্মকো
জ্ঞানে শূন্যগতির্জপেন তপসা খ্যাতির্জিঘাংসৈব চ।
দানে দাম্ভিকতাঽনুরাগভজনে দুষ্টাপচারো যদা
বুদ্ধিং বুদ্ধিমতাং বিভেদ হি তদা ধাত্রা ভবান্ প্রেষিতঃ ॥৪॥

বিশ্বেঽস্মিন্ কিরণৈর্যথা হিমকরঃ সঞ্জীবয়ন্নোষধী-
র্নক্ষত্রাণি চ রঞ্জয়ন্নিজসুধাং বিস্তারয়ন্ রাজতে।
সচ্ছাস্ত্রাণি চ তোষয়ন্ বুধগণং সম্মোদয়ংস্তে তথা
নূনং ভূমিতলে শুভোদয় ইতি হ্লাদো বহুঃ সাত্বতাম্ ॥৫॥

লোকানাং হিতকাম্যয়া ভগবতো ভক্তিপ্রচারস্ত্বয়া
গ্রন্থানাং রচনৈঃ সতামভিমতৈর্নানাবিধৈর্দর্শিতঃ।
আচার্য্যৈঃ কৃতপূর্ব্বমেব কিল তদ্রামানুজাদ্যৈর্বুধৈঃ
প্রেমাম্ভোনিধিবিগ্রহস্য ভবতো মাহাত্ম্যসীমা ন তৎ ॥৬॥

যদ্ধাম্নঃ খলু ধাম চৈব নিগমে ব্রহ্মেতি সংজ্ঞায়তে
যস্যাংশস্য কলৈব দুঃখনিকরৈর্যোগেশ্বরৈর্মৃগ্যতে।
বৈকুণ্ঠে পরমুক্তভৃঙ্গচরণো নারায়ণো যঃ স্বয়ম্
তস্যাংশী ভগবান্ স্বয়ং রসবপুঃ কৃষ্ণো ভবান্ তৎপ্রদঃ ॥৭॥

সর্ব্বাচিন্ত্যময়ে পরাৎপরপুরে গোলোক-বৃন্দাবনে
চিল্লীলারসরঙ্গিনী পরিবৃতা সা রাধিকা শ্রীহরেঃ।
বাৎসল্যাদিরসৈশ্চ সেবিত-তনোর্মাধুর্য্যসেবাসুখং
নিত্যং যত্র মুদা তনোতি হি ভবান্ তদ্ধামসেবাপ্রদঃ ॥৮॥

শ্রীগৌরানুমতং স্বরূপবিদিতং রূপাগ্রজেনাদৃতং
রূপাদ্যৈঃ পরিবেশিতং রঘুগণৈরাস্বাদিতং সেবিতম্।
জীবাদ্যৈরভিরক্ষিতং শুক-শিব-ব্রহ্মাদি-সম্মানিতং
শ্রীরাধাপদসেবনামৃতমহো তদ্দাতুমীশো ভবান্ ॥৯॥



ক্বাহং মন্দমতিস্ত্বতীবপতিতঃ ক্ব ত্বং জগৎপাবনঃ
ভো স্বামিন্ কৃপয়াপরাধনিচয়ো নূনং ত্বয়া ক্ষম্যতাম্।
যাচেঽহং করুণানিধে! বরমিমং পাদাব্জমূলে ভবৎ-
সর্ব্বস্বাবধি-রাধিকা-দয়িত-দাসানাং গণে গণ্যতাম্ ॥১০॥

## শ্রীমদ্ভক্তিবিনোদবিরহদশকের অনুবাদ

হা হা! ভক্তিবিনোদ ঠাকুর! হে পরমগুরো! এই দ্বাবিংশ-বর্ষকাল দীর্ঘদুঃখময় আপন অপরিসীম বিরহে এই পৃথিবী দুর্দ্দশা-গ্রস্ত হইয়াছে। জীবগণের বহুজন্ম-সুকৃতিপুঞ্জদ্বারা আকৃষ্ট হইয়া শ্রীগৌরশক্তি আপনি স্বয়ং এই ভূমণ্ডলে কৃপাপূর্ব্বক আবির্ভূত হইয়াছিলেন ॥১॥

আমি দীন ও অতি দুষ্কৃতি, তজ্জন্যই আর পাদপদ্মধূলীকণায় স্নানানন্দরূপ প্রপন্নমঙ্গলপ্রদ নিধিলাভ আমার ভাগ্যে ঘটিল না। কিন্তু আপনার উদারতাগুণে মহাপ্রভু শ্রীগৌরাঙ্গের করুণাশক্তি স্বয়ং মহাযশা আপন হইতে প্রকাশিত হইয়া এই বিশ্বকে অনুগ্রহ দান করিলেন (অর্থাৎ বিশ্বের অন্তর্গত হওয়ায় আমি তাঁহার অনুগ্রহ প্রাপ্ত হইলাম) ॥২॥

হে দেব! আপনার নিখিল গুণরাশির (সুষ্ঠুভাবে) স্তব করিতে যখন সেই ব্রহ্মাদি দেবগণও ব্যর্থমনোরথ হন, তখন অধম মনুষ্যমাত্র আমাদের কা কথা। এই উক্তিকে পণ্ডিতগণ কখনও অতিশয়ালঙ্কার বলিবেন না। কারণ ভগবান্ স্বয়ং শ্রীকৃষ্ণই (তোমাদের ভক্তির প্রতিদান দিতে) "আমি পারি না" বলিয়া শাস্ত্রসমূহে সেই প্রসিদ্ধ গান গাহিয়াছেন ॥৩॥

যে সময়ে ধর্ম্ম চর্ম্মবিচারময়, অজ্ঞতাই সাধুতা এবং যোগ ভোগাভিসন্ধিমূলক—যখন জ্ঞানানুশীলনে শূন্যমাত্র গতি এবং জপ ও তপস্যায় যশঃ ও পরহিংসাই অন্বেষণের বিষয়—যখন দানে দাম্ভিকতার অনুশীলন এবং অনুরাগভক্তির নামে ঘোরতর পাপাচার প্রভৃতি বিচার বুদ্ধিমান্ জনগণেরও বুদ্ধিভেদ ঘটাইতেছিল, ঠিক সেই সময়ে বিধাতাকর্ত্তৃক আপনি প্রেরিত হইলেন ॥৪॥

এই বিশ্বে হিমকর চন্দ্র যেরূপ কিরণ সমূহ দ্বারা ওষধি সকলকে সঞ্জীবিত ও তারাগণকে রঞ্জিত করিয়া নিজ জ্যোৎস্নামৃত বিস্তার করিতে করিতে শোভা পাইতে থাকেন, তদ্রূপ শুদ্ধ শাস্ত্রসমূহের (অনুশীলনদ্বারা) তোষণ এবং পণ্ডিতগণের (শ্রৌত সিদ্ধান্তদ্বারা) পূর্ণানন্দ বিধান করিয়া নিশ্চিতই এই পৃথিবীতে আপনার শুভোদয়। ইহাতে সাত্বতগণের সুখের সীমা নাই ॥৫॥

লোকসমূহের কল্যাণার্থে আপনি বহু গ্রন্থের রচনা দ্বারা এবং সাধুসম্মত নানাবিধ উপায়ে শ্রীভগবদ্ভক্তি প্রচার প্রদর্শন করিয়াছেন। শ্রীরামানুজ প্রভৃতি মনীষিগণ ও অন্যান্য অনেক আচার্য্যও এইপ্রকার কার্য্য পূর্ব্বকালে করিয়াছেন; এইরূপ শ্রুত হওয়া যায়। কিন্তু প্রেমামৃতমূর্ত্তিস্বরূপ আপনার মাহাত্ম্যসীমা তাহাতেই (আবদ্ধ) নয় ॥৬॥

যাঁহার চিদ্ধামের জ্যোতির্মাত্র 'ব্রহ্ম'সংজ্ঞায় বেদে সংজ্ঞিত হইয়াছেন, যাঁহার অংশাংশের অংশমাত্র যোগেশ্বরগণ বহুদুঃখ স্বীকার করিয়া অন্বেষণ করেন, পরমমুক্তকুল যাঁহার পাদপদ্মে মধুকরস্বরূপে শোভমান, সেই পরব্যোমনাথ সাক্ষাৎ



শ্রীনারায়ণেরও যিনি অংশী স্বয়ং ভগবান্ অখিলরসামৃতমূর্ত্তি শ্রীকৃষ্ণ—তাঁহাকেই আপনি প্রদান করেন ॥৭॥

সর্ব্বপ্রকারে অচিন্ত্য গুণময় পরব্যোমের পরমোচ্চ প্রদেশে গোলোক নামক শ্রীবৃন্দাবনধামে, যেখানে সখীজনে পরিবৃত হইয়া সেই চিন্ময়লীলারস-বিলাসিনী শ্রীমতী রাধিকা বাৎসল্যাদি-রস-চতুষ্টয়সেবিত-বিগ্রহ শ্রীকৃষ্ণচন্দ্রের মাধুর্য্যরসময় সেবাসুখ নিত্যকাল পরমানন্দের সহিত বিস্তার করিতেছেন, আপনি সেই ধামের সেবা প্রদান করিতে পারেন ॥৮॥

শ্রীগৌরচন্দ্রের অনুজ্ঞালব্ধ শ্রীস্বরূপ দামোদর যাহার মর্ম্মজ্ঞ, শ্রীসনাতন গোস্বামী যাহার আদরকারী, শ্রীরূপপ্রমুখ রসতত্ত্বাচার্য্যগণ যাহা পরিবেশন করিতেছেন, শ্রীরঘুনাথদাস গোস্বামী প্রমুখ যাহা আস্বাদন ও সমৃদ্ধ করিতেছেন, শ্রীজীবপ্রভু প্রভৃতি যাহার রক্ষণাবেক্ষণ করিতেছেন এবং শ্রীশুক, দেবাদিদেব মহাদেব ও লোকপিতামহ ব্রহ্মা প্রভৃতি যাহা (দূর হইতে) সম্মান করিতেছেন — অহো সেই শ্রীরাধাপদ-পরিচর্য্যা-রসামৃত — তাহাও দান করিতে আপনি সমর্থ ॥৯॥

কোথায় আমি মন্দমতি, অতি পতিতজন, আর কোথায় আপনি জগৎপাবন মহাজন! হে প্রভো! কৃপাপূর্ব্বক (এই স্তবকারী) আমার অপরাধ সমূহ আপনি নিশ্চিতই ক্ষমা করিবেন। হে করুণাসাগর! আপনার পাদপদ্মমূলে এই বর প্রার্থনা করিতেছি যে, আপনার প্রাণসর্ব্বস্ব শ্রীবার্ষভানবী-দয়িতদাসগোষ্ঠীমধ্যে আমাকে গণনা করিয়া কৃতার্থ করুন ॥১০॥

# শ্রীশ্রীমদ্‌গৌরকিশোরনমস্কারদশকম্

গুরোর্গুরো মে পরমো গুরুস্ত্বং
বরেণ্য! গৌরাঙ্গগণাগ্রগণ্যে।
প্রসীদ ভৃত্যে দয়িতাশ্রিতে তে
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥১॥

সরস্বতীনাম-জগৎপ্রসিদ্ধং
প্রভুং জগত্যাং পতিতৈকবন্ধুম্।
ত্বমেব দেব! প্রকটীচকার
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥২॥

ক্বচিদ্ব্রজারণ্যবিবিক্তবাসী
হৃদি ব্রজদ্বন্দ্বরহো-বিলাসী।
বহির্বিরাগী ত্ববধূতবেষী
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৩॥

ক্বচিৎ পুনর্গৌরবনান্তচারী
সুরাপগাতীররজোবিহারী।
পবিত্রকৌপীনকরঙ্কধারী
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৪॥

সদা হরের্নাম মুদা রটন্তং
গৃহে গৃহে মাধুকরীমটন্তম্।
নমন্তি দেবা অপি যং মহান্তং
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৫॥



ক্বচিদ্রুদন্তঞ্চ হসন্নটন্তং
নিজেষ্টদেবপ্রণয়াভিভূতম্।
নমন্তি গায়ন্তমলং জনা ত্বাং
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৬॥

মহাযশোভক্তিবিনোদবন্ধো!
মহাপ্রভুপ্রেমসুধৈকসিন্ধো!
অহো জগন্নাথদয়াস্পদেন্দো!
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৭॥

সমাপ্য রাধাব্রতমুত্তমং ত্ব-
মবাপ্য দামোদরজাগরাহম্।
গতোঽসি রাধাদরসখ্যরিদ্ধিং
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৮॥

বিহায় সঙ্গং কুলিয়ালয়ানাং
প্রগৃহ্য সেবাং দয়িতানুগস্য।
বিভাসি মায়াপুরমন্দিরস্থো
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥৯॥

সদা নিমগ্নোঽপ্যপরাধপঙ্কে
হ্যহৈতুকীমেষ কৃপাঞ্চ যাচে।
দয়াং সমুদ্ধৃত্য বিধেহি দীনং
নমো নমো গৌরকিশোর তুভ্যম্ ॥১০॥

## শ্রীশ্রীমদ্‌গৌরকিশোর নমস্কার দশকের অনুবাদ

হে গুরুর গুরু! আমার পরমগুরু, তুমি শ্রীগৌরাঙ্গগণের অগ্রগণ্য সমাজে পরম বরেণ্য। তোমার দয়িতদাসের আশ্রিত এই ভৃত্যের প্রতি প্রসন্ন হও। হে গৌরকিশোর, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার॥১॥

হে দেব! জগতে পতিত জনের একমাত্র বন্ধু শ্রীভক্তিসিদ্ধান্ত সরস্বতী নামক ভুবনবিখ্যাত প্রভুকে তুমিই প্রকাশ করিয়াছ। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥২॥

তুমি কখন ব্রজধামে একান্ত বাস করিয়া ব্রজকিশোরযুগলের পরম গোপনীয় বিলাসপরায়ণ; কিন্তু বাহিরে বৈরাগ্যবিধি পালন কর, কভু বা অবধূত বেশ গ্রহণ কর। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৩॥

কখনও বা তুমি গৌর-বনান্তে বিচরণ কর—গঙ্গাতটে সৈকতভূমিতে পরিভ্রমণকর; পবিত্র কৌপীন ও করঙ্গধারী হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৪॥

সর্ব্বদা পরমসুখে শ্রীহরিনামগানকারী এবং গৃহে গৃহে মাধুকরী ভিক্ষা গ্রহণকারী যে মহাপুরুষকে দেবতাগণও নমস্কার করিয়া থাকেন—হে গৌরকিশোর! সেই তোমাকে পুনঃ পুনঃ নমস্কার॥৫॥

নিজের ইষ্টদেবতার প্রণয়াভিভূত হইয়া কখন নৃত্য, কখন রোদন, কখন হাস্য, আবার কখন উচ্চ গীতপরায়ণ তোমাকে জনগণ প্রভূত নমস্কার বিধান করিয়া থাকেন। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৬॥



হে মহাযশস্বী ঠাকুর ভক্তিবিনোদের বন্ধো, হে মহাপ্রভু শ্রীচৈতন্যদেবের একমাত্র প্রেমামৃতসিন্ধো! হে বৈষ্ণবসার্ব্বভৌম শ্রীজগন্নাথের কৃপাভাজন চন্দ্র! হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৭॥

পরমোত্তম ঊর্জ্জব্রত উদ্‌যাপন করিয়া শ্রীদামোদরের উত্থান-দিন-অবলম্বনে তুমি শ্রীরাধিকার আদরের সখীত্বসম্পৎ প্রাপ্ত হইয়াছ। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৮॥

কুলিয়া নগরের অধিবাসিগণের সঙ্গ পরিহার করিয়া তোমার অনুগত শ্রীদয়িতদাসের সেবা অঙ্গীকারপূর্ব্বক শ্রীধাম মায়াপুরের শ্রীমন্দিরে তুমি বিরাজ করিতেছ। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥৯॥

সর্ব্বদা অপরাধপঙ্কে নিমগ্ন থাকিয়াও এই (অধমজন) তোমার অহৈতুকী কৃপা যাচ্ঞা করিতেছে। দীন ব্যক্তিকে উদ্ধার করিয়া দয়া বিধান কর। হে গৌরকিশোর! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥১০॥

## পরমগুর্ব্বষ্টকম্

শ্রীগৌড়ধামাশ্রিতশুদ্ধভক্তং
রূপানুগাদ্যং নিরবদ্যরূপম্ ।
বৈরাগ্যধর্ম্মোজ্বলবিগ্রহং তং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥১॥

অসৎ-প্রসঙ্গং পরিহায় নিত্যং
গৌরাঙ্গ-সেবাব্রত-মগ্নচিতম্ ।
গৌড়-ব্রজাভেদ-বিশিষ্ট-প্রজ্ঞং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥২॥

শ্রীধামমায়াপুরদিব্য-গূঢ়-
মাহাত্ম্য-গীতোন্মুখরং বরেণ্যম্ ।
ধন্যং মহাভাগবতাগ্রগণ্যং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥৩॥

পূতাবধুত-ব্রজ-শীর্ষরত্নং
শ্রীরাধিকাকৃষ্ণ-নিগূঢ়-ভক্তম্ ।
সদা ব্রজাবেশ-সরাগ-চেষ্টং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥৪॥

শোকাস্পদাতীত-প্রভাব-রম্যং
মূঢ়ৈরবেদ্যং প্রণতাভিগম্যম্ ।
নিত্যানুভূতাচ্যুত-সদ্-বিলাসং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥৫॥



কাপট্যধর্ম্মান্বিত-চণ্ড-দণ্ড-
বিধায়কং সজ্জন-সঙ্গ-রঙ্গম্ ।
শ্রীকৃষ্ণচৈতন্যপদাব্জভৃঙ্গং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥৬॥

দামোদরোত্থানদিনে প্রধানে
ক্ষেত্রে পবিত্রে কুলিয়াভিধানে ।
প্রপঞ্চলীলা-পরিহারবন্তং
বন্দে প্রভুং গৌরকিশোর-সংজ্ঞম্ ॥৭॥

তব হি “দয়িতদাসে” সত্যসূর্য্য-প্রকাশে
জগতি দুরিতনাশে প্রোদ্যতে চিদ্‌বিলাসে ।
বয়মনুগতভৃত্যাঃ পাদপদ্মং প্রপন্না
অনুদিনমনুকম্পাং প্রার্থয়ামো নগণ্যাঃ ॥৮॥

## শ্রীমদ্রূপপদরজঃ-প্রার্থনা-দশকম্

শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ বিরচিতম্

শ্রীমচ্চৈতন্যপাদৌ চরকমলযুগৌ নেত্রভৃঙ্গৌ মধু ত্যৌ
গৌড়ে তৌ পায়য়ন্তৌ ব্রজবিপিনগতৌ ব্যাজযুক্তৌ সমুৎকৌ ।
ভাতৌ সভ্রাতৃকস্য স্বজনগণপতের্যস্য সৌভাগ্যভূম্নঃ
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥১॥

পীতশ্রীগৌরপাদাম্বুজমধুমদিরোন্মত্তহৃদ্‌ভৃঙ্গরাজো
রাজ্যৈশ্বর্য্যং জহৌ যো জননিবহহিতাদত্তচিত্তো নিজাগ্র্যম্ ।
বিজ্ঞাপ্য স্বানুজেন ব্রজগমনরতং চান্বগাৎ গৌরচন্দ্রং
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥২॥

বৃন্দারণ্যাৎ প্রয়াগে হরিরসনটনৈর্নামসঙ্কীর্ত্তনৈশ্চ
লেভে যো মাধবাগ্রে জনগহনগতং প্রেমমত্তং জনাংশ্চ ।
ভাবৈঃ স্বৈর্মাদয়ন্তং হৃতনিধিরিব তং কৃষ্ণচৈতন্যচন্দ্রং
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৩॥

একান্তং লব্ধপাদাম্বুজনিজহৃদয়প্রেষ্ঠপাত্রো মহার্ত্তি-
দৈন্যৈর্দুঃখাশ্রুপূর্ণৈর্দশনধৃততৃণৈঃ পূজয়ামাস গৌরম্ ।
স্বান্তঃ কৃষ্ণঞ্চ গঙ্গা-দিনমণি-তনয়াসঙ্গমে সানুজো যঃ
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৪॥

স্বস্য প্রেমস্বরূপং প্রিয়দয়িতবিলাসানুরূপৈকরূপং
দূরে ভূলুণ্ঠিতং যং সহজসুমধুরশ্রীযুতং সানুজঞ্চ ।
দৃষ্ট্বা দেবোঽতিতূর্ণং স্তুতিবহুমুখমাশ্লিষ্য গাঢ়ং ররঞ্জে
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৫॥

কৈবল্যপ্রেমভূমাবখিলরসসুধাসিন্ধুসঞ্চারদক্ষং
জ্ঞাত্বাপ্যেবঞ্চ রাধাপদভজনসুধাং লীলয়াপায়য়দ্‌যম্ ।
শক্তিং সঞ্চার্য্য গৌরো নিজভজনসুধাদানদক্ষং চকার
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৬॥



গৌরাদেশাচ্চ বৃন্দা-বিপিনমিহ পরিক্রম্য নীলাচলং যো
গত্বা কাব্যামৃতৈঃ স্বৈ-ব্রজযুবযুগল-ক্রীড়নার্থৈঃ প্রকামম্ ।
রামানন্দস্বরূপাদিভিরপি কবিভিস্তর্পয়ামাস গৌরং
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৭॥

লীলাসংগোপনে শ্রীভগবত ইহ বৈ জঙ্গমে স্থাবরেঽপি
সংমুগ্ধে সাগ্রজাতঃ প্রভুবিরহহৃতপ্রায়জীবেন্দ্রিয়াণাম্ ।
যশ্চাসীদাশ্রয়ৈকস্থলমিব রঘুগোপালজীবাদিবর্গে
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৮॥

শ্রীমূর্ত্তেঃ সাধুবৃত্তেঃ প্রকটনমপি তল্লুপ্ততীর্থাদিকানাং
শ্রীরাধাকৃষ্ণপাদাম্বুজভজনময়ং রাগমার্গং বিশুদ্ধম্ ।
গ্রন্থৈর্যেন প্রদত্তং নিখিলমিহ নিজাভীষ্টদেবেপ্সিতঞ্চ
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥৯॥

লীলাসংগোপকালে নিরুপধিকরুণাকারিণা স্বামিনাহং
যৎপাদাব্জেঽর্পিতো যৎ পদভজনময়ং গায়য়িত্বা তু গীতম্ ।
যোগ্যাযোগ্যত্বভাবং মম খলু সকলং দুষ্টবুদ্ধেরগৃহ্ণন্
স শ্রীরূপঃ কদা মাং নিজপদরজসা ভূষিতং সংবিধত্তে ॥১০॥

## শ্রীমদ্রূপপদরজঃ-প্রার্থনা-দশকের অনুবাদ

শ্রীবৃন্দাবন-গমনে ব্যাজযুক্ত শ্রীমচ্চৈতন্যপাদপদ্মযুগল, নিজ গণের অধিপতি (সম্প্রদায় রূপানুগ বলিয়া) ভ্রাতৃগণের সহিত সৌভাগ্যের আকরভূমি যাঁহার সেই পরমোৎকণ্ঠিত নয়নভৃঙ্গযুগলকে মধুপান

করাইতে করাইতে গৌড়ে (গৌড় নগরে) শোভিত হইয়াছিলেন—সেই শ্রীমদ্রূপ প্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥১॥

শ্রীরামকেলিধামে শ্রীগৌরচন্দ্রের শ্রীপাদপদ্মের মধুরূপ মদিরা পানে উন্মত্ত হইয়া যাঁহার হৃদয়রূপ ভৃঙ্গরাজ নিখিল জনকল্যাণের জন্য (হরিকীর্ত্তনের দ্বারা) আত্মোৎসর্গ করতঃ রাজৈশ্বর্য্য পরিত্যাগ করিয়াছিলেন এবং অগ্রজ শ্রীসনাতনকে জানাইয়া অনুজ শ্রীবল্লভের সহিত (নীলাচল হইতে) শ্রীবৃন্দাবনগমনরত শ্রীচৈতন্যদেবের অনুসরণ করিয়াছিলেন—সেই শ্রীরূপ প্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥২॥

শ্রীবৃন্দাবন হইতে প্রত্যাগত প্রয়াগধামে লক্ষ লক্ষ লোকমধ্যে নামসঙ্কীর্ত্তনরত, প্রেমোন্মত্ত ও নৃত্যপরায়ণ এবং সাত্ত্বিকাদি অদ্ভুত ভাবদ্বারা শত শত সশ্রদ্ধ ব্যক্তির চিত্তদ্রবকারী সেই শ্রীচৈতন্য চন্দ্রকে যিনি শ্রীবিন্দুমাধবজীউর সম্মুখে হারানিধির ন্যায় লাভ করিয়াছিলেন—সেই শ্রীরূপ প্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৩॥

পবিত্র গঙ্গাযমুনাসঙ্গমস্থলে অন্তঃকৃষ্ণ বহির্গৌরবর্ণ নিজ প্রাণ-প্রিয়তম দেবতার শ্রীপাদপদ্ম একান্তে লাভ করিয়া মহা আর্ত্তি সহকারে যিনি দৈন্য, দুঃখাশ্রু ও দশনধৃত তৃণ সমূহের দ্বারা অনুজের সহিত উঁহার পূজা করিয়াছিলেন—সেই শ্রীরূপ প্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৪॥

নিজ প্রেমস্বরূপ, প্রিয়স্বরূপ ও দয়িতস্বরূপ, স্বাভাবিক মনোজ্ঞ রূপবিশিষ্ট এবং নিজের একমাত্র অনুরূপ বিলাসমূর্ত্তি যাঁহাকে দূরে অনুজের সহিত ভূলুণ্ঠিত দর্শন করিয়া শ্রীচৈতন্যদেব ত্বরিত গতিতে প্রশংসামুখর যাঁহাকে গাঢ়ভাবে আলিঙ্গন করিয়া সুখলাভ করিয়াছিলেন—সেই শ্রীরূপ প্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৫॥



কেবল-প্রেমভূমিকায় (ব্রজরসে) অখিলরসামৃতসিন্ধু-নিপুণ (নিত্য পরিজনরূপে) জানিয়াও শ্রীগৌরহরি লীলা-বিস্তার নিমিত্ত যাঁহাকে শ্রীরাধাকৈঙ্কর্য্যামৃত পান করাইয়াছিলেন এবং শক্তি সঞ্চার করিয়া স্বভজনসুধা-বিতরণে বিচক্ষণ করিয়াছিলেন—সেই শ্রীমদ্রূপপ্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৬॥

শ্রীগৌরাঙ্গের আজ্ঞায় এই সময়ে শ্রীব্রজমণ্ডল পরিভ্রমণান্তে শ্রীপুরুষোত্তম-ক্ষেত্রে গমন করিয়া যিনি ব্রজযুবদ্বন্দ্ববিলাসময় স্বরচিত কাব্যামৃত দ্বারা শ্রীরামানন্দ-স্বরূপাদি সুধীমণ্ডলের সহিত শ্রীচৈতন্যচন্দ্রের প্রভূত তৃপ্তি বিধান করিয়াছিলেন—সেই শ্রীমদ্রূপপ্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৭॥

ভগবান্ শ্রীচৈতন্যদেবের লীলা-সংবরণে জগতে যখন নিখিল জীব সমূহ, এমন কি স্থাবর পর্য্যন্ত গাঢ় দুঃখে মোহ প্রাপ্ত হইয়াছিল, তখন অগ্রজের সহিত যিনি প্রভুবিরহে হৃতপ্রায় প্রাণেন্দ্রিয় রঘুনাথ, গোপাল ভট্ট ও শ্রীজীব প্রভৃতি অন্তরঙ্গ ভক্তগণেরও একমাত্র আশ্রয়স্থল হইয়াছিলেন—সেই শ্রীমদ্রূপপ্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৮॥

শ্রীমূর্ত্তির সেবা প্রকাশ, ভক্তি-সদাচার সংস্থাপন, লুপ্ততীর্থাদির প্রকাশ এবং শ্রীরাধাগোবিন্দের প্রেমভজনময় বিশুদ্ধ রাগমার্গ প্রদর্শন প্রভৃতি নিজ ইষ্টদেব শ্রীচৈতন্যচন্দ্রের নিখিল মনোঽভীষ্ট যিনি বহু বহু গ্রন্থের দ্বারা জগতে প্রদান করিয়াছেন—সেই শ্রীমদ্-রূপপ্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥৯॥

অহৈতুক করুণাময় আমার প্রভু শ্রীল সরস্বতী ঠাকুর তাঁহার লীলা-সংগোপনের অব্যবহিত পূর্ব্বে যাঁহার শ্রীপাদপদ্মের মহি-মাময় (শ্রীরূপ মঞ্জরীপদ) গান করাইয়া যাঁহার শ্রীচরণ-কমলে আমাকে সমর্পণ করিয়াছেন, দুর্ম্মতি হইলেও সেই আমার সর্ব্বপ্রকার যোগ্যতা বা অযোগ্যতা পরিহার করিয়া সেই শ্রীমদ্রূপপ্রভু কবে তাঁহার পদরজে আমাকে ভূষিত করিবেন ॥১০॥

---

নিতাই পদ-কমল কোটীচন্দ্র-সুশীতল
যে ছায়ায় জগত জুড়ায়।
হেন নিতাই বিনে ভাই রাধাকৃষ্ণ পাইতে নাই
দৃঢ় করি ধর নিতাই পায় ॥
সে সম্বন্ধ নাহি যার বৃথা জন্ম গেল তার
সেই পশু বড় দুরাচার।
নিতাই না বলিল মুখে মজিল সংসার সুখে,
বিদ্যাকুলে কি করিবে তার ॥



অহঙ্কারে মত্ত হৈঞা নিতাইপদ পাসরিয়া
অসত্যেরে সত্য করি মানি।
নিতাইয়ের করুণা হবে ব্রজে রাধা কৃষ্ণ পাবে
ধর নিতাইয়ের চরণ দুঃখানি ॥
নিতাইয়ের চরণ সত্য তাঁহার সেবক নিত্য
নিতাই পদ সদা কর আশ।
নারোত্তম বড় দুঃখী নিতাই মোরে কর সুখী
রাখ রাঙ্গা চরণের পাশ ॥

---

অক্রোধ পরমানন্দ নিত্যানন্দ রায়।
অভিমান শূন্য নিতাই নগরে বেড়ায় ॥
অধম পতিত জীবের দ্বারে দ্বারে গিয়া।
হরিনাম মহামন্ত্র দেন বিলাইয়া ॥
যারে দেখে তারে কহে দন্তে তৃণ ধরি'।
আমারে কিনিয়া লহ ভজ গৌরহরি ॥
এত বলি' নিত্যানন্দ ভূমে গড়ি যায়।
সোনার পর্ব্বত যেন ধূলাতে লোটায় ॥
হেন অবতারে যার রতি না জন্মিল।
লোচন বলে সেই পাপী এল আর গেল ॥

---

নিতাই গুণমণি আমার নিতাই গুণমণি ।
আনিয়া প্রেমের বন্যা ভাসাল অবনী ॥
প্রেমবন্যা লয়ে নিতাই আইল গৌড় দেশে ।
ডুবিল ভকতগণ দীনহীন ভাসে ॥
দীনহীন পতিত পামর নাহি বাছে ।
ব্রহ্মার দুর্ল্লভ প্রেম সবাকারে যাচে ॥
আবদ্ধ করুণাসিন্ধু কাটিয়া মুহান ।
ঘরে ঘরে বুলে প্রেম-অমিয়ার বান ॥
লোচন বলে হেন নিতাই যেবা না ভজিল ।
জানিয়া শুনিয়া সেই আত্মঘাতী হৈল ॥

শ্রীশ্রীনিত্যানন্দচন্দ্রায় নমঃ

## শ্রীমন্নিত্যানন্দ-দ্বাদশকম্

শ্রীল-ভক্তিরক্ষক-শ্রীধর-দেবগোস্বামি-মহারাজ-বিরচিতঃ

যোঽনন্তোঽনন্তবক্ত্রৈর্নিরবধি হরিসংকীর্ত্তনং সংবিধত্তে
যো বা ধত্তে ধরিত্রীং শিরসি নিরবধি ক্ষুদ্রধূলীকণেব ।
যঃ শেষশ্ছত্র-শয্যাসন-বসনবিধৈঃ সেবতে তে যদর্থাঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥১॥

অংশৈর্যঃ ক্ষীরশায়ী সকলভুবনপঃ সর্ব্বজীবান্তরস্থো
যো বা গর্ভোদশায়ী দশশতবদনো দেবসুক্তৈর্বিগীতঃ ।



ব্রহ্মাণ্ডাশেষগর্ভা প্রকৃতিপতিপতির্জীবসঙ্ঘাশ্রয়াঙ্গঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥২॥

যস্যাংশো ব্যুহমধ্যে বিলসতি পরমব্যোম্নি সংকর্ষণাখ্য
আতন্বন্ শুদ্ধসত্ত্বং নিখিলহরিসুখং চেতনং লীলয়া চ ।
জীবাহঙ্করভাবাস্পদ ইতি কথিতঃ কুত্রচিজ্জীববদ্ যঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৩॥

যশ্চাদিব্যুহমধ্যে প্রভবতি সগণো মূলসঙ্কর্ষণাখ্যো
দ্বারাবত্যাং তদূর্দ্ধে মধুপুরি বসতি প্রাভবাখ্যো বিলাসঃ ।
সর্ব্বাংশী রামনামা ব্রজপুরি রমতে সানুজো যঃ স্বরূপে
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৪॥

শ্রীকৃষ্ণপ্রেমনামা পরমসুখময়ঃ কোপ্যচিন্ত্যঃ পদার্থো
যদ্ গন্ধাৎ সজ্জনৌঘা নিগম-বহুমতং মোক্ষমপ্যাক্ষিপন্তি ।
কৈবল্যৈশ্বর্য্যসেবা-প্রদগণ ইতি যস্যাঙ্গতঃ প্রেমদাতুঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৫॥

যো বাল্যে লীলয়ৈকঃ পরমমধুরয়া চৈকচক্রানগর্য্যাং
মাতাপিত্রোর্জনানামথ নিজ-সুহৃদাং হ্লাদয়ংশ্চিত্তচক্রম্ ।
তীর্থান্ বভ্রাম সর্ব্বানুপহৃত জনকো ন্যাসিনা প্রার্থিতশ্চ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৬॥

ভ্রামং ভ্রামঞ্চ তীর্থান্ যতিমুকুটমণি-মাধবেন্দ্রপ্রসঙ্গাৎ
লব্ধোল্লাসঃ প্রতিক্ষ্য প্রকটিতচরিতং গৌরধামাজগাম ।
শ্রীগৌরঃ শ্রীনিবাসাদিভিরপি যমাবাপালয়ে নন্দনস্য
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৭॥

প্রাপ্তাজ্ঞো গৌরচন্দ্রাদখিলজনগণোদ্ধার-নাম প্রদানে
যঃ প্রাপ্য দ্বৌ সুরাপৌ কলিকলুষহতৌ ভ্রাতরৌ ব্রহ্মদৈত্যৌ ।
গাঢ়প্রেমপ্রকাশৈঃ কৃতরুধিরবপুশ্চাপি তাবুজ্জহার
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৮॥

সাক্ষাদ্দেগৌরো গণানাং শিরসি যদবধূতস্য কৌপীনখণ্ডং
সংধর্ত্তুঞ্চাদিদেশাসব-যবনবধুস্পৃষ্ট-দৃষ্টোঽপি বন্দ্যঃ ।
ব্রহ্মাদ্যানামপীতি প্রভুপরিহৃতকানামপি স্বেষ্টপীঠঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥৯॥

উদ্ধর্ত্তুং জ্ঞানকর্ম্মাদ্যপহতচরিতান্-গৌরচন্দ্রো যদাসৌ
ন্যাসং কৃত্বা তু মায়া মৃগমনুস্থতবান্ গ্রাহয়ন্ কৃষ্ণনাম ।
তচ্ছায়েবান্বধাবৎ স্থল-জল-গহনে যোঽপি তস্যেষ্ট-চেষ্টঃ
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥১০॥

শ্রীরাধাপ্রেমলুব্ধো দিবসনিশিতদা-স্বাদমত্তৈকলীলো
গৌরো যঞ্চাদিদেশ স্বপরিকরবৃতং কৃষ্ণনাম প্রদাতুম্ ।
গৌড়েঽবাধং দদৌ যঃ সুভগ-গণধনং গৌরনাম প্রকামং
শ্রীনিত্যানন্দচন্দ্রং ভজ ভজ সততং গৌর-কৃষ্ণপ্রদং তম্ ॥১১॥

শ্রীরাধাকৃষ্ণলীলারসমধুরসুধাস্বাদশুদ্ধৈকমূর্ত্তৌ
গৌরে শ্রদ্ধাং দৃঢ়াং ভো প্রভুপরিকরসম্রাট্ প্রযচ্ছাধমেঽস্মিন্ ।
উল্লঙ্ঘ্যাঙ্ঘ্রিং হি যস্যাখিলভজনকথা স্বপ্নবচ্চৈব মিথ্যা
শ্রীনিত্যানন্দচন্দ্রং পতিতশরণদং গৌরদং তং ভজেঽহম্ ॥১২॥



শ্রীল বৃন্দাবনদাস-ঠক্কুর-বিরচিতম্

# শ্রীশ্রীনিত্যানন্দাষ্টকম্

শরচ্চন্দ্র-ভ্রান্তিং স্ফুরদমল-কান্তিং গজগতিং
হরি-প্রেমোন্মত্তং ধৃত-পরম-সত্ত্বং স্মিতমুখম্ ।
সদা ঘূর্ণন্নেত্রং কর-কলিত-বেত্রং কলিভিদং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥১॥

রসানামাধারং স্বজনগণ-সর্ব্বস্বমতুলং
তদীয়ৈক-প্রাণপ্রতিম-বসুধা-জাহ্নবী-পতিম্ ।
সদা প্রেমোন্মাদং পরমবিদিতং মন্দ-মনসাং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥২॥

শচীসূনু-প্রেষ্ঠং নিখিল-জগদিষ্টং সুখময়ং
কলৌ মজ্জজ্জীবোদ্ধরণ-করণোদ্দাম-করুণম্ ।
হরের্ব্যাখ্যানাদ্ বা ভব-জলধি-গর্ব্বোন্নতি-হরং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৩॥

অয়ে ভ্রাতর্নৃণাং কলি-কলুষিণাং কিং নু ভবিতা
তথা প্রায়শ্চিত্তং রচয় যদনায়ামত ইমে ।
ব্রজন্তি ত্বামিত্থং সহ ভগবতা মন্ত্রয়তি যো
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৪॥

যথেষ্টং রে ভ্রাতঃ ! কুরু হরিহরি-ধ্বানমনিশং
ততো বঃ সংসারাম্বুধি-তরণ-দায়ো ময়ি লগেৎ ।
ইদং বাহু-স্ফোটৈরটতি রটয়ন্ যঃ প্রতিগৃহং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৫॥

বলাৎ সংসারাম্ভোনিধি-হরণ-কুম্ভোদ্ভবমহো
সতাং শ্রেয়ঃ সিন্ধুন্নতি-কুমুদ-বন্ধুং সমুদিতং ।
খলশ্রেণী-স্ফূর্জ্জত্তিমির-হর-সূর্য্য-প্রভমহং
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৬॥

নটন্তং গায়ন্তং হরিমনুবদন্তং পথি পথি
ব্রজন্তং পশ্যন্তং স্বমপি নদয়ন্তং জনগণম্
প্রকুর্ব্বন্তং সন্তং সকরুণ-দৃগন্তং প্রকলনাদ্
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৭॥

সুবিভ্রাণং ভ্রাতুঃ কর-সরসিজং কোমলতরং
মিথো বক্ত্রালোকোচ্ছলিত-পরমানন্দ-হৃদয়ম্ ।
ভ্রমন্তং মাধুর্য্যৈরহহ ! মদয়ন্তং পুরজনান্
ভজে নিত্যানন্দং ভজন-তরু-কন্দং নিরবধি ॥৮॥

রসানামাধানং রসিক-বর-সদ্বৈষ্ণব-ধনং
রসাগারং সারং পতিত-ততি-তারং স্মরণতঃ ।
পরং নিত্যানন্দাষ্টকমিদমপূর্ব্বং পঠতি য-
স্তদঙ্ঘ্রি-দ্বন্দ্বাব্জং স্ফুরতু নিতরাং তস্য হৃদয়ে ॥৯॥

---



পরম করুণ পহুঁ দুই জন
নিতাই গৌরচন্দ্র ।
সব অবতার- সার শিরোমণি
কেবল আনন্দ কন্দ ॥
ভজ ভজ ভাই চৈতন্য-নিতাই
সুদৃঢ় বিশ্বাস করি’ ।
বিষয় ছাড়িয়া সে রসে মজিয়া
মুখে বল হরি হরি ॥
দেখ ওরে ভাই ত্রিভুবনে নাই
এমন দয়াল দাতা ।
পশুপাখী ঝুরে পাষাণ বিদরে
শুনি’ যার গুণ-গাথা ॥
সংসারে মজিয়া রহিলি পড়িয়া
সে পদে নহিল আশ ।
আপন করম ভুঞ্জায় শমন
কহয়ে লোচন দাস ॥

---

ধন মোর নিত্যানন্দ পতি মোর গৌরচন্দ্র
প্রাণ মোর যুগলকিশোর ।
অদ্বৈত আচার্য্য বল গদাধর মোরকুল
নরহরি বিলসই মোর ॥

বৈষ্ণবের পদধূলি তাহে মোর স্নানকেলি
তর্পণ মোর বৈষ্ণবের নাম।
বিচার করিয়া মনে ভক্তিরস আস্বাদনে
মধ্যস্থ শ্রীভাগবত-পুরাণ ॥
বৈষ্ণবের উচ্ছিষ্ট তাহে মোর মনোনিষ্ঠ
বৈষ্ণবের নামেতে উল্লাস।
বৃন্দাবনে চবুতরা তাহে মোর মনোঘেরা
কহে দীন নরোত্তম দাস ॥

দয়াল নিতাই চৈতন্য ব'লে নাচ্‌রে আমার মন
(একবার) নাচ্‌রে আমার মন নাচ্‌রে আমার মন ॥
(এমন নয়াল তো নাই হে, মার খেয়ে প্রেম দেয়)
ওরে অপরাধ দূরে যাবে পাবে প্রেম ধন !
(অপরাধের বিচার তো নাই হে)
তখন কৃষ্ণনামে রুচি হবে ঘুচিবে বন্ধন।
(অনুরাগ তো হবে হে)
তখন অনায়াসে সফল হবে জীবের জীবন ॥
(নৈলে জীবন তো মিছে হে)
কৃষ্ণ-রতি বিনা জীবের জীবন তো মিছে হে
শেষে বৃন্দাবনে রাধাশ্যামের পাবে দরশন ॥
গৌর-কৃপা হলে হে



## শ্রীবৈষ্ণব-মহিমা-গীতি

(ওহে) বৈষ্ণব ঠাকুর দয়ার সাগর
এ দাসে করুণা করি।
দিয়া পদছায়া শোধহে আমারে
তোমার চরণ ধরি ॥
ছয় বেগ দমি' ছয় দোষ শোধি
ছয় গুণ দেহ দাসে।
ছয় সৎসঙ্গ দেহ হে আমারে
বসেছি সঙ্গের আশে ॥
একাকী আমার নাহি পায় বল
হরিনাম সংকীর্ত্তনে।
তুমি কৃপা করি শ্রদ্ধাবিন্দু দিয়া
দেহ কৃষ্ণ নাম ধনে ॥
কৃষ্ণ সে তোমার কৃষ্ণ দিতে পার
তোমার শকতি আছে।
আমি ত কাঙ্গাল 'কৃষ্ণ কৃষ্ণ' বলি
ধাই তব পাছে পাছে ॥

এইবার করুণা কর বৈষ্ণব গোসাঞি।
পতিতপাবন তোমা বিনে কেহ নাই ॥
কাহার নিকটে গেলে পাপ দূরে যায়।
এমন দয়াল প্রভু কেবা কোথা পায় ॥

গঙ্গার পরশ হৈলে পশ্চাতে পাবন।
দর্শনে পবিত্র কর এই তোমার গুণ ॥
হরিস্থানে অপরাধে তারে হরিনাম।
তোমাস্থানে অপরাধে নাহিক এড়ান ॥
তোমার হৃদয়ে সদা গোবিন্দ-বিশ্রাম।
গোবিন্দ কহেন মম বৈষ্ণব পরান ॥
প্রতি জন্মে করি আশা চরণের ধুলি।
নরোত্তমে কর দয়া আপনার বলি ॥

---

ঠাকুর বৈষ্ণব পদ অবনীর সুসম্পদ
শুন ভাই হঞা এক মন।
আশ্রয় লইয়া ভজে তারে কৃষ্ণ নাহি ত্যজে
আর সব মরে অকারণ ॥
বৈষ্ণব চরণ-জল প্রেমভক্তি দিতে বল
আর কেহ নহে বলবন্ত।
বৈষ্ণব-চরণ-রেণু মস্তকে ভূষণ বিনু
আর নাহি ভূষণের অন্ত ॥
তীর্থজল পবিত্র গুণে লিখিয়াছে পুরাণে
সে সব ভক্তির প্রবঞ্চন।
বৈষ্ণবের পাদোদক সম নহে এই সব
যাতে হয় বাঞ্ছিত পূরণ॥



বৈষ্ণব সঙ্গেতে মন আনন্দিত অনুক্ষণ
সদা হয় কৃষ্ণ পরসঙ্গ।
দীন নরোত্তম কান্দে হিয়া ধৈর্য্য নাহি বান্ধে
মোর দশা কেন হৈল ভঙ্গ ॥

---

ঠাকুর বৈষ্ণবগণ করি এই নিবেদন
মো বড় অধম দুরাচার।
দারুণ-সংসারনিধি তাহে ডুবাইল বিধি
কেশে ধরি মোরে কর পার ॥
বিধি বড় বলবান না শুনে ধরম জ্ঞান
সদাই করম-পাশে বান্ধে।
না দেখি তারণ লেশ যত দেখি সব ক্লেশ
অনাথ কাতরে তেঁই কান্দে ॥
কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, অভিমান সহ
আপন আপন স্থানে টানে।
ঐছন আমার মন ফিরে যেন অন্ধজন
সুপথ বিপথ নাহি জানে ॥
না লইনু সৎ মত অসতে মজিল চিত
তুয়া পায়ে না করিনু আশ।
নরোত্তম দাসে কয় দেখি শুনি লাগে ভয়
তরাইয়া লহ নিজ পাশ ॥

কৃপা কর বৈষ্ণব ঠাকুর।
সম্বন্ধ জানিয়া ভজিতে ভজিতে
অভিমান হউ দূর ॥
'আমি ত বৈষ্ণব' এ বুদ্ধি হইলে
অমানী না হ'ব আমি।
প্রতিষ্ঠাশা আসি' হৃদয় দূষিবে
হইব নিরয়গামী ॥
তোমার কিঙ্কর আপনে জানিব
'গুরু'-অভিমান ত্যজি'।
তোমার উচ্ছিষ্ট পদজলরেণু
সদা নিষ্কপটে ভজি ॥
নিজে শ্রেষ্ঠ জানি' উচ্ছিষ্টাদি দানে
হবে অভিমান-ভার।
তাই শিষ্য তব থাকিয়া সর্ব্বদা
না লইব পূজা কা'র ॥
অমানী মানদ হইলে কীর্ত্তনে
অধিকার দিবে তুমি ॥
তোমার চরণে নিষ্কপটে আমি
কাঁদিয়া লুটিব ভূমি ॥



কিরূপে পাইব সেবা মুঞি দুরাচার।
শ্রীগুরু-বৈষ্ণবে রতি না হৈল আমার ॥
অশেষ মায়াতে মন মগন হইল।
বৈষ্ণবেতে লেশমাত্র রতি না জন্মিল ॥
বিষয়ে ভুলিয়া অন্ধ হইনু দিবানিশি।
গলে ফাঁস দিতে ফেরে মায়া সে পিশাচী ॥
মায়ারে করিয়া জয় ছাড়ান না যায়।
সাধুকৃপা বিনা আর নাহিক উপায় ॥
অদোষ-দরশি-প্রভু, পতিত-উদ্ধার।
এইবার নরোত্তমে করহ নিস্তার ॥

## শ্রীশ্রীষড়্গোস্বাম্যষ্টকম্

(শ্রীল-শ্রীনিবাসাচার্য্য প্রভু-বিরচিতম্)

কৃষ্ণোৎকীর্ত্তন-গান-নর্ত্তনপরৌ প্রেমামৃতাম্ভোনিধী
ধীরাধীরজন-প্রিয়ৌ প্রিয়করৌ নির্ম্মৎসরৌ পূজিতৌ।
শ্রীচৈতন্য-কৃপাভরৌ ভুবি ভুবো ভারাবহন্তারকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥১॥

নানাশাস্ত্র-বিচারণৈক-নিপুণৌ সদ্ধর্ম্ম-সংস্থাপকৌ
লোকানাং হিতকারিণৌ ত্রিভুবনে মান্যৌ শরণ্যাকরৌ।
রাধাকৃষ্ণ-পদারবিন্দভজনানন্দেন মত্তালিকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥২॥

শ্রীগৌরাঙ্গ-গুণানুবর্ণন-বিধৌ শ্রদ্ধা-সমৃদ্ধ্যন্বিতৌ
পাপোত্তাপ-নিকৃন্তনৌ তনুভৃতাং গোবিন্দ-গানামৃতৈঃ।
আনন্দাম্বুধি-বর্দ্ধনৈক-নিপুণৌ কৈবল্য-নিস্তারকৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৩॥

ত্যক্ত্বা তূর্ণমশেষ-মণ্ডলপতিশ্রেণীং সদা তুচ্ছবৎ
ভূত্বা দীণগণেশকৌ করুণয়া কৌপীন-কন্থাশ্রিতৌ।
গোপীভাব-রসামৃতাব্ধিলহরী-কল্লোল-মগ্নৌ মুহু-
র্বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৪॥

কুজৎ-কোকিল-হংস-সারস-গণাকীর্ণে-ময়ূরাকুলে
নানারত্ন-নিবদ্ধ-মুল-বিটপ-শ্রীযুক্তবৃন্দাবনে।
রাধাকৃষ্ণমহর্নিশং প্রভজতৌ জীবার্থদৌ যৌ মুদা
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৫॥

সংখ্যাপূর্ব্বক-নাম-গান-নতিভিঃ কালাবসানীকৃতৌ
নিদ্রাহার-বিহারকাদি-বিজিতৌ চাত্যন্ত-দীনৌ চ যৌ।
রাধাকৃষ্ণ-গুণ-স্মৃতের্মধুরিমানন্দেন সম্মোহিতৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৬॥

রাধাকুণ্ডতটে কলিন্দতনয়া-তীরে চ বংশীবটে
প্রেমোন্মাদ-বশাদশেষ-দশয়া গ্রস্তৌ প্রমত্তৌ সদা।
গায়ন্তৌ চ কদা হরের্গুণবরং ভাবাভিভূতৌ মুদা
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৭॥



হে রাধে ব্রজদেবিকে ! চ ললিতে ! হে নন্দসূনো ! কুতঃ
শ্রীগোবর্দ্ধন-কল্পপাদপ-তলে কালিন্দীবন্যে কুতঃ।
ঘোষন্তাবিতি সর্ব্বতো ব্রজপুরে খেদৈর্মহাবিহ্বলৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥৮॥

## শ্রীমদ্রূপগোস্বামি-প্রভুর শোচক

ও মোর জীবন-গতি, শ্রীরূপ গোঁসাই অতি,
গুণের সমুদ্র দয়াময়।
যাঁহার করুণা হৈলে, চৈতন্য চরণ মিলে,
ব্রজে রাধাকৃষ্ণ-প্রাপ্তি হয় ॥
পরম বৈরাগ্য যাঁর, চরিত্রের নাহি পার,
অসীম ঐশ্বর্য্য পরিহরি'।
চৈতন্যের আগমন, শুনি হরষিত মন,
প্রয়াগে চলিলা ত্বরা করি' ॥
অনুজ বল্লভ-সনে, শীঘ্র গেলা সেই স্থানে,
মহাপ্রভু যথায় বসিয়া।
চৈতন্যের শ্রীচরণ, দর্শনে আনন্দ মন,
ভূমে দোঁহে পড়ে লোটাইয়া ॥
পুনঃ পুনঃ দুইজনে, নিরখিয়া প্রভু-পানে,
প্রেম-জলে ভরিল নয়ন।
দন্তে তৃণ গুচ্ছ ধরে, বিধি-মতে স্তব করে,
শুনিলে ব্যাকুল হয় মন ॥

শ্রীরূপেরে নিরখিয়ে প্রভু প্রেমে মত্ত হ'য়ে,
প্রিয়বাক্য অনেক কহিলা ।
অজ, ভব, দেবগণ, আরাধয়ে যে চরণ,
সে চরণ মস্তকে ধরিলা ॥
প্রেমে বশ গৌররায়, উঠ উঠ বলি' তায়,
মহাসুখে কৈল আলিঙ্গন ।
শ্রীরূপ জুড়িয়ে কর, স্তুতি করে বহুতর,
তাহা কিছু না হয় বর্ণন ॥
তবে প্রভু রূপে লৈয়ে, নিকটেতে বসাইয়ে,
সনাতনের পুছে সমাচার ।
শ্রীরূপ কহিল সব, শুনিয়া চৈতন্যদেব
কহে কিছু চিন্তা নাহি আর ॥
শ্রীরূপে প্রসন্ন হৈয়া, কিছুদিন কাছে থুয়া,
রাধাকৃষ্ণ তত্ত্ব জানাইলা ।
পরম আনন্দ মন, রূপে করি' আলিঙ্গন,
বৃন্দাবন যাইতে আজ্ঞা দিলা ॥
কাতরে শ্রীরূপ কয়, সঙ্গে থাকি আজ্ঞা হয়,
শুনি প্রভু মহাহর্ষ-চিত্তে ।
কহেন মধুর বাণী সদা সঙ্গে আছ তুমি,
পুনশ্চ আসিবে ব্রজ হৈতে ॥
এই মত কহে যত, তবে প্রভু শচীসুত,
কাশী চলে নৌকায় চড়িয়া ।



প্রভুর শ্রীচন্দ্রমুখ, নয়নে হেরিয়ে রূপ,
ভূমে পড়ে মূর্ছিত হইয়া ॥
সে সময়ে ভেল যাহা, কহিতে না পারি তাহা,
কতক্ষণে কিছু সম্বরিলা ।
মহাপ্রভুর শ্রীচরণ, তাহে সমর্পিয়া মন,
বৃন্দাবন গমন করিলা ॥
অত্যন্ত আনন্দ চিতে, শীঘ্র আইল মথুরাতে,
সুবুদ্ধি-রায়ের দেখা পাইলা ।
রায় আনন্দিত হৈয়া, দুইজনে সঙ্গে লৈয়া
দ্বাদশ কানন দেখাইলা ॥
বিস্তারিতে নারি আর, গমনাগমন তাঁর,
কতদিন পরে বৃন্দাবনে ।
শ্রীরূপ শ্রীসনাতন, হৈল দোঁহে সুমিলন,
দোঁহে প্রেমে আপ্ত নাহি জানে ॥
আলিঙ্গন করি দোঁহে, চৈতন্যের গুণ কহে,
যাহা শুনি' পাষাণ মিলায় ।
আনন্দ হইল চিত্তে, নাহি পারে সম্বরিতে,
কাঁদি দোঁহে ধরণী লোটায় ॥
অতি অনুরাগ মনে, শ্রীরূপ শ্রীবৃন্দাবনে,
রহে সদা প্রেমের উল্লাসে ।
ফল-মূল মাধুকরী, বিপ্রগৃহে ভিক্ষা করি,
ভুঞ্জে কভু থাকে উপবাসে ॥

ছিঁড়া কাঁথা বহির্ব্বাস, এইমাত্র বহে পাশ,
তরুতলে করেন শয়ন ।
দিবানিশি অবিশ্রাম, জপয়ে মধুর নাম,
ভাব-ভরে করয়ে নর্তন ॥

ক্ষণে করে সংকীর্ত্তন, অন্তর্মনা অনুক্ষণ,
কি কব ভজনরীতি তাঁর ।
প্রভুর আজ্ঞায় কত, বর্ণিল অমৃত-গ্রন্থ,
প্রেম-সম অক্ষর যাঁহার ॥

মহাধীর অত্যুদার, কে বুঝে হৃদয় তাঁর,
কভু যমুনার তটে যাঞা ।
'হা শচীনন্দন' বলি' কাঁদয়ে দুহাত তুলি,
ডাকে রাধাকৃষ্ণনাম লঞা ॥

অতি সুকোমল দেহ, সদা প্রেমে নাচে সেহ,
আর কি বলিল এক মুখে ।
অধম পামরগণ, পতিত দুঃখিত জন,
নিজগুণে কৃপা করেন তাকে ॥

নরহরি দুরাচার, কর মোরে অঙ্গীকার,
তাপেতে হইল সদা ভোর ।
তুয়া পাদ-পদ্মে মন, রহে যেন সর্ব্বক্ষণ,
এই নিবেদন শুন মোর ॥



[২]
(পহিড়া)

আরে মোর শ্রীরূপ গোসাঞি ।
গৌরাঙ্গ-চাঁদের ভাব, প্রচার করিয়া সব,
জানাইতে হেন আর নাই ॥
বৃন্দাবন নিত্যধাম, সর্ব্বোপরি অনুপম,
সর্ব্ব-অবতারী নন্দসুত ।
তাঁর কান্তাগণাধিকা, সর্ব্বারাধ্যা শ্রীরাধিকা,
তাঁর সখীগণ-সঙ্গযূথ ॥
রাগমার্গে তাহা পাইতে, যাঁহার করুণা হৈতে,
বুঝিল পাইল যে তে জনা ।
এমন দয়ালু ভাই, কোথাও দেখিয়ে নাই,
তাঁর পদ করহ ভাবনা ॥
শ্রীচৈতন্য-আজ্ঞা পাঞা, ভাগবত বিচারিয়া,
যত ভক্তিসিদ্ধান্তের খনি ।
তাহা উঠাইয়া কত, নিজ গ্রন্থ করি যত,
জীবে দিলা প্রেমচিন্তামণি ॥
রাধাকৃষ্ণ-রসকেলি, নাট্যগীত পদাবলী,
শুদ্ধ পরকীয়া মত করি' ।
চৈতন্যের মনোবৃত্তি, স্থাপন করিলা ক্ষিতি,
আস্বাদিয়া তাহার মাধুরী ॥

চৈতন্য-বিরহে শেষ, পাই অতিশয় ক্লেশ,
তাহে যত প্রলাপ বিলাপ ।
সে সব কহিতে ভাই, দেহে প্রাণ রহে নাই,
এ রাধাবল্লভ হিয়ে তাপ ॥

[৩]

(বিহাগড়া)

যঙ কলি রূপ শরীর না ধরত ।
তঙ্ ব্রজপ্রেম, মহানিধি কুঠরিক,
কোন্ কপাট উঘাড়ত ॥
নীর-ক্ষীর-হংসন, পান-বিধায়ন,
কোন্ পৃথক্ করি পায়ত ।
কো সব ত্যজি', ভজি' বৃন্দাবন,
কো সব গ্রন্থ বিরচিত ॥
যব পিতু বনফুল, ফলত নানাবিধ,
মনোরাজি অরবিন্দ ।
সো মধুকর বিনু পান কোন্ জানত,
বিদ্যমান করি বন্ধ ॥
কো জানত, মথুরা বৃন্দাবন,
কো জানত ব্রজনীত ।
কো জানত, রাধামাধব-রতি,
কো জানত সোই প্রীত ॥



যাকর চরণ, প্রসাদে সকল জন,
গাই গাওয়াই সুখ পাওত ।
চরণ কমলে, শরণাগত মাধো,
তব মহিমা উর লাগত ॥

[৪]

(বিহাগড়া)

জয় জয় রূপ মহারস-সাগর ।
দরশন পরশন, বচন রসায়ন,
আনন্দহুকে গাগর ॥
অতি গম্ভীর, ধীর করুণাময়,
প্রেমভকতিকে আগর ।
উজ্জ্বল প্রেম, মহামণি প্রকটিত,
দেশ গৌড় বৈরাগর ॥
সদ্‌গুণ-মণ্ডিত, পণ্ডিত রঞ্জন,
বৃন্দাবন নিজ নাগর ।
কিরীত বিমল যশ, শুন তঁহি মাধো,
সতত রহল হিয়ে জাগর ॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-প্রভুর শোচক সম্পূর্ণ ।

## শ্রীল-সনাতন-গোস্বামিপ্রভুর শোচক

[১]

রূপের বৈরাগ্যকালে, সনাতন বন্দিশালে,
বিষাদ ভাবয়ে মনে মনে।
শ্রীরূপে করুণা করি, ত্রাণ কৈল গৌরহরি,
মো অধমে নহিল স্মরণে ॥

মোর কর্ম্মদড়ি-ফান্দে, মোর হাতে গলে বান্ধে,
রাখিয়াছে কারাগারে ফেলি'।
আপন করুণা-ফাঁসে, দৃঢ় বান্ধি' মোর কেশে,
চরণ-নিকটে লহ তুলি' ॥

পশ্চাতে অগাধ-জল, দুই পাশে দাবানল,
সম্মুখে যুড়িল ব্যাধ বাণ।
কাতরে হরিণী ডাকে, পড়িয়া বিষম পাকে,
তুমি নাথ মোরে কর ত্রাণ ॥

জগাই মধাই হেলে, বাসুদেবে অজামিলে,
অনায়াসে করিলে উদ্ধার।
করুণা-আভাস করি, সনাতনে পদতরী,
দেহ যেন ঘোষয়ে সংসার ॥

এ দুঃখ-সমুদ্র-ঘোরে, নিস্তার করহ মোরে,
তোমা বিনা নাহি অন্যজন।



হেনকালে অন্যজনে, অলক্ষিতে সনাতনে,
পত্র দিল রূপের লিখন ॥
রূপের লিখন পেয়ে, মনে আনন্দিত হ'য়ে,
সদা করে গৌরাঙ্গ ধেয়ান।
শ্রীরাধাবল্লভ-দাস, মনে করে অভিলাষ,
পত্র পেয়ে করিলা পয়ান ॥

[২]

শ্রীরূপের বড় ভাই, শ্রীসনাতন গোঁসাই,
পাৎসার উজির হৈয়া ছিলা।
শ্রীরূপের পত্র পেয়ে, বন্দী হৈতে পলাইয়ে,
কাশীপুরে গৌরাঙ্গ ভেটিলা ॥
ছিঁড়া কাঁথা অঙ্গে মলি, হাতে নখ মাথে চুলি,
নিকটে যাইতে অঙ্গ হেলে।
দুই গুচ্ছ তৃণ করে, একগুচ্ছ দন্তে ধরে,
পড়িলা চৈতন্য পদতলে ॥
দরবেশ-রূপ দেখি, প্রভুর সজল আঁখি,
বাহু পশারিয়া আইসে ধেয়ে।
সনাতনে করি কোলে, কাতরে গোঁসাই বলে,
অধমেরে স্পর্শ কি লাগিয়ে ॥
অস্পৃশ্য পামর দীন, দুরাচার বুদ্ধিহীন,
নীচ-কুলে নীচ ব্যবহার।

এহেন পামর-জনে, স্পর্শ প্রভু কি কারণে,
যোগ্য নহে তোমা স্পর্শিবার ॥
প্রভু কহে সনাতন, দৈন্য কর কি কারণ,
তব দৈন্যে ফাটে মোর হিয়া ।
কৃষ্ণের করুণা আছে, ভাল মন্দ নাহি বাছে,
তোমা স্পর্শি পবিত্র লাগিয়া ॥
ভোট-কম্বল দেখি' গায়, প্রভু পুনঃ পুনঃ চায়,
লজ্জিত হইয়া সনাতন ।
গৌড়ীয়ারে ভোট দিয়া, ছিঁড়া এক কান্থা লৈয়া,
প্রভুপাশে পুনরাগমন ॥
আজ্ঞা দিল রূপ সনে, দেখা হ'বে বৃন্দাবনে,
প্রভু আজ্ঞায় করিল গমনে ।
গৌরাঙ্গ করুণা করি', রাধাকৃষ্ণ-নাম-মাধুরী,
শিক্ষা করাইলা সনাতনে ॥
ছেঁড়া কান্থা নেড়া মাথা, মুখে কৃষ্ণ-গুণ-গাথা,
পরিধানে ছেঁড়া বহির্বাস ।
কভু কান্দে কভু হাসে, কভু প্রেমানন্দে ভাসে,
কভু ভিক্ষা কভু উপবাস ॥
অতঃপর সনাতন, প্রবেশিল বৃন্দাবন,
রূপ সঙ্গে হইল মিলন ।
প্রেমে অশ্রু নেত্রে ভরি, সনাতনের গলে ধরি',
কাঁদে রূপ গদগদ-বচন ॥



ব্রজপুরে ঘরে ঘরে, মাধুকরী ভিক্ষা করে,
এরূপে গোঁয়ায় সনাতন !
কতদিনে তাহা ছাড়ি', কুঞ্জে কুঞ্জে রহে পড়ি,
ফল মূল করয়ে ভক্ষণ ॥
উচ্চৈঃস্বরে আর্তনাদে, রাধাকৃষ্ণ বলি কাঁদে,
হা নাথ হা নাথ বলি' ডাকে ।
গৌরাঙ্গের যত গুণ, কহে রূপ সনাতন,
এইরূপে কতদিন থাকে ॥
কতদিন অন্তর্মনা, ছাপ্পান্ন দণ্ড ভাবনা,
চারিদণ্ড নিদ্রা বৃক্ষতলে ।
কৃষ্ণনাম-গানে থাকে, স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে,
অবসর নহে একতিলে ॥
ছাড়ি' ভোগ-অভিলাষ, তরুতলে করে বাস,
দুই চারি দিন উপবাস ।
কখনও বনের শাক, অলবণে করি পাক,
মুখে দেয় দুই এক গ্রাস ॥
সূক্ষ্ম বস্ত্র বাজে গায়, ধুলায় ধূসর কায়,
কণ্টকেতে বিদ্ধ হয় পাশ ।
এ রাধাবল্লভদাস, মনে করে অভিলাষ,
কতদিনে হ'ব তা'র দাস ॥

[৩]

জয় জয় পহুঁ শ্রীল সনাতন নাম।
সকল ভুবন মাহ যছু গুণ গ্রাম ॥
তেজল সকল সুখ সম্পদ অপার।
শ্রীচৈতন্য-চরণ-যুগল করু সার ॥
শ্রীবৃন্দাবন ভূমে করি' বাস।
লুপত তীর্থ সব করল প্রকাশ ॥
শ্রীগোবিন্দ-সেবা পরচারি'।
করল-ভাগবত অর্থ বিচারি' ॥
যুগল-ভজন-লীলা-গুণ-নাম।
করল বিথার গ্রন্থ অনুপম ॥
সতত গৌরপ্রেমে গর গর দেহ।
ভ্রমই বৃন্দাবনে না পায়ই থেহ ॥
বিপুল-পুলকভর নয়নহি নীর।
'রাই-কানু' বলি' পড়ই অথির ॥
ভাব বিভূষণ সকল শরীর।
অনুখন বিহরই যমুনাক তীর ॥
যছু করুণায় বৃন্দাবন পাই।
ভাবই-মনোহর সোই গোসাঞি ॥

ইতি-শ্রীল-সনাতন-গোস্বামি প্রভুর শোচক সমাপ্ত ॥



## শ্রীল-রঘুনাথদাস-গোস্বামি-শোচক

[১]

যবে রূপ-সনাতন, ব্রজে গেলা দুই জন,
শুনইতে রঘুনাথদাস।
নিজরাজ্য অধিকার, ইন্দ্রসম-সুখ যার,
ছাড়িয়া চলিলা প্রভু-পাশ ॥
উঠি' রাত্রে নিশা-ভাগে, দুয়ারে প্রহরী জাগে,
পথ ছাড়ি' বিপথে গমন।
ক্ষুধা তৃষ্ণা নাহি পায়, মনোদ্বেগে চলি যায়,
সদা চিন্তে চৈতন্য চরণ ॥
একদিন এক গ্রামে, সন্ধ্যাকালে গোবাথানে,
'হা চৈতন্য' বলিয়া বসিলা।
এক গোপ দুগ্ধ দিলা, তাহা খেয়ে বিশ্রামিলা,
সেই রাত্রে তথাই রহিলা ॥
যে অঙ্গ পালঙ্ক বিনে, ভূমি-শয্যা নাহি জানে,
কণ্টকে হাঁটয়ে সেই পায় ॥
যিঁহো বেলা দণ্ড চারি, তোলা জলে স্নান করি,
ষড়্‌রস করিত ভোজন।
এবে যদি কিছু পান, সন্ধ্যাকালে তাহা খান
না পাইলে অমনি শয়ন ॥

বার দিনের পথ যান, তিন সন্ধ্যা অন্ন খান,
প্রবেশিলা নীলাচল-পুরে।
দেখিয়া সে শ্রীমন্দির, দুনয়নে বহে নীর,
'হা চৈতন্য' বলে উচ্চৈঃস্বরে ॥
এ রাধাবল্লভদাস, মনে করি অভিলাষ,
কোথা মোর রঘুনাথদাস।
তাঁহার প্রসঙ্গ-মাত্র, পুলকিত হয় গাত্র,
তাঁর পদরেণু করি আশ ॥

[২]

শ্রীচৈতন্য কৃপা হৈতে, রঘুনাথ দাস-চিতে,
পরম বৈরাগ্য উপজিল।
কলত্র গৃহ সম্পদ নিজরাজ্য অধিপদ
মলপ্রায় সকল তেজিল ॥
পুরশ্চর্যা কৃষ্ণনামে গিয়া সে পুরুষোত্তমে
গৌরাঙ্গের পদযুগ সেবে।
এই মনে অভিলাষ পুনঃ রঘুনাথ দাস
নয়নগোচর হ'বে কবে ॥
গৌরাঙ্গ দয়ালু হৈয়া রাধাকৃষ্ণ মন্ত্র দিয়া
গোবর্ধন-শিলা গুঞ্জাহারে।
ব্রজবনে গোবর্ধনে শ্রীরাধার শ্রীচরণে
সমর্পণ করিল যাহারে ॥



গৌরাঙ্গের অগোচরে নিজকেশ ছিঁড়ি করে
বিরহে ব্যাকুল ব্রজে গেলা।
দেহত্যাগ করি' মনে গেলা গিরি গোবর্ধনে
দু'-গোঁসাই তাহারে রাখিলা ॥
ধরি রূপ-সনাতন রাখিল তাঁর জীবন
দেহত্যাগ করিতে না দিলা।
দুই গোঁসাইর আজ্ঞা পেয়ে রাধাকুণ্ডের তটে গিয়ে
নিয়ম করিয়া বাস কৈলা ॥
ছিঁড়া বস্ত্র পরিধান ব্রজ-ফল গব্য পান
অন্ন আদি না করে আহার।
তিন সন্ধ্যা স্নানাচরি স্মরণ কীর্ত্তন করি
রাধাপদ ভজন যাহার ॥
যাট দণ্ড রাত্রি দিনে রাধাকৃষ্ণ-লীলা-গানে
স্মরণেতে সদাই গোঁয়ায়।
চারি দণ্ড শুয়ে থাকে স্বপ্নে রাধাকৃষ্ণ দেখে
তিলার্দ্ধেক ব্যর্থ নাহি যায় ॥
চৈতন্যের পদাম্বুজে রাখে মনোভৃঙ্গরাজে
স্বরূপের সদাই আশ্রয়।
ভিন্নদেহ রূপ-সনে গতি যাঁর সনাতনে
ভট্ট গোঁসায়ের প্রিয় মহাশয় ॥
শ্রীরূপের গণ যত যাঁহার পদ আশ্রিত
অত্যন্ত বাৎসল্য যাঁর জীবে।

সেই আর্তনাদ করি কাঁদি’ বলে হরি হরি
প্রভুর করুণা হ’বে কবে ॥
হে রাধিকার বল্লভ গান্ধর্বিকার বান্ধব
রাধিকারমণ রাধানাথ ।
হে হে বৃন্দাবনেশ্বর হা হা কৃষ্ণ দামোদর
কৃপা করি’ কর আত্মসাথ ॥
প্রভু রূপ সনাতন তিন হৈলা অদর্শন
অন্ধ হৈল এ দুই নয়ন ।
বৃথা আঁখি কাহাঁ দেখি বৃথা দেহে প্রাণ রাখি
সেবাচার বাড়ায় দ্বিগুণ ॥
শ্রীকৃষ্ণ শ্রীশচীসুত তা’র গুণ যত যত
অবতার শ্রীবিগ্রহ নাম ।
গুপ্ত ব্যক্ত লীলাস্থান দৃষ্ট শ্রুত বৈষ্ণবগণ
সভাকারে করয়ে প্রণাম ॥
রাধাকৃষ্ণের বিয়োগে ছাড়িল সকল ভোগে
রূখা শুখা অন্নমাত্র সার ।
শ্রীচৈতন্যের বিচ্ছেদেতে, অন্ন ছাড়ি সেই হৈতে,
ফল গব্য করেন আহার ॥
সনাতনের অদর্শনে, তাহা ছাড়ি সেই দিনে,
কেবল করেন জল পান ।
রূপের বিচ্ছেদ যবে, জল ছাড়ি দিল তবে,
রাধাকৃষ্ণ বলি রাখে প্রাণ ॥



স্বরূপের অদর্শনে, না দেখে রূপের গণে,
বিরহে বিকল হৈয়া কান্দে ।
কৃষ্ণকথালাপ বিনে, শ্রবণে নাহিক শুনে,
উচ্চৈঃস্বরে ডাকে আর্তনাদে ॥
হা হা রাধাকৃষ্ণ কোথা, কোথা আছ হে ললিতা,
হে বিশাখে দেহ দরশন ।
হা চৈতন্য মহাপ্রভু, হা স্বরূপ মোর প্রভু,
হা হা প্রভু রূপ-সনাতন ॥
কাঁদে গোঁসাই রাত্রদিনে, পুড়ি’ যায় তনুমনে,
বিরহে হইল জর জর ।
মন্দ মন্দ জিহ্বা নড়ে, প্রেমে অশ্রু নেত্রে পড়ে,
মনে কৃষ্ণ করয়ে স্মরণ ॥
সেই রঘুনাথদাস, পূরিবে মনের আশ,
এই মোর বড় আছে সাধ ।
এ রাধাবল্লভদাস, মনে করে অভিলাষ,
সবে মোরে করহ প্রসাদ ॥

ইতি শ্রীল-রঘুনাথদাস গোস্বামি-প্রভুর শোচক সমাপ্ত ।

## শ্রীল জীবগোস্বামিপ্রভুর শোচক

আরে মোর জীবন ধন, অনুপমের নন্দন,
শ্রীজীবগোঁসাই দয়াময় ।
অতি সুচরিত যাঁর, শুনি' লাগে চমৎকার,
পরম পণ্ডিত মহাশয় ॥
গৃহে থাকি অনুক্ষণ, কৃষ্ণকথা আলাপন,
তিলার্দ্ধেক নাহি যায় বৃথা ।
অত্যন্ত উদার-চিত্ত, প্রেমেতে সতত মত্ত,
ক্ষণেক না শুনে অন্য কথা ॥
অল্পকালে হেন গুণ, ঐশ্বর্য্যে নাহিক মন,
সদা চিন্তে বৃন্দাবন যাইতে ।
কি কহিব অনুরাগ, করি' গোঁসাই সর্ব্বত্যাগ,
যাত্রা কৈল মহা আনন্দেতে ॥
নিত্যানন্দ-প্রভু-স্থানে, শীঘ্র গেলা হর্ষ-মনে,
যাইয়া করিল দরশন ।
নেত্রে অশ্রুযুক্ত হৈয়া, ধরণীতে লোটাইয়া,
বন্দিলেন যুগল চরণ ॥
নিত্যানন্দ-প্রভু প্রীতে, নিজপদ তার মাথে,
ধরিলেন পরম আনন্দে ।
দুই ভুজ ধরি' তোলে, শ্রীজীবে করিল কোলে,
রূপ সনাতনের সম্বন্ধে ॥



গোঁসাই আনন্দমন, দৈন্য করে পুনঃ পুনঃ,
আজ্ঞা দেহ যাই বৃন্দাবন ।
শুনি নিত্যানন্দ রায়, শ্রীজীবের পানে চায়,
প্রেমজলে ভরিল নয়ন ॥
পুনঃ নিত্যানন্দ রাম, সোঙরি চৈতন্য-নাম,
কহে অতি মধুর বচন ।
তোমার বংশে সেই স্থান, দিয়াছেন এই শুন
শীঘ্র তুমি যাহ বৃন্দাবন ॥
নিত্যানন্দের আজ্ঞা পাঞা চলে মহাসুখী হঞা
কি কহিব যৈছন গমন ।
শ্রীকৃষ্ণচৈতন্য বলি' কভু ডাকে ভুজ তুলি
কভু ডাকে রূপ সনাতন ॥
চিন্তে মনে অনুক্ষণ কবে যাব বৃন্দাবন
কবে রাধাগোবিন্দ দেখিব ।
সুললিত কৃষ্ণগুণ কবে হ'বে দরশন
নয়ন পরাণ জুড়াইব ॥
এই রূপে পথে চলে কা'রে কিছু নাহি বলে
ভক্ষ্য দ্রব্য মিলে অনায়াসে ।
অতি সুকুমার হয় কভু দুঃখ না জানয়
চলে মাত্র প্রেমের আবেশে ॥
কতদিনে মথুরাতে গেলেন আনন্দচিতে
মধুপুরী করিল দর্শন ।

যমুনাতে স্নান করি' বৃন্দাবন পানে হেরি'
অবিরত ঝরয়ে নয়ন ॥
তথা হৈতে হর্ষমনে প্রবেশিলা বৃন্দাবনে
দু'-গোঁসাইর চরণ বন্দিল ।
দূরে গেল মনোদুঃখ হইল পরম সুখ
আর কত বন্দিতে নারিল ॥
রূপের আনন্দ হৈল শ্রীজীবেরে কৃপা কৈল
সনাতনের অনুমতি পেয়ে ।
রাধাকৃষ্ণ-তত্ত্বসুখে সুখী করাইল তাকে
সবে হর্ষ শ্রীজীব দেখিয়ে ॥
শ্রীজীবের গুরুভক্তি কহিতে নাহিক শক্তি
অনুক্ষণ করয়ে সেবন ।
গোঁসাই যে আজ্ঞা করে তাহা যত্নে করে শিরে
অন্য না জানয়ে যার মন ॥
নিত্যানন্দের আজ্ঞা লৈয়া যৈছে আইলা সুখী হৈয়া
তৈছে গোঁসাই আজ্ঞা-ফল পাইলা ।
সর্ব্বশাস্ত্রে বিচক্ষণ, নাহিক তাঁহার সম,
বহুগ্রন্থ বর্ণন করিল ॥
গুণের নাহিক অন্ত, কি কহিব ভক্তিতত্ত্ব,
রাখিলেন সিদ্ধান্ত করিয়া ।
সনাতনের দয়া যত, তাহা বা কহিব কত,
শ্রীজীবের বৈরাগ্য দেখিয়া ॥



বৃন্দাবনে সবে সুখী, দেখিয়া জুড়ায় আঁখি,
জীব-গোঁসাইর চরিত্র সুধীর ।
যেরূপে ভজন করে, তাহা কে কহিতে পারে,
সদা প্রেমে পুলক শরীর ॥
ব্রজপুরে এই মতে, রহয়ে উল্লাস-চিতে,
কে বুঝিবে তাঁহার আশয় ।
দু'-গোঁসাইর অদর্শনে, যে বিরহ ভেল মনে,
তাহা কহিবার যোগ্য নয় ॥
ধরণীতে লোটাইয়া, কান্দয়ে আকুল হৈয়া,
ফুৎকার করয়ে অনুক্ষণ ।
'হা চৈতন্য' মোর প্রাণ, প্রভু নিত্যানন্দ রাম,
কোথা প্রভু রূপ-সনাতন ॥
ধারা বহে দু'নয়নে, না চাহয়ে কার পানে,
চিত্তে অতি অস্থির হইলা ।
রাত্রে প্রভু রূপ আসি, স্বপ্ন দিল কাছে বসি,
তবে কিছু দুঃখ সম্বরিলা ॥
সেইদিন শ্রীনিবাস, আইল শ্রীজীবপাশ,
তাঁরে দেখি' হর্ষ হৈল মন ।
নরোত্তম তা'র পরে, আসিয়া মিলিলা তাঁরে,
জীব-সঙ্গে সদাই দু'জন ॥
প্রেমের স্বরূপ দোঁহে, দেখিয়া আনন্দে রহে,
ভক্তিগ্রন্থ পড়ায় সদায় ।

রাধাকৃষ্ণ-লীলা যত, সেই রসে মহামত্ত,
আর কিছু মনে নাহি ভায় ॥
সদা গোবিন্দের সেবা, পরিপাটী জানে কেবা,
যৈছন পিরীতি নাহি সীমা ।
যদি হয় লক্ষ মুখ, তথাপি না হয় সুখ,
কি কহিব জীবের মহিমা ॥
পতিত অধম জনে, করি' কৃপা নিজগুণে,
যত্নে প্রেমভক্তি করে দান ।
আর কি কহিব গুণ, শুনিয়া পাষণ্ডগণ,
অনায়াসে পায় পরিত্রাণ ॥
নরহরি-দাসে কয়, তরাও হে মহাশয়,
পড়ি' আছে ভবসিন্ধু মাঝে ।
এ পামরে করি দয়া দেহ মোরে পদছায়া,
তবে সে দয়ালু নাম সাজে ॥

ইতি শ্রীল-জীবগোস্বামি-প্রভুর শোচক সমাপ্ত ।

## শ্রীল-গোপালভট্টগোস্বামিপ্রভুর শোচক

শ্রীগোপাল ভট্ট প্রভু, তুয়া শ্রীচরণ কভু,
দেখিব কি নয়ন ভরিয়া ।
শুনিয়া অসীম গুণ, পাঁজরে বিন্ধিল ঘূণ,
নিছনি নিয়া যাইবে মরিয়া ॥



পিরীতে গড়ল তনু, দশবাণ হেম জনু,
চান্দ মুখ অরুণ অধর ।
ঝলকে দশন-কাঁতি জিনি মুকুতার পাঁতি,
হাসি কহে অমৃত-মধুর ॥
পরাণের পরাণ যার, রূপ-সনাতন আর,
রঘুনাথ যুগল জীবন ।
পণ্ডিত কৃষ্ণ, লোকনাথ, জানে দেহভেদমাত্র,
সরবস্ব শ্রীরাধারমণ ॥
প্রেমেতে বিথার অঙ্গ, চৈতন্য-চরণ-ভৃঙ্গ,
শ্রীনিবাসে দয়ার অধীন ।
সবে মেলি' রসাস্বাদ, ভাবভরে উন্মাদ,
এই ব্যবসায় চিরদিন ॥
লীলা-সুধা-সুরধুনী, রসিক-মুকুটমণি,
রসাবেশে গদগদ হিয়া ।
অহো অহো রাগসিন্ধু অহো দীনজনবন্ধু,
যশ গায় জগত ভরিয়া ॥
হা হা মূর্তি সুমধুর হা হা করুণার পূর,
হা হা চিন্তামণিগুণখনি ।
হা হা প্রভু একবার, দেখাও মাধুরী-সার,
শ্রীচরণকমল-লাবণি ॥
অনেক জন্মের পরে, অশেষ ভাগ্যের তরে,
তুয়া পরিকর পদ-পায়ে ।

নিজ করমের দোষে, মজিনু বিষয়-রসে
জনম গোঁয়ানু খলি খায়ে ॥
অপরাধো পড়ে মনে, তথাপি তোমার গুণে
পতিত-পাবন আশাবন্ধ।
লোভেতে চঞ্চল-মতি, উপেখিলে নাহি গতি,
ফুকারই মনোহর মন্দ ॥

ইতি শ্রীল-গোপালভট্টগোস্বামী প্রভুর শোচক সমাপ্ত।

## শ্রীল-রঘুনাথ ভট্টগোস্বামি-প্রভুর শোচক

তপনমিশ্রের পুত্র রঘুনাথ ভট্টাচার্য্য।
প্রভুকে দেখিতে চলে ছাড়ি' সর্ব্ব কার্য্য ॥
কাশী হইতে চলিলা গৌড়পথ দিয়া।
সঙ্গেতে সেবক এক চলে ঝাপি লৈয়া ॥
এইমতে রঘুনাথ আইল নীলাচলে।
মহাপ্রভুর চরণে গিয়া মিলিলা কুতুহলে ॥
দণ্ডবৎ প্রণাম করি' পড়িলা চরণে।
প্রভু রঘুনাথ জানি' কৈলা আলিঙ্গনে ॥
ভাল হৈল আইলা দেখ কমললোচন।
আজি আমার ইহা করিবে প্রসাদভোজন ॥
গোবিন্দেরে কহি এক বাসা দেয়াইলা।
স্বরূপাদি ভক্তগণ-সনে মিলাইলা ॥



এই মতে প্রভু সনে রহিলা অষ্টমাস।
দিনে প্রভুর কৃপায় বাড়য়ে উল্লাস ॥
অষ্টমাস রহি' প্রভু ভট্টে বিদায় দিলা।
'বিবাহ না করিহ' বলি নিষেধ করিলা ॥
'বৃদ্ধ পিতামাতার যাই' করহ সেবন।
বৈষ্ণবপাশ ভাগবত কর অধ্যয়ন ॥
পুনরপি একবার আসিবে নীলাচলে।
এত কহি' কণ্ঠমালা দিল তা'র গলে ॥
আলিঙ্গন করি' প্রভু তারে বিদায় দিলা।
প্রেমে গদগদ ভট্ট কাঁদিতে লাগিলা ॥
স্বরূপাদি প্রভু ঠাঁই অনুজ্ঞা মাগিয়া।
বারাণসী আইলা ভট্ট প্রভু-আজ্ঞা পাইয়া ॥
চারি বৎসর ঘরে পিতামাতার সেবা কৈলা।
বৈষ্ণব-পণ্ডিত ঠাঁই ভাগবত পড়িলা ॥
পিতামাতা কাশী পাইলে উদাসীন হৈয়া।
পুনঃ প্রভু ঠাঁই গেল ভাবেতে গলিয়া ॥
পূর্ব্ববৎ অষ্টমাস প্রভুপাশ ছিলা।
অষ্টমাস রহি' প্রভু পুনঃ আজ্ঞা দিলা ॥
আমার আজ্ঞায় রঘুনাথ যাহ বৃন্দাবনে।
তথা গিয়া রহ রূপ-সনাতন-সনে ॥
ভাগবত পড় সদা লহ কৃষ্ণনাম।
অচিরে করিবেন কৃপা কৃষ্ণ ভগবান ॥

এত’ বলি’ প্রভু তারে আলিঙ্গন কৈলা ।
প্রভুর কৃপাতে কৃষ্ণপ্রেমে মত্ত হৈলা ॥
চৌদ্দ হাত জগন্নাথের তুলসীর মালা ।
ছুটা পান চিড়া মহোৎসবে পায়া ছিলা ॥
সেই মালা ছুটাপান প্রভু তাঁরে দিলা ।
ইষ্টদেব করি মালা ধরিয়া রাখিলা ॥
প্রভু ঠাঁই আজ্ঞা পায়া আইলা বৃন্দাবনে ।
আশ্রয় করিলা আসি’ রূপ-সনাতনে ॥
রূপগোঁসাইর সভায় করে ভাগবত-পঠন ।
ভাগবত পড়িতেও লয় তার মন ॥
অশ্রু কম্প গদ্গদ প্রভুর কৃপাতে ।
নেত্রে অশ্রু, রুদ্ধ-কণ্ঠ না পারে পড়িতে ॥
পিকস্বর কণ্ঠ তাতে রাগের বিভাগ ।
এক শ্লোক পড়িতে ফিরায় চারি রাগ ॥
কৃষ্ণের মাধুর্য্য গুণ যবে পড়ে মনে ।
প্রেমেতে বিহ্বল হৈয়া কিছুই না জানে ॥
গোবিন্দের চরণে কৈল আত্মসমর্পণ ।
গোবিন্দ-চরণারবিন্দ যার প্রাণধন ॥

ইতি শ্রীল-রঘুনাথ-ভট্টগোস্বামি-প্রভুর শোচক সমাপ্ত ।



# বৈষ্ণব কে ?

প্রভুপাদ শ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী ঠাকুর রচিত

দুষ্ট মন! তুমি কিসের বৈষ্ণব ?
প্রতিষ্ঠার তরে নির্জ্জনের ঘরে
তব হরিনাম কেবল কৈতব ॥১॥
জড়ের প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠা
জান না কি তাহা মায়ার বৈভব ?
কনক-কামিনী দিবস-যামিনী
ভাবিয়া কি কাজ, অনিত্য সে সব ॥২॥
তোমার কনক ভোগের জনক
কনকের দ্বারে সেবহ মাধব ।
কামিনীর কাম নহে তব ধাম
তাহার মালিক কেবল যাদব ॥৩॥
প্রতিষ্ঠাশা-তরু জড়মায়ামরু
না পেল রাবণ যুঝিয়া রাঘব।
বৈষ্ণবী প্রতিষ্ঠা তাতে কর নিষ্ঠা
তাহা না ভজিলে লভিবে রৌরব ॥৪॥
হরিজনদ্বেষ প্রতিষ্ঠাশাক্লেশ
কর কেন তবে তাহার গৌরব ।
বৈষ্ণবের পাছে প্রতিষ্ঠাশা আছে
তাত কভু নহে অনিত্য বৈভব ॥৫॥

সে হরিসম্বন্ধ শূন্য-মায়াগন্ধ
তাহা কভু নয় জড়ের কৈতব।
প্রতিষ্ঠা-চণ্ডালী নির্জ্জনতা-জালি
উভয়ে জানিহ মায়িক রৌরব ॥৬॥
কীর্ত্তন ছাড়িব প্রতিষ্ঠা মাগিব
কি কাজ ঢুঁড়িয়া তাদৃশ গৌরব।
মাধবেন্দ্রপুরী ভাব-ঘরে চুরি
না করিল কভু সদাই জানব ॥৭॥
তোমার প্রতিষ্ঠা শূকরের বিষ্ঠা
তার-সহ সম কভু না মানব।
মৎসরতা-বশে তুমি জড়রসে
ম'জেছ ছাড়িয়া কীর্ত্তনসৌষ্ঠব ॥৮॥
তাই দুষ্ঠ মন নির্জ্জন ভজন
প্রচারিছ ছলে কুযোগী-বৈভব।
প্রভু সনাতনে পরম যতনে
শিক্ষা দিল যাহা, চিন্ত' সেই সব ॥৯॥
সেই দুটি কথা ভুল' না সর্ব্বথা
উচ্চৈঃস্বরে কর হরিনাম-রব।
ফল্গু, আর যুক্ত, বদ্ধ আর মুক্ত
কভু না ভাবিহ 'একাকার' সব ॥১০॥
কনক-কামিনী প্রতিষ্ঠা-বাঘিনী
ছাড়িয়াছে যারে, সেই ত বৈষ্ণব।



সেই অনাসক্ত সেই শুদ্ধ ভক্ত
সংসার তথা পায় পরাভব ॥১১॥
যথাযোগ্য ভোগ নাহি তথা রোগ
অনাসক্ত সেই, কি আর কহব।
আসক্তিরহিত সম্বন্ধসহিত
বিষয়সমূহ সকলি মাধব ॥১২॥
সে যুক্ত-বৈরাগ্য তাহা ত সৌভাগ্য
তাহাই জড়েতে হরির বৈভব।
কীর্ত্তনে যাহার প্রতিষ্ঠাসম্ভার
তাহার সম্পত্তি কেবল কৈতব ॥১৩॥
বিষয়-মুমুক্ষ ভোগের বুভুক্ষু
দু'য়ে ত্যজ মন, দুই অবৈষ্ণব।
কৃষ্ণের সম্বন্ধ অপ্রাকৃত স্কন্ধ
কভু নহে তাহা জড়ের সম্ভব ॥১৪॥
মায়াবাদী জন কৃষ্ণেতর মন
মুক্ত অভিমানে সে নিন্দে বৈষ্ণব।
বৈষ্ণবের দাস তব ভক্তি আশ
কেন বা ডাকিছ নির্জ্জন আহব ॥১৫॥
যে ফল্গু-বৈরাগী কহে নিজে ত্যাগী
সে না পারে কভু হইতে বৈষ্ণব।
হরিপদ ছাড়ি' নির্জ্জনতা বাড়ি
লভিয়া কি ফল, ফল্গু সে বৈভব ॥১৬॥

রাধা-দাস্যে রহি ছাড় ভোগ-অহি
প্রতিষ্ঠাশা নহে কীর্ত্তনগৌরব ।
রাধা-নিত্যজন তাহা ছাড়ি মন
কেন বা নির্জ্জন-ভজনকৈতব ॥১৭॥
ব্রজবাসিগণ প্রচারক ধন
প্রতিষ্ঠা-ভিক্ষুক তারা নহে শব ।
প্রাণ আছে তার সে হেতু প্রচার
প্রতিষ্ঠাশাহীন-কৃষ্ণগাথা সব ॥১৮॥
শ্রীদয়িতদাস কীর্ত্তনেতে আশ
কর উচ্চৈঃস্বরে হরিনাম রব ।
কীর্ত্তন-প্রভাবে স্মরণ হইবে
সে কালে ভজন নির্জ্জন সম্ভব ॥১৯॥

শ্রীমন্মহাপ্রভু-মাহাত্ম্য-গীতি

## শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্

শ্রীশ্রীমদরূপগোস্বামি-বিরচিতম্

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃত-মনুজ-কায়ৈঃ প্রণয়িতাং
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজ-ভজন-মুদ্রামুপদিশন্
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥১॥



সুরেশানাং দুর্গং গতিরতিশয়োনোপনিষদাং
মুনীনাং সর্ব্বস্বং প্রণত-পটলীনাং মধুরিমা ।
বিনির্যাসঃ প্রেম্নো নিখিল-পশুপালাম্বুজ-দৃশাং
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥২॥

স্বরূপং বিভ্রাণো জগদতুলমদ্বৈত-দয়িতঃ
প্রপন্ন-শ্রীবাসো জনিত-পরমানন্দ-গরিমা ।
হরির্দীনোদ্ধারী গজপতি-কৃপোৎসেক-তরলঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৩॥

রসোদ্দামা কামার্ব্বুদ-মধুর-ধামোজ্জ্বল-তনু-
র্যতীনামুত্তংসস্তরণি-কর-বিদ্যোতি-বসনঃ ।
হিরণ্যানাং লক্ষ্মীভরমভিভবন্নাঙ্গিক-রুচা
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৪॥

হরেকৃষ্ণেত্যুচ্চৈঃ স্ফুরিত-রসনো নাম-গণনা-
কৃত-গ্রন্থিশ্রেণী-সুভগ-কটিসূত্রোজ্জ্বল-করঃ ।
বিশালাক্ষো দীর্ঘার্গল-যুগল-খেলাঞ্চিত-ভুজঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৫॥

পয়োরাশেস্তীরে স্ফুরদুপবনালী-কলনয়া
মুহুর্বৃন্দারণ্য-স্মরণ-জনিত-প্রেম-বিবশঃ ।
ক্বচিৎ কৃষ্ণাবৃত্তি-প্রচল-রসনো ভক্তি-রসিকঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৬॥

রথারূঢ়স্যারাদধিপদবি নীলাচল-পতে-
রদভ্র-প্রেমোর্ম্মি-স্ফুরিত-নটনোল্লাস-বিবশ ।
সহর্ষং গায়দ্ভিঃ পরিবৃত-তনুর্বৈষ্ণব-জনৈঃ
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৭॥

ভুবং সিঞ্চন্নশ্রু-স্রুতিভিরভিতঃ সান্দ্র-পুলকৈঃ
পরীতাঙ্গো নীপ-স্তবক-নব-কিঞ্জল্ক-জয়িভিঃ ।
ঘন-স্বেদ-স্তোম-স্তিমিত-তনুরুৎকীর্ত্তন-সুখী
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্ ॥৮॥

অধীতে গৌরাঙ্গ-স্মরণ-পদবী-মঙ্গলতরং
কৃতী যো বিশ্বাংসঃ স্ফুরদমলধীরষ্টকমিদম্ ।
পরানন্দে সদ্যস্তদমল-পদাম্ভোজ-যুগলে
পরিস্ফারা তস্য স্ফুরতু নিতরাং প্রেম-লহরী ॥৯॥

## শ্রীশ্রীশচীসূন্বষ্টকং

শ্রীশ্রীশচীসূনবে নমঃ

হরির্দৃষ্ট্বা গোষ্ঠে মুকুর-গতমাত্মানমতুলং
স্বমাধুর্য্যং রাধা-প্রিয়তর-সখীবাপ্তুমভিতঃ ।
অহো গৌড়ে জাতঃ প্রভুরপর-গৌরৈকতনু-ভাক্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥১॥



পুরীদেবস্যান্তঃ-প্রণয়-মধুনা স্নান-মধুরো
মুহুর্গোবিন্দোদ্যদ্‌বিশদ-পরিচর্য্যার্চ্চিত-পদঃ ।
স্বরূপস্য প্রাণার্ব্বুদ-কমল-নীরাজিত-মুখঃ
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥২॥

দধানঃ কৌপীনং তদুপরি বহির্বস্ত্রমরুণং
প্রকাণ্ডো হেমাদ্রি দ্যুতিভিরভিতঃ সেবিত তনুঃ ।
মুদা গায়ন্নুচ্চৈর্নিজ-মধুর-নামাবলিমসৌ
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৩॥

অনাবেদ্যাং পূর্ব্বৈরপি মুনিগণৈর্ভক্তি-নিপুনৈঃ
শ্রুতের্গূঢ়াং প্রেমোজ্জ্বল-রসফলাং ভক্তি-লতিকাং !
কৃপালুস্তাং গৌড়ে প্রভুরতিকৃপাভিঃ প্রকটয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৪॥

নিজত্বে গৌড়ীয়ান্ জগতি পরিগৃহ্য প্রভুরিমান্
হরেকৃষ্ণেত্যেবং গণন-বিধিনা কীর্ত্তয়ত ভোঃ ।
ইতিপ্রায়াং শিক্ষাং জনক ইব তেভ্যঃ পরিদিশন্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৫॥

পুরঃ পশ্যন্ নীলাচল-পতিমুরুপ্রেম-নিবহৈঃ
ক্ষরন্নেত্রাম্ভোভিঃ স্নপিত-নিজ -দীর্ঘোজ্জ্বল-তনুঃ ।
সদা তিষ্ঠন্ দেশে প্রণয়ি-গরুড়স্তম্ভ-চরমে
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৬॥

মুদা দন্তৈর্দষ্ট্বা দ্যুতি-বিজিত-বন্ধুকমধরং
করং কৃত্বা বামং কটি-নিহিতমন্যং পরিলসন্ ।
সমুত্থাপ্য প্রেম্নাগণিত-পুলকো নৃত্য-কুতুকী
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৭॥

সরিত্তীরারামে বিরহ-বিধুরো গোকুলবিধো-
র্নদীমন্যাং কুর্ব্বন্নয়ন-জলধারা-বিততিভিঃ ।
মুহুর্মূর্চ্ছাং গচ্ছন্ মৃতকমিব বিশ্বং বিরচয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন-শরণীং যাস্যতি পুনঃ ॥৮॥

শচীসূনোরস্যাষ্টকমিদমভীষ্টং বিরচয়ৎ
সদা দৈন্যোদ্রেকাদতি-বিশদ-বুদ্ধিঃ পঠতি যঃ ।
প্রকামং চৈতন্যঃ প্রভুরতি-কৃপাবেশ-বিবশঃ
পৃথু-প্রেমাম্ভোধৌ প্রথিত-রসদে মজ্জয়তি তং ॥৯॥

## শ্রীমন্মহাপ্রভোরষ্টকালীয়-লীলাস্মরণ-মঙ্গল-স্তোত্রম্

[শ্রীল-বিশ্বনাথ-চক্রবর্তিপাদ-বিরচিতং]

শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভোশ্চরণয়োর্যা কেশ-শেষাদিভিঃ
সেবাগম্যতয়া স্বভক্তবিহিতা সান্যৈর্যয়া লভ্যতে ।
তাং তন্মানসিকীং স্মৃতিং প্রথয়িতুং ভাব্যা সদা সত্তমৈ-
র্নৌমি প্রাত্যহিকং তদীয়চরিতং শ্রীমন্নবদ্বীপজম্ ॥১॥



রাত্র্যন্তে শয়নোত্থিতঃ স্বরসরিৎস্নাতো বভৌ যঃ প্রগে
পূর্ব্বাহ্নে স্বগণৈর্লসত্যুপবনে তৈর্ভাতি মধ্যাহ্নকে ।
যঃ পুর্য্যামপরাহ্নকে নিজগৃহে সায়ং গৃহেঽথাঙ্গনে
শ্রীবাসস্য নিশামুখে নিশি বসন্ গৌরং স নো রক্ষতু ॥২॥

রাত্র্যন্তে পিককুক্কুটাদিনিনদং শ্রুত্বা স্বতল্পোত্থিতঃ
শ্রীবিষ্ণুপ্রিয়য়া সমং রসকথাং সম্ভাষ্য সন্তোষ্য তাং ।
গত্বান্যত্র ধরাসনোপরি বসন্ সদ্ভিঃ সুধৌতাননো
যো মাত্রাদিভিরীক্ষিতোঽতিমুদিতস্তং গৌরমধ্যেম্যহম্ ॥৩॥

প্রাতঃ স্বঃ সরিতি স্বপার্ষদবৃতঃ স্নাত্বা প্রসূনাদিভি-
স্তাং সম্পুজ্য গৃহীতচারুবসনঃ স্রক্‌চন্দনালঙ্কৃতঃ ।
কৃত্বা বিষ্ণুসমর্চ্চনাদি সগণো ভুক্ত্বান্নমাচম্য চ
দ্বিত্রং চান্যগৃহে সুখং স্বপিতি য স্তং গৌরমধ্যেম্যহম্ ॥৪॥

পূর্ব্বাহ্নে শয়নোত্থিতঃ সুপয়সা প্রক্ষাল্যবক্ত্রাম্বুজং
ভক্তৈঃ শ্রীহরিনামকীর্ত্তনপরৈঃ সাঙ্গং স্বয়ং কীর্ত্তয়ন্ ।
ভক্তানাং ভবনেঽপি চ স্বভবনে ক্রীড়ন্নৃণাং বর্দ্ধয়-
ত্যানন্দং পুরবাসিনাং য উরুধা তং গৌরমধ্যেম্যহম্ ॥৫॥

মধ্যাহ্নে সহ তৈঃ স্বপার্ষদগণৈঃ সঙ্কীর্ত্তনাদীদৃশং
সাদ্বৈতেন্দুগদাধরঃ কিল সহশ্রীলাবধুতপ্রভুঃ ।
আরামে মৃদুমারুতৈঃ শিশিরিতৈর্ভৃঙ্গদ্বিজৈর্নাদিতে
স্বং বৃন্দাবিপিনং স্মরন্ ভ্রমতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥৬॥

যঃ শ্রীমানপরাহ্নকে সহগণৈস্তৈস্তাদৃশৈঃ প্রেমবাং-
স্তাদৃক্ষু স্বয়মপ্যলং ত্রিজগতাং শর্ম্মাণি বিস্তারয়ন্ ।
আরামাত্তত এতি পৌরজনতাচক্ষুশ্চকোরোড়ুপো
মাত্রা দূরমুদেক্ষিতো নিজগৃহং তং গৌরমধ্যেম্যহম্ ॥৭॥

যস্ত্রিস্রোতসি সায়মাপ্তনিবহৈঃ স্নাত্বা প্রদীপালিভিঃ
পুষ্পাদ্যৈশ্চ সমর্চ্চিতঃ কলিত-সৎপটাম্বরঃ স্রগ্ধরঃ ।
বিষ্ণোস্তৎসময়ার্চ্চনঞ্চ কৃতবান্ দীপালিভিস্তৈঃ সমং
ভুক্তান্নানি সুবীটিকামপি তথা তং গৌরমধ্যেম্যহম্ ॥৮॥

যঃ শ্রীবাসগৃহে প্রদোষসময়ে হ্যদ্বৈতচন্দ্রাদিভিঃ
সর্ব্বৈর্ভক্তগণৈঃ সমং হরিকথাং পীযুষমাস্বাদয়ন্ ।
প্রেমানন্দসমাকুলশ্চ চলধীঃ সঙ্কীর্ত্তনে লম্পটঃ
কর্ত্তুং কীর্ত্তনমূর্দ্ধমুত্থ্যপরস্তং গৌরমধ্যেম্যহম্ ॥৯॥

শ্রীবাসাদিভিরাবৃতো নিজগণৈঃ সার্দ্ধং প্রভুভ্যাং নট-
ন্নুচ্চৈস্তাল-মৃদঙ্গবাদনপরৈর্গায়দ্ভিরুল্লাসয়ন্ ।
শ্রীমান্ শ্রীলগদাধরেণ সহিতো নস্তং বিভাত্যদ্ভুতং
স্বং গৌরঃ শয়নালয়ে স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥১০॥

শ্রীগৌরাঙ্গবিধোঃ স্বধামনি নবদ্বীপেহষ্টকালোদ্ভবাং
ভাব্যাং ভব্যজনেন গোকুলবিধোর্লীলাস্মৃতেরাদিতঃ ।
লীলাং দ্যোতয়দেতদত্র দশকং প্রীতান্বিতো যঃ পঠেৎ
তং প্রীণাতি সদৈব যঃ করুণয়া তং গৌরমধ্যেম্যহম্ ॥১১॥



## শ্রীমদ্ভাগবতে শ্রীশ্রীমন্মহাপ্রভু-বন্দনম্

ধ্যেয়ং সদা পরিভবঘ্নমভীষ্টদোহং
তীর্থাস্পদং শিব-বিরিঞ্চিনুতং শরণ্যম্ ।
ভৃত্যার্ত্তিহং প্রণতপাল-ভবাব্ধিপোতং
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥

ত্যক্ত্বা সুদুস্ত্যজ-সুরেপ্সিত-রাজ্যলক্ষ্মীং
ধর্ম্মিষ্ঠ আর্য্যবচসা যদগাদরণ্যম্
মায়ামৃগং দয়িতয়েপ্সিতমন্বধাবদ্
বন্দে মহাপুরুষ তে চরণারবিন্দম্ ॥

ইতি দ্বাপর উর্ব্বীশস্তুবন্তি জগদীশ্বরম্ ।
নানাতন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু ॥
কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্ ।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ ॥

# শ্রীশ্রীগৌরসুন্দরের আবির্ভাব বাসরে

শ্রীল শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ-বিরচিত

অরুণ বসনে সোনার সূরজ
উদিছে কেন রে আজ ।
বসন্ত সুষমা উজারি আপনা
ঢালে কেন জগমাঝ ॥
তরু গুল্মলতা অপূর্ব্ব বারতা
বহে কেন ফলে ফুলে ।
ভৃঙ্গ ও বিহঙ্গে কেন হেন রঙ্গে
সঙ্গীত তরঙ্গ তুলে ॥
পতিত দুর্জ্জন কেন রে গর্জ্জন
উল্লাসে ফাটিয়া পড়ে ।
বিদ্যা কুল ধন অভিমানী জন
কেন ম্লান দুঃখ ভরে ॥
আকাশ বাতাস ঘুচাইয়া ত্রাস
আশ্বাসে ভাসায়ে দেয় ।
সাধুজন মন সুখ বিতরণ-
আবেশে উন্মাদ হয় ॥
চৌদিকেতে ধ্বনি কি অপূর্ব্ব শুনি
বহুজন উচ্চরোল ।



হরে কৃষ্ণ রাম নাম দিব্যধাম
হরি হরি হরি বোল ॥
ফাল্গুনী পূর্ণিমা হিন্দোল রঙ্গিমা
সুজন-ভজন রাগে ।
সংকীর্ত্তন সনে মরম গহনে
না জানি কিভাব জাগে ॥
সন্ধ্যা সমাগম তপন মগন
কেন হেম ঘন কোলে ।
অপরূপ কত পূরব পর্ব্বত
সুবর্ণ চন্দ্রমা ভালে ॥
সুবর্ণ চন্দ্রমা পশিছে নীলিমা
সে নীল বিলীন হেমে ।
ইথে কিবা ভায় সাধুজন গায়
কলঙ্ক না রহে প্রেমে ॥
মহাজনে বলে গ্রহণের ছলে
সঙ্গে নাম সংকীর্ত্তন ।
গৌরচন্দ্রোদয় পাপ রাহু ক্ষয়
চন্দ্রশোভা প্রেম ধন ॥
মর্ম্মজ্ঞ সকলে কহে কুতূহলে
নীলিমা বিলীন চাঁদে ।
ছন্ন অবতার লুকান কাহার
রাধা-রুচি-রূপ-চাঁদে ।

ইথে হেন স্তুতি রাধাভাব দ্যুতি
সুবলিত শ্যামরাও ।
উদিল গৌরাঙ্গ নাম-প্রেম সঙ্গ
জয় জয় গোরা গাও ॥

---

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু জীবে দয়া করি' ।
স্বপার্ষদ স্বীয় ধাম সহ অবতরি ॥
অত্যন্ত দুর্ল্লভ প্রেম করিবারে দান ।
শিখায় শরণাগতি ভকতের প্রাণ ॥
দৈন্য, আত্মনিবেদন, গোপ্তৃত্বে বরণ ।
'অবশ্য রক্ষিবে কৃষ্ণ'—বিশ্বাস পালন ॥
ভক্তি-অনুকূল মাত্র কার্য্যের স্বীকার ।
ভক্তি-প্রতিকূল ভাব-বর্জ্জনাঙ্গীকার ॥
ষড়ঙ্গ শরণাগতি হইবে যাঁহার ।
তাঁহার প্রার্থনা শুনে শ্রীনন্দকুমার ॥
রূপ-সনাতন-পদে দন্তে তৃণ করি' ।
ভকতিবিনোদ পড়ে দুই পদ ধরি' ॥
কাঁদিয়া কাঁদিয়া বলে, আমি ত' অধম ।
শিখায়ে শরণাগতি করহে উত্তম ॥

---



গৌরাঙ্গের দুটি পদ, যার ধন সম্পদ,
সে জানে ভকতি রস-সার ।
গৌরাঙ্গের মধুর-লীলা, যার কর্ণে প্রবেশিলা,
হৃদয় নির্মল ভেল তার ॥
যে গৌরাঙ্গের নাম লয়, তার হয় প্রেমোদয়,
তারে মুঞি যাই বলিহারি ।
গৌরাঙ্গ-গুণেতে ঝুরে, নিত্যলীলা তারে স্ফুরে,
সে জন ভকতি-অধিকারী ॥
গৌরাঙ্গের সঙ্গিগণে, নিত্যসিদ্ধ করি মানে,
সে যায় ব্রজেন্দ্রসুত-পাশ ।
শ্রীগৌড়মণ্ডলভূমি, যেবা জানে চিন্তামণি,
তার হয় ব্রজভূমে বাস ॥
গৌরপ্রেমরসার্ণবে, সে তরঙ্গে যেবা ডুবে,
সে রাধামাধব-অন্তরঙ্গ ।
গৃহে বা বনেতে থাকে, 'হা গৌরাঙ্গ' বলে ডাকে,
নরোত্তম মাগে তার সঙ্গ ॥

---

## শ্রীশ্রীপ্রেমধাম দেব স্তোত্রম্

শ্রীল শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ-বিরচিত

দেব-সিদ্ধ-মুক্ত-যুক্ত-ভক্ত-বৃন্দ-বন্দিতং
পাপ-তাপ-দাব-দাহ-দগ্ধ-দুঃখ-খণ্ডিতম্ ।
কৃষ্ণ-নাম-সীধু-ধাম-ধন্য-দান-সাগরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১॥

স্বর্ণ-কোটি-দর্পণাভ-দেহ-বর্ণ-গৌরবং
পদ্ম-পারিজাত-গন্ধ-বন্দিতাঙ্গ-সৌরভম্ ।
কোটি-কাম-মূর্চ্ছিতাঙ্ঘ্রি-রূপ-রাস-রঙ্গরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২॥

প্রেম-নাম-দান-জন্য-পঞ্চ-তত্ত্বকাত্মকং
সাঙ্গ-দিব্য-পার্ষদাস্ত্র-বৈভবাবতারকম্ ।
শ্যাম-গৌর-নাম-গান-নৃত্য-মত্ত-নাগরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩॥

শান্তি-পুর্যধীশ-কল্যধর্ম্ম-দুঃখ-দুঃসহং
জীব-দুঃখ-হান-ভক্ত-সৌখ্যদান-বিগ্রহম্ ।
কল্যঘৌঘ-নাশ-কৃষ্ণ-নাম-সীধু-সঞ্চরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪॥

দ্বীপ-নব্য-গাঙ্গ-বঙ্গ-জন্ম-কর্ম্ম-দর্শিতং
শ্রীনিবাস-বাস-ধন্য-নাম-রাস-হর্ষিতম্ ।
শ্রীহরিপ্রিয়েশ-পূজ্যধী-শচী-পুরন্দরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫॥

শ্রীশচী-দুলাল-বাল্য-বাল-সঙ্গ-চঞ্চলং
আকুমার-সর্ব্ব-শাস্ত্র-দক্ষ-তর্ক-মঙ্গলম্ ।
ছাত্র-সঙ্গ-রঙ্গ-দিগ্জিগীষু-দর্প-সংহরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬॥



বর্জ্য-পাত্র-সারমেয়-সর্প-সঙ্গ-খেলনং
স্কন্ধ-বাহি-চৌর-তীর্থ-বিপ্র-চিত্র-লীলনম্ ।
কৃষ্ণনাম-মাত্র-বাল্য-কোপ-শান্তি-সৌকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৭॥

স্নান-গাঙ্গ-বারি-বাল-সঙ্গ-রঙ্গ-খেলনং
বালিকাদি-পারিহাস্য-ভঙ্গি-বাল্য-লীলনম্ ।
কূট-তর্ক-ছাত্র-শিক্ষকাদি-বাদ-তৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৮॥

শ্রীনিমাই-পণ্ডিতেতি-নাম-দেশ-বন্দিতং
নব্য-তর্ক-দক্ষ-লক্ষ-দম্ভি-দম্ভ-খণ্ডিতম্ ।
স্থাপিতার্থ-খণ্ড-খণ্ড-খণ্ডিতার্থ-সম্ভরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৯॥

শ্লোক-গাঙ্গ-বন্দনার্থ-দিগ্জিগীষু-ভাষিতং
ব্যত্যলঙ্কৃতাদি-দোষ-তর্কিতার্থ-দূষিতম্ ।
ধ্বস্ত-যুক্তি-রুদ্ধ-বুদ্ধি-দত্ত-ধীমদাদরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১০॥

সূত্র-বৃত্তি-টিপ্পনীষ্ট-সূক্ষ্ম-বাচনাদ্ভুতং
ধাতু-মাত্র-কৃষ্ণ-শক্তি-সর্ব্ব-বিশ্ব-সম্ভৃতম্ ।
রুদ্ধ-বুদ্ধি-পণ্ডিতৌঘ-নান্য-যুক্তি-নির্দ্ধরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১১॥

কৃষ্ণ-দৃষ্টি-পাত-হেতু-শব্দকার্থ-যোজনং
স্ফোট-বাদ-শৃঙ্খলৈক-ভিত্তি-কৃষ্ণ-বীক্ষণম্ ।
স্থূল-সূক্ষ্ম-মূল-লক্ষ্য-কৃষ্ণ-সৌখ্য-সম্ভরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১২॥

প্রেম-রঙ্গ-পাঠ-ভঙ্গ-ছাত্র-কাকু-কাতরং
ছাত্র-সঙ্গ-হস্ত-তাল-কীর্ত্তনাদ্য-সঞ্চরম্ ।
কৃষ্ণ-নাম-সীধু-সিন্ধু-মগ্ন-দিক্-চরাচরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৩॥

আর্য্য-ধর্ম্ম-পাল-লব্ধ-দীক্ষ-কৃষ্ণ-কীর্ত্তনং
লক্ষ-লক্ষ-ভক্ত-গীত-বাদ্য-দিব্য-নর্ত্তনম্ ।
ধর্ম্ম-কর্ম্ম-নাশ-দস্যু-দুষ্ট-দুষ্কৃতোদ্ধরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৪॥

ম্লেচ্ছ-রাজ-নাম-বাধ-ভক্ত-ভীতি-ভঞ্জনং
লক্ষ-লক্ষ-দীপ-নৈশ-কোটি-কণ্ঠ-কীর্ত্তনম্ ।
শ্রীমৃদঙ্গ-তাল-বাদ্য-নৃত্য-কাজি-নিস্তরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৫॥

লক্ষ-লোচনাশ্রু-বর্ষ-হর্ষ-কেশ-কর্ত্তনং
কোটি-কণ্ঠ-কৃষ্ণ-কীর্ত্তনাঢ্য-দণ্ড-ধারণম্ ।
ন্যাসি-বেশ-সর্ব্বদেশ-হাহুতাশ-কাতরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৬॥



শ্রীযতীশ-ভক্তবেশ-রাঢ়দেশ-চারণং
কৃষ্ণ-চৈতন্যাখ্য-কৃষ্ণ-নাম-জীব-তারণম্ ।
ভাব-বিভ্রমাত্ম-মত্ত-ধাবমান-ভূধরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৭॥

শ্রীগদাধরাদি-নিত্যানন্দ-সঙ্গ-বর্দ্ধনং
অদ্বয়াখ্য-ভক্ত-মুখ্য-বাঞ্ছিতার্থ-সাধনম্ ।
ক্ষেত্রবাস-সাভিলাষ-মাতৃতোষ-তৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৮॥

ন্যাসিরাজ-নীল-শৈল-বাস-সার্ব্বভৌমপং
দাক্ষিণাত্য-তীর্থ-জাত-ভক্ত-কল্প-পাদপম্ ।
রাম-মেঘ-রাগ-ভক্তি-বৃষ্টি-শক্তি-সঞ্চরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥১৯॥

প্রেমধাম-দিব্য-দীর্ঘ-দেহ-দেব-নন্দিতং
হেম-কঞ্জ-পুঞ্জ-নিন্দি-কান্তি-চন্দ্র-বন্দিতম্ ।
নাম-গান-নৃত্য-নব্য-দিব্য-ভাব-মন্দিরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২০॥

ধ্বস্ত-সার্ব্বভৌম-বাদ-নব্যতর্ক-শাঙ্করং
ধ্বস্ত-তদ্বিবর্ত্ত-বাদ-দানবীয়-ডম্ভরম্ ।
দর্শিতার্থ-সর্ব্ব-শাস্ত্র-কৃষ্ণ-ভক্তি-মন্দিরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২১॥

কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণ-কৃষ্ণনাম-কীর্ত্তনং
রাম-রাম-গান-রম্য-দিব্য-ছন্দ-নর্ত্তনম্ ।
যত্র-তত্র-কৃষ্ণনাম-দান-লোক-নিস্তরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২২॥

গোদবর্য্যবাম-তীর-রামানন্দ-সংবদং
জ্ঞান-কর্ম্ম-মুক্ত-মর্ম্ম-রাগ-ভক্তি-সম্পদম্ ।
পারকীয়-কান্ত-কৃষ্ণ-ভাব-সেবনাকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৩॥

দাস্য-সখ্য-বাৎস্য-কান্ত-সেবনোত্তরোত্তরং
শ্রেষ্ঠ-পারকীয়-রাধিকাঙ্ঘ্রি-ভক্তি-সুন্দরম্ ।
শ্রীব্রজ-স্বসিদ্ধ-দিব্য-কাম-কৃষ্ণ-তৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৪॥

শান্ত-মুক্ত-ভৃত্য-তৃপ্ত-মিত্র-মত্ত-দর্শিতং
স্নিগ্ধ-মুগ্ধ-শিষ্ট-মিষ্ট-সুষ্ঠ-কুণ্ঠ-হর্ষিতম্ ।
তন্ত্র-মুক্ত-বাম্য-রাগ-সর্ব্ব-সেবনোত্তরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৫॥

আত্ম-নব্য-তত্ত্ব-দিব্য-রায়-ভাগ্য-দর্শিতং
শ্যাম-গোপ-রাধিকাপ্ত-কোক্ত-গুপ্ত-চেষ্টিতম্ ।
মূর্চ্ছিতাঙ্ঘ্রি-রামরায়-বোধিতাত্ম-কিঙ্করং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৬॥



নষ্ট-কুষ্ঠ-কূর্ম্ম-বিপ্র-রূপ-ভক্তি-তোষণং
রামদাস-বিপ্র-মোহ-মুক্ত-ভক্ত-পোষণম্ ।
কাল-কৃষ্ণ-দাস-মুক্ত-ভট্টথারি-পিঞ্জরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৭॥

রঙ্গনাথ-ভট্ট-ভক্তি-তুষ্ট-ভঙ্গি-ভাষণং
লক্ষ্ম্য-গম্য-কৃষ্ণ-রাস-গোপিকৈক-পোষণম্ ।
লক্ষ্ম্য-ভীষ্ট-কৃষ্ণ-শীর্ষ-সাধ্য-সাধনাকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৮॥

ব্রহ্ম-সংহিতাখ্য-কৃষ্ণ-ভক্তি-শাস্ত্র-দায়কং
কৃষ্ণ-কর্ণ-সীধু-নাম-কৃষ্ণ-কাব্য-গায়কম্ ।
শ্রীপ্রতাপরুদ্র-রাজ-শীর্ষ-সেব্য-মন্দিরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥২৯॥

শ্রীরথাগ্র-ভক্ত-গীত-দিব্য-নর্ত্তনাদ্ভুতং
যাত্রি-পাত্র-মিত্র-রুদ্ররাজ-হৃচ্চমৎকৃতম্ ।
গুণ্ডিচাগমাদি-তত্ত্ব-রূপ-কাব্য-সঞ্চরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩০॥

প্রেম-মুগ্ধ-রুদ্র-রাজ-শৌর্য্য-বীর্য্য বিক্রমং
প্রার্থিতাঙ্ঘ্রি-বর্জিতান্য-সর্ব্ব-ধর্ম্ম-সঙ্গমম্ ।
লুণ্ঠিত-প্রতাপ-শীর্ষ-পাদ-ধূলি-ধূসরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩১॥

দাক্ষিণাত্য-সুপ্রসিদ্ধ-পণ্ডিতৌঘ-পূজিতং
শ্রেষ্ঠ-রাজ-রাজপাত্র-শীর্ষ-ভক্তি-ভূষিতম্ ।
দেশ-মাতৃ-শেষ-দর্শনার্থি-গৌড়-গোচরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩২॥

গৌরগর্ব্বি-সর্ব্ব-গৌড়-গৌরবার্থ-সজ্জিতং
শাস্ত্র-শস্ত্র-দক্ষ-দুষ্ট-নাস্তিকাদি-লজ্জিতম্ ।
মুহ্যমান-মাতৃকাদি-দেহ-জীব-সঞ্চরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৩॥

ন্যাস-পঞ্চ-বর্ষ-পূর্ণ-জন্ম-ভূমি-দর্শনং
কোটি-কোটি-লোক-লুব্ধ-মুগ্ধ-দৃষ্টি-কর্ষণম্ ।
কোটি-কণ্ঠ-কৃষ্ণনাম-ঘোষ-ভেদিতাম্বরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৪॥

আর্ত্ত-ভক্ত-শোক-শান্তি-তাপি-পাপি-পাবনং
লক্ষ-কোটি-লোক-সঙ্গ-কৃষ্ণ-ধাম-ধাবনম্ ।
রাম-কেলি-সাগ্রজাত-রূপ-কর্ষণাদরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৫॥

ব্যাঘ্র-বারণৈন-বন্য-জন্তু-কৃষ্ণ-গায়কং
প্রেম-নৃত্য-ভাব-মত্ত-ঝাড়খণ্ড-নায়কম্ ।
দুর্গ-বন্য-মার্গ-ভট্ট-মাত্র-সঙ্গ-সৌকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৬॥



গাঙ্গ-যামুনাদি-বিন্দু-মাধবাদি-মাননং
মাথুরার্ত্ত-চিত্ত-যামুনাগ্র-ভাগ-ধাবনম্ ।
স্মারিত-ব্রজাতি-তীব্র-বিপ্রলম্ভ-কাতরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৭॥

মাধবেন্দ্র-বিপ্রলম্ভ-মাথুরেষ্ট-মাননং
প্রেম-ধাম-দৃষ্ট-কাম-পূর্ব্ব-কুঞ্জ-কাননম্ ।
গোকুলাদি-গোষ্ঠ-গোপ-গোপিকা-প্রিয়ঙ্করং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৮॥

প্রেম-গুঞ্জনালি-পুঞ্জ-পুষ্প-পুঞ্জ-রঞ্জিতং
গীত-নৃত্য-দক্ষ-পক্ষি-বৃক্ষ-লক্ষ-বন্দিতম্ ।
গো-বৃষাদি-নাদ-দীপ্ত-পূর্ব্ব-মোদ-মেদুরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৩৯॥

প্রেম-বুদ্ধ-রুদ্ধ-বুদ্ধি-মত্ত-নৃত্য-কীর্ত্তনং
প্লাবিতাশ্রু-কাঞ্চনাঙ্গ-বাস-চাতুরঙ্গনম্ ।
কৃষ্ণ-কৃষ্ণ-রাব-ভাব-হাস্য-লাস্য-ভাস্বরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪০॥

প্রেম-মুগ্ধ-নৃত্য-কীর্ত্তনাকুলারিটান্তিকং
স্নান-ধন্য-বারি-ধান্য-ভূমি-কুণ্ড-দেশকম্ ।
প্রেম-কুণ্ড-রাধিকাখ্য-শাস্ত্র-বন্দনাদরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪১॥

তিন্তিড়ী-তলস্থ-যামুনোর্ম্মি-ভাবনাপ্লুতং
নির্জনৈক-রাধিকাত্ম-ভাব-বৈভবাবৃতম্ ।
শ্যাম-রাধিকাপ্ত-গৌর-তত্ত্ব-ভিত্তিকাকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪২॥

শারিকা-শুকোক্তি-কৌতুকাঢ্য-লাস্য-লাপিতং
রাধিকা-ব্যতীত-কামদেব-কাম-মোহিতম্ ।
প্রেম-বশ্য-কৃষ্ণ-ভাব-ভক্ত-হৃচ্চমৎকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৩॥

শ্রীপ্রয়াগ-ধাম-রূপ-রাগ-ভক্তি-সঞ্চরং
শ্রীসনাতনাদি-কাশি-ভক্তি-শিক্ষণাদরম্ ।
বৈষ্ণবানুরোধ-ভেদ-নির্ব্বিশেষ-পঞ্জরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৪॥

ন্যাসি-লক্ষ-নায়ক-প্রকাশানন্দ-তারকং
ন্যাসি-রাশি-কাশি-বাসি-কৃষ্ণ-নাম-পারকম্ ।
ব্যাস-নারদাদি-দত্ত-বেদধী-ধুরন্ধরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৫॥

ব্রহ্ম-সূত্র-ভাষ্য-কৃষ্ণ-নারদোপদেশকং
শ্লোক-তুর্য্য-ভাষণান্ত-কৃষ্ণ-সম্প্রকাশকম্ ।
শব্দ-বর্ত্তনান্ত-হেতু-নাম-জীব-নিস্তরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৬॥



আত্ম-রাম-বাচনাদি-নির্ব্বিশেষ-খণ্ডনং
শ্রৌত-বাক্য-সার্থকৈক-চিদ্বিলাস-মণ্ডনম্ ।
দিব্য-কৃষ্ণ-বিগ্রহাদি-গৌণ-বুদ্ধি-ধিক্করং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৭॥

ব্রহ্ম-পারমাত্ম্য-লক্ষণাদ্বয়ৈক-বাচনং
শ্রীব্রজ-স্বসিদ্ধ-নন্দলীল-নন্দ-নন্দনম্ ।
শ্রীরস-স্বরূপ-রাস-লীল-গোপ-সুন্দরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৮॥

রাধিকা-বিনোদ-মাত্র-তত্ত্ব-লক্ষণান্বয়ং
সাধুসঙ্গ-কৃষ্ণ-নাম-সাধনৈক-নিশ্চয়ম্ ।
প্রেম-সেবনৈক-মাত্র-সাধ্য-কৃষ্ণ-তৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৪৯॥

আত্ম-রাম-বাচনৈক-ষষ্টিকার্থ-দর্শিতং
রুদ্র-সংখ্য-শব্দ-জাত-যদ্যদর্থ-সম্ভৃতম্ ।
সর্ব্ব-সর্ব্ব-যুক্ত-তত্তদর্থ-ভূরিদাকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫০॥

শ্রীসনাতনানু-রূপ-জীব-সম্প্রদায়কং
লুপ্ত-তীর্থ-শুদ্ধ-ভক্তি-শাস্ত্র-সুপ্রচারকম্ ।
নীল-শৈল-নাথ-পীঠ-নৈজ-কার্য্য-সৌকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫১॥

ত্যাগ-বাহ্য-ভোগ-বুদ্ধি-তীব্র-দণ্ড-নিন্দনং
রায়-শুদ্ধ-কৃষ্ণ-কাম-সেবনাভি-নন্দনম্ ।
রায়-রাগ-সেবনোক্ত-ভাগ্য-কোটি-দুষ্করং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫২॥

শ্রীপ্রয়াগ-ভট্ট-বল্লভৈক-নিষ্ঠ-সেবনং
নীল-শৈল-ভট্ট-দত্ত-রাগ-মার্গ-রাধনম্ ।
শ্রীগদাধরার্পিতাধিকার-মন্ত্র-মাধুরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৩॥

শ্রীস্বরূপ-রায়-সঙ্গ-গাম্ভিরান্ত্য-লীলনং
দ্বাদশাব্দ-বহ্নিগর্ভ-বিপ্রলম্ভ-শীলনম্ ।
রাধিকাধিরূঢ়-ভাব-কান্তি-কৃষ্ণ-কুঞ্জরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৪॥

শ্রীস্বরূপ-কণ্ঠ-লগ্ন-মাথুর-প্রলাপকং
রাধিকানু-বেদনার্ত্ত-তীব্র-বিপ্রলম্ভকম্ ।
স্বপ্নবৎ-সমাধি-দৃষ্ট-দিব্য-বর্ণনাতুরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৫॥

সাত্ত্বিকাদি-ভাব-চিহ্ন-দেহ-দিব্য-সৌষ্ঠবং
কূর্ম্ম-ধর্ম্ম-ভিন্ন-সন্ধি-গাত্র-পুষ্প-পেলবম্ ।
হ্রস্ব-দীর্ঘ-পদ্ম-গন্ধ-রক্ত-পীত-পাণ্ডুরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৬॥



তীব্র-বিপ্রলম্ভ-মুগ্ধ-মন্দিরাগ্র-ধাবিতং
কূর্ম্ম-রূপ-দিব্য-গন্ধ-লুব্ধ-ধেনু-বেষ্টিতম্ ।
বর্ণিতালি-কূল-কৃষ্ণ-কেলি-শৈল-কন্দরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৭॥

ইন্দু-সিন্ধু-নৃত্য-দীপ্ত-কৃষ্ণ-কেলি-মোহিতং
ঊর্ম্মি-শীর্ষ-সুপ্ত-দেহ-বাত-রঙ্গ-বাহিতম্ ।
যামুনালি-কৃষ্ণ-কেলি-মগ্ন-সৌখ্য-সাগরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৮॥

রাত্রি-শেষ-সৌম্য-বেশ-শায়িতার্দ্র-সৈকতং
ভিন্ন-সন্ধি-দীর্ঘ-দেহ-পেলবাতি-দৈবতম্ ।
শ্রান্ত-ভক্ত-চক্রতীর্থ-হৃষ্ট-দৃষ্টি-গোচরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৫৯॥

আর্ত্ত-ভক্ত-কণ্ঠ-কৃষ্ণ-নাম-কর্ণ-হৃদ্গতং
লগ্ন-সন্ধি-সুষ্ঠু-দেহ-সর্ব্ব-পূর্ব্ব-সম্মতম্ ।
অর্দ্ধ-বাহ্য-ভাব-কৃষ্ণ-কেলি-বর্ণনাতুরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬০॥

যামুনাম্বু-কৃষ্ণ-রাধিকালি-কেলি-মণ্ডলং
ব্যক্ত-গুপ্ত-দৃপ্ত-তৃপ্ত-ভঙ্গি-মাদনাকুলম্ ।
গূঢ়-দিব্য-মর্ম্ম-মোদ-মূর্চ্ছনা-চমৎকরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬১॥

আস্য-ঘর্ষণাদি-চাটকাদ্রি-সিন্ধু-লীলনং
ভক্ত-মর্ম্ম-ভেদি-তীব্র-দুঃখ-সৌখ্য-খেলনম্ ।
অত্যচিন্ত্য-দিব্য-বৈভবাশ্রিতৈক-শঙ্করং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬২॥

শ্রোত্র-নেত্র-গত্যতীত-বোধ-রোধিতাদ্ভুতং
প্রেম-লভ্য-ভাব-সিদ্ধ-চেতনা-চমৎকৃতম্ ।
ব্রহ্ম-শম্ভু-বেদ-তন্ত্র-মৃগ্য-সত্য-সুন্দরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৩॥

বিপ্র-শূদ্র-বিজ্ঞ-মূর্খ-যাবনাদি-নামদং
বিত্ত-বিক্রমোচ্চ-নীচ-সজ্জনৈক-সম্পদম্ ।
স্ত্রী-পুমাদি-নির্ব্বিবাদ-সার্ব্ববাদিকোদ্ধরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৪॥

সিন্ধু-শূন্য-বেদ-চন্দ্র-শাক-কুম্ভ-পূর্ণিমা
সান্ধ্য-চান্দ্রকোপরাগ-জাত-গৌর-চন্দ্রমা ।
স্নান-দান-কৃষ্ণনাম-সঙ্গ-তৎ-পরাৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৫॥

আত্ম-সিদ্ধ-সাবলীল-পূর্ণ-সৌখ্য-লক্ষণং
স্বানুভাব-মত্ত-নৃত্য-কীর্ত্তনাত্ম-বণ্টনম্ ।
অদ্বয়ৈক-লক্ষ্য-পূর্ণ-তত্ত্ব-তৎ-পরাৎপরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৬॥



শ্রীপুরীশ্বরানুকম্পি-লব্ধ-দীক্ষ-দৈবতং
কেশবাখ্য-ভারতী-সকাশ-কেশ-রক্ষিতম্ ।
মাধবানুধী-কিশোর-কৃষ্ণ-সেবনাদরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৭॥

সিন্ধু-বিন্দু-বেদ-চন্দ্র-শাক-ফাল্গুনোদিতং
ন্যাস-সোম-নেত্র-বেদ-চন্দ্র-শাক-বোধিতম্ ।
বাণ-বাণ-বেদ-চন্দ্র-শাক-লোচনান্তরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৮॥

শ্রীস্বরূপ-রায়-সঙ্গ-হর্ষ-শেষ-ঘোষণং
শিক্ষণাষ্টকাখ্য-কৃষ্ণ-কীর্ত্তনৈক-পোষণম্ ।
প্রেম-নাম-মাত্র-বিশ্ব-জীবনৈক-সম্ভরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৬৯॥

প্রেম হেম-দেব দেহি দাসরেষ মন্যতাং
ক্ষম্যতাং মহাপরাধ-রাশিরেষ গণ্যতাম্ ।
রূপ-কিঙ্করেষু রামানন্দ-দাস-সম্ভরং
প্রেম-ধাম-দেবমেব নৌমি গৌর-সুন্দরম্ ॥৭০॥

সশ্রদ্ধঃ সপ্ত-দশকং প্রেম-ধামেতি-নামকম্ ।
স্তবং কোঽপি পঠন্ গৌরং রাধাশ্যামময়ং ব্রজেৎ॥৭১॥

পঞ্চমে শতগৌরাব্দে শ্রীসিদ্ধান্ত-সরস্বতী ।
শ্রীধরঃ কোঽপি তচ্ছিষ্যস্ত্রিদণ্ডী নৌতি সুন্দরম্ ॥৭২॥

# শ্রীশ্রীগোদ্রুম-চন্দ্র-ভজনোপদেশঃ

(ওঁ বিষ্ণুপাদ-শ্রীশ্রীল-ভক্তিবিনোদ-ঠক্কুর-কৃতঃ)

যদি তে হরি-পাদসরোজ-সুধা-রসপানপরং হৃদয়ং সততম্ ।
পরিহৃত্য গৃহং কলিভাবময়ং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১॥

ধন যৌবন-জীবন-রাজ্যসুখং নহি নিত্যমনুক্ষণ-নাশপরম্ ।
ত্যজ গ্রাম্যকথা-সকলং বিফলং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥২॥

রমণীজন-সঙ্গসুখঞ্চ সখে চরমে ভয়দং পুরুষার্থহরম্ ।
হরিনাম-সুধারস-মত্তমতি-র্ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৩॥

জড়কাব্যরসো ন হি কাব্যরসঃ কলিপাবন-গৌররসো হি রসঃ ।
অলমন্যকথাদ্যনুশীলনয়া ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৪॥

বৃষভানু-সুতান্বিত-বামতনুং যমুনাতট-নাগর-নন্দসুতম্ ।
মুরলীকল গীতবিনোদপরং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৫॥

হরিকীর্ত্তন-মধ্যগতং স্বজনৈঃ পরিবেষ্টিত-জাম্বুনদাভ-হরিম্ ।
নিজগৌড়-জনৈক-কৃপাজলধিং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৬॥

গিরিরাজসুতা-পরিবীতগৃহং নবখণ্ডপতিং যতিচিত্তহরং
সুরসঙ্ঘনুতং প্রিয়য়া সহিতং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৭॥

কলিকুক্কুর-মুদ্গর-ভাবধরং হরিনাম-মহৌষধ-দানপরম্ ।
পতিতার্ত্ত-দয়ার্দ্র সুমূর্তিধরং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥৮॥



রিপু-বান্ধব-ভেদবিহীন-দয়া যদভীক্ষ্ণমুদেতি মুখাব্জ-ততৌ ।
তমকৃষ্ণমিহ ব্রজরাজসুতং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্
॥৯॥

ইহ চোপনিষৎ-পরিগীতবিভু-দ্বিজরাজসুতঃ পুরটাভ-হরিঃ ।
নিজধামণি খেলতি বন্ধুযুতো ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১০॥

অবতারবরং পরিপূর্ণকলং পরতত্ত্বমিহাত্মবিলাসময়ম্ ।
ব্রজধাম-রসাম্বুধি-গুপ্তরসং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১১॥

শ্রুতি-বর্ণ-ধনাদি ন যস্য কৃপা-জননে বলবদ্‌ভজনেন বিনা ।
তমহৈতুকভাবপথা হি সখে ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১২॥

অপি নক্রগতৌ হ্রদমধ্যগতং কমমোচয়দার্ত্তজনং তমজম্ ।
অবিচিন্ত্যবলং শিবকল্পতরুং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৩॥

সুরভীন্দ্রতপঃ পরিতুষ্টমনা বরবর্ণধরো হরিরাবিরভূৎ ।
তমজস্রসুখং মুনির্ধৈর্য্যহরং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৪॥

অভিলাষচয়ং তদভেদধিয়ামশুভঞ্চ শুভং ত্যজ সর্ব্বমিদম্ ।
অনুকূলতয়া প্রিয়সেবনয়া ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৫॥

হরিসেবকসেবন-ধর্ম্মপরো হরিনাম-রসামৃত-পানরতঃ ।
নতি-দৈন্য দয়াপর-মানযুতো ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৬॥

বদ যাদব মাধব কৃষ্ণ হরে বদ রাম জনার্দন কেশব হে ।

বৃষভানুসুতা-প্রিয়নাথ সদা ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৭॥



বদযামুনতীর-বনাদ্রিপতে বদ গোকুলকানন-পুঞ্জরবে।
বদ রাসরসায়ন-গৌরহরে ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৮॥

চল গৌরবনং নবখণ্ডময়ং পঠ গৌরহরেশ্চরিতানি মুদা।
লুঠ গৌরপদাঙ্কিত-গাঙ্গতটং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥১৯॥

স্মর গৌর-গদাধর-কেলিকলাং ভব গৌর-গদাধরপক্ষচরঃ
শৃণু-গৌর-গদাধর-চারুকথাং ভজ গোদ্রুমকানন-কুঞ্জবিধুম্ ॥২০॥

---

অবতার সার গোরা অবতার
কেন না ভজিলি তাঁরে,
করি' নীরে বাস গেল না পিয়াস
আপন করম ফেরে ॥১॥

কণ্টকের তরু সদাই সেবিলি (মন)
অমৃত পা'বার আশে।
প্রেমকল্পতরু শ্রীগৌরাঙ্গ আমার
তাহারে ভাবিলি বিষে ॥২॥

সৌরভের আশে পলাশ শুঁকিলি (মন)
নাসাতে পশিল কীট।
'ইক্ষুদণ্ড' ভাবি' কাঠ চুষিলি (মন)
কেমনে পাইবি মিঠ ॥৩॥

'হার' বলিয়া গলায় পরিলি (মন)
শমন কিঙ্কর সাপ।

'শীতল' বলিয়া আগুন পোহালি (মন)
পাইলি বজর-তাপ ॥৪॥
সংসার ভজিলি শ্রীগৌরাঙ্গ ভুলিলি
না শুনিলি সাধুর কথা ।
ইহ-পরকাল দুকাল খোয়ালি (মন)
খাইলি আপন মাথা ॥৫॥

---

কলি-ঘোর-তিমিরে গরসল জগজন
ধরম করম রহু দূর ।
অসাধনে চিন্তামণি বিধি মিলাওল আনি
গোরা বড় দয়াল ঠাকুর ॥
ভাই রে ভাই ! গোরা গুণ কহন না যায় ।
কত শত আনন কত চতুরানন
বরণিয়া ওর নাহি পায় ॥
চারিবেদ ষড়-দরশন করি অধ্যয়ন
সে যদি গৌরাঙ্গ নাহি ভজে ।
বৃথা তার অধ্যয়ন লোচন বিহীন জন
দরপণে অন্ধে কিবা কাজে ॥
বেদ বিদ্যা দুই কিছুই না জানত
সে যদি গৌরাঙ্গ জানে সার ।
নয়নানন্দে ভনে সেই ত সকলি জানে
সর্ব্বসিদ্ধি করতলে তার ॥

---



যদি, গৌর না হ'ত তবে কি হইত
কেমনে ধরিতাম দে ।
রাধার মহিমা প্রেম-রসসীমা
জগতে জানাত কে ? ॥
মধুর বৃন্দা বিপিন-মাধুরী
প্রবেশ চাতুরী সার ।
বরজ-যুবতী ভাবের ভকতি
শকতি হইত কার ? ॥
গাও পুনঃ পুনঃ গৌরাঙ্গের গুণ
সরল করিয়া মন ।
এ ভব-সাগরে এমন দয়াল
না দেখিয়ে একজন ॥
(আমি) গৌরাঙ্গ বলিয়া না গেনু গলিয়া
কেমনে ধরিনু দে ।
বাসুর-হিয়া পাষাণ দিয়া
(বিধি) কেমনে গড়িয়াছে ॥

---

বিমল হেমজিনি তনু অনুপম রে !
তাহে শোভে নানা ফুলদাম ।
কদম্ব কেশর জিনি একটী পুলক রে !
তার মাঝে বিন্দু বিন্দু ঘাম ॥

জিনি' মদমত্ত হাতি গমন মন্থর অতি
ভাবাবেশে ঢুলি ঢুলি যায় ।
অরুণ-বসন ছবি জিনি প্রভাতের রবি
গৌরা-অঙ্গে লহরী খেলায় ॥
চলিতে না পারে গোরা- চাঁদ গোঁসাঞি রে
বলিতে না পারে আধ-বোল ।
ভাবেতে আবেশ হৈয়া হরি হরি বোলাইয়া
আচণ্ডালে ধরি' দেয় কোল ॥
এ সুখ-সম্পদ-কালে গোরা না ভজিনু হেলে
হেন পদে না করিনু আশ ।
শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র ঠাকুর শ্রীনিত্যানন্দ
গুণ গায় বৃন্দাবন দাস ॥

---

হা হা কবে গৌর-নিতাই ।
এ পতিত জনে উরু কৃপা করি
দেখা দিবে দুটি ভাই ॥
দুঁহু-কৃপাবলে নবদ্বীপ ধামে
দেখিব ব্রজের শোভা ।
আনন্দ সুখদ কুঞ্জ মনোহর
হেরিব নয়ন-লোভা ॥
তাহার নিকটে শ্রীললিতাকুণ্ড
রত্নবেদী কত শত ।



যথা রাধাকৃষ্ণ লীলা বিস্তারিয়া
বিহরেন অবিরত ॥
সখীগণ যথা লীলার সহায়
নানা সেবা-সুখ পায় ।
এ দাসী তথায় সখীর আজ্ঞাতে
কার্য্যে ইতি উতি ধায় ॥
মালতীর মালা গাঁথিয়া আনিব
দিব তবে সখী-করে ।
রাধাকৃষ্ণ-গলে সখী পরাইবে
নাচিব আনন্দ-ভরে ॥

---

ভাইরে ! ভজ গোরাচাঁদের চরণ ।
এ তিন ভুবনে আর দয়ার ঠাকুর নাই
গোরা বড় পতিত-পাবন ॥
হেন অবতারে যার নহিল ভকতি-লেশ
বল তার কি হবে উপায় ।
রবির কিরণে যার আঁখি পরসন্ন নৈল
বিধাতা বঞ্চিত ভেল তায় ॥
হেম-জলদ-কায় প্রেমধারা বরিষয়
করুণাময় অবতার ।
গোরা হেন প্রভু পেয়ে যে জন শীতল নৈল
কি জানি কেমন মন তার ॥

কলি-ভব-সাগরে নিজ নাম ভেলা করি
আপনে গৌরাঙ্গ করে পার ।
তবে যে ডুবিয়া মরে কে তারে উদ্ধার করে
এ প্রেমানন্দের পরিহার ॥

---

'গৌরাঙ্গ' বলিতে হবে পুলক শরীর ।
'হরি হরি বলিতে নয়নে ব'বে নীর ॥
আর কবে নিতাইচাঁদ করুণা করিবে ।
সংসার-বাসনা মোর কবে তুচ্ছ হ'বে ॥
বিষয় ছাড়িয়া কবে শুদ্ধ হ'বে মন ।
কবে হাম হেরব শ্রীবৃন্দাবন ॥
রূপ-রঘুনাথ-পদে হইবে আকুতি ।
কবে হাম বুঝব সে যুগল-পীরিতি ॥
রূপ রঘুনাথ পদে রহু মোর আশ ।
প্রার্থনা করয়ে সদা নরোত্তম দাস ॥

---

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু দয়া কর মোরে ।
তোমা বিনা কে দয়ালু জগৎ মাঝারে ॥
পতিত-পাবন-হেতু তব অবতার ।
মো-সম পতিত প্রভু না পাইবে আর ॥



হা হা প্রভু নিত্যানন্দ প্রেমানন্দ সুখী ।
কৃপাবলোকন কর আমি বড় দুঃখী ॥
দয়া কর সীতাপতি অদ্বৈত গোসাঞি ।
তব কৃপা-বলে পাই চৈতন্য নিতাই ॥
গৌর প্রেমময় তনু পণ্ডিত গদাধর ।
শ্রীনিবাস হরিদাস দয়ার সাগর ॥
হা হা স্বরূপ সনাতন রূপ রঘুনাথ ।
ভট্টযুগ শ্রীজীব হা প্রভু লোকনাথ ॥
দয়া কর শ্রীআচার্য্য প্রভু শ্রীনিবাস ।
রামচন্দ্র-সঙ্গ মাগে নরোত্তম দাস ॥
দয়া কর প্রভুপাদ শ্রীগৌরপ্রকাশ ।
তব জন কৃপা মাগে এই অধম দাস॥

---

কবে আহা গৌরাঙ্গ বলিয়া ।
ভোজন শয়নে দেহের যতনে
ছাড়িব বিরক্ত হঞা ॥
নবদ্বীপ-ধামে নগরে নগরে
অভিমান পরিহরি ।'
ধামবাসি-ঘরে মাধুকরী ল'ব
খাইব উদর ভরি' ॥
নদীতটে গিয়া অঞ্জলি অঞ্জলি
পিব প্রভু-পদজল ।

তরুতলে পড়ি' আলস্য ত্যজিব
পাইব শরীরে বল ॥
কাকুতি করিয়া 'গৌর-গদাধর'
'শ্রীরাধামাধব' নাম ।
কাঁদিয়া কাঁদিয়া ডাকি' উচ্চরবে
ভ্রমিব সকল ধাম ॥
বৈষ্ণব দেখিয়া পড়িব চরণে
হৃদয়ের বন্ধু জানি' ।
বৈষ্ণব ঠাকুর প্রভুর কীর্ত্তন
দেখাইবে দাস মানি' ॥

---

এ মন ! গৌরাঙ্গ বিনে নাহি আর ।
হেন অবতার হবে কি হয়েছে,
হেন প্রেম পরচার ॥
দুরমতি অতি, পতিত পাষণ্ডী,
প্রাণে না মারিল কারে ।
হরিনাম দিয়ে, হৃদয় শোধিল,
যাচি গিয়া ঘরে ঘরে ॥
ভব-বিরিঞ্চির, বাঞ্ছিত যে প্রেম,
জগতে ফেলিল ঢালি ।
কাঙ্গলে পাইয়ে, খাইল নাচিয়ে,
বাজাইয়ে করতালি ॥



হাসিয়ে কাঁদিয়ে, প্রেমে গড়াগড়ি,
পুলকে ব্যাপিল অঙ্গ ।
চণ্ডালে ব্রাহ্মণে, করে কোলাকুলি,
কবে বা ছিল এ রঙ্গ ॥
ডাকিয়ে হাঁকিয়ে, খোল-করতালে,
গাইয়ে ধাইয়ে ফিরে ।
দেখিয়া শমন, তরাস পাইয়ে,
কপাট হানিল দ্বারে ॥
এ তিন ভুবন, আনন্দে ভরিল,
উঠিল মঙ্গল-সোর ।
কহে প্রেমানন্দ, এমন গৌরাঙ্গে,
রতি না জন্মিল মোর ॥

---

## শ্রীশ্রীশিক্ষাষ্টকম্

**(১)**

**চেতোদর্পণ-মার্জ্জনং ভব-মহাদাবাগ্নি-নির্ব্বাপণং**
**শ্রেয়ঃকৈরব-চন্দ্রিকা-বিতরণং বিদ্যাবধূ-জীবনম্ ।**
**আনন্দাম্বুধি-বর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং**
**সর্ব্বাত্ম-স্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনম্ ॥১॥**

পীতবরণ কলিপাবন গোরা। গাওয়ই ঐছন ভাববিভোরা ॥
চিত্তদর্পণ-পরিমার্জ্জনকারী। কৃষ্ণকীর্ত্তন জয় চিত্তবিহারী ॥
হেলা-ভবদাব-নির্ব্বাপণ-বৃত্তি। কৃষ্ণকীর্ত্তন জয় ক্লেশনিবৃত্তি ॥
শ্রেয়ঃ-কুমুদবিধু-জ্যোৎস্না-প্রকাশ। কৃষ্ণকীর্ত্তন জয় ভক্তিবিলাস ॥
বিশুদ্ধবিদ্যাবধু-জীবন রূপ। কৃষ্ণকীর্ত্তন জয় সিদ্ধস্বরূপ ॥
আনন্দ-পয়োনিধি-বর্দ্ধন-কীর্ত্তি। কৃষ্ণকীর্ত্তন জয় প্লাবন মূর্ত্তি ॥
পদে পদে পীযুষ-স্বাদ-প্রদাতা। কৃষ্ণকীর্ত্তন জয় প্রেমবিধাতা ॥
ভক্তিবিনোদ স্বাত্মস্নপন বিধান। কৃষ্ণকীর্ত্তন জয় প্রেম নিদান ॥

(২)

**নাম্নামকারি বহুধা নিজসর্ব্বশক্তি-**
**স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।**
**এতাদৃশী তব কৃপা ভগবন্ ! মমাপি**
**দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ ॥২॥**

তুহুঁ দয়া-সাগর তারয়িতে প্রাণী।
নাম অনেক তুয়া শিখাওলি আনি ॥
সকল শকতি দেই নামে তোহারা।
গ্রহণে রাখলি নাহি কাল বিচারা ॥
শ্রীনামচিন্তামণি তোহারি সমানা।
বিশ্বে বিলাওলি করুণা-নিদানা ॥
তুয়া দয়া ঐছন পরম উদারা।
অতিশয় মন্দ নাথ ! ভাগ হামারা ॥



নাহি জনমল নামে অনুরাগ মোর।
ভকতিবিনোদ-চিত্ত দুঃখে বিভোর ॥

(৩)

**তৃণাদপি সুনীচেন তরোরিব সহিষ্ণুনা।**
**অমানিনা মানদেন কীর্ত্তনীয়ঃ সদা হরিঃ ॥৩॥**

শ্রীকৃষ্ণকীর্ত্তনে যদি মানস তোহার।
পরম যতনে তঁহি লভ অধিকার ॥
তৃণাধিক হীন দীন অকিঞ্চন ছার।
আপনে মানবি সদা ছাড়ি অহঙ্কার ॥
বৃক্ষসম ক্ষমাগুণ করবি সাধন।
প্রতিহিংসা ত্যজি অন্যে করবি পালন ॥
জীবন-নির্ব্বাহে আনে উদ্বেগ না দিবে।
পর-উপকারে নিজ-সুখ পাসরিবে ॥
হইলেও সর্ব্বগুণে গুণী মহাশয়।
প্রতিষ্ঠাশা ছাড়ি কর অমানী হৃদয় ॥
কৃষ্ণ-অধিষ্ঠান সর্ব্বজীবে জানি সদা।
করবি সম্মান সবে আদরে সর্ব্বদা ॥
দৈন্য, দয়া, অন্যে মান, প্রতিষ্ঠা বর্জ্জন।
চারিগুণে গুণী হই করহ কীর্ত্তন ॥
ভকতিবিনোদ কাঁদি বলে প্রভু পায়।
হেন অধিকার কবে দিবে হে আমায় ॥

(৪)

**ন ধনং ন জনং ন সুন্দরীং কবিতাং বা জগদীশ কাময়ে।**
**মম জন্মনি জন্মনীশ্বরে ভবতাদ্ভক্তিরহৈতুকী ত্বয়ি ॥৪॥**

প্রভু ! তব পদযুগে মোর নিবেদন।
নাহি মাগি দেহসুখ বিদ্যা ধন জন ॥
নাহি মাগি স্বর্গ আর মোক্ষ নাহি মাগি।
না করি প্রার্থনা কোন বিভূতির লাগি ॥
নিজ কর্ম্ম-গুণ-দোষে যেযে জন্ম পাই।
জন্মে জন্মে যেন তব নাম গুণ গাই ॥
এইমাত্র আশা মম তোমার চরণে।
অহৈতুকী ভক্তি-হৃদে জাগে অনুক্ষণে ॥
বিষয়ে যে প্রীতি এবে আছয়ে আমার।
সেই মত প্রীতি হউক চরণে তোমার ॥
বিপদে সম্পদে তাহা থাকুক সমভাবে।
দিনে দিনে বৃদ্ধি হউক নামের প্রভাবে ॥
পশুপক্ষী হয়ে থাকি স্বর্গে বা নিরয়ে।
তব ভক্তি রহু ভক্তিবিনোদ-হৃদয়ে ॥

(৫)

**অয়ি নন্দতনুজ ! কিঙ্করং পতিতং মাং বিষমে ভবাম্বুধৌ।**
**কৃপয়া তব পাদপঙ্কজ-স্থিত-ধূলি-সদৃশং বিচিন্তয় ॥৫॥**



অনাদি করমফলে পড়ি ভবার্ণব-জলে
তরিবারে না দেখি উপায়।
এ-বিষয় হলাহলে নিবানিশি হিয়া জ্বলে
মন কভু সুখ নাহি পায় ॥
আশা-পাশ শত শত ক্লেশ দেয় অবিরত
প্রবৃত্তি-উর্ম্মির তাহে খেলা।
কাম-ক্রোধ আদি ছয় বাটপাড়ে দেয় ভয়
অবসান হৈল আসি বেলা ॥
জ্ঞানকর্ম্ম ঠগ দুই মোরে প্রতারিয়া লই'
অবশেষে ফেলে সিন্ধুজলে।
এ হেন সময়ে বন্ধু তুমি কৃষ্ণ কৃপাসিন্ধু
কৃপা-করি' তোল মোরে বলে ॥
পতিত কিঙ্করে ধরি' পাদপদ্ম ধূলি করি'
দেহ ভক্তিবিনোদে আশ্রয়।
আমি তব নিত্যদাস ভুলিয়া মায়ার পাশ
বদ্ধ হ'য়ে আছি দয়াময় ॥

(৬)

**নয়নং গলদশ্রু-ধারয়া বদনং গদগদ-রুদ্ধয়া গিরা।**
**পুলকৈর্নিচিতং বপুঃ কদা তব নাম-গ্রহণে ভবিষ্যতি ॥৬॥**

অপরাধ-ফলে মম চিত্ত ভেল বজ্রসম
তুয়া নামে না লভে বিকার।

হতাশ হইয়া হরি তব নাম উচ্চ করি
বড় দুঃখে ডাকি বার বার ॥
দীন-দয়াময় করুণা-নিদান। ভাববিন্দু দেই রাখহ পরাণ ॥
কবে তুয়া নাম উচ্চারণে মোর। নয়নে ঝরব দর দর লোর ॥
গদ্গদ-স্বর কণ্ঠে উপজব। মুখে বোল আধ আধ বাহিরব ॥
পুলকে ভরব শরীর হামার। স্বেদ-কম্প-স্তম্ভ-হবে বার বার ॥
বিবর্ণ শরীরে হারাওবুঁ জ্ঞান। নাম-সমাশ্রয়ে ধরবু পরাণ ॥
মিলব হামার কিয়ে ঐছে দিন। রোওয়ে ভকতিবিনোদ মতিহীন ॥

(৭)

**যুগায়িতং নিমেষেণ চক্ষুষা প্রাবৃষায়িতম্।**
**শূন্যায়িতং জগৎ সর্ব্বং গোবিন্দ-বিরহেণ মে ॥**

গাইতে গাইতে নাম কি দশা হইল।
'কৃষ্ণ নিত্যদাস মুঞি' হৃদয়ে স্ফুরিল ॥
জানিলাম মায়াপাশে এ জড় জগতে।
গোবিন্দ-বিরহে দুঃখ পাই নানামতে ॥
আর যে সংসার মোর নাহি লাগে ভাল।
কাঁহা যাই, কৃষ্ণ হেরি এ চিন্তা বিশাল ॥
কাঁদিতে কাঁদিতে মোর আঁখি বরিষয়।
বর্ষাধারা হেন চক্ষে হইল উদয় ॥
নিমেষ হইল মোর শত যুগ সম।
গোবিন্দ-বিরহ আর সহিতে অক্ষম ॥



শূন্য ধরাতল, চৌদিকে দেখিয়ে,
পরাণ উদাস হয়।
কি করি, কি করি, স্থির নাহি হয়,
জীবন নাহিক রয় ॥
ব্রজবাসিগণ, মোর প্রাণ রাখ,
দেখাও শ্রীরাধানাথে।
ভকতিনিনোদ মিনতি মানিয়া,
লওহে তাহারে সাথে ॥
শ্রীকৃষ্ণ-বিরহ আর সহিতে না পারি।
পরাণ ছাড়িতে আর দিন দুই চারি ॥
গাইতে 'গোবিন্দ' নাম উপজিল ভাবগ্রাম
দেখিলাম যমুনার কূলে।
বৃষভানুসুতা-সঙ্গে শ্যাম নটবর রঙ্গে
বাঁশরী বাজায় নীপমূলে॥
দেখিয়া যুগলধন অস্থির হইল মন
জ্ঞানহারা হইলুঁ তখন।
কতক্ষণে নাহি জানি জ্ঞানলাভ হইল মানি
আর নাহি ভেল দরশন ॥
সখি গো, কেমতে ধরিব পরাণ।
নিমেষ হইল যুগের সমান ॥
শ্রাবণের ধারা, আঁখি বরিষয়,
শূন্য ভেল ধরাতল।

গোবিন্দ-বিরহে প্রাণ নাহি রহে,
কেমনে বাঁচিব বল ॥
ভকতিবিনোদ, অস্থির হইয়া,
পুনঃ নামাশ্রয় করি' ।
ডাকে রাধানাথ, দিয়া দরশন,
প্রাণ রাখ, নহে মরি ॥

(৮)

**আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-**
**মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা ।**
**যথা তথা বা বিদধাতু লম্পটো**
**মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ ॥৮॥**

বন্ধুগণ ! শুনহ বচন মোর ।
ভাবেতে বিভোর থাকিয়ে যখন,
দেখা দেয় চিত-চোর ॥
বিচক্ষণ করি', দেখিতে চাহিলে,
হয় আঁখি অগোচর ।
পুনঃ নাহি দেখি' কাঁদয়ে পরাণ
দুঃখের না থাকে ওর ॥
জগতের বন্ধু সেই কভু মোরে লয় সাথ ।
যথা তথা রাখু মোরে আমার সে প্রাণনাথ ॥



দর্শন-আনন্দ-দানে, সুখ দেয় মোর প্রাণে,
বলে মোরে প্রণয়-বচন ।
পুনঃ অদর্শন দিয়া, দগ্ধ করে মোর হিয়া,
প্রাণে মোরে মারে প্রাণধন ॥
যাহে তা'র সুখ হয়, সেই সুখ মম ।
নিজ সুখে দুঃখে মোর সর্ব্বদাই সম ॥
ভকতিবিনোদ, সংযোগে বিয়োগে,
তাহে জানে প্রাণেশ্বর ।
তা'র সুখে সুখী, সেই প্রাণনাথ,
সে কভু না হয় পর ॥

যোগপীঠোপরিস্থিত অষ্টসখী-সুবেষ্টিত
বৃন্দারণ্যে কদম্ব-কাননে ।
রাধাসহ বংশীধারী বিশ্বজন-চিত্তহারী
প্রাণ মোর তাঁহার চরণে ॥
সখী আজ্ঞামত করি দোঁহার সেবন ।
পাল্যদাসী সদা ভাবি দোঁহার চরণ ॥
কভু কৃপা করি' মম হস্ত ধরি' মধুর বচন বলে ।
তাম্বুল লইয়া, খায় দুইজনে, মালা লয় কুতূহলে ॥
অদর্শন হয় কখন কি ছলে ।
না দেখিয়া দোঁহে হিয়া মোর জ্বলে ॥
যেখানে সেখানে, থাকুক দু'জনে, আমি ত চরণ-দাসী ।

মিলনে আনন্দে, বিরহে যাতনা, সকল সমান বাসি ॥
রাধাকৃষ্ণ প্রাণ মোর জীবনে মরণে।
মোরে রাখি' মারি' সুখে থাকুক দুজনে ॥
ভকতিবিনোদ, আন নাহি জানে, পড়ি' নিজ সখী পায়।
রাধিকার গণে, থাকিয়া সতত, যুগল চরণ চায় ॥

ইতি—শ্রীকৃষ্ণচৈতন্য-মহাপ্রভোর্ম্মুখাব্জ-বিগলিতং
শ্রীশ্রীশিক্ষাষ্টকং সম্পূর্ণম্।

---

গায় গোরাচাঁদ জীবের তরে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম, রাম রাম হরে হরে ॥
একবার বল রসনা উচ্চৈঃস্বরে।
নন্দের নন্দন, যশোদাজীবন, শ্রীরাধারমণ প্রেমভরে ॥
শ্রীমধুসূদন, গোপীপ্রাণধন, মুরলীবদন নৃত্য ক'রে।
অঘ-নিসূদন, পূতনা-ঘাতন, ব্রহ্ম বিমোহন ঊর্দ্ধ করে ॥

---

গায় গোরা মধুর স্বরে।
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥
গৃহে থাক, বনে থাক, সদা হরি বলে' ডাক।
সুখে দুঃখে ভুলো নাক, বদনে হরিনাম কর রে ॥
মায়াজালে বদ্ধ হ'য়ে, আছ নিছে কাজ ল'য়ে।



এখনও চেতন পেয়ে, রাধামাধব-নাম বল রে ॥
জীবন হইল শেষ, না ভজিলে হৃষীকেশ।
ভক্তিবিনোদ-উপদেশ, একবার নামরসে মাত রে ॥

---

## শ্রীনামাষ্টকম্

**নিখিল-শ্রুতি-মৌলি-রত্নমালা-দ্যুতি-নীরাজিত-পাদপঙ্কজান্ত ! অয়ি ! মুক্তকুলৈরুপাস্যমানং পরিতস্ত্বাং হরিনাম ! সংশ্রয়ামি ॥১॥**

শ্রীরূপ-বদনে শ্রীশচীকুমার।
স্বনাম-মহিমা করল প্রচার ॥
যো নাম সো হরি, কছু নাহি ভেদ,
সো নাম সত্যমিতি গায়তি বেদ ॥
সবু উপনিষদ- রত্নমালাদ্যুতি
ঝকমকি' চরণ সমীপে।
মঙ্গল-আরতি, করই অনুক্ষণ,
দ্বিগুণিত-পঞ্চ-প্রদীপে ॥
চৌদ্দ ভুবন মাহ, দেব-নর-দানব,
ভাগ যাঁকর বলবান্।
নামরস-পীযুষ, পিবই অনুক্ষণ,
ছোড়ত করম-গেয়ান ॥
নিত্য মুক্তঃ পুনঃ, নাম উপাসনা,

সতত করই সামগানে।
গোলোকে বৈঠত, গাওয়ে নিরন্তর,
নাম-বিরহ নাহি জানে ॥
সবুরস-আকর, 'হরি' ইতি দ্বাক্ষর,
সবুভাবে করলুঁ আশ্রয়।
নাম-চরণে প'ড়ি ভকতিবিনোদ কহে,
তুয়া পদে মাগহু নিলয় ॥

**জয় নামধেয় ! মুনিবৃন্দ-গেয় ! জন-রঞ্জনায় পরমক্ষরাকৃতে !**
**ত্বমনাদরাদপি মনাগুদীরিতং নিখিলোগ্রতাপ-পটলীং বিলুম্পসি ॥২॥**

জয় জয় হরিনাম, চিদানন্দামৃতধাম,
পরতত্ত্ব অক্ষর-আকার।
নিজজনে কৃপা করি', নামরূপে অবতরি,
জীবে দয়া করিলে অপার ॥
জয় 'হরি' 'কৃষ্ণ' 'রাম' জগজন-সুবিশ্রাম,
সর্ব্বজন-মানস-রঞ্জন।
মুনিবৃন্দ নিরন্তর, যে নামের সমাদর,
করি' গায় ভরিয়া বদন ॥
ওহে কৃষ্ণনামাক্ষর, তুমি সর্ব্বশক্তিধর,



জীবের কল্যাণ-বিতরণে।
তোমা বিনা ভবসিন্ধু, উদ্ধারিতে নাহি বন্ধু,
আসিয়াছ জীব-উদ্ধারণে ॥
আছে তাপ জীবে যত, তুমি সব কর হত,
হেলায় তোমারে একবার।
ডাকে যদি কোনজন, হ'য়ে দীন অকিঞ্চন,
নাহি দেখি' অন্য প্রতিকার ॥
তব স্বল্পস্ফূর্ত্তি পায়, উগ্রতাপ দূরে যায়,
লিঙ্গভঙ্গ হয় অনায়াসে।
ভকতিবিনোদ কয়, জয় হরিনাম জয়,
পড়ে' থাকি তুয়া পদ-আশে ॥

**যদাভাসোঽপ্যুদ্যন্ কবলিত-ভবধ্বান্ত-বিভবো**
**দৃশং তত্ত্বান্ধানামপি দিশতি ভক্তি-প্রণয়িনীং।**
**জনস্তস্যোদাত্তুং জগতি ভগবন্নাম-তরণে**
**কৃতী তে নির্ব্বক্তুং ক ইহ মহিমানং প্রভবতি ॥৩॥**

বিশ্বে উদিত, নাম-তপন,
অবিদ্যা-বিনাশ লাগি।
ছোড়ত সব, মায়া-বিভব,
সাধু তাহে অনুরাগী ॥
হরিনাম প্রভাকর, অবিদ্যা-তিমিরহর,

তোমার মহিমা কেবা জানে।
কে হেন পণ্ডিতজন, তোমার মাহাত্ম্যগণ,
উচ্চৈঃস্বরে সকল বাখানে ॥
তোমার আভাস পহিলহি ভায়।
এ ভব-তিমির কবলিতপ্রায় ॥
অচিরে তিমির নাশিয়া প্রজ্ঞান।
তত্ত্বান্ধনয়নে করেন বিধান ॥
সেই ত' প্রজ্ঞান বিশুদ্ধা ভকতি।
উপজায় হরিবিষয়িণী মতি ॥
এ অদ্ভুত-লীলা সতত তোমার।
ভকতিবিনোদ জানিয়াছে সার ॥

**যদ্ব্রহ্ম-সাক্ষাৎকৃতি-নিষ্ঠয়াপি বিনাশমায়াতি বিনা ন ভোগৈঃ।**
**অপৈতি নাম ! স্ফুরণেন তত্তে প্রারব্ধ-কর্ম্মেতি বিরৌতি বেদঃ ॥৪॥**

জ্ঞানী জ্ঞান-যোগে, করিয়া যতনে,
ব্রহ্মের সাক্ষাৎ করে।
ব্রহ্ম-সাক্ষাৎকার, অপ্রারব্ধ কর্ম্ম,
সম্পূর্ণ জ্ঞানেতে হরে ॥
তবু ত' প্রারব্ধ, নাহি হয় ক্ষয়,
ফলভোগ বিনা কভু।
ব্রহ্মভূত জীব, ফলভোগ লাগি',



জনম-মরণ লভু ॥
কিন্তু ওহে নাম, তব স্ফুর্ত্তি হ'লে,
একান্তী জনের আর।
প্রারব্ধাপ্রারব্ধ, কিছু নাহি থাকে,
বেদে গায় বার বার ॥
তোমার উদয়ে, জীবের হৃদয়,
সম্পূর্ণ শোধিত হয়।
কর্ম্মজ্ঞান-বন্ধ, সব দূরে যায়,
অনায়াসে ভব-ক্ষয় ॥
ভকতি বিনোদ, বাহু তুলে কয়,
নামের নিশান ধর।
নামডঙ্কা-ধ্বনি, করিয়া যাইবে,
ভেটিবে মুরলীধর ॥

**অঘদমন-যশোদানন্দনৌ নন্দসূনো !**
**কমলনয়ন-গোপীচন্দ্র-বৃন্দাবনেন্দ্রাঃ !**
**প্রণতকরুণ-কৃষ্ণাবিত্যনেক-স্বরূপে**
**ত্বয়ি মম রতিরুচ্চৈর্বর্দ্ধতাং নামধেয় ! ॥৫॥**

হরিনাম, তুয়া অনেক স্বরূপ।
যশোদানন্দন, আনন্দবর্দ্ধন,
নন্দতনয় রসকূপ ॥
পূতনা-ঘাতন, তৃণাবর্ত্তহন,

শকট-ভঞ্জন গোপাল ।
মুরলী-বদন, অঘ-বক-মর্দন
গোবর্ধনধারী রাখাল ॥
কেশী-মর্দন, ব্রহ্ম-বিমোহন,
সুরপতি-দর্প-বিনাশী ।
অরিষ্ট-পাতন, গোপী-বিমোহন,
যামুনপুলিন-বিলাসী ॥
রাধিকা-রঞ্জন, রাস-রসায়ন,
রাধাকুণ্ড-কুঞ্জ বিহারী ।
রাম, কৃষ্ণ, হরি, মাধব, নরহরি,
মৎস্যাদি-গণ অবতারী ॥
গোবিন্দ, বামন, শ্রীমধুসূদন,
যাদবচন্দ্র, বনমালী ।
কালিয়-শাতন, গোকুলরঞ্জণ,
রাধাভজন-সুখশালী ॥
ইত্যাদিক নাম, স্বরূপে প্রকাম,
বাড়ুক মোর রতি রাগে ।
রূপ-স্বরূপ-পদ, জানি' নিজ সম্পদ
ভক্তিবিনোদ ধরি' মাগে ॥

**বাচ্যং বাচকমিত্যুদেতি ভবতো নাম ! স্বরূপ-দ্বয়ং**
**পূর্ব্বস্মাৎ পরমেব হন্ত ! করুণং তত্রাপি জানীমহে।**
**যস্তস্মিন্ বিহিতাপরাধ-নিবহঃ প্রাণী সমন্তাদ্ভবে**



**দাস্যেনেদমুপাস্য সোঽপি হি সদানন্দাম্বুধৌ মজ্জতি ॥৬॥**

বাচ্য ও বাচক—দুই স্বরূপ তোমার ।
বাচ্য—তব শ্রীবিগ্রহ চিদানন্দাকার ॥
বাচক-স্বরূপ তব 'শ্রীকৃষ্ণা'দি নাম ।
বর্ণরূপী সর্ব্বজীব-আনন্দ-বিশ্রাম ॥
এই দুই স্বরূপে তব অনন্ত প্রকাশ ।
দয়া করি' দেয় জীবে তোমার বিলাস ॥
কিন্তু জানিয়াছি' নাথ বাচক-স্বরূপ ।
বাচ্যাপেক্ষা দয়াময়, এই অপরূপ ॥
নাম নামী ভেদ নাই বেদের বচন ।
তবু নাম—নামী হ'তে অধিক করুণ ॥
কৃষ্ণে-অপরাধী যদি নামে শ্রদ্ধা করি' ।
প্রাণ ভরি' ডাকে নাম—'রাম, কৃষ্ণ, হরি', ॥
অপরাধ দূরে যায় আনন্দ সাগরে ।
ভাসে সেই অনায়াসে রসের পাথারে ॥
বিগ্রহস্বরূপ বাচ্যে অপরাধ করি' ।
শুদ্ধনামাশ্রয়ে সেই অপরাধে তরি ॥
ভকতিবিনোদ মাগে শ্রীরূপ-চরণে ।
বাচক-স্বরূপ নামে রতি অনুক্ষণে ॥

**সূদিতাশ্রিত-জনার্ত্তিরাশয়ে রম্য-চিদ্ঘন-সুখ স্বরূপিণে !**
**নাম ! গোকুল-মহোৎসবায় তে**

**কৃষ্ণ ! পূর্ণ-বপুষে নমো নমঃ ॥৭॥**

ওহে হরিনাম, তব মহিমা অপার ।
তব পদে নতি আমি করি বার বার ॥
গোকুলের মহোৎসব আনন্দ সাগর ।
তোমার চরণে পড়ি হইয়া কাতর ॥
তুমি কৃষ্ণ, পূর্ণ বপু, রসের নিদান ।
তব পদে পড়ি তব গুণ করি গান ॥
যে করে তোমার পদে একান্ত আশ্রয় ।
তা'র আর্তিরাশি নাশ করহ নিশ্চয় ॥
সর্ব্ব অপরাধ তুমি নাশ কর তা'র ।
নাম-অপরাধাবধি নাশহ তাহার ॥
সর্ব্বদোষ ধৌত করি' তাহার হৃদয় ।
সিংহাসনে বৈস তুমি পরম আশ্রয় ॥
অতিরম্য চিদ্‌ঘন আনন্দ-মূর্তিমান্ ।
'রসো বৈ সঃ' বলি' বেদ করে তুয়া গান ॥
ভক্তিবিনোদ রূপগোস্বামি-চরণে ।
মাগয়ে সর্ব্বদা নাম-স্ফূর্তি সর্ব্বক্ষণে ॥

**নারদ-বীণোজ্জীবন ! সুধোর্ম্মি-নির্যাস-মাধুরীপূর ! ।**
**ত্বং কৃষ্ণনাম ! কামং স্ফুর মে রসনে রসেন সদা ॥৮॥**

নারদমুনি, বাজায় বীণা, 'রাধিকারমণ'-নামে ।
নাম অমনি, উদিত হয়, ভকত-গীতসামে ॥১॥



অমিয়-ধারা, বরিষে ঘন, শ্রবণ যুগলে-গিয়া ।
ভকতজন, সঘনে নাচে, ভরিয়া আপন হিয়া ॥২॥
মাধুরীপূর, আসব পশি', মাতায় জগত-জনে ।
কেহ বা কাঁদে, কেহ বা নাচে, কেহ মাতে মনে মনে ॥৩॥
পঞ্চবদন, নারদে ধরি', প্রেমের সঘন রোল ।
কমলাসন, নাচিয়া বলে, 'বোল বোল হরি বোল' ॥৪॥
সহস্রানন, পরমসুখে, 'হরি হরি' বলি গায় ।
নাম-প্রভাবে, মাতিল বিশ্ব, নাম রস সবে পায় ॥৫॥
শ্রীকৃষ্ণনাম, রসনে স্ফুরি', পুরা'ও আমার আশ ।
শ্রীরূপ-পদে, যাচয়ে ইহা, ভকতিবিনোদ-দাস ॥৬॥

**ইতি—শ্রীমদ্রূপগোস্বামিপ্রভু-বিরচিতং শ্রীনামাষ্টকম্ সম্পূর্ণম্ ।**

## শ্রীশ্রীমন্মহাপ্রভুর শতনাম

প্রথম গীত

(যথা রাগ)

নদীয়া-নগরে নিতাই নেচে' নেচে' গায় রে ॥ধ্রু॥

[১]

জগন্নাথসুত মহাপ্রভু বিশ্বম্ভর ।
মায়াপুর-শশী নবদ্বীপ-সুধাকর ॥১॥
শচীসুত গৌরহরি নিমাইসুন্দর ।

রাধাভাবকান্তি-আচ্ছাদিত নটবর ॥২॥
নামানন্দ চপল বালক মাতৃভক্ত ।
ব্রহ্মাণ্ডবদন তর্কী কৌতুকানুরক্ত ॥৩॥

[২]

বিদ্যার্থি-উড়ুপ চৌরদ্বয়ের মোহন ।
তৈর্থিক-সর্ব্বস্ব গ্রাম্যবালিকা ক্রীড়ন ॥৪॥
লক্ষ্মী-প্রতি বরদাতা উদ্ধত বালক ।
শ্রীশচীর পতি-পুত্র শোক নিবারক ॥৫॥
লক্ষ্মীপতি পূর্ব্বদেশ-সর্ব্বক্লেশহর ।
দিগ্বিজয়ি-দর্পহারী বিষ্ণুপ্রিয়েশ্বর ॥৬॥

[৩]

আর্য্যধর্ম্মপাল পিতৃগয়া পিণ্ডদাতা ।
পুরীশিষ্য মধ্বাচার্য্য-সম্প্রদায়-পাতা ॥৭॥
কৃষ্ণনামোন্মত্ত কৃষ্ণতত্ত্ব অধ্যাপক ।
নামসংকীর্ত্তন-যুগধর্ম্ম-প্রবর্ত্তক ॥৮॥
অদ্বৈত বান্ধব শ্রীনিবাস-গৃহধন ।
নিত্যানন্দ-প্রাণ গদাধরের জীবন ॥৯॥

[৪]

অন্তর্দ্বীপ-শশধর সীমন্ত-বিজয় ।
গোদ্রুম বিহারী মধ্যদ্বীপ লীলাশ্রয় ॥১০॥
কোলদ্বীপ পতি ঋতুদ্বীপ মহেশ্বর ।
জহ্নু মোদদ্রুম রুদ্রদ্বীপের ঈশ্বর ॥১১॥
নবখণ্ড-রঙ্গনাথ জাহ্নবী জীবন ।
জগাই-মাধাই-আদি দুর্ব্বৃত্ত-তারণ ॥১২॥



[৫]

নগরকীর্ত্তনসিংহ কাজী উদ্ধারণ ।
শুদ্ধনাম-প্রচারক ভক্তার্ত্তিহরণ ॥১৩॥
নারায়ণী-কৃপাসিন্ধু জীবের নিয়ন্তা ।
অধম-পড়ুয়া-দণ্ডী ভক্তদোষ-হন্তা ॥১৪॥
শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র ভারতী-তারণ ।
পরিব্রাজশিরোমণি উৎকল-পাবন ॥১৫॥

[৬]

অম্বুলিঙ্গ ভুবনেশ কপোতেশ পতি ।
ক্ষীরচোর গোপাল দর্শনসুখী যতি ॥১৬॥
নির্দ্দণ্ডি-সন্ন্যাসী সার্ব্বভৌম-কৃপাময় ।
স্বানন্দ-আস্বাদানন্দী সর্ব্বসুখাশ্রয় ॥১৭॥
পুরটসুন্দর বাসুদেব-ত্রাণকর্ত্তা ।
রামানন্দ-সখা ভট্টকুল ক্লেশহর্ত্তা ॥১৮॥

[৭]

বৌদ্ধ-জৈন-মায়াবাদি-কুতর্ক-খণ্ডন ।
দক্ষিণ-পাবন ভক্তিগ্রন্থ-উদ্ধারণ ॥১৯॥
আলাল-দর্শনানন্দী রথাগ্র-নর্ত্তক ।
গজপতিত্রাণ দেবানন্দ-উদ্ধারক ॥২০॥
কুলিয়াপ্রকাশে দুষ্ট পড়ুয়ার ত্রাণ ।
রূপ-সনাতন-বন্ধু সর্ব্বজীবপ্রাণ ॥২১॥

[৮]

বৃন্দাবনানন্দমূর্ত্তি বলভদ্র-সঙ্গী ।

যবন-উদ্ধারী ভট্ট-বল্লভের রঙ্গী ॥২২॥
কাশীবাসি-সন্ন্যাসি-উদ্ধারী প্রেমদাতা।
মর্কটবৈরাগি-দণ্ডী আচণ্ডাল-ত্রাতা ॥২৩॥
ভক্তের গৌরবকারী ভক্তপ্রাণধন।
হরিদাস-রঘুনাথ-স্বরূপ-জীবন ॥২৪॥
নদীয়া-নগরে নিতাই নেচে' নেচে' গায় রে।
ভকতিবিনোদ তাঁ'র পড়ে রাঙ্গাপায় রে ॥২৫॥

দ্বিতীয় গীত

জয় গোদ্রুম পতি গোরা।
নিতাই-জীবন, অদ্বৈতের ধন,
বৃন্দাবন-ভাব-বিভোরা।
গদাধর-প্রাণ, শ্রীবাস-শরণ,
কৃষ্ণভক্তমানস-চোরা ॥১॥

তৃতীয় গীত

কলিযুগপাবন বিশ্বম্ভর।
গৌড়চিত্তগগন-শশধর।
কীর্ত্তন-বিধাতা, পরপ্রেমদাতা,
শচীসুত পুরটসুন্দর ॥১॥

চতুর্থ গীত



কৃষ্ণচৈতন্য অদ্বৈত প্রভু নিত্যানন্দ।
গদাধর শ্রীনিবাস মুরারি মুকুন্দ।
স্বরূপ-রূপ-সনাতন-পুরী রামানন্দ ॥১॥

## শ্রীকৃষ্ণের বিংশোত্তর শতনাম

(জনসাধারণের অষ্টপ্রহর নামকীর্ত্তনের জন্য)

প্রথম গীত

নগরে নগরে গোরা গায় ॥ধ্রু॥

[১]

যশোমতী স্তন্যপায়ী শ্রীনন্দনন্দন।
ইন্দ্রনীলমণি ব্রজ-জনের জীবন ॥১॥
শ্রীগোকুল-নিশাচরী পূতনা-ঘাতন।
দুষ্ট-তৃণাবর্ত্তহন্তা শকট-ভঞ্জন ॥২॥
নবনীত-চোর দধিহরণ-কুশল।
যমল-অর্জ্জুন-ভঞ্জী গোবিন্দ গোপাল ॥৩॥

[২]

দাামোদর বৃন্দাবন-গোবৎস-রাখাল।
বৎসাসুরান্তক হরি নিজজনপাল ॥৪॥
বকশত্রু অঘহন্তা ব্রহ্মবিমোহন।
ধেনুকনাশন কৃষ্ণ কালিয়দমন ॥৫॥
পীতাম্বর শিখিপিচ্ছধারী বেণুধর।

ভাণ্ডীরকাননলীল দাবানল-হর ॥৬॥

[৩]

নটবর গুহাচর শরতবিহারী ।
বল্লবীবল্লভ দেব গোপীবস্ত্রহারী ॥৭॥
যজ্ঞপত্নীগণ প্রতি করুণার সিন্ধু ।
গোবর্দ্ধনধৃক্ মাধব ব্রজবাসীবন্ধু ॥৮॥
ইন্দ্রদর্পহারী নন্দরক্ষিতা মুকুন্দ ।
শ্রীগোপীবল্লভ রাসক্রীড় পূর্ণানন্দ ॥৯॥

[৪]

শ্রীরাধাবল্লভ রাধামাধব সুন্দর ।
ললিতা-বিশাখা আদি সখী প্রাণেশ্বর ॥১০॥
নবজলধরকান্তি মদনমোহন ।
বনমালী স্মেরমুখ গোপীপ্রাণধন ॥১১॥
ত্রিভঙ্গী মুরলীধর যামুন-নাগর ।
রাধাকুণ্ড-রঙ্গনেতা রসের সাগর ॥১২॥

[৫]

চন্দ্রাবলী-প্রাণনাথ কৌতুকাভিলাষী ।
রাধামান সুলম্পট মিলন-প্রয়াসী ॥১৩॥
মানসগঙ্গার দানী প্রসূনতস্কর ।
গোপীসহ হঠকারী ব্রজবনেশ্বর ॥১৪॥
গোকুলসম্পদ্ গোপদুঃখ-নিবারণ ।
দুর্ম্মদ-দমন ভক্ত-সন্তাপ-হরণ ॥১৫॥

[৬]



সুদর্শন-মোচন শ্রীশঙ্খচুড়ান্তক ।
রামানুজ শ্যামচাঁদ মুরলীবাদক ॥১৬॥
গোপীগীতশ্রোতা মধুসূদন মুরারি ।
অরিষ্টঘাতক রাধাকুণ্ডাদি-বিহারী ॥১৭॥
ব্যোমান্তক পদ্মনেত্র কেশিনিসূদন ।
রঙ্গক্রীড় কংসহন্তা মল্লপ্রহরণ ॥১৮॥

[৭]

বসুদেব-সুত বৃষ্ণিবংশ-কীর্ত্তিধ্বজ ।
দীননাথ মথুরেশ দেবকীগর্ভজ ॥১৯॥
কুব্জাকৃপাময় বিষ্ণু শৌরি নারায়ণ ।
দ্বারকেশ নরকঘ্ন শ্রীযদুনন্দন ॥২০॥
শ্রীরুক্মিণীকান্ত সত্যাপতি সুরপাল ।
পাণ্ডব-বান্ধব শিশুপালাদির কাল ॥২১॥

[৮]

জগদীশ জনার্দ্দন কেশবার্ত্তত্রাণ ।
সর্ব্ব-অবতার-বীজ বিশ্বের নিদান ॥২২॥
মায়েশ্বর যোগেশ্বর ব্রহ্মতেজাধার ।
সর্ব্বাত্মার আত্মা প্রভু প্রকৃতির পার ॥২৩॥
পতিতপাবন জগন্নাথ সর্ব্বেশ্বর ।
বৃন্দাবনচন্দ্র সর্ব্বরসের আকর ॥২৪॥
নগরে নগরে গোর গায় ।
ভকতিবিনোদ তছু পায় ॥২৫॥

দ্বিতীয় গীত

কৃষ্ণ গোবিন্দ হরে ।
গোপীবল্লভ শৌরে ॥১॥
শ্রীনিবাস, দামোদর, শ্রীরাম মুরারে ।
নন্দনন্দন, মাধব, নৃসিংহ, কংসারে ॥২॥

তৃতীয় গীত

রাধাবল্লভ, মাধব, শ্রীপতি, মুকুন্দ ।
গোপীনাথ, মদনমোহন, রাস-রসানন্দ ।
অনঙ্গ-সুখদ-কুঞ্জ-বিহারী গোবিন্দ ॥১॥

চতুর্থ গীত

রাধামাধব কুঞ্জবিহারী ।
গোপীজনবল্লভ গিরিবরধারী ।
যশোদানন্দন, ব্রজজনরঞ্জন,
যামুনতীর-বনচারী ॥১॥

পঞ্চম গীত

রাধাবল্লভ, রাধাবিনোদ ।
রাধামাধব, রাধাপ্রমোদ ॥১॥
রাধারমণ, রাধানাথ,
রাধাবরণামোদ ।
রাধারসিক, রাধাকান্ত,
রাধামিলনমোদ ॥২॥

ষষ্ঠ গীত



জয় যশোদানন্দন কৃষ্ণ গোপাল গোবিন্দ ।
জয় মদনমোহন হরে অনন্ত মুকুন্দ ॥১॥
জয় অচ্যুত, মাধব রাম বৃন্দাবনচন্দ্র ।
জয় মুরলীবদন শ্যাম গোপীজনানন্দ ॥২॥

## দশাবতারস্তোত্রম্—

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং বিহিত-বহিত্রচরিত্রমখেদম্ ।
কেশব ধৃতমীনশরীর জয় জগদীশ হরে ॥১॥

ক্ষিতিরিহ বিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে ধরণিধরণকিনচক্রগরিষ্ঠে ।
কেশব ধৃতকূর্ম্মশরীর জয় জগদীশ হরে ॥২॥

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না শশিনি কলঙ্ককলেব নিমগ্না ।
কেশব ধৃতশূকররূপ জয় জগদীশ হরে ॥৩॥

তব করকমলবরে নখমদ্ভুতশৃঙ্গং, দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্ ।
কেশব ধৃতনরহরিরূপ জয় জগদীশ হরে ॥৪॥

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন পদনখনীরজনিতজনপাবন ।
কেশব ধৃতবামনরূপ জয় জগদীশ হরে ॥৫॥

ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং স্নপয়সি পয়সি শমিতভবতাপং ।
কেশব ধৃতভৃগুপতিরূপ জয় জগদীশ হরে ॥৬॥

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং দশমুখমৌলিবলিং রমনীয়ম্।
কেশব ধৃতরামশরীর জয় জগদীশ হরে ॥৭॥

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং, হলহতিভীতিমিলিতযমুনাভং।
কেশব ধৃতহলধররূপ জয় জগদীশ হরে ॥৮॥



নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং সদয়হৃদয়দর্শিতপশুঘাতম্।
কেশব ধৃতবুদ্ধশরীর জয় জগদীশ হরে ॥৯॥

ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং, ধূমকেতুমিব কিমপি করালম্।
কেশব ধৃতকল্কিশরীর জয় জগদীশ হরে ॥১০॥

শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং শৃণু সুখদং শুভদং ভবসারম্।
কেশব ধৃতদশবিধরূপ জয় জগদীশ হরে ॥১১॥

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে
ম্লেচ্ছান্ মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥১২॥

শ্রীল জয়দেব গোস্বামী বরচিত

শ্রিত-কমলা-কুচ-মণ্ডল ধৃত-কুণ্ডল
কলিত-ললিত-বনমাল !
জয় জয় দেব হরে ॥১॥
দিনমণি-মণ্ডল মণ্ডন ভব-খণ্ডন
মুনিজনমানস-হংস !
জয় জয় দেব হরে ॥২॥
কালিয়-বিষধর-গঞ্জন জন-রঞ্জন
যদুকুল-নলিন-দিনেশ !
জয় জয় দেব হরে ॥৩॥

মধু-মুর-নরকবিনাশন গরুড়াসন
স্থরকুল-কেলি-নিদান !
জয় জয় দেব হরে ॥৪॥

অমল-কমল-দল-লোচন-ভব-মোচন
ত্রিভুবন-ভবন-নিধান !
জয় জয় দেব হরে ॥৫॥

জনকস্থতা-কৃত-ভূষণ জিত দূষণ
সমর-শমিত-দশকণ্ঠ !
জয় জয় দেব হরে ॥৬॥

অভিনব-জলধর-স্থন্দর ধৃতমন্দর
শ্রীমুখচন্দ্র-চকোর,
জয় জয় দেব হরে ॥৭॥

তব চরণে প্রণতা বয়মিতি ভাবয়
কুরু কুশলং প্রণতেষু
জয় জয় দেব হরে ॥৮॥

শ্রীজয়দেব-কবেরিদং কুরুতে মুদং
মঙ্গলমুজ্জ্বলগীতি,
জয় জয় দেব হরে ॥৯॥



# শ্রীশ্রীদামোদরাষ্টকম্

(কার্ত্তিক মাসে ও নিয়ম সেবার আরম্ভ হইতে শেষ পর্য্যন্ত প্রত্যহ ইহা পাঠ করা অবশ্য কর্ত্তব্য )

নমামীশ্বরং সচ্চিদানন্দরূপং
লসৎ-কুণ্ডলং গোকুলে ভ্রাজমানং ।
যশোদাভিয়োলুখলাদ্ধাবমানং
পরামৃষ্টমত্যং ততো দ্রুত্য গোপ্যা ॥১॥

রুদন্তং মুহুর্নেত্রযুগ্মং মৃজন্তং
করাম্ভোজযুগ্মেন সাতঙ্কনেত্রম্ ।
মুহুঃশ্বাসকম্প-ত্রিরেখাঙ্ককণ্ঠ
স্থিত-গ্রৈব-দামোদরং ভক্তিবদ্ধম্ ॥২॥

ইতীদৃক্ স্বলীলাভিরানন্দকুণ্ডে
স্বঘোষং নিমজ্জন্তমাখ্যাপয়ন্তং ।
তদীয়েশিতজ্ঞেষু ভক্তৈর্জ্জিতত্বং
পুনঃ প্রেমতস্তং শতাবৃত্তি বন্দে ॥৩॥

বরং দেব! মোক্ষং ন মোক্ষাবধিং বা
ন চান্যং বৃণেঽহং বরেশাদপীহ ।
ইদন্তে বপুর্ণাথ ! গোপালবালং
সদা মে মনস্যাবিরাস্তাং কিমন্যৈঃ ॥৪॥

ইদন্তে মুখাম্ভোজমব্যক্ত-নীলৈ-
র্বৃতং কুন্তলৈঃ স্নিগ্ধরক্তৈশ্চ গোপ্যা ।
মুহুশ্চুম্বিতং বিম্বরক্তাধরং মে
মনস্যাবিরাস্তামলং লক্ষলাভৈঃ ॥৫॥

নমো দেব ! দামোদরানন্ত ! বিষ্ণো !
প্রসীদ প্রভো ! দুঃখজালাব্ধিমগ্নং ।
কৃপাদৃষ্টিবৃষ্ট্যাতিদীনং বতানু-
গৃহাণেশ ! মামজ্ঞমেধ্যক্ষি দৃশ্যঃ ॥৬॥

কুবেরাত্মজৌ বদ্ধমূর্ত্ত্যৈব যদ্বৎ
ত্বয়া মোচিতৌ ভক্তিভাজৌ কৃতৌ চ ।
তথা প্রেমভক্তিং স্বকাং মে প্রযচ্ছ
ন মোক্ষে গ্রহো মেঽস্তি দামোদরেহ ॥৭॥

নমস্তেঽস্তু দাম্নে স্ফুরদ্দীপ্তিধাম্নে
ত্বদীয়োদরায়াথ বিশ্বস্য ধাম্নে ।
নমো রাধিকায়ৈ ত্বদীয়প্রিয়ায়ৈ
নমোঽনন্তলীলায় দেবায় তুভ্যম্ ॥৮॥



# শ্রীশ্রীজগন্নাথাষ্টকম্

শ্রীশ্রীজগন্নাথদেবায় নমঃ ।

কদাচিৎ কালিন্দীতট-বিপিনসঙ্গীত-তরলো
মুদাভীরীনারী-বদনকমলাস্বাদ-মধুপঃ ।
রমা-শম্ভু-ব্রহ্মা-মরপতি-গণেশার্চ্চিতপদো ।
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥১॥

ভুজে সব্যে বেণুং শিরসি শিখিপিচ্ছং কটিতটে
দুকূলং নেত্রান্তে সহচরকটাক্ষং বিদধতে ।
সদা শ্রীমদ্বৃন্দাবন-বসতি-লীলাপরিচয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥২॥

মহাম্ভোধেস্তীরে কনকরুচিরে নীলশিখরে
বসন্ প্রাসাদান্তং সহজবলভদ্রেণ বলিনা ।
সুভদ্রামধ্যস্থঃ সকল-সুরসেবাবসরদো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৩॥

কৃপা-পারাবারঃ সজল-জলদ-শ্রেণিরুচিরো
রমাবাণী-রামঃ স্ফুরদমল-পঙ্কেরুহমুখঃ ।
সুরেন্দ্রৈরারাধ্যঃ-শ্রুতিগণশিখা-গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৪॥

রথারূঢ়ো গচ্ছন্ পথি মিলিত-ভূদেব-পটলৈঃ
স্তুতিপ্রাদুর্ভাবং প্রতিপদমুপাকর্ণ্য সদয়ঃ।
দয়াসিন্ধুর্ব্বন্ধুঃ সকলজগতাং সিন্ধুসদয়ো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৫॥

পরংব্রহ্মাপীড়ঃ কুবলয়-সলোৎফুল্ল-নয়নো
নিবাসী নীলাদ্রৌ নিহিতচরণোঽনন্তশিরসি।
রসানন্দী রাধা-সরসবপুরালিঙ্গন-সুখো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৬॥

ন বৈ যাচে রাজ্যং ন চ কনক-মাণিক্য-বিভবং
ন যাচেঽহং রম্যাং সকলজন-কাম্যাং বরবধূম্।
সদা কালে কালে প্রমথপতিনা গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৭॥

হর ত্বং সংসারং দ্রুততরমসারং সুরপতে!
হর ত্বং পাপানাং বিততিমপরাং যাদবপতে।
অহো দীনেঽনাথে নিহিতচরণো নিশ্চিতমিদং
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥৮॥

জগন্নাথাষ্টকং পুণ্যং যঃ পঠেৎ প্রযতঃ শুচিঃ।
সর্ব্বপাপ-বিশুদ্ধাত্মা বিষ্ণুলোকং স গচ্ছতি ॥
শ্রীগৌরচন্দ্র-মুখপদ্ম-বিনির্গতং শ্রীশ্রীজগন্নাথাষ্টকম্ সম্পূর্ণম্।



# শ্রীকৃষ্ণ-বন্দনা

(হে) দেব ভবন্তং বন্দে।

মন্মানস-মধুকর মর্পয় নিজপদ-পঙ্কজ-মকরন্দে ॥
যদপি সমাধিষু বিধিরপি পশ্যতি ন তব নখাগ্রমরীচিম্।
ইদমিচ্ছামি নিশম্য তবাচ্যুত তদপি কৃপাদ্ভুতবীচিম্ ॥১॥
ভক্তিরুদঞ্চতি যদপি মাধব ন ত্বয়ি মম তিলমাত্রী।
পরমেশ্বরতা তদপি তবাধিক-দুর্ঘটঘটন-বিধাত্রী ॥২॥
অয়মবিলোল-তয়াদ্য সনাতন কলিতাদ্ভুত-রসভারম্।
নিবসতু নিত্যমিহামৃতনিন্দিনি বিন্দন্মধুরিম-সারম্ ॥৩॥

জয় জয় সুন্দর নন্দকুমার—
সৌরভসঙ্কট-বৃন্দাবনতট-বিহিত-বসন্তবিহার ॥ধ্রু
অভিনব-কুটমলগুচ্ছসমুজ্জ্বল-কুঞ্চিত-কুন্তল-ভার।
প্রণয়িজনেরিত-বন্দনসহকৃত-চূর্ণিতবরঘন-সার ॥১॥
অধরবিরাজিত-মন্দতরস্মিত-লোভিত-নিজপরিবার।
চটুলদৃগঞ্চল-রচিতরসোজ্জ্বল-রাধা-মদনবিকার ॥২॥
ভুবনবিমোহন-মঞ্জুলনর্ত্তন-গতিবল্গিত-মণিহার।
নিজবল্লভজন-সুহৃতসনাতন-চিত্তবিহরদবতার ॥৩॥

শ্রীল রূপগোস্বামী বিরচিত

## শ্রীশ্রীরাধিকা স্তুতিঃ

রাধে জয় জয় মাধবদয়িতে । গোকুলতরুণীমণ্ডলমহিতে ॥
দামোদর-রতিবর্দ্ধনবেশে । হরিনিষ্কুটবৃন্দাবিপিনেশে ॥
বৃষভানূদধি নবশশিলেখে । ললিতাসখি গুণরমিতবিশাখে ॥
করুণাং কুরু ময়ি করুণাভরিতে । সনক-সনাতনবর্ণিতচরিতে ॥

---

বসতু মনো মম মদনগোপালে ।
নবরতিকেলি-বিলাসপরাবধি-রাধা-স্মরত-রসালে ॥
মদশিখিপিঞ্ছমুকুটপরিলাঞ্ছিতকুঞ্চিতকচনিকুরম্বে ।
মুখরিতবেণু-হতত্রপধাবিত-নবব্রজযুবতীকদম্বে ॥
কলিতকলিন্দসুতা-পুলিনোজ্জ্বল-কল্পমহীরুহমূলে ।
কিঙ্কিণীকলরব-রঞ্জিতকটিতট-কোমলপীতদুকূলে ॥
মুরলীমনোহর-মধুরতরাধর-ঘনরুচিচৌরকিশোরে ।
শ্রীবৃষভানুকুমারীমোহন-রুচি-মুখচন্দ্রচকোরে ॥
গুঞ্জাহার-মকরমণিকুণ্ডল-কঙ্কন-নূপুরশোভে ।
মৃদুমধুরস্মিত চারুবিলোচনা রসিকবধুকৃতলোভে ॥
মত্তমধুব্রত-গুঞ্জিতরঞ্জিত-গলদোলিতবনমালে ।
গন্ধোদ্বর্ত্তিত-সুবলিতসুন্দর-পুলকিতবাহুবিশালে ॥
উজ্জ্বলরত্ন-তিলকললিতালক-সকনকমৌক্তিকনাসে ।
শারদকোটি-সুধাকিরণোজ্জ্বল-শ্রীমুখকমলবিলাসে ॥



গ্রীবাকটি-পদভঙ্গীমনোহর-অতিসুকুমারশরীরে ।
বৃন্দাবন-নবকুঞ্জগৃহান্তর-রতি-রণরঙ্গসুধীরে ॥
পরিমলসার-সকেশর-চন্দন-চর্চ্চিতরস-লসদঙ্গে ।
পরমানন্দ-রসৈকঘনাকৃতি-প্রবহতনন্দতরঙ্গে ॥
পদনখচন্দ্র-মণিচ্ছবিলজ্জিত-মনসিজকোটিসমাজে ।
অদ্ভুতকেলি-বিলাস-বিশারদ-ব্রজপুরনবযুবরাজে ॥
রসিকসরস্বতী-বর্ণিত-মাধব-রূপসুধারসসারে ।
রময়ত সাধু-বুধা নিজহৃদয়ং ভ্রমত মুদা কিমসারে ॥

ইতি—শ্রীপ্রবোধানন্দ সরস্বতী বিরচিতঃ বৃন্দাবনোৎসব

---

## শ্রীশ্রীরাধামাধব-মহোৎসব

স্মরতু মনো মম নিরবধি রাধাম্ ।
মধুপতিরূপ-গুণশ্রবণোদিত-সহজ-মনোভব-বাধাম্
সুরুচির-কবরী-বিরাজিত-কোমল-পরিমল-মল্লিসুমালাম্ ।
মদচলখঞ্জন-খেলন-গঞ্জন-লোচন-কমল-বিশালাম্ ॥
মদকরিরাজ-বিরাজদনুত্তম-চলিত-ললিতা-গতিভঙ্গীম্ ।
অতিসুকুমার-কনক-নবচম্পক-গৌরমধুর-মধুরাঙ্গীম্ ॥
মণিকেয়ুর-ললিত-বলয়াবলী-মণ্ডিতমৃদুভুজবল্লীম্ ।
প্রতিপদমদ্ভুত রূপচমৎকৃতি-মোহন-যুবতীমতল্লীম্ ॥
মৃদুমৃদুহাস-ললিতমুখমণ্ডল-কৃতশশিবিম্ব-বিড়ম্বাম্ ।
কিঙ্কিণিজাল খচিতপৃথুসুন্দর-নবরসরাশি-নিতম্বাম্ ॥

চিত্রিত-কঞ্চুলিকা-স্থগিতোদ্ভট-কুচহাটক ঘটশোভাম্ ।
স্ফুরদরুণাধর-স্বাদুসুধারস-কৃতহরি-মানসলোভাম্ ॥
সুন্দরচিবুক বিরাজিতমোহন-মেচক-বিন্দুবিলাসাম্ ।
সকনকরত্ন-খচিত-পৃথুমৌক্তিক-রুচি-রুচিরোজ্জ্বল-নাসাম্ ॥
উজ্জ্বলরাগ-রসামৃতসাগর-সারতনুং সুখরূপাম্ ।
নিপতিতমাধব-মুগ্ধমনো-মৃগনাভিসুধারস-কূপাম্ ॥
নূপুরহার-মনোহরকুণ্ডল-কৃতরুচিমরুণ-দুকূলাম্ ।
পথি পথি মদনমদাকুল গোকুলচন্দ্র-কলিত পদমূলাম্ ॥
রসিকসরস্বতী-গীতমহাদ্ভুত-রাধা-রূপরহস্যম্ ।
বৃন্দাবন-রসলালস-মনসামিদমুপগেয়মবশ্যম্ ॥

শ্রীপ্রবোধানন্দ সরস্বতী বিরচিতঃ সঙ্গীত মাধবোদ্ধৃতঃ ।

## শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকম্

শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রায় নমঃ ।

অম্বুদাঞ্জনেন্দ্রনীল-নিন্দি-কান্তি-ডম্বরঃ
কুঙ্কুমোদ্যদর্ক-বিদ্যুদংশু-দিব্যদম্বরঃ ।
শ্রীমদঙ্গ-চর্চ্চিতেন্দু-পীতনাক্ত-চন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥১॥

গণ্ড-তাণ্ডবাতি-পণ্ডিতাণ্ডজেশ-কুণ্ডল-
শ্চন্দ্র-পদ্মষণ্ড-গর্ব্ব-খণ্ডনাস্য-মণ্ডলঃ ।



বল্লবীষু বর্দ্ধিতাত্ম-গূঢ়ভাব-বন্ধনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥২॥

নিত্যনব্য-রূপ-বেশ হার্দ্দ-কেলি-চেষ্টিতঃ
কেলিনর্ম্ম-শর্ম্মদায়ি-মিত্রবৃন্দ-বেষ্টিতঃ ।
স্বীয়-কেলি-কাননাংশু-নির্জ্জিতেন্দ্র-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৩॥

প্রেমহেম-মণ্ডিতাত্ম-বন্ধুতাভিনন্দিতঃ
ক্ষৌণিলগ্ন-ভাল-লোকপাল-পালি-বন্দিতঃ ।
নিত্যকালসৃষ্ট-বিপ্র-গৌরবালি-বন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৪॥

লীলয়েন্দ্র-কালিয়োষ্ণ-কংস-বৎস-ঘাতক-
স্তত্তদাত্ম-কেলি-বৃষ্টি-পুষ্ট-ভক্তচাতকঃ ।
বীর্য্যশীল-লীলায়াত্ম-ঘোষবাসি-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৫॥

কুঞ্জ-রাসকেলি-সীধু-রাধিকাদি তোষণ-
স্তত্তদাত্ম-কেলি-নর্ম্ম-তত্তদালি-পোষণঃ ।
প্রেম-শীল-কেলি-কীর্ত্তি-বিশ্বচিত্ত-নন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৬॥

রাসকেলি-দর্শিতাত্ম-শুদ্ধভক্তি-সৎপথঃ
স্বীয়-চিত্র-রূপবেশ-মন্মথালি-মন্মথঃ ।

গোপিকাস্থ-নেত্রকোণ-ভাববৃন্দ-গন্ধনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৭॥

পুষ্পচায়ি-রাধিকাভিমর্ষ-লব্ধি-তর্ষিতঃ
প্রেমবাম্য-রম্য-রাধিকাস্য-দৃষ্টি-হর্ষিতঃ ।
রাধিকোরসীহ-লেপ এষ হারিচন্দনঃ
স্বাঙ্ঘ্রিদাস্যদোঽস্তু মে স বল্লবেন্দ্র-নন্দনঃ ॥৮॥

অষ্টকেন যস্ত্বনেন রাধিকাসু-বল্লভং
সংস্তবীতি দর্শনেঽপি সিন্ধুজাদি-দুর্ল্লভম্ ।
তুং যুনক্তি তুষ্টচিত্ত এষ ঘোষ-কাননে
রাধিকাঙ্গ-সঙ্গ-নন্দিতাত্ম-পাদ-সেবনে ॥৯॥

শ্রীল-কৃষ্ণদাস-কবিরাজ-গোস্বামি-বিরচিতং
শ্রীশ্রীকৃষ্ণচন্দ্রাষ্টকং সম্পূর্ণম্ ।

## শ্রীশ্রীরাধিকাষ্টকম্

কুঙ্কুমাক্ত-কাঞ্চনাব্জ-গর্ব্বহারি-গৌরভা
পীতনাঞ্চিতাব্জ-গন্ধ-কীর্ত্তি-নিন্দি-সৌরভা ।
বল্লবেশসূনুসর্ব্ববাঞ্ছিতার্থসাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥১॥

কৌরবিন্দকান্তিনিন্দি-চিত্রপট্ট-শাটিকা
কৃষ্ণ-মত্তভৃঙ্গকেলি-ফুল্লপুষ্পবাটিকা ।
কৃষ্ণনিত্যসঙ্গমার্থ-পদ্মবন্ধু-রাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥২॥



সৌকুমার্য্য-সৃষ্ট-পল্লবালি-কীর্ত্তিনিগ্রহা
চন্দ্র-চন্দনোৎপলেন্দুসেব্য-শীত-বিগ্রহা ।
স্বাভিমর্ষ-বল্লবীশ-কামতাপ-বাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৩॥

বিশ্ববন্দ্য-যৌবতাভিবন্দিতাপি যা রমা
রূপনব্য-যৌবনাদি- সম্পদা ন যৎসমা ।
শীলহার্দ্দলীলয়া চ সা যতোঽস্তি নাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৪॥

রাসলাস্য-গীতনর্ম্ম-সৎকলালি-পণ্ডিতা
প্রেমরম্য-রূপবেশ-সদ্গুণালি-মণ্ডিতা ।
বিশ্বনব্য-গোপযোষিদালিতোঽপি যাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৫॥

নিত্যনব্য-রূপকেলি-কৃষ্ণভাব-সম্পদা
কৃষ্ণ-রাগবন্ধ-গোপ-যৌবতেষু কম্পদা ।
কৃষ্ণরূপ-বেশকেলি-লগ্ন-সৎসমাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৬॥

স্বেদকম্প-কণ্টকাশ্রু-গদ্গদাদি-সঞ্চিতা
মর্ষহর্ষ-বামতাদি-ভাবভূষণাঞ্চিতা ।

কৃষ্ণনেত্র-তোষিরত্ন-মণ্ডনালিদাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৭॥

যা ক্ষণার্দ্ধ-কৃষ্ণবিপ্রয়োগ-সন্ততোদিতা
নেকদৈন্য-চাপলাদি-ভাববৃন্দমোদিতা ।
যত্নলব্ধ-কৃষ্ণসঙ্গ-নির্গতাখিলাধিকা
মহ্যমাত্ম-পাদপদ্ম-দাস্যদাস্তু রাধিকা ॥৮॥

অষ্টকেন যস্ত্বনেন নৌতি কৃষ্ণবল্লভাং
দর্শনেঽপি শৈলজাদি-যোষিদালি-দুর্ল্লভাম্ ।
কৃষ্ণসঙ্গনন্দিতাত্ম-দাস্যসীধুভাজনং
তং করোতি নন্দিতালি-সঞ্চয়াশু সা জনম্ ॥৯॥

শ্রীল কৃষ্ণদাস কবিরাজগোস্বামি বিরচিতং
শ্রীশ্রীরাধিকাষ্টকং সম্পূর্ণম্

---

## ব্রজরাজ-সুতাষ্টকম্

শ্রীশ্রীব্রজরাজ-সুতায় নমঃ ।

নবনীরদ-নিন্দিত-কান্তিধরং
রসসাগর-নাগরভূপ-বরম্ ।
শুভ-বঙ্কিম-চারু-শিখণ্ডশিখং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥১॥



ভ্রূ বিশঙ্কিত-বঙ্কিম-শক্র-ধনুং
মুখচন্দ্র-বিনিন্দিত কোটি-বিধুম্ ।
মৃদু-মন্দ-সুহাস্য-সুভাষ্য-যুতং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥২॥

সুবিকম্পদনঙ্গ-সদঙ্গ-ধরং
ব্রজবাসি-মনোহর-বেশকরম্ ।
ভৃশ-লাঞ্ছিত-নীলসরোজ-দৃশং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥৩॥

অলকাবলি-মণ্ডিত-ভালতটং
শ্রুতিদোলিত-মাকর-কুণ্ডলকম্ ।
কটি-বেষ্টিত-পীতপটং সুধটং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥৪॥

কলনূপুর-রাজিত-চারুপদং
মণি-রঞ্জিত-গঞ্জিত-ভৃঙ্গমদম্ ।
ধ্বজ-বজ্র-ঝষাঙ্কিত-পাদযুগং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥৫॥

ভৃশ-চন্দন-চর্চ্চিত-চারু-তনুং
মণি-কৌস্তুভ-গর্হিত-ভানুতনুম্ ।
ব্রজ-বাল-শিরোমণি-রূপ-ধৃতং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-সুতম্ ॥৬॥

স্থরবৃন্দ-স্থবন্দ্য-মুকুন্দ-হরিং
স্থরনাথ-শিরোমণি-সর্ব্বগুরুম্ ।
গিরিধারি-মুরারি-পুরারি-পরং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-স্থতম্ ॥৭॥

বৃষভানুস্থতা-বর-কেলি-পরং
রসরাজ-শিরোমণি-বেশধরম্ ।
জগদীশ্বরমীশ্বরমীড্যবরং
ভজ কৃষ্ণনিধিং ব্রজরাজ-স্থতম্ ॥৮॥

শ্রীশ্রীব্রজরাজ স্থতাষ্টকং সম্পূর্ণম্

---

শ্রীমদ্রঘুনাথ-দাসগোস্বামি বিরচিতং

## শ্রীশ্রীগোবর্দ্ধনবাস-প্রার্থনাদশকম্

শ্রীশ্রীগোবর্দ্ধনপাদপদ্মেভ্যো নমঃ

নিজপতি-ভুজদণ্ডচ্ছত্রভাবং প্রপদ্য
প্রতিহত-মদধৃষ্টোদ্দণ্ড-দেবেন্দ্রগর্ব্ব ।
অতুল-পৃথুল-শৈলশ্রেণি-ভূপপ্রিয়ং মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥১॥

প্রমদ-মদন-লীলাঃ কন্দরে কন্দরে তে
রচয়তি নবযুনোর্দ্বন্দ্বমস্মিন্নমন্দম্ ।
ইতি কিল কলনার্থং লগ্নকস্তৎ দ্বয়োর্মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥২॥



অনুপম-মণিবেদী-রত্নসিংহাসনোর্ব্বী-
রুহ-ঝর-দর-সানু-দ্রোণিসঙ্ঘেষু রঙ্গৈঃ ।
সহ বলসখিভিঃ সংখেলয়ন্ স্বপ্রিয়ং মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৩॥

রসনিধি-নবযূনোঃ সাক্ষিণীং দানকেলে-
র্দ্যুতি-পরিমল-বিদ্ধাং শ্যামবেদীং প্রকাশ্য ।
রসিকবর-কুলানাং মোদমাস্ফালয়ন্মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৪॥

হরি-দয়িতমপূর্ব্বং রাধিকাকুণ্ডমাত্ম-
প্রিয়সখমিহ কণ্ঠে নর্ম্মণালিঙ্গ্য গুপ্তঃ ।
নব-যুবযুগ-খেলাস্তত্র পশ্যন্ রহো মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৫॥

স্থল-জল-তল-শষ্পৈর্ভূরুহচ্ছায়য়া চ
প্রতিপদমনুকালং হন্ত সম্বর্দ্ধয়ন্ গাঃ ।
ত্রিজগতি নিজগোত্রং সার্থকং খ্যাপয়ন্মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৬॥

স্থরপতি-কৃত-দীর্ঘ-দ্রোহতো গোষ্ঠরক্ষাং
তব নব-গৃহরূপস্যান্তরে কুর্ব্বতৈব ।
অঘ-বক-রিপুণোচ্চৈর্দত্তমান দ্রুতং মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৭॥

গিরিনৃপ ! হরিদাস-শ্রেণী-বর্য্যেতি নামা-
মৃতমিদমুদিতং শ্রীরাধিকা-বক্ত্র-চন্দ্রাৎ ।
ব্রজ-নব-তিলকত্বে ক্৯প্ত ! বেদৈঃ স্ফুটং মে
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৮॥

নিজজনযুত-রাধাকৃষ্ণ-মৈত্রীরসাক্ত-
ব্রজনর-পশুপক্ষি-ব্রাত-সৌখ্যৈকদাতঃ ।
অগণিত-করুণত্বান্মামুরীকৃত্য তান্তং
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥৯॥

নিরুপধি-করুণেন শ্রীশচীনন্দনেন
ত্বয়ি কপটি-শঠোঽপি ত্বৎপ্রিয়েণার্পিতোঽস্মি ।
ইতি খলু মম যোগ্যাযোগ্যতাং তামগৃহ্ণন্
নিজনিকট-নিবাসং দেহি গোবর্দ্ধন ত্বম্ ॥১০॥

রসদ-দশকমস্য শ্রীলগোবর্দ্ধনস্য
ক্ষিতিধর-কুল-ভর্ত্তুর্যঃ প্রযত্নাদধীতে ।
স সপদি সুখদেঽস্মিন্ বাসমাসাদ্য সাক্ষা-
চ্ছুভদ-যুগল-সেবা-রত্নমাপ্নোতি তূর্ণম্ ॥১১॥



নমঃ শ্রীকুঞ্জবিহারিণে ॥

ইন্দ্রনীলমণি-মঞ্জুল-বর্ণঃ, ফুল্লনীপ-কুসুমাঞ্চিত-কর্ণঃ ।
কৃষ্ণলাভিরকৃশোরসি-হারী, সুন্দরো জয়তি কুঞ্জবিহারী ॥১॥
রাধিকা-বদন-চন্দ্র-চকোরঃ, সর্ব্ব-বল্লববধু-ধৃতি-চৌরঃ ।
চর্চ্চরী-চতুরতাঞ্চিত-চারী- চারুতো জয়তি কুঞ্জবিহারী ॥২॥
সর্ব্বতঃ প্রথিত-কৌলিকপর্ব্ব- ধ্বংসনেন হৃত-বাসব-গর্ব্বঃ ।
গোষ্ঠ-রক্ষণ-কৃতে গিরিধারী, লীলয়া জয়তি কুঞ্জবিহারী ॥৩॥
রাগ-মণ্ডল-বিভূষিতবংশী- বিভ্রমেণ মদনোৎসবশংসী ।
স্তূয়মানচরিতঃ শুকশারী- শ্রেণিভির্জয়তি কুঞ্জবিহারী ॥৪॥
শাতকুম্ভ-রুচি-হারি-দুকুলঃ কেকিচন্দ্রক-বিরাজিত-চুলঃ ।
নব্যযৌবন-লসদ্ব্রজনারী- রঞ্জনো জয়তি কুঞ্জবিহারী ॥৫॥
স্থাসকীকৃত-সুগন্ধিপটীরঃ, স্বর্ণকাঞ্চিপরিশোভিকটীরঃ ।
রাধিকোন্নতপয়োধরবারী- কুঞ্জরো জয়তি কুঞ্জবিহারী ॥৬॥
গৈরধাতু-তিলকোজ্জ্বল-ভালঃ কেলি-চঞ্চলিত-চম্পক-মালঃ ।
আদ্রি-কন্দরগৃহে-স্বভিসারী, সুভ্রুবাং জয়তি কুঞ্জবিহারী ॥৭॥
বিভ্রমোচ্চল-দৃগঞ্চল-নৃত্য- ক্ষিপ্ত-গোপ-ললনা-খিল-কৃত্য ।
প্রেমমত্ত-বৃষভানু কুমারী- নাগরো জয়তি কুঞ্জবিহারী ॥৮॥

অষ্টকং মধুর-কুঞ্জবিহারি-ক্রীড়য়া পঠতি যঃ কিল হারি ।
স প্রয়াতি বিলসৎপরভাগং তস্য পাদ কমলার্চ্চনরাগম্ ॥৯॥

ইতি শ্রীমদ্রূপগোস্বামি-বিরচিতং
শ্রীকুঞ্জবিহারী-স্তবাষ্টকং সম্পূর্ণম্

রাধা-ভজনে যদি মতি নাহি ভেলা।
কৃষ্ণ ভজন তব অকারণে গেলা॥
আতপ রহিত সূরয নাহি জানি।
রাধা-বিরহিত মাধব নাহি মানি॥
কেবল মাধব পূজয়ে সো অজ্ঞানী।
রাধা অনাদর করই অভিমানী॥
কবহি নাহি করবি তাঁকর সঙ্গ।
চিত্তে-ইচ্ছসি যদি ব্রজরস রঙ্গ॥
রাধিকা দাসী যদি হোয় অভিমান।
শীঘ্রই মিলই তব গোকুল কান॥
ব্রহ্মা, শিব, নারদ, শ্রুতি, নারায়ণী।
রাধিকা পদরজ পূজয়ে মানি॥
উমা, রমা, সত্যা, শচী, চন্দ্রা, রুক্মিণী।
রাধা অবতার সবে অম্নায় বাণী॥
হেন-রাধা-পরিচর্য্যা যাঁকর ধন।
ভকতিবিনোদ তাঁর মাগয়ে চরণ॥

---

রাধিকা চরণ পদ্ম সকল শ্রেয়ের সদ্ম
যতনে যে নাহি আরাধিল।
রাধাপদাঙ্কিত ধাম বৃন্দাবন যার নাম
তাহা যে না আশ্রয় করিল॥



রাধিকা ভাব গম্ভীর চিত্তে যে বা মহাধীর
গণসঙ্গ না কৈল জীবনে।
কেমনে সে শ্যামানন্দ রসসিন্ধু স্নানানন্দ
লভিবে বুঝহ একমনে॥
রাধিকা উজ্বল রসের আচার্য্য।
রাধামাধব শুদ্ধ প্রেম বিচার্য্য॥
যে ধরিল রাধাপদ পরম যতনে।
সে পাইল কৃষ্ণপদ অমূল্য রতনে॥
রাধাপদ বিনা কভু কৃষ্ণ নাহি মিলে।
রাধার দাসীর কৃষ্ণ সর্ব্ব বেদে বলে॥
ছোড়ত ধন জন কলত্র সুতমিত
ছোড়ত করম গেয়ান।
রাধাপদ পঙ্কজ মধুরত সেবন
ভকতিবিনোদ পরমাণ॥

---

ভজ হুঁরে মন শ্রীনন্দনন্দন
অভয় চরণারবিন্দ রে।
দুর্লভ মানব- জনম সৎসঙ্গে
তরহ এ ভব সিন্ধু রে॥
শীত আতপ বাত বরিষণ
এ দিন যামিনী জাগি রে।

বিফলে সেবিনু কৃপণ দুরজন
চপল সুখলব লাগি' রে ॥
এ ধন যৌবন পুত্র পরিজন
ইথে কি আছে পরতীতি রে।
কমল দল জল, জীবন টলমল
ভজহুঁ হরিপদ নিতি রে ॥
শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, বন্দন,
পাদসেবন দাস্যরে।
পূজন, সখীজন, আত্মনিবেদন
গোবিন্দ দাস অভিলাষ রে ॥

---

রাধামাধব কুঞ্জবিহারী। গোপীজনবল্লভ গিরিবরধারী ॥
যশোদানন্দন ব্রজজন রঞ্জন। যামুনতীর বনচারী ॥

---

জয় যশোদানন্দন কৃষ্ণ গোপাল গোবিন্দ।
জয় মদনমোহন হরি অনন্ত মুকুন্দ ॥
জয় অচ্যুত মাধব রাম বৃন্দাবনচন্দ্র।
জয় মুরীলবদন শ্যাম গোপীজনানন্দ ॥

যশোমতীনন্দন ব্রজবর নাগর
গোকুলরঞ্জন কান।
গোপী-পরাণধন মদন মনোহর
কালীয় দমন বিধান ॥



অমল হরিনাম অমিয় বিলাসা।
বিপিনপুরন্দর নবীন নাগরবর
বংশীবদন সুবাসা ॥
ব্রজজনপালন অসুরকুলনাশন
নন্দগোধন রাখওয়ালা।
গোবিন্দ মাধব নবনীত তস্কর
সুন্দর নন্দগোপালা ॥
যামুন তটচর গোপী বসনহর
রাসরসিক কৃপাময়।
শ্রীরাধাবল্লভ বৃন্দাবন-নটবর
ভকতিবিনোদ-আশ্রয় ॥

---

মানস, দেহ, গেহ, যো কিছু মোর।
অর্পিলুঁ তুয়া পদে, নন্দকিশোর !১॥
সম্পদে-বিপদে, জীবনে-মরণে।
দায় মম গেলা, তুয়া ও-পদ বরণে ॥২॥
মারবি রাখবি—যো ইচ্ছা তোহারা।
নিত্যদাস-প্রতি তুয়া অধিকারা ॥৩॥
জন্মাওবি মোয়ে ইচ্ছা যদি তোর।
ভক্তগৃহে জনি জন্ম হউ মোর ॥৪॥
কীটজন্ম হউ যথা তুয়া দাস।
বহির্ম্মুখ ব্রহ্মজন্মে নাহি আশ ॥৫॥

ভুক্তি-মুক্তিস্পৃহা বিহীন যে ভক্ত।
লভইতে তাঁক সঙ্গ অনুরক্ত ॥৬॥
জনক, জননী, দয়িত, তনয়।
প্রভু, গুরু, পতি—তুহুঁ সর্ব্বময় ॥৭॥
ভকতিবিনোদ কহে, শুন কান !
রাধানাথ ! তুহুঁ হামার পরাণ ॥৮॥

---

জনম সফল তা'র, কৃষ্ণ-দরশন যা'র
ভাগ্যে হইয়াছে একবার।
বিকশিয়া হৃন্নয়ন করি' কৃষ্ণ দরশন
ছাড়ে জীব চিত্তের বিকার ॥
বৃন্দাবন-কেলি চতুর বনমালী।
ত্রিভঙ্গ-ভঙ্গিমারূপ বংশীধারী অপরূপ
রসময় নিধি, গুণশালী ॥
বর্ণ নব জলধর শিরে শিখিপিচ্ছবর
অলকা তিলক শোভা পায়।
পরিধানে পীতবাস বদনে মধুর হাস
হেন রূপ জগৎ মাতায় ॥
ইন্দ্রনীল জিনি কৃষ্ণরূপখানি হেরিয়া কদম্বমুলে।
মন উচাটন না চলে চরণ সংসার গেলাম ভুলে ॥
(সখি হে) সুধাময় সে রূপ মাধুরী।
দেখিলে নয়ন, হয় অচেতন, ঝরে প্রেমময়বারি ॥



কিবা চুড়া শিরে কিবা বংশী করে কিবা সে ত্রিভঙ্গ ঠাম।
চরণ কমলে, অমিয়া উছলে, তাহাতে নূপুর দাম ॥
সদা আশা করি ভৃঙ্গরূপ ধরি চরণকমলে স্থান।
অনায়াসে পাই কৃষ্ণগুণ গাই আর না ভজিব আন ॥

---

রাধাকৃষ্ণ প্রাণ মোর যুগল কিশোর।
জীবনে মরণে গতি আর নাহি মোর ॥
কালিন্দীর কূলে কেলি-কদম্বের বন।
রতন বেদীর উপর বসাব দুজন ॥
শ্যামগৌরী অঙ্গে দিব (চুয়া) চন্দনের গন্ধ।
চামর ঢুলাব কবে হেরিব মুখচন্দ্র ॥
গাঁথিয়া মালতীর মালা দিব দোঁহার গলে।
অধরে তুলিয়া দিব কর্পূর তাম্বুলে ॥
ললিতা বিশাখা আদি যত সখীবৃন্দ।
আজ্ঞায় করিব সেবা চরণারবিন্দ ॥
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর দাসের অনুদাস।
সেবা অভিলাষ করে নরোত্তমদাস ॥

---

# শ্রীরাধাকুণ্ডাষ্টকম্

[ শ্রীলরঘুনাথদাস-গোস্বামি-প্রণীতম্ ]

শ্রীমদীশ্বরীকুণ্ডায় নমঃ

বৃষভদনুজ-নাশান্নর্ম্মধর্ম্মোক্তিরঙ্গৈ-
র্নিখিলনিজসখীভির্যৎ স্বহস্তেন পূর্ণম্ ।
প্রকটিতমপি বৃন্দারণ্যরাজ্ঞ্যা প্রমোদৈ-
স্তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥১॥

ব্রজভুবি মুরশত্রোঃ প্রেয়সীনাং নিকামৈ-
রসুলভমপি তূর্ণং প্রেমকল্পদ্রুমং তম্ ।
জনয়তি হৃদি ভূমৌ স্নাতুরুচ্চৈঃ প্রিয়ং য-
ত্তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥২॥

অঘরিপুরপি যত্নাদত্র দেব্যাঃ প্রসাদ-
প্রসরকৃতকটাক্ষ-প্রাপ্তিকামঃ প্রকামম্ ।
অনুসরতি যদুচ্চৈঃস্নানসেবানুবন্ধৈ-
স্তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৩॥

ব্রজভুবনসুধাংশোঃ প্রেমভূমির্নিকামং
ব্রজমধুরকিশোরীমৌলিরত্নপ্রিয়েব ।
পরিচিতমপি নাম্না যচ্চ তেনৈব তস্যা-
স্তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৪॥



অপি জন ইহ কশ্চিদ্ যস্য সেবাপ্রসাদৈঃ
প্রণয়সুরলতা স্যাত্তস্য গোষ্ঠেন্দ্রসূনোঃ ।
সপদি কিল মদীশ-দাস্যপুষ্পপ্রশস্যা
তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৫॥

তটমধুরনিকুঞ্জাঃ ক্লৃপ্তনামান উচ্চৈ-
র্নিজপরিজনবর্গৈঃ সংবিভজ্যাশ্রিতাস্তৈঃ ।
মধুকর-রুতরম্যা যস্য রাজন্তি কাম্যা-
স্তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৬॥

তটভুবি বরবেদ্যাং যস্য নর্ম্মাতিহৃদ্যাং
মধুরমধুরবার্ত্তাং গোষ্ঠচন্দ্রস্য ভঙ্গ্যা ।
প্রথয়তি মিথ ঈশা প্রাণসখ্যালিভিঃ সা
তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৭॥

অনুদিনমতিরঙ্গৈঃ প্রেমমত্তালিসঙ্ঘৈ-
র্বরসরসিজগন্ধৈর্হারিবারিপ্রপূর্ণে ।
বিহরত ইহ যস্মিন্ দম্পতী তৌ প্রমত্তৌ
তদতিসুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥৮॥

অবিকলমতি দেব্যাশ্চারু কুণ্ডাষ্টকং যঃ
পরিপঠতি তদীয়োল্লাসিদাস্যার্পিতাত্মা ।
অচিরমিহ শরীরে দর্শয়ত্যেব তস্মৈ
মধুরিপুরতিমোদৈঃ শ্লিষ্যমাণাং প্রিয়াং তাম্ ॥৯॥

ইতি শ্রীরাধকুণ্ডাষ্টকং সম্পূর্ণম্

শুনহে রসিক জন কৃষ্ণগুণ অগণন
অনন্ত কহিতে নাহি পারে।
কৃষ্ণ জগতের গুরু কৃষ্ণ বাঞ্ছাকল্পতরু
নাবিক সে ভব-পারাবারে ॥
হৃদয় পীড়িত যা'র কৃষ্ণ চিকিৎসক তার
ভবরোগ নাশিতে চতুর।
কৃষ্ণবহির্ম্মুখ জনে প্রেমামৃত বিতরণে
ক্রমে লয় নিজ অন্তঃপুর ॥
কর্ম্মবন্ধ-জ্ঞানবন্ধ- আবেশে মানব অন্ধ
তারে কৃষ্ণ করুণা-সাগর।
পাদপদ্মমধু দিয়া অন্ধভাব ঘুচাইয়া
চরণে করেন অনুচর ॥
বিধিমার্গরত জনে স্বাধীনতা-রত্ন দানে
রাগমার্গে করান প্রবেশ।
রাগবশবর্ত্তী হ'য়ে পারকীয়-ভাবাশ্রয়ে
লভে জীব কৃষ্ণপ্রেমাবেশ ॥
প্রেমামৃত-বারিধারা সদা পানরত তাঁ'রা
কৃষ্ণ তাঁহাদের বন্ধু পতি।
সেই সব ব্রজ-জন সুকল্যাণ-নিকেতন
দীনহীন বিনোদের গতি ॥



হরি হে দয়াল মোর জয় রাধানাথ।
বার বার এইবার লহ নিজ সাথ ॥
বহু যোনি ভ্রমি নাথ ! লইনু শরণ।
নিজ গুণে কৃপা কর অধম তারণ ॥
জগতকারণ তুমি জগতজীবন।
তোমা ছাড়া কারো ন'হি হে রাধারমণ ॥
ভুবনমঙ্গল তুমি ভুবনের পতি।
তুমি উপেক্ষিলে নাথ কি হইবে গতি ॥
ভাবিয়া দেখিনু এই জগত মাঝারে।
তোমা বিনা কেহ নাহি এ দাসে উদ্ধারে ॥

রাধাকুণ্ডতট-কুঞ্জকুটীর। গোবর্দ্ধনপর্ব্বত, যামুনতীর ॥১॥
কুসুমসরোবর, মানসগঙ্গা। কলিন্দনন্দিনী বিপুলতরঙ্গা ॥২॥
বংশীবট, গোকুল, ধীরসমীর। বৃন্দাবনতরু-লতিকা-বানীর ॥৩॥
খগমৃগকুল, মলয়-বাতাস। ময়ূর, ভ্রমর, মুরলী-বিলাস ॥৪॥
বেণু, শৃঙ্গ, পদচিহ্ন, মেঘমালা। বসন্ত শশাঙ্ক, শঙ্খ, করতালা ॥৫॥
যুগলবিলাসে অনুকূল জানি। লীলা-বিলাস-উদ্দীপক মানি ॥৬॥
এ সব ছোড়ত কাঁহা নাহি যাউঁ। এ সব ছোড়ত পরাণ হারাউঁ ॥৭॥
ভকতিবিনোদ কহে শুন কান ! তুয়া উদ্দীপক হামার পরাণ ॥৮॥

(জয়) রাধে ! রাধে ! গোবিন্দ ! গোবিন্দ !
শ্যামসুন্দর মদনমোহন বৃন্দাবনচন্দ্র ।
রাসেশ্বরী বিনোদিনী ভানুকুলচন্দ্র ॥
রাধারমণ রাসবিহারী শ্রীগোকুলানন্দ ।
রাধাকান্ত রাধাবিনোদ শ্রীরাধাগোবিন্দ ॥
শ্রীরূপমঞ্জরী আদি মঞ্জরী অনঙ্গ ।
ললিতা বিশাখা আদি যত সখীবৃন্দ ॥
পৌর্ণমাসী কুন্দলতা জয় বীরাবৃন্দ ।
সবে মিলি' কর কৃপা আমি অতি মন্দ ॥
কৃপা করি দেহ যুগলচরণারবিন্দ
(যেন) আকুলপ্রাণে গাইতে পারি শ্রীরাধাগোবিন্দ ॥

---

বরজ-বিপিনে, যমুনা কুলে । মঞ্চ মনোহর শোভিত ফুলে ॥ ১
বনস্পতি লতা, তুষয়ে আঁখি । তত্তুপরি কত ডাকয়ে পাখী ॥ ২
মলয় অনিল, বহয়ে ধীরে । অলিকুল মধু-লোভেতে ফিরে ॥৩
বাসন্তীর রাকা, উড়ুপ তদা । কৌমুদী বিতরে আদর সদা ॥৪
এমত সময়ে রসিকবর । আরম্ভিল রাস মুরলীধর ॥৫
শতকোটি-গোপী মাঝেতে হরি । রাধাসহ নাচে আনন্দ করি ॥৬॥
মাধব-মোহিনী, গাইয়া গীত । হরিল সকল, জগত-চিত ॥৭
স্থাবর-জঙ্গম, মোহিলা সতী । হারাওল চন্দ্রাবলীর মতি ॥৮
মথিয়া বরজ কিশোর মন । অন্তরিত হয়, রাধা-তখন ॥৯
ভকতিবিনোদ পরমাদ গণে । রাস ভাঙ্গল আজি রাধা বিহনে ॥১০



শতকোটি গোপী মাধব মন । রাখিতে নারিল করি যতন ॥১১
বেণুগীতে ডাকে, রাধিকা নাম । 'এস এস রাধে !' ডাকয়ে শ্যাম ॥১২
ভাঙ্গিয়া শ্রীরাস-মণ্ডল তব । রাধা অন্বেষণে চলয়ে যবে ॥১৩
'দেখা দিয়া রাধে ! রাখহ প্রাণ ।' বলিয়া কাঁদয়ে, কাননে কান ॥১৪
নির্জ্জন কাননে, রাধারে ধরি' । মিলিয়া পরাণ জুড়ায় হরি ॥১৫
বলে, 'তুহুঁ বিনা, কাহার রাস ? তুহুঁ লাগি' মোর, বরজ বাস ॥১৬
এহেন রাধিকা-চরণ-তলে । ভকতিবিনোদ, কাঁদিয়া বলে ॥১৭
"তুয়া গণ-মাঝে, আমার গণি ।" কিঙ্করী করিয়া, রাখ আপনি ॥১৮

---

জয় রাধে, জয় কৃষ্ণ জয় বৃন্দাবন ।
শ্রীগোবিন্দ গোপীনাথ মদনমোহন ॥
শ্যামকুণ্ড রাধাকুণ্ড গিরিগোবর্দ্ধন ।
কালিন্দী যমুনা জয় জয় মহাবন ॥
কেশীঘাট বংশীবট দ্বাদশ-কানন ।
যাঁহা সব লীলা কৈল শ্রীনন্দনন্দন ॥
শ্রীনন্দ যশোদা জয়, জয় গোপগণ ।
শ্রীদামাদি জয় জয় ধেনুবৎসগণ ॥
জয় বৃষভানু, জয় কীর্ত্তিদা সুন্দরী ।
জয় পৌর্ণমাসী, জয় আভীর নাগরী ॥
জয় জয় গোপেশ্বর বৃন্দাবন-মাঝ ।
জয় জয় কৃষ্ণসখা বটু দ্বিজরাজ ॥

জয় রাম ঘাট, জয় রোহিনীনন্দন।
জয় জয় বৃন্দাবনবাসী যত জন ॥
জয় দ্বিজপত্নী জয় নাগকন্যাগণ।
ভক্তিতে যাঁহারা পাইল গোবিন্দ চরণ ॥
শ্রীরাসমণ্ডল জয়, জয় রাধাশ্যাম।
জয় জয় রাসলীলা সর্ব্ব মনোরম ॥
জয় জয়োজ্জ্বলরস সর্ব্বরসসার।
পরকীয়া ভাবে যাহা ব্রজেতে প্রচার ॥
শ্রীজাহ্নবা পাদপদ্ম করিয়া স্মরণ।
দীন কৃষ্ণদাস কহে নাম সংকীর্ত্তন ॥

দৈন্য-প্রার্থনা-গীতি—

মাধব ! বহুত মিনতি করি তোয়।
দেই তুলসী তিল দেহ সমর্পলুঁ
দয়া জনু ছোড়বি মোয় ॥
গণইতে দোষ গুণ লেশ ন পাওবি
যব তুহুঁ করবি বিচার।
তুহুঁ জগন্নাথ জগভরি কহাওসি
জগ বাহির নহোঁ মুঞি ছার ॥
কিয়ে মানুষ পশু পাখী কিয়ে জনমিয়ে
অথবা কীট পতঙ্গে।



করম বিপাকে গতাগতি পুনঃ পুনঃ
মতি রহু তুয়া পরসঙ্গে ॥
ভনয়ে বিদ্যাপতি অতিশয় কাতর
তরইতে ইহ ভবসিন্ধু।
তুয়া পদপল্লব করি অবলম্বন
তিল এক দেহ দিনবন্ধু ॥

তাতল সৈকতে বারি বিন্দুসম
সুত-মিত-রমণী-সমাজে।
তোহে বিসরি মন তাহে সমর্পল
তব মঝু হব কোন কাজে ॥
মাধব ! হাম পরিণাম-নিরাশা।
তুহুঁ জগতারণ দীন দয়াময়
অতয়ে তোহারি বিশোয়াসা ॥
আধ জনম হাম নিদেঁ গঁয়াওল
জরা শিশু কতদিন গেলা।
নিধুবনে রমণী রসরঙ্গে মাতল
তোহে ভজব কোন বেলা ॥
কত চতুরানন মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।
তোহে জনমি পুন তোহে সমাওত
সাগর লহরী সমানা ॥

ভণয়ে বিদ্যাপতি শেষ শমন ভয়
তুয়া বিণু গতি নাহি আরা ।
আদি অনাদিক নাথ কহাওসি
অব তারণ-ভার তোহারা ॥

---

ভুলিয়া তোমারে সংসারে আসিয়া
পেয়ে নানাবিধ ব্যথা ।
তোমার চরণে, আসিয়াছি আমি,
বলিব দুঃখের কথা ॥১॥
জননী-জঠরে ছিলাম যখন,
বিষম বন্ধন-পাশে ।
একবার প্রভু, দেখা দিয়া মোরে,
বঞ্চিলে এ দীন দাসে ॥২॥
তখন ভাবিনু, জনম পাইয়া
করিব ভজন তব ।
জনম হইল, পড়ি' মায়া-জালে,
না হইল জ্ঞান-লব ॥৩॥
আদরের ছেলে, স্বজনের কোলে
হাসিয়া কাটানু কাল ।
জনক-জননী- স্নেহেতে ভুলিয়া
সংসার লাগিল ভাল ॥৪॥



ক্রমে দিন দিন, বালক হইয়া,
খেলিনু বালক সহ ।
আর কিছুদিনে জ্ঞান উপজিল,
পাঠ পড়ি অহরহঃ ॥৫॥
বিদ্যার গৌরবে, ভ্রমি দেশে দেশে,
ধন উপার্জ্জন করি' ।
স্বজন-পালন, করি এক মনে,
ভুলিনু তোমারে হরি ॥৬॥
বার্দ্ধক্যে এখন, ভকতিবিনোদ,
কাঁদিয়া কাতর অতি ।
না ভজিয়া তোরে, দিন বৃথা গেল,
এখন কি হ'বে গতি ॥৭॥

---

হরি হে!
প্রপঞ্চে পড়িয়া অগতি হইয়া
না দেখি উপায় আর ।
অগতির গতি চরণে শরণ
তোমায় করিনু সার ॥১॥
করম গেয়ান কিছু নাহি মোর,
সাধন ভজন নাই ।
তুমি কৃপাময়, আমি ত' কাঙ্গাল,
অহৈতুকী কৃপা চাই ॥২॥

বাক্য-মনো-বেগ, ক্রোধ-জিহ্বা-বেগ,
উদর-উপস্থ-বেগ।
মিলিয়া এ সব সংসারে ভাসায়ে
দিতেছে পরমোদ্বেগ ॥৩॥
অনেক যতনে সে সব দমনে
ছাড়িয়াছি আশা আমি।
অনাথের নাথ, ডাকি তব নাম,
এখন ভরসা তুমি ॥৪॥

---

(প্রভু হে!) শুন মোর দুঃখের কাহিনী।
বিষয়-হলাহল সুধাভানে পিয়লুঁ
আব্ অবসান দিনমণি ॥১॥
খেলারসে শৈশব, পড়ইতে কৈশোর,
গোঁয়াওলুঁ না ভেল বিবেক।
ভোগবশে যৌবনে, ঘর পাতি' বৈসিলুঁ
সুত মিত বাড়ল অনেক ॥২॥
বৃদ্ধকাল আওল, সব সুখ ভাগল,
পীড়া-বশে হইনু কাতর।
সর্ব্বেন্দ্রিয় দুর্বল ক্ষীণ কলেবর,
ভোগাভাবে দুঃখিত অন্তর ॥৩॥
জ্ঞান-লব-হীন, ভক্তিরসে বঞ্চিত,
আর মোর কি হবে উপায়।



পতিতবন্ধু তুহুঁ পতিতাধম হাম,
কৃপায় উঠাও তব পা-য় ॥৪॥
বিচারিতে আওবি, গুণ নাহি পাওবি,
কৃপা কর, ছোড়ত বিচার।
তব পদ-পঙ্কজ— সীধু পিবাওত
ভকতিবিনোদে কর' পার ॥৫॥

---

আমার জীবন সদা পাপে রত
নাহিক পুণ্যের লেশ।
পরেরে উদ্বেগ দিয়াছি যে কত
দিয়াছি জীবেরে ক্লেশ ॥
নিজ সুখ লাগি' পাপে নাহি ডরি
দয়াহীন স্বার্থপর।
পর সুখে দুঃখী সদা মিথ্যাভাষী
পরদুঃখ সুখকর ॥
অশেষ কামনা হৃদি মাঝে মোর
ক্রোধী দম্ভপরায়ণ।
মদমত্ত সদা বিষয়ে মোহিত
হিংসা-গর্ব্ব বিভূষণ ॥
নিদ্রালস্য-হত সুকার্য্যে বিরত
অকার্য্যে উদ্যোগী আমি।
প্রতিষ্ঠা লাগিয়া শাঠ্য আচরণ
লোভহত সদা কামী ॥

এহেন দুর্জ্জন সজ্জন-বর্জ্জিত
অপরাধী নিরন্তর।
শুভকার্য্যশূন্য সদানর্থমনা
নানা দুঃখে জর জর ॥
বার্দ্ধক্যে এখন উপায়-বিহীন
তা'তে দীন অকিঞ্চন।
ভকতিবিনোদ প্রভুর চরণে
করে দুঃখ বিবেদন ॥

কি জানি কি বলে তোমার ধামেতে
হইনু শরণাগত।
তুমি দয়াময় পতিতপাবন
পতিত তারণে রত ॥১॥
ভরসা আমার এইমাত্র নাথ !
তুমি ত' করুণামর।
তব দয়াপাত্র নাহি মোর সম
অবশ্য ঘুচাবে ভয় ॥২॥
আমারে তারিতে কাহারো শকতি
অবনী-ভিতরে নাহি।
দয়াল ঠাকুর ! ঘোষণা তোমার
অধম পামরে ত্রাহি ॥৩॥



সকল ছাড়িয়া আসিয়াছি আমি
তোমার চরণে, নাথ !
আমি নিত্যদাস তুমি পালয়িতা
তুমি গোপ্তা, জগন্নাথ ! ॥৪॥
তোমার সকল আমি মাত্র দাস
আমারে তারিবে তুমি।
তোমার চরণ করিনু বরণ
আমার নহি ত' আমি ॥৫॥
ভকতিবিনোদ কাঁদিয়া শরণ
ল'য়েছে তোমার পায় ॥
ক্ষমি অপরাধ নামে রুচি দিয়া
পালন করহে তায় ॥৬॥

(প্রভু হে !)
এমন দুর্ম্মতি সংসার-ভিতরে
পড়িয়া আছিনু আমি।
তব নিজ-জন কোন মহাজনে
পাঠাইয়া দিলে তুমি ॥
দয়া করি মোরে পতিত দেখিয়া
কহিল আমারে গিয়া।
ওহে দীন জন শুন ভাল কথা
উল্লসিত হ'বে হিয়া ॥

তোমারে তারিতে শ্রীকৃষ্ণ-চৈতন্য
নবদ্বীপে অবতার।
তোমা হেন কত দীন হীন জনে
করিলেন ভব-পার ॥
বেদের প্রতিজ্ঞা রাখিবার তরে
রুক্মবর্ণ-বিপ্রসুত।
মহাপ্রভু নামে নদীয়া মাতায়
সঙ্গে ভাই অবধুত ॥
নন্দসুত যিনি চৈতন্য গোঁসাঞি
নিজ-নাম করি' দান।
তারিল জগৎ তুমিও যাইয়া
লহ নিজ-পরিত্রাণ ॥
সে কথা শুনিয়া আসিয়াছি নাথ
তোমার চরণ-তলে।
ভকতি-বিনোদ কাঁদিয়া কাঁদিয়া
আপন কাহিনী বলে ॥

---

দুর্লভ মানব জন্ম লভিয়া সংসারে।
কৃষ্ণ না ভজিনু দুঃখ কহিব কাহারে ॥
সংসার সংসার করি মিছে গেল কাল।
লাভ না হইল কিছু ঘটিল জঞ্জাল ॥



কিসের সংসার এই, ছায়াবাজী প্রায়
ইহাতে মমতা করি বৃথা দিন যায় ॥
এদেহ পতন হ'লে কি রবে আমার
কেহ সুখ নাহি দিবে পুত্র পরিবার ॥
গর্দ্দভের মত আমি করি পরিশ্রম।
কার লাগি' এত করি না ঘুচিল ভ্রম ॥
দিন যায় মিছা কাজে নিশা নিদ্রাবশে।
নাহি ভাবি মরণ নিকটে আছে বসে ॥
ভাল মন্দ খাই, হেরি, পরি, চিন্তাহীন।
নাহি ভাবি এ দেহ ছাড়িব কোনদিন ॥
দেহ গেহ কলত্রাদি চিন্তা অবিরত।
জাগিছে হৃদয়ে মোর বুদ্ধি করি' হত ॥
হায় হায় নাহি ভাবি' অনিত্য এ সব।
জীবন বিগতে কোথা রহিবে বৈভব ॥
শ্মশানে শরীর মম পড়িয়া রহিবে।
বিহঙ্গ পতঙ্গ তায় বিহার করিবে ॥
কুক্কুর শৃগাল সব আনন্দিত হ'য়ে।
মহোৎসব করিবে আমার দেহ ল'য়ে ॥
যে দেহের এই গতি তার অনুগত।
সংসার বৈভব আর বন্ধুজন যত ॥
অতএব মায়া মোহ ছাড়ি বুদ্ধিমান।
নিত্যতত্ত্ব কৃষ্ণভক্তি করুন সন্ধান ॥

কবে শ্রীচৈতন্য মোরে করিবেন দয়া ।
কবে আমি পাইব বৈষ্ণব—পদছায়া ॥
কবে আমি ছাড়িব এ বিষয়াভিমান ।
কবে বিষ্ণুজনে আমি করিব সম্মান ॥
গলবস্ত্র কৃতাঞ্জলি বৈষ্ণব নিকটে ।
দন্তে তৃণ করি দাঁড়াইব নিষ্কপটে ॥
কাঁদিয়া কাঁদিয়া জানাইব দুঃখগ্রাম ।
সংসার অনল হৈতে মাগিব বিশ্রাম ॥
শুনিয়া আমার দুঃখ বৈষ্ণব ঠাকুর ।
আমা' লাগি' কৃষ্ণে আবেদিবেন প্রচুর ॥
বৈষ্ণবের আবেদনে কৃষ্ণ দয়াময় ।
এ হেন পামর প্রতি হবেন সদয় ॥
বিনোদের নিবেদন বৈষ্ণব চরণে ।
কৃপা করি সঙ্গে লহ এই অকিঞ্চনে ॥

---

গোরা পহুঁ না ভজিয়া মৈনু ।
প্রেম রতন-ধন হেলায় হারাইনু ॥
অধনে যতন করি ধন তেয়াগিনু ।
অপন করম দোষে আপনি ডুবিনু ॥
সৎসঙ্গ ছাড়ি কৈনু অসতে বিলাস ।
তে-কারণে লাগিল যে কর্ম্মবন্ধ-ফাঁস ॥



বিষয়-বিষম-বিষ সতত খাইনু ।
গৌরকীর্ত্তন রসে মগন না হৈনু ॥
কেন বা আছয়ে প্রাণ কি সুখ লাগিয়া ।
নরোত্তমদাস কেন না গেল মরিয়া ॥

---

কবে গৌর-বনে, সুরধুনী-তটে
'হা রাধে হা কৃষ্ণ' ব'লে ।
কাঁদিয়া বেড়াব, দেহ-সুখ ছাড়ি'
নানা-লতাতরুতলে ॥১॥
শ্বপচ-গৃহেতে মাগিয়া খাইব,
পিব সরস্বতী জল ।
পুলিনে পুলিনে গড়াগড়ি দিব,
করি' কৃষ্ণ-কোলাহল ॥২॥
ধামবাসী জনে, প্রণতি করিয়া
মাগিব কৃপার লেশ ।
বৈষ্ণব-চরণ- রেণু গায় মাখি,
ধরি' অবধূত-বেশ ॥৩॥
গৌড়-ব্রজ-বনে ভেদ না হেরিব,
হইব বরজবাসী ।
ধামের স্বরূপ স্ফূরিবে নয়নে,
হইব রাধার দাসী ॥৪॥

---

আত্মনিবেদন, তুয়া পদে করি,'
হইনু পরম সুখী ।
দুঃখ দূরে গেল, চিন্তা না রহিল,
চৌদিকে আনন্দ দেখি ॥১॥
অশোক-অভয়, অমৃত-আধার,
তোমার চরণদ্বয় ।
তাহাতে এখন, বিশ্রাম লভিয়া,
ছাড়িনু ভবের ভয় ॥২॥
তোমার সংসারে, করিব সেবন,
নহিব ফলের ভাগী ।
তব সুখ যাহে, করিব যতন,
হ'য়ে পদে অনুরাগী ॥৩॥
তোমার সেবায়, দুঃখ হয় যত,
সেও ত' পরম সুখ ।
সেবা-সুখ-দুঃখ, পরম সম্পদ,
নাশয়ে অবিদ্যা-দুঃখ ॥৪॥
পূর্ব্ব ইতিহাস, ভুলিনু সকল,
সেবা-সুখ পে'য়ে মনে ।
আমি ত' তোমার, তুমি ত' আমার,
কি কাজ অপর ধনে ॥৫॥
ভকতিবিনোদ, আনন্দে ডুবিয়া,
তোমার সেবার তরে ।
সব চেষ্টা করে, তব ইচ্ছা-মত,
থাকিয়া তোমার ঘরে ॥৬॥



আত্মসমর্পণে গেলা অভিমান ।
নাহি করবুঁ নিজ রক্ষা-বিধান ॥১॥

তুয়া ধন জানি' তুহুঁ রাখবি, নাথ!
পাল্য গোধন জানি করি' তুয়া সাথ ॥২॥

চরাওবি মাধব ! যামুনতীরে ।
বংশী বাজাওত ডাকবি ধীরে ॥৩॥

অঘ-বক মারত রক্ষা-বিধান ।
করবি সদা তুহুঁ গোকুল-কান !৪॥

রক্ষা করবি তুহুঁ নিশ্চয় জানি ।
পান করবুঁ হাম যামুন পানি ॥৫॥

কালীয় দোখ করবি বিনাশা ।
শোধবি নদীজল, বাড়াওবি আশা ॥৬॥

পিয়ত দাবানল রাখবি মোয় ।
'গোপাল', 'গোবিন্দ' নাম তব হোয় ॥৭॥

সুরপতি-দুর্মতি, নাশ বিচারি ।
রাখবি বর্ষণে, গিরিবরধারি !৮॥

চতুরানন করব যব চোরি ।
রক্ষা করবি মোয়ে গোকুল-হরি ॥৯॥

ভকতিবিনোদ—তুয়া গোকুল-ধন ।
রাখবি কেশব ! করত যতন ॥১০॥

## শ্রীহরিবাসর-গীতি—

শ্রীহরি-বাসরে হরি-কীর্ত্তন-বিধান।
নৃত্য আরম্ভিলা প্রভু জগতের প্রাণ॥
পুণ্যবন্ত শ্রীবাস-অঙ্গনে শুভারম্ভ।
উঠিল কীর্ত্তন-ধ্বনি গোপাল গোবিন্দ॥
মৃদঙ্গ মন্দিরা বাজে শঙ্খ করতাল।
সঙ্কীর্ত্তন সঙ্গে সব হইল মিশাল॥
ব্রহ্মাণ্ডে উঠিল ধ্বনি পুরিয়া আকাশ।
চৌদিকের অমঙ্গল যায় সব নাশ॥
চতুর্দ্দিকে শ্রীহরি-মঙ্গল সঙ্কীর্ত্তন।
মধ্যে নাচে জগন্নাথ মিশ্রের নন্দন॥
সবার অঙ্গেতে শোভে শ্রীচন্দন-মালা।
আনন্দে নাচয়ে সবে হইয়ে বিভোলা॥
নিজানন্দে নাচে মহাপ্রভু বিশ্বম্ভর।
চরণের তালি শুনি অতি মনোহর॥
ভাবাবেশে মালা নাহি রহয়ে গলায়।
ছিণ্ডিয়া পড়য়ে গিয়া ভকতের গায়॥
যাঁর নামানন্দে শিব বসন না জানে।
যাঁর রসে নাচে শিব সে নাচে আপনে॥
যাঁর নামে বাল্মীকি হইল তপোধন।
যাঁর নামে অজামিল পাইল মোচন॥



যাঁর নাম শ্রবনে সংসার-বন্ধ ঘুচে।
হেন প্রভু অবতরি কলিযুগে নাচে॥
যাঁর নাম লই শুক নারদ বেড়ায়।
সহস্রবদন-প্রভু যার গুণ গায়॥
সর্ব্ব-মহা-প্রায়শ্চিত্ত যে প্রভুর নাম।
সে প্রভু নাচয়ে দেখে যত ভাগ্যবান্॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচাঁদ জান।
বৃন্দাবন দাস তছু পদযুগে গান॥

---

শুদ্ধ ভকত- চরণ-রেণু
ভজন-অনুকূল।
ভকত-সেবা পরম সিদ্ধি
প্রেমলতিকার মূল॥১॥
মাধব-তিথি ভক্তি জননী
যতনে পালন করি।
কৃষ্ণবসতি, বসতি বলি'
পরম আদরে বরি॥২॥
গৌর আমার যে সব স্থানে,
করল ভ্রমণ রঙ্গে।
সে সব স্থান, হেরিব আমি,
প্রণয়ি-ভকত-সঙ্গে॥৩॥

মৃদঙ্গবাদ্য, শুনিতে মন,
অবসর সদা যাচে।
গৌর-বিহিত কীর্ত্তন শুনি'
আনন্দে হৃদয় নাচে ॥৪॥
যুগলমূর্ত্তি, দেখিয়া মোর,
পরম আনন্দ হয়।
প্রসাদ-সেবা, করিতে হয়,
সকল প্রপঞ্চ-জয় ॥৫॥
যে দিন গৃহে, ভজন দেখি,
গৃহেতে গোলোক ভায়।
চরণসীধু দেখিয়া গঙ্গা,
সুখ না সীমা পায় ॥৬॥
তুলসী দেখি' জুড়ায় প্রাণ,
মাধবতোষণী জানি'।
গৌর-প্রিয় শাক সেবনে
জীবন সার্থক মানি ॥৭॥
ভকতিবিনোদ কৃষ্ণভজনে
অনুকূল পায় যাহা।
প্রতি দিবসে পরম সুখে
স্বীকার করয়ে তাহা ॥৮॥



# শ্রীপ্রসাদ সেবায় গীতি

**মহাপ্রসাদে গোবিন্দে নাম-ব্রহ্মণি বৈষ্ণবে।**
**স্বল্পপুণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে ॥**

শরীর অবিদ্যা-জাল জড়েন্দ্রিয় তাহে কাল
জীবে ফেলে বিষয় সাগরে।
তার মধ্যে জিহ্বা অতি লোভময় সুদুর্ম্মতি
তা'কে জেতা কঠিন সংসারে ॥
কৃষ্ণ বড় দয়াময় করিবারে জিহ্বা জয়
স্বপ্রসাদ অন্ন দিল ভাই।
সেই অন্নামৃত পাও রাধাকৃষ্ণ গুণ গাও
প্রেমে ডাক চৈতন্য নিতাই ॥

একদিন শান্তিপুরে প্রভু অদ্বৈতের ঘরে
দুই প্রভু ভোজনে বসিল।
শাক করি' আস্বাদন প্রভু বলে, "ভক্তগণ
এই শাক কৃষ্ণ আস্বাদিল ॥
হেন শাক আস্বাদনে কৃষ্ণপ্রেম আইসে মনে
সেই প্রেমে কর আস্বাদন।
জড়বুদ্ধি পরিহরি প্রসাদ ভোজন করি
হরি হরি বল সর্ব্বজন ॥"

শচীর অঙ্গনে কভু মাধবেন্দ্রপুরী প্রভু
প্রসাদান্ন করেন ভোজন।
খাইতে খাইতে তাঁর আইল প্রেম সুদুর্ব্বার
বলে—"শুন সন্ন্যাসীর গণ॥
মোচাঘণ্ট ফুলবড়ি ডালি ডালনা চচ্চড়ি
শচীমাতা করিল রন্ধন।
তাঁর শুদ্ধা-ভক্তি হেরি ভোজন করিল হরি
সুধা সম এ অন্ন-ব্যঞ্জন॥
যোগে যোগী পায় যাহা ভোগে আজ হবে তাহা
হরি বলি খাও সবে ভাই।
কৃষ্ণের প্রসাদ-অন্ন ত্রিজগৎ করে ধন্য
ত্রিপুরারি নাচে যাহা পাই॥"

একদিন নীলাচলে প্রসাদসেবন-কালে
মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্য।
বলিলেন ভক্তগণে খেচরান্ন শুদ্ধ মনে
সেবা করি' হও আজ ধন্য॥
খেচরান্ন পিঠাপানা অপূর্ব্ব প্রসাদ নানা
জগন্নাথ দিল তোমা সবে।
আকণ্ঠ ভোজন করি' বল মুখে হরি হরি
অবিদ্যা-দুরিত নাহি রবে॥



জগন্নাথ-প্রসাদান্ন বিরিঞ্চি শম্ভুর মান্য
খাইলে প্রেম হইবে উদয়।
এমন দুর্ল্লভ ধন পাইয়াছ সর্ব্বজন
জয় জয় জগন্নাথ জয়॥

## গৌর-আরতি

জয় জয় গোরাচাঁদের আরতিক শোভা
জাহ্নবী তটবনে জগমন লোভা।
দক্ষিণে নিতাইচাঁদ বামে গদাধর।
নিকটে অদ্বৈত শ্রীনিবাস ছত্রধর॥
বসিয়াছে গোরাচাঁদ রত্নসিংহাসনে।
আরতি করেন ব্রহ্মা আদি দেবগণে॥
নরহরি আদি করি চামর ঢুলায়।
সঞ্জয়, মুকুন্দ, বাসুঘোষ আদি গায়॥
শঙ্খ বাজে ঘণ্টা বাজে বাজে করতাল।
মধুর মৃদঙ্গ বাজে পরম রসাল॥
বহু কোটী চন্দ্র জিনি বদন উজ্বল।
গলদেশে বনমালা করে ঝলমল॥
শিব, শুক, নারদ প্রেমে গদগদ।
ভকতিবিনোদ দেখে গোরার সম্পদ॥

## যুগল-আরতি

জয় জয় রাধাকৃষ্ণ-যুগল-মিলন।
আরতি করয়ে ললিতাদি সখীগণ ॥
মদনমোহন রূপ ত্রিভঙ্গসুন্দর।
পীতাম্বর শিখিপুচ্ছ-চূড়া মনোহর ॥
ললিতমধাব বামে বৃষভানু-কন্যা।
নীল-বসনা গৌরী রূপে গুণে ধন্যা ॥
নানাবিধ অলঙ্কার করে ঝলমল।
হরিমনোবিমোহন বদন উজ্বল ॥
বিশাখাদি সখীগণ নানা রাগে গায়।
প্রিয়নর্ম্মসখী যত চামর ঢুলায় ॥
শ্রীরাধামাধব পদ সরসিজ আশে।
ভকতিবিনোদ সখীপদে সুখে ভাসে ॥

## শ্রীসারস্বত-আরতি

জয়রে জয়রে জয় গৌর-সরস্বতী।
ভকতি বিনোদান্বয় করুণা মুরতি ॥ ১
প্রকাশিলে গৌর-সেবা ভূবন মঙ্গল।
ভকতিসিদ্ধান্ত শুদ্ধ প্রজ্ঞান উজ্জ্বল ॥ ২
রাধা-শ্যাম একতনু দক্ষে গোরা রায়।
বামে রাধা মধ্যে স্বয়ং শ্যাম-গোপ জয় ॥ ৩



ব্রজরস নবভাবে নবদ্বীপে রাজে।
উদারে মধুর রাগ অভিনব সাজে ॥ ৪
মাধুর্য্য কৈবল্য রাগ ব্রজের নির্য্যাস।
প্রাপ্তি পরাকাষ্ঠা তাহে গৌরাঙ্গ বিলাস ॥ ৫
রাধা ভাব-কান্তি অঙ্গিকরি' ভাল মতে।
দক্ষিণে আসন রস গরিমা দেখাতে ॥ ৬
রাধা-রস-ত্রয়-স্বাদ রহস্য প্রয়াস।
নিরখি প্রফুল্ল রাধা মুখে মন্দ হাস ॥ ৭
মধ্যে রহি বংশীরবে ঘোষে বংশীধর।
রাধার সম্পদে আমি গৌরাঙ্গ-সুন্দর ॥ ৮
মদভীষ্ঠ রূপ রাধার হৃদয় মন্দিরে।
গৌরাঙ্গ ভজিলে সুষ্ঠু স্ফূর্ত্তি পায় তারে ॥ ৯
নদীয়া প্রকাশে মহাপ্রভু গৌরনিধি।
পতিত পাবন দেবে মিলাইল বিধি ॥ ১০
এরূপ আরতি ব্রহ্মা শম্ভু অগোচর।
গৌরভক্ত কৃপা পাত্র মাত্র সিদ্ধি সার ॥ ১১
শ্রীস্বরূপ, রামানন্দ, রূপ, সনাতন।
শ্রীরঘু, জীবাদি কৃপায় দেখে ভক্তজন ॥ ১২
জয় গুরু-গৌর-রাধা-গোবিন্দ-সুন্দর।
জয় দাও ভক্তবৃন্দ নিত্য নিরন্তর ॥ ১৩

# শ্রীশচীনন্দন-বন্দনা

শ্রীল শ্রীমদ্ভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ-বিরচিত

জয় শচীনন্দন স্থর-মুনিবন্দন
ভবভয়-খণ্ডন জয় হে ।
জয় হরিকীর্ত্তন নর্ত্তনা বর্ত্তন
কলিমল-কর্ত্তন জয় হে ॥
নয়ন-পুরন্দর বিশ্বরূপ স্নেহধর
বিশ্বম্ভর বিশ্বের কল্যাণ ।
জয় লক্ষ্মী-বিষ্ণুপ্রিয়া বিশ্বম্ভর-প্রিয়হিয়া
জয় প্রিয় কিঙ্কর ঈশান ॥
শ্রীসীতা-অদ্বৈতরায় মালিনী-শ্রীবাস জয়
জয় চন্দ্রশেখর আচার্য্য ।
জয় নিত্যানন্দ রায় গদাধর জয় জয়
জয় হরিদাস নামাচার্য্য ॥
মুরারি মুকুন্দ জয় প্রেমনিধি মহাশয়
জয় যত প্রভু পারিষদ্ ।
বন্দি সবাকার পায় অধমেরে কৃপা হয়
ভক্তি সপার্ষদ-প্রভুপাদ্ ॥



# শ্রীভোগারতি-গীতি

ভজ ভকতবৎসল শ্রীগৌরহরি শ্রীগৌরহরি সোহি গোষ্ঠবিহারী
নন্দ যশোমতী-চিত্তহারী ॥
বেলা হ'লো দামোদর, আইস এখন ।
ভোগ-মন্দিরে বসি' করহ ভোজন ॥
নন্দের নির্দ্দেশে বৈসে গিরিবরধারী ।
বলদেব-সহ সখা বৈসে সারি সারি ॥
শুক্‌তা-শাকাদি ভাজি নালিতা কুষ্মাণ্ড ।
ডালি ডাল্‌না দুগ্ধতুম্বী দধি মোচাঘণ্ট ॥
মুদ্গবড়া মাষবড়া রোটিকা ঘৃতান্ন ।
শষ্কুলী পিষ্টক ক্ষীর পুলি পায়সান্ন ॥
কর্পূর অমৃতকেলী রম্ভা ক্ষীরসার ।
অমৃত রসালা অম্ল দ্বাদশ প্রকার ॥
লুচি চিনি সরপুরী লাড্ডুরসাবলী ।
ভোজন করেন কৃষ্ণ হ'য়ে কুতূহলী ॥
রাধিকার পক্ক অন্ন বিবিধ ব্যঞ্জন ।
পরম আনন্দে কৃষ্ণ করেন ভোজন ॥
ছলে বলে লাড্ডু খায় শ্রীমধুমঙ্গল ।
বগল বাজায় আর দেয় হরিবোল ॥

রাধিকাদি গণে হেরি নয়নের কোণে ।
তৃপ্ত হ'য়ে খায় কৃষ্ণ যশোদা ভবনে ॥
ভোজনান্তে পিয়ে কৃষ্ণ সুবাসিত বারি ।
সবে মুখ প্রক্ষালয় হ'য়ে সারি সারি ॥
হস্ত মুখ প্রক্ষালিয়া যত সখাগণে ।
আনন্দে বিশ্রাম করে বলদেব সনে ॥
তাম্বুল রসাল আনে তাম্বুল মশালা ।
তাহা খেয়ে কৃষ্ণচন্দ্র সুখে নিদ্রা গেলা ॥
বিলাসক শিখি-পুচ্ছ চামর ঢুলায় ।
অপূর্ব্ব শয্যায় কৃষ্ণ সুখে নিদ্রা যায় ॥
যশোমতী-আজ্ঞা পেয়ে ধনিষ্ঠা-আনীত ।
শ্রীকৃষ্ণপ্রসাদ রাধা ভুঞ্জে হয়ে প্রীত ॥
ললিতাদি সখীগণ অবশেষ পায় ।
মনে মনে সুখে রাধা কৃষ্ণগুণ গায় ॥
হরিলীলা একমাত্র যাহার প্রমোদ ।
ভোগারতি গায় ঠাকুর ভকতিবিনোদ ॥



# শ্রীশ্রীনিতাই-চৈতন্য-আরতি

(শ্রীক্ষেত্রে নিতাই-চৈতন্য মন্দিরে বিগ্রহ গণের আরতির জন্যে)

ওঁ বিষ্ণুপাদ
শ্রীল ভক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ বিরচিতম্

জয় গুরু মহারাজ করুণাসাগর ।
শ্রীভক্তিরক্ষক দেবগোস্বামী শ্রীধর ॥১॥

প্রকাশিলে নীলাচলে ভুবনমঙ্গল ।
নিতাই-চৈতন্য-দেব-সেবা সমুজ্জ্বল ॥২॥

গোরাপ্রেমে মাতোয়ারা নিত্যানন্দরূপ ।
রসরাজ মহাভাব চৈতন্যস্বরূপ ॥৩॥

কসিতকাঞ্চন যিনি শ্রীঅঙ্গ লাবণি ।
দুঁহুঁগলে বনমালা ভাবের দোলনী ॥৪॥

মুরছিত কোটীকাম রূপরাসরঙ্গে ।
মধুর নর্ত্তন-ভাব বরাভয় ভঙ্গে ॥৫॥

কোটী-চন্দ্র-ভানুশোভা রত্ন-সিংহাসনে ।
প্রেম নেত্রে দেখে মহাভাগ্যবান জনে ॥৬॥

মৃদঙ্গ মন্দিরাবাজে সুশঙ্খধ্বনিত ।
শ্রুতি-মৌলি-রত্নমালা দীপ-নিরাজিত ॥৭॥

ভুবনমোহন দুঁহুঁ রূপের আরতি ।
গুপ্ত-বৃন্দারণ্যবাসী দেখে নিরবধি ॥৮॥

শ্রীস্বরূপ-রামানন্দ রূপ-সনাতন ।
রঘুনাথ হরিদাস গদাধরধন ॥৯॥

সার্ব্বভৌম গোপীনাথ জীবানুগজন ।
দেখেন আরতিশোভা দুর্ল্লভদর্শন ॥১০॥

নদীয়া প্রকাশে নিত্যানন্দ-গৌরনিধি ।
পতিতপাবন-ক্ষেত্রে মিলাইলবিধি ॥১১॥

অবিচিন্ত্য নিত্যানন্দ-চৈতন্যপ্রকাশ ।
শ্রীগুরুপ্রসাদে দেখে এই অধম দাস ॥১২॥
(শ্রীগুরুপ্রসাদে দেখে শ্রীগোবিন্দ দাস)



# শ্রীতুলসী-পরিক্রমা-গীতি

নমো নমঃ তুলসী মহারাণি, বৃন্দে মহারাণি নমো নমঃ
নমোরে নমোরে মাঁইয়া নমো নারায়ণী ।

যাঁকো দরশে পরশে অঘনাশ হোই
মহিমা বেদ পুরাণে বাখানি ॥

যাঁকো পত্র, মঞ্জরী কোমল
শ্রীপতি-চরণ-কমলে লেপটানি ।
ধন্য তুলসী, পুরণ তপ কিয়ে,
শ্রীশালগ্রাম-মহাপাটরাণী ॥

ধূপ, দীপ, নৈবেদ্য, আরতি,
ফুলনা কিয়ে বরখা বরখানি ।
ছাপ্পান্ন ভোগ, ছত্রিশ ব্যঞ্জন,
বিনা তুলসী প্রভু এক নাহি মানি ॥

শিব শুক নারদ আউর ব্রহ্মাদিক,
ঢুঁড়ত ফিরত মহামুনি জ্ঞানী ।
চন্দ্রশেখর মাইয়া তেরা যশ গাওয়ে,
ভকতি দান দীজিয়ে মহারাণি ॥

নমো নমঃ তুলসী ! কৃষ্ণপ্রেয়সী ।
রাধাকৃষ্ণ সেবা পাব এই অভিলাষী ॥
যে তোমার শরণ লয়, তার বাঞ্ছা পূর্ণ হয়,
কৃপা করি কর তারে বৃন্দাবনবাসী ॥
মোর এই অভিলাষ, বিলাস কুঞ্জে দিও বাস,
নয়নে হেরিব সদা যুগলরূপরাশি ।
এই নিবেদন ধর, সখীর অনুগত কর,
সেবা-অধিকার দিয়া কর নিজ দাসী ॥
দীন কৃষ্ণদাসে কয় এই যেন মোর হয়,
শ্রীরাধাগোবিন্দ-প্রেমে সদা যেন ভাসি ॥

---

জয় জয় রাধামাধব রাধামাধব রাধে ।
(জয়দেবের প্রাণধন হে)
জয় জয় রাধামদনগোপাল রাধামদনগোপাল রাধে ।
(সীতানাথের প্রাণধন হে)
জয় জয় রাধাগোবিন্দ রাধাগোবিন্দ রাধে ।
(রূপগোস্বামীর প্রাণধন হে)
জয় জয় রাধামদনমোহন রাধামদনমোহন রাধে ।
(সনাতনের প্রাণধন হে)
জয় জয় রাধাগোপীনাথ রাধাগোপীনাথ রাধে ।
(মধুপণ্ডিতের প্রাণধন হে)
জয় জয় রাধাদামোদর রাধাদামোদর রাধে ।
(জীব গোস্বামীর প্রাণধন হে)



জয় জয় রাধারমণ রাধারমণ রাধে ।
(গোপাল ভট্টের প্রাণধন হে)
জয় জয় রাধাবিনোদ রাধাবিনোদ রাধে ।
(লোকনাথের প্রাণধন হে)
জয় জয় রাধাগিরিধারী রাধাগিরিধারী রাধে ।
(দাস গোস্বামীর প্রাণধন হে)
জয় রাধাশ্যামসুন্দর রাধাশ্যামসুন্দর রাধে ।
(শ্যামানন্দের প্রাণধন হে)
জয় রাধাবঙ্কুবিহারী রাধাবঙ্কুবিহারী রাধে ।
(হরিদাসের প্রাণধন হে)
জয় জয় রাধাকান্ত রাধাকান্ত রাধে ।
(বক্রেশ্বরের প্রাণধন হে)

---

## পরিশিষ্ট

বিরজার পারে শুদ্ধ পরব্যোম-ধাম ।
তদুপরি শ্রীগোকুল বৃন্দারণ্য নাম ॥১॥
বৃন্দাবন চিন্তামণি চিদানন্দ-রত্নখনি
চিন্ময় অপূর্ব্বদরশন ।
তঁহি মাঝে চমৎকার কৃষ্ণ বনস্পতিসার
নীলমণি তমাল যেমন ॥২॥
তাহে এক স্বর্ণময়ী লতা সর্ব্বধামজয়ী
উঠিয়াছে পরমপাবনী ।

হ্লাদিনীশক্তির সার 'মহাভাব' নাম যার
ত্রিভুবনমোহন-মোহিনী ॥৩॥
রাধানামে পরিচিত তুষিয়া গোবিন্দ-চিত
বিরাজয়ে পরম আনন্দে।
সেই লতা-পত্র-ফুল ললিতাদি সখীকুল
সবে মিলি' বৃক্ষে দৃঢ় বান্ধে ॥৪॥
লতার পরশে প্রফুল্ল তমাল।
লতা ছাড়ি' নাহি রহে কোন কাল ॥৫॥
তমাল ছাড়িয়া লতা নাহি বাঁচে।
সে লতা-মিলন সদাকাল যাচে ॥৬॥
ভকতিবিনোদ মিলন দোঁহার।
না চাহে কখন বিনা কিছু আর ॥৭॥

---

ভজ রে ভজ রে আমার মন অতি মন্দ।
(ভজন বিনা গতি নাই রে)
(ভজ) ব্রজবনে রাধাকৃষ্ণ-চরণারবিন্দ
(জ্ঞান-কর্ম্ম-পরিহরি' রে)
(ভজ) গৌর-গদাধরাদ্বৈত-গুরু-নিত্যানন্দ।
(গৌর-কৃষ্ণে অভেদ জেনে রে)
(গুরু কৃষ্ণপ্রিয় জেনে রে)
(স্মর) শ্রীনিবাস, হরিদাস, মুরারি, মুকুন্দ ॥
(গৌরপ্রেমে স্মর স্মর রে)



(স্মর) রূপ-সনাতন-জীব-রঘুনাথ-দ্বন্দ্ব।
(যদি) ভজন করবে রে)
(স্মর) রাঘব-গোপালভট্ট-স্বরূপ-রামানন্দ ॥
(কৃষ্ণপ্রেম যদি চাও রে)
(স্মর) গোষ্ঠীসহ কর্ণপুর-সেন-শিবানন্দ।
(অজস্র স্মর স্মর রে)
(স্মর) রূপানুগ সাধুজন ভজন-আনন্দ ॥
(ব্রজে বাস যদি চাও রে)

---

হরি হরি ! বিফলে জনম গোঙাইনু।
মনুষ্যজনম পাইয়া রাধাকৃষ্ণ না ভজিয়া
জানিয়া শুনিয়া বিষ খাইনু ॥
গোলোকের প্রেমধন হরিনাম-সঙ্কীর্ত্তন
রতি না জন্মিল কেন তায়।
সংসার-বিষানলে দিবানিশি হিয়া জ্বলে
জুড়াইতে না কৈনু উপায় ॥
ব্রজেন্দ্রনন্দন যেই শচীসুত হৈল সেই
বলরাম হইল নিতাই।
দীনহীন যত ছিল হরিনামে উদ্ধারিল
তার সাক্ষী জগাই মাধাই ॥

হাহা প্রভু নন্দসুত বৃষভানুসুতাযুত
করুণা করহ এইবার ।
নরোত্তমদাস কয় না ঠেলিহ রাঙ্গা পায়
তোমা বিনে কে আছে আমার ॥

---

হরি হরি ! বড় শেল মরমে রহিল ।
পাইয়া দুর্লভ তনু শ্রীকৃষ্ণভজন বিনু
জন্ম মোর বিফল হইল ॥
ব্রজেন্দ্রনন্দন হরি নবদ্বীপে অবতরি'
জগৎ ভরিয়া প্রেম দিল ।
মুঞি সে পামরমতি বিশেষে কঠিন অতি
তেঁই মোরে করুণা নহিল ॥
স্বরূপ, সনাতন, রূপ, রঘুনাথ ভট্টযুগ
তাহাতে না হৈল মোর মতি ।
দিব্য-চিন্তামণিধাম বৃন্দাবন হেন স্থান
সেই ধামে না কৈনু বসতি ॥
বিশেষ বিষয়ে মতি নহিল বৈষ্ণবে রতি
নিরন্তর খেদ উঠে মনে ।
নরোত্তমদাস কহে জীবার উচিত নহে
শ্রীগুরুবৈষ্ণব সেবা বিনে ॥

---



**[ শ্রীমদ্রূপগোস্বামিপ্রভুপাদেনোক্তং—**
**অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্ ।**
**আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা ॥ ]**

অন্য-অভিলাষ ছাড়ি', জ্ঞান-কর্ম্ম পরিহরি',
কায়-মনে করিব ভজন ।
সাধুসঙ্গে কৃষ্ণ সেবা, না পূজিব দেবীদেবা,
এই ভক্তি পরম কারণ ॥
মহাজনের যেই পথ, তা'তে হ'ব অনুরত
পূর্বাপর করিয়া বিচার ।
সাধন-স্মরণ লীলা, ইহাতে না কর হেলা,
কায়-মনে করিয়া সুসার ॥
অসৎসঙ্গ সদা ত্যাগ, ছাড় অন্য গীতরাগ,
কর্ম্মী, জ্ঞানী পরিহরি' দূরে ।
কেবল ভকত সঙ্গ, প্রেম-কথা-রসরঙ্গ,
লীলা কথা ব্রজরসপুরে ॥
যোগী, ন্যাসী, কর্ম্মী, জ্ঞানী, অন্যদেব-পূজক, ধ্যানী,
ইহলোক দূরে পরিহরি' ।
কর্ম্ম, ধর্ম্ম, দুঃখ শোক, যেবা থাকে অন্য যোগ,
ছাড়ি' ভজ গিরিবরধারী ॥
তীর্থযাত্রা পরিশ্রম, কেবল মনের ভ্রম,
সর্ব্বসিদ্ধি গোবিন্দচরণ ।
দৃঢ় বিশ্বাস হৃদে ধরি', মদ-মাৎসর্য্য পরিহরি',
সদা কর অনন্যভজন ॥

কৃষ্ণভক্তসঙ্গ করি' কৃষ্ণভক্তসঙ্গ হেরি',
শ্রদ্ধান্বিতে শ্রবণ-কীর্ত্তন।
অর্চ্চন, বন্দন, ধ্যান, নবভক্তি মহাজ্ঞান,
এই ভক্তি পরম কারণ ॥
হৃষীকে গোবিন্দ-সেবা, না পূজিব দেবীদেবা,
এই ত' অনন্যভক্তি-কথা।
আর যত উপালম্ভ, বিশেষ সকলি দম্ভ,
দেখিতে লাগয়ে মনে ব্যথা ॥
দেহে বৈসে রিপুগণ, যতেক ইন্দ্রিয়গণ,
কেহ কার বাধ্য নাহি হয়।
শুনিলে না শুনে কাণ, জানিলে না জানে প্রাণ,
দাড়াইতে না পারে নিশ্চয় ॥
কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য, দম্ভসহ,
স্থানে স্থানে নিযুক্ত করিব।
আনন্দ করি' হৃদয় রিপু'করি' পরাজয়,
অনায়াসে গোবিন্দ ভজিব ॥
'কাম' কৃষ্ণ-কর্ম্মার্পণে, 'ক্রোধ' ভক্তদ্বেষি জনে,
'লোভ' সাধু-সঙ্গে হরি কথা।
'মোহ' ইষ্টলাভ বিনে, 'মদ' কৃষ্ণগুণগানে,
নিযুক্ত করিব যথা তথা ॥
অন্যথা স্বতন্ত্র কাম, অনর্থাদি যার ধাম,
ভক্তিপথে সদা দেয় ভঙ্গ।



কিবা বা করিতে পারে, কাম-ক্রোধ সাধকেরে,
যদি হয় সাধুজনার সঙ্গ ॥
ক্রোধে বা না করে কিবা, ক্রোধ-ত্যাগ সদা দিবা,
লোভ মোহ এই ত' কথন।
ছয় রিপু সদা হীন, করিব মনের অধীন,
কৃষ্ণচন্দ্র করিয়া স্মরণ ॥
আপনি পলাবে সব, শুনিয়া গোবিন্দ'-রব,
সিংহরবে যেন করিগণ।
সকল বিপত্তি যাবে, মহানন্দ সুখ পাবে,
যার হয় একান্ত ভজন ॥
না করিহ অসৎ চেষ্টা, লাভ, পূজা, প্রতিষ্ঠা,
সদা চিন্ত' গোবিন্দ চরণ।
সকল সন্তাপ যাবে, পরানন্দ সুখ পাবে,
প্রেমভক্তি পরম-কারণ ॥
অসৎসঙ্গ কুটিনাটি, ছাড় অন্য পরিপাটি,
অন্য দেবে না করিহ রতি।
আপন আপন স্থানে, পিরীতি সবাই টানে,
ভক্তি-পথে পড়য়ে বিগতি ॥
আপন ভজন-পথ, তাহে হব অনুরত,
ইষ্টদেব-স্থানে লীলাগান।
নৈষ্ঠিক-ভজন এই, তোমারে কহিলু ভাই,
হনুমান তাহাতে প্রমাণ ॥

কবে হবে বল, সে দিন আমার ।
(আমার) অপরাধ ঘুচি' শুদ্ধ নামে রুচি
কৃপা-বলে হবে হৃদয়ে সঞ্চার ॥১॥
তৃণাধিক হীন কবে নিজে মানি,
সহিষ্ণুতা-গুণ হৃদয়েতে আনি' ।
সকলে মানদ, আপনি অমানী,
হয়ে আস্বাদিব নাম-রস-সার ॥২॥
ধন জন আর কবিতা সুন্দরী,
বলিব না চাহি দেহ-সুখকরী ।
জন্মে জন্মে দাও ওহে গৌরহরি,
অহৈতুকী ভক্তি চরণে তোমার ॥৩॥
(কবে) করিতে শ্রীকৃষ্ণ- নাম উচ্চারণ
পুলকিত দেহ গদ্গদ বচন ।
বৈবর্ণ্য-বেপথু হবে সংঘটন
নিরন্তর নেত্রে ব'বে অশ্রুধার ॥৪॥
কবে নবদ্বীপে সুরধুনী-তটে
'গৌর-নিত্যানন্দ' বলি' নিষ্কপটে ।
নাচিয়া গাইয়া, বেড়াইব ছুটে,
বাতুলের প্রায় ছাড়িয়া বিচার ॥৫॥
কবে নিত্যানন্দ মোরে করি' দয়া
ছাড়াইবে মোর বিষয়ের মায়া ।



দিয়া মোরে নিজ- চরণের ছায়া,
নামের হাটেতে দিবে অধিকার ॥৬॥
কিনিব লুটিব হরি-নাম-রস,
নাম-রসে মাতি' হইব বিবশ ।
রসের রসিক- চরণ-পরশ
করিয়া মজিব রসে অনিবার ॥৭॥
কবে জীবে দয়া হইবে উদয়,
নিজ সুখ ভুলি' সুদীন-হৃদয় ।
ভকতিবিনোদ করিয়া বিনয়,
শ্রীআজ্ঞা-টহল করিবে প্রচার ॥৮॥

## বিরহ-গীতি

যে আনিল প্রেমধন করুণা প্রচুর ।
হেন প্রভু কোথা গেলা আচার্য্য ঠাকুর ॥
কাঁহা মোর স্বরূপ-রূপ' কাঁহা সনাতন ।
কাঁহা দাস রঘুনাথ পতিতপাবন ॥
কাঁহা মোর ভট্টযুগ কাঁহা কবিরাজ ।
এককালে কোথা গেলা গোরা নটরাজ ॥
পাষাণে কুটিব মাথা অনলে পশিব ।
গৌরাঙ্গ গুণের নিধি কোথা গেলে পাব ॥
সে সব সঙ্গীর সঙ্গে যে কৈল বিলাস ।
সে সঙ্গ না পাঞা কান্দে নরোত্তম দাস ॥

## প্রভাতি গীতি

কলি-কুক্কুর-কদন যদি চাও হে।
কলিযুগ-পাবন কলিভয়-নাশন
শ্রীশচী-নন্দন গাও হে ॥
গদাধর-মাদন নিতাই-এর প্রাণধন
অদ্বৈতের প্রপূজিত গোরা।
নিমাই বিশ্বম্ভর শ্রীনিবাস-ঈশ্বর
ভক্তসমূহ-চিতচোরা ॥
নদীয়া-শশধর মায়াপুর-ঈশ্বর
নাম-প্রবর্ত্তন-শূর।
গৃহীজন-শিক্ষক ন্যাসিকুল-নায়ক
মাধব-রাধাভাবপূর ॥
সার্ব্বভৌম-শোধন গজপতি-তারণ
রামানন্দ-পোষণ-বীর।
রূপানন্দ-বর্দ্ধন সনাতন পালন
হরিদাস-মোদন-ধীর ॥
ব্রজরস-ভাবন দুষ্টমত-শাতন
কপটী-বিঘাতন-কাম।
শুদ্ধভক্ত-পালন শুষ্কজ্ঞান-তাড়ন
ছলভক্তি-দুষণ-রাম ॥

---



জীব জাগ জীব জাগ গোরাচাঁদ বলে।
কত নিদ্রা যাও মায়া পিশাচীর কোলে ॥
ভজিব বলিয়া এসে সংসার ভিতরে।
ভুলিয়া রহিলে তুমি অবিদ্যার ভরে ॥
তোমারে লইতে আমি হইনু অবতার।
আমি বিনা বন্ধু আর কে আছে তোমার ॥
এনেছি ঔষধি মায়া নাশিবার লাগি।
হরিনাম মহামন্ত্র লও তুমি মাগি ॥
ভকতিবিনোদ প্রভুর চরণে পড়িয়া।
সেই হরিনাম (মহা) মন্ত্র লইল মাগিয়া ॥

---

উদিল অরুণ পূরব ভাগে, দ্বিজমণি গোরা অমনি জাগে,
ভকত সমূহ লইয়া সাথে, (গোরা) গেলা নগর-ব্রাজে।
তাথই তাথই বাজল খোল, ঘন ঘন তাহে ঝাঁজের রোল
প্রেমে ঢল ঢল সোনার অঙ্গ (গোরার) চরণে নূপুর বাজে।
মুকুন্দ মাধব যাদব হরি, বলরে বলরে বদন ভরি,
মিছে নিদবশে গেল রে রাতি, দিবস শরীর-সাজে।
এমন দুর্ল্লভ মানব-দেহ পাইয়া কি কর ভাবনা কেহ,
এবে না ভজিলে যশোদা-সুত, চরমে পড়িবে লাজে।
উদিত তপন হইলে অস্ত, দিন গেল বলি' হইবে ব্যস্ত
তবে কেন এবে অলস হই', না ভজ হৃদয়রাজে।

জীবন অনিত্য জানহ সার, তাহে নানাবিধ বিপদ ভার
নামাশ্রয় করি, যতনে তুমি, থাকহ আপন কাজে।
কৃষ্ণনাম-সুধা করিয়া পান জুড়াও ভকতিবিনোদ-প্রাণ,
নাম বিনা কিছু নাহিক আর, চৌদ্দ ভুবন মাঝে।
জীবের কল্যাণ সাধনকাম, জগতে আসি' এ মধুর নাম,
অবিদ্যা-তিমির-তপন রূপে হৃদ্ গগনে বিরাজে।

---

বিভাবরী শেষ আলোক প্রবেশ
নিদ্রা ছাড়ি উঠ জীব।
বল হরি হরি মুকুন্দ মুরারি
রামকৃষ্ণ হয়গ্রীব ॥
নৃসিংহ বামন শ্রীমধুসূদন
ব্রজেন্দ্রনন্দন শ্যাম।
পুতনাঘাতন কৈটভশাতন
জয় দাশরথি রাম ॥
যশোদাদুলাল গোবিন্দ গোপাল
বৃন্দাবন-পুরন্দর।
গোপীপ্রিয়জন রাধিকারমণ
ভুবন সুন্দরবর ॥
রাবণান্তকর মাখনতস্কর
গোপীজন বস্ত্রহারী।
ব্রজের রাখাল গোপবৃন্দপাল
চিত্তহারী বংশীধারী ॥



যোগীন্দ্রবন্দন শ্রীনন্দনন্দন
ব্রজজন-ভয়হারী।
নবীন নীরদ রূপ মনোহর
মোহন বংশীবিহারী ॥
যশোদানন্দন কংস নিসূদন
নিকুঞ্জ রাসবিলাসী।
কদম্ব কানন রাসপরায়ণ
বৃন্দাবিপিন-নিবাসী ॥
আনন্দ-বর্দ্ধন প্রেমনিকেতন
ফুলশরযোজক কাম।
গোপাঙ্গনাগণ চিত্তবিনোদন
সমস্ত গুণগণধাম ॥
যামুন জীবন কেলিপরায়ণ
মানস-চন্দ্র-চকোর।
(হরি) নাম-সুধারস গাও কৃষ্ণ-যশ
রাখ বচন মন মোর ॥

---

হরিবল হরিবল হরিবল ভাই রে।
হরিনাম আনিয়াছে গৌরাঙ্গ নিতাই রে ॥
(মোদের দুঃখ দেখে রে)
হরিনাম বিনা জীবের অন্য ধন নাই রে।
হরিনামে শুদ্ধ হ'ল জগাই মাধাই রে॥ (বড় পাপী ছিল রে)

মিছে মায়াবদ্ধ হ'য়ে জীবন কাটাই রে। (আমি আমার বলে রে)
আশাবশে ঘুরে ঘুরে আর কোথা যাই রে। (নিরাশ ত সুখ রে)
ভোগ-মোক্ষবাঞ্ছা ছাড়ি' হরিনাম গাই রে ॥ (শুদ্ধসত্ত্ব হ'য়ে রে)
না চেয়েও নামের গুণে ওসব ফল পাই রে।
(তুচ্ছ ফলের প্রয়াস ছেড়ে রে)
বিনোদ বলে যাই ল'য়ে নামের বালাই রে ॥
(নামের বালাই ছেড়ে রে)

রাধাকৃষ্ণ বল্ বল্ বলরে সবাই।
(এই) শিক্ষা দিয়া, সব নদীয়া, ফির্‌ছে নেচে গৌর-নিতাই ॥
(মিছে) মায়ার বশে, যাচ্ছ ভেসে, খাচ্ছ হাবুডুবু ভাই।
(জীব) কৃষ্ণদাস, এ বিশ্বাস, কর্‌লে ত আর দুঃখ নাই ॥
(কৃষ্ণ) বল্‌বে যবে পুলক হবে, ঝরবে আঁখি বলি তাই।
(রাধা) কৃষ্ণ বল, সঙ্গে চল, এই মাত্র ভিক্ষা চাই।
(যায়) সকল বিপদ, ভক্তিবিনোদ, বলেন যখন ওনাম গাই ॥

ময়ূর-মুকুট পীতাম্বরধারী। মুরলীধর গোবর্দ্ধনধারী ॥
শ্রীরাধাবর কুঞ্জবিহারী, মুরলীধর গোবর্দ্ধনধারী ॥
জয় যশোদা-নন্দন কৃষ্ণ মুরারি, মুরলীধর গোবর্দ্ধনধারী ॥
জয় গোপীজনবল্লভ বংশীবিহারী। মুরলীধর গোবর্দ্ধনধারী ॥



# শিক্ষা-গীতি

মন রে, কেন আর বর্ণ অভিমান।
মরিলে পাতকী হ'য়ে যমদূতে যা'বে ল'য়ে
না করিবে জাতির সম্মান ॥
যদি ভাল কর্ম্ম কর স্বর্গভোগ অতঃপর
তা'তে বিপ্র-চণ্ডাল সমান।
নরকেও দুইজনে দণ্ডপা'বে একাসনে
জন্মান্তরে সমান বিধান ॥
তবে কেন অভিমান ল'য়ে তুচ্ছ বর্ণমান
মরণ অবধি যার মান।
উচ্চ বর্ণ পদধরি বর্ণান্তরে ঘৃণা করি
নরকের না কর সন্ধান ॥
সামাজিক মান লয়ে থাক ভাই বিপ্র হ'য়ে
বৈষ্ণবে না কর অপমান।
আদার ব্যাপারী হ'য়ে বিবাদ জাহাজ ল'য়ে
কভু নাহি করে বুদ্ধিমান ॥
তবে যদি কৃষ্ণ-ভক্তি সাধ তুমি যথাশক্তি
সোনায় সোহাগা পাবে স্থান।
সার্থক হইবে সুত্র সর্ব্বলাভ ইহামূত্র
বিনোদ করিবে স্তুতি গান ॥

রূপের গৌরব কেন ভাই ?

অনিত্য এ কলেবর　　কভু নহে স্থিরতর
শমন আইলে কিছু নাই ।
এ অঙ্গ শীতল হবে　　আঁখি স্পন্দহীন র'বে
চিতার আগুনে হবে ছাই ॥
যে মুখ-সৌন্দর্য্য হের　　দর্পণেতে নিরন্তর
শ্ব-শিবার হইবে ভোজন ।
যে বস্ত্রে আদর কর　　যেবা আভরণ পর
কোথা সব রহিবে তখন ॥
দারা সুত বন্ধু সবে　　শ্মশানে তোমারে লবে
দগ্ধকরি গৃহেতে আসিবে ।
তুমি কা'র কে তোমার　　এবে বুঝি দেখ সার
দেহনাশ অবশ্য ঘটিবে ॥
সুনিত্য সম্বল চাও　　হরিগুণ সদা গাও
হরিনাম জপহ সদাই ।
কুতর্ক ছাড়িয়া মন　　কর কৃষ্ণ আরাধন
বিনোদের আশ্রয় তাহাই

ও মন ! কি করে বরণ কুল ।

যেই কুলে কেন　　জনম না হয়
কেবল ভকতি মূল ॥
কপি কুলে ধন্য　　বীরহনুমান
শ্রীরাম-ভকত-রাজ ।



রাক্ষস হইয়া　　বিভীষণ বৈসে
ঈশ্বর সভারমাঝ ॥
দৈত্যের ঔরসে　　প্রহ্লাদ জনমি
ভুবনে রাখিল যশ ।
স্ফটিক স্তম্ভেতে　　প্রকট নৃহরি
হইয়া যাঁহার বশ ॥
চণ্ডাল হইয়া　　মিতালী করিল
গুহক চণ্ডালবর ।
বল না কি কুল　　বিদুরের ছিল
(ঠাকুর) খাইল তাহার ঘর ॥
দেখ না কেমন　　সাধন করিল
গোকুলে গোপের নারী ।
জাতি কুলাচারে　　তবে কি করিল
সে হরি যে ভজে তা'রি ॥
শ্রীকৃষ্ণ ভজনে　　সবে অধিকারী
কুলের গরব নাই
কহে প্রেমানন্দ　　যে করে গরব
নিতান্ত মুরখ ভাই ॥

আর কেন মায়াজালে পড়িতেছ জীব-মীন,
নাহি জান বদ্ধ হ'য়ে রবে তুমি চিরদিন ॥
অতি তুচ্ছ ভোগ-আশে, বন্দী হ'য়ে মায়া-পাশে,
রহিলে বিকৃত ভাবে দণ্ড্য যথা পরাধীন ॥
এখনও ভকতি-বলে, কৃষ্ণ-প্রেম-সিন্ধুজলে,
ক্রীড়া করি' অনায়াসে থাক তুমি কৃষ্ণাধীন ॥

কে যাবি কে যাবি ভাই ভবসিন্ধু পার।
ধন্য কলিযুগে রে চৈতন্য অবতার ॥
আমার গৌরাঙ্গের ঘাটে উজানখেয়া বয়।
কড়িপাতি নাহি লাগে অমনি পার হয় ॥
হরিনামের তরীখানি শ্রীগুরুকাণ্ডারী।
সংকীর্ত্তনকেরোয়াল দু'বাহু পসারি ॥
সর্ব্বজীব উদ্ধার হৈল প্রেমের বাতাসে।
লোচন পড়িয়া রৈল করমের দোষে ॥

বন্ধুসঙ্গে যদি তব রঙ্গ পরিহাস, থাকে অভিলাষ—থাকে অভিলাষ
তবে মোর কথা রাখ যেয়ো নাক যেয়ো নাক
মথুরায় কেশীতীর্থ ঘাটের সকাশ ॥
গোবিন্দ-বিগ্রহ ধরি তথায় আছেন হরি
নয়নে বঙ্কিম-দৃষ্টি মুখে মন্দহাস।
কিবা ত্রিভঙ্গিম ঠাম বর্ণ সমুজ্জ্বল শ্যাম
নব কিশলয় শোভা শ্রীঅঙ্গে প্রকাশ ॥
অধরে বংশীটি তার অনিষ্টের মূলাধার
শিখিচুড়াকেও ভাই ক'রো না বিশ্বাস।
সে মূর্ত্তি নয়নে হেরে কেহ নাহি ঘরে ফিরে
সংসারী গৃহীর যে গো হয় সর্ব্বনাশ ॥
তাই মোর মনে বড় ত্রাস।
ঘটিবে বিপদ ভারি যেয়ো নাক হে সংসারী
মথুরায় কেশীতীর্থ ঘাটের সকাশ ॥



## —নিবেদন—

গোপীনাথ মম নিবেদন শুন।
বিষয়ী দুর্জ্জন সদা কামরত
কিছু নাহি মোর গুণ ॥
গোপীনাথ, আমার ভরসা তুমি।
তোমার চরণে লইনু শরণ
তোমার কিঙ্কর আমি ॥
গোপীনাথ, কেমনে শোধিবে মোরে।
না জানি ভকতি কর্ম্মে জড়মতি
পড়েছি সংসার ঘোরে ॥
গোপীনাথ, সকলি তোমার মায়া।
নাহি মম বল জ্ঞান সুনির্ম্মল
স্বাধীন নহে এ কায়া ॥
গোপীনাথ, নিয়ত চরণে স্থান।
মাগে এ পামর কাঁদিয়া কাঁদিয়া
করহে করুণা দান ॥
গোপীনাথ, তুমি ত সকলি পার।
দুর্জ্জনে তারিতে তোমার শকতি
কে আছে পাপীর আর ॥
গোপীনাথ, তুমি কৃপাপারাবার।
জীবের কারণে আসিয়া প্রপঞ্চে
লীলা কৈলে সুবিস্তার ॥

গোপীনাথ, আমি কি দোষের দোষী।
অসুর সকল পাইল চরণ
বিনোদ থাকিল বসি ॥

---

গোপীনাথ, ঘুচাও সংসার জ্বালা।
অবিদ্যা যাতনা আর নাহি সহে
জনম মরণ-মালা ॥
গোপীনাথ, আমি ত কামের দাস।
বিষয়-বাসনা জাগিছে হৃদয়ে
ফাঁদিছে করম ফাঁস ॥
গোপীনাথ, কবে বা জাগিব আমি।
কামরূপ অরি দূরে তেয়াগিব
হৃদয়ে স্ফুরিবে তুমি ॥
গোপীনাথ, আমি ত' তোমার জন।
তোমারে ছাড়িয়া সংসার ভজিনু
ভুলিয়া আপন ধন ॥
গোপীনাথ, তুমি ত, সকলি জান।
আপনার জনে দণ্ডিয়া এখন
শ্রীচরণে দেহ স্থান ॥
গোপীনাথ, এই কি বিচার তব।
বিমুখ দেখিয়া ছাড় নিজ-জনে
না কর করুণা-লব ॥



গোপীনাথ, আমি ত' মূরখ অতি।
কিসে ভাল হয় কভু না বুঝিনু
তাই হেন মম গতি ॥
গোপীনাথ, তুমি ত' পণ্ডিতবর।
মূঢ়ের মঙ্গল সদা অন্বেষিবে
এ দাসে না ভাব পর ॥

---

গোপীনাথ, আমার উপায় নাই।
তুমি কৃপা করি আমারে লইলে
সংসারে উদ্ধার পাই ॥
গোপীনাথ, পড়েছি মায়ার ফেরে।
ধন, দারা সুত ঘিরেছে আমারে
কামেতে রেখেছে জেরে ॥
গোপীনাথ, মন যে পাগল মোর।
না মানে শাসন সদা অচেতন
বিষয়ে রয়েছে ভোর ॥
গোপীনাথ, হার যে মেনেছি আমি।
অনেক যতন হইল বিফল
এখন ভরসা তুমি ॥
গোপীনাথ, কেমনে হইবে গতি।
প্রবল ইন্দ্রিয়- বশীভূত মন
না ছাড়ে বিষয়-রতি ॥
গোপীনাথ, হৃদয়ে বসিয়া মোর।

মনকে শমিয়া লহ নিজ-পানে
ঘুচিবে বিপদ ঘোর ॥
গোপীনাথ, অনাথ দেখিয়া মোরে ।
তুমি হৃষিকেশ হৃষীক দমিয়া
তার' হে সংসৃতি ঘোরে ॥
গোপীনাথ, গলায় লেগেছে ফাঁস ।
কৃপা-অসি ধরি বন্ধন ছেদিয়া
বিনোদে করহ দাস ॥

## নাম সংকীর্ত্তন

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু নিত্যানন্দ ।
শ্রীঅদ্বৈত গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে ।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হে ॥
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ রক্ষ মাম্ ।
কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ পাহি মাম্ ॥
কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব কৃষ্ণ কেশব পাহি মাম্ ।
রাম রাঘব রাম রাঘব রাম রাঘব রক্ষ মাম্ ॥
হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে ।
হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ॥
হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্ ।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা ॥
নামসংকীর্ত্তনং যস্য সর্ব্বপাপপ্রণাশনম্ ।
প্রণাম দুঃখশমনস্তং নমামি হরিং পরম্ ॥



জয় গুরু শ্রীভক্তিসিদ্ধান্ত সরস্বতী ।
জগন্নাথ-ভক্তিবিনোদ-গৌর-প্রিয়- অতি ॥
জয় গৌর নিত্যানন্দ জয় গদাধর ।
জয়াদ্বৈত শ্রীনিবাস বৈষ্ণব-প্রবর ॥
জয় শচী জগন্নাথ মিশ্রের নন্দন ।
জয় জয় লক্ষ্মী-বিষ্ণুপ্রিয়া প্রাণধন ॥
শ্রীশচীর স্নেহপাত্র জয় শ্রীঈশান ।
মহাপ্রভু-মন্দিরের নিত্য সেবক হন ॥
জয় যোগপীঠ জয় শ্রীমায়াপুর ।
যেথা অবতীর্ণ হইলা নিমাই সুন্দর ॥
শ্রীবাস-অঙ্গন জয়, কীর্ত্তন মহারাস ।
বিশ্বম্ভর শ্রীবাসগৃহে করিলা প্রকাশ ॥
অদ্বৈতভবন জয় গদাধর অঙ্গন ।
মুরারি-ভবন জয়, সীতা রাম দর্শন ॥
গৌর-আনা প্রভু জয় শান্তিপুর-নাথ ।
গৌরশক্তি গদাধর গৌরহরি সাথ ॥
শ্রীচৈতন্যমঠ জয় মূলমঠ হন ।
জগদ্গুরু প্রভুপাদ করিলা স্থাপন ॥
গৌরাঙ্গের ব্রজলীলা অভিনয় স্থান ।
গান্ধর্বিকা-গিরিধারী-গৌর-বিদ্যমান ॥
মাধবেন্দ্র পুরী জয় শ্রীঈশ্বরপুরী ।
কেশব ভারতী জয় শ্রীচৈতন্য হরি ॥

জয় গঙ্গা-সরস্বতী-সঙ্গম সুন্দর।
তাহার নিকটে ঈশোদ্যান মনোহর ॥
জয় জয় গঙ্গাধর ঈশোদ্যানে বসি'।
চৈতন্যচন্দ্রের ধ্যান করে দিবানিশি ॥
গৌরাঙ্গের মাধ্যাহ্নিক লীলা প্রিয় স্থান।
সাধুগণ মঠ স্থাপি' গৌরগুণ গান ॥
শ্রীরাধাগোবিন্দ রাধা-গোপীনাথ জয়।
জয় রাধা-মদনমোহন অতি দয়াময় ॥
জয় নবদ্বীপধাম ভক্ত ভগবান।
কৃপা করি দেহ কৃষ্ণপ্রেমভক্তি দান ॥
শ্রীগুরুচরণপদ্ম করিয়া বন্দন।
দাস যাযাবর করে নাম-সংকীর্ত্তন ॥

---

হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদবায় নমঃ।
যাদবায় মাধবায় কেশবায় নমঃ ॥
গোপাল গোবিন্দ রাম শ্রীমধুসূদন।
গিরিধারী গোপীনাথ মদনমোহন ॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ শ্রীঅদ্বৈতচন্দ্র।
গদাধর শ্রীবাসাদি গৌরভক্তবৃন্দ ॥
জয় রূপ সনাতন ভট্ট রঘুনাথ।
শ্রীজীবগোপালভট্ট দাস রঘুনাথ ॥



এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্ট পূরণ ॥
এই ছয় গোসাঞি যাঁর মুঁই তাঁর দাস।
তাঁ সবার পদরেণু মোর পঞ্চগ্রাস ॥
তাঁদের চরণ সেবি ভক্ত-সনে বাস।
জনমে জনমে মোর এই অভিলাষ ॥
এই ছয় গোসাঞি যবে ব্রজে কৈলা বাস।
রাধাকৃষ্ণ নিত্যলীলা করিলা প্রকাশ ॥
আনন্দে বল হরি ভজ বৃন্দাবন।
শ্রীগুরুবৈষ্ণব-পদে মজাইয়া মন ॥
শ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্ম করি আশ।
(হরি) নাম সংকীর্ত্তন কহে নরোত্তম দাস ॥

---

## গোষ্ঠ

আমার শপতি লাগে না ধাইও ধেনুর আগে
পরাণের পরাণ নীলমণি।
নিকটে রাখিহ ধেনু পূরিহ মোহন বেণু
ঘরে বসি আমি যেন শুনি ॥
বলাই ধাইবে আগে আর শিশু বামভাগে
শ্রীদাম সুদাম সব পাছে।
তুমি তার মাঝে যাইও সঙ্গ ছাড়া না হইও
মাঠে বড় রিপু-ভয় আছে ॥

ক্ষুধা পাইলে লইয়া খাইও পথপানে চাহি' যাইও
অতিশয় তৃণাঙ্কুর পথে ।
কারু বোলে বড় ধেনু ফিরাতে না যাইও কানু
হাত তুলি দেহ মো মাথে ॥
থাকিবে তরুর ছায় মিনতি করিছে মায়
রবি যেন না লাগয়ে গায় ।
যাদবেন্দ্রে সঙ্গে লইও বাধা পানি হাতে থুইও
বুঝিয়া যোগাবে রাঙ্গা পায় ॥

---

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিরক্ষক
শ্রীধর দেবগোস্বামী মহারাজ প্রণাম মন্ত্র ।

ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজ বিরচিত ।

কনকস্যুরুচিরাঙ্গং সুন্দরং সৌম্যমূর্ত্তিং
বিবুধকুলবরেণ্যং শ্রীগুরুং সিদ্ধিপূর্ত্তিম্ ।
তরুণতপনবাসং ভক্তিদর্ঞিদ্বিলাসং
ভজ ভজ তু মনোরে শ্রীধরং শন্বিধানম্ ॥

শ্রীস্বরূপ-রায়-রূপ-জীব-ভাব-সম্ভরং
বর্ণধর্ম্ম-নির্ব্বিশেষ-সর্ব্বলোকনিস্তরম্ ।
শ্রীসরস্বতী-প্রিয়ঞ্চ ভক্তিসুন্দরাশ্রয়ং
শ্রীধরং নমামি ভক্তিরক্ষকং জগদ্গুরুম্ ॥

---



# প্রণতি-দশকম্

ওঁ বিষ্ণুপাদ-শ্রীমদ্ভক্তিসুন্দর-গোবিন্দ-দেব-গোস্বামী-মহারাজ-বিরচিতম্

নৌমি শ্রীগুরুপাদাব্জং যতিরাজেশ্বরেশ্বরম্ ।
শ্রীভক্তিরক্ষকং শ্রীল-শ্রীধর-স্বামিনং সদা ॥১॥
সুদীর্ঘোন্নতদীপ্তাঙ্গং সুপীব্য-বপুষং পরম্ ।
ত্রিদণ্ড-তুলসীমালা-গোপীচন্দন-ভূষিতম্ ॥২॥
অচিন্ত্য-প্রতিভাস্নিগ্ধং দিব্যজ্ঞানপ্রভাকরম্ ।
বেদাদি-সর্ব্বশাস্ত্রানাং সামঞ্জস্য-বিধায়কম্ ॥৩॥
গৌড়ীয়াচার্য্যরত্নানামুজ্জ্বলং রত্নকৌস্তুভম্ ।
শ্রীচৈতন্যমহাপ্রেমোন্মত্তালীনাং শিরোমণিম্ ॥৪॥
গায়ত্র্যর্থ-বিনির্য্যাসং গীতা-গূঢ়ার্থ-গৌরবম্ ।
স্তোত্ররত্নাদি-সমৃদ্ধং প্রপন্নজীবনামৃতম্ ॥৫॥
অপূর্ব্বগ্রন্থ-সম্ভারং ভক্তানাং হৃদ্রসায়নম্ ।
কৃপয়া যেন দত্তং তং নৌমি কারুণ্য-সুন্দরম্ ॥৬॥
সঙ্কীর্ত্তন-মহারাসরসাব্ধেশ্চন্দ্রমানিভম্ ।
সংভাতি বিতরন্ বিশ্বে গৌর-কৃষ্ণং গণৈঃ সহ ॥৭॥
ধামনি শ্রীনবদ্বীপে গুপ্তগোবর্দ্ধনে শুভে ।
বিশ্ববিশ্রুত-চৈতন্যসারস্বত-মঠোত্তমম্ ॥৮॥
স্থাপয়িত্বা গুরূন্ গৌর-রাধা-গোবিন্দবিগ্রহান্ ।
প্রকাশয়তি চাত্মানং সেবা-সংসিদ্ধি-বিগ্রহঃ ॥৯॥
গৌর-শ্রীরূপ-সিদ্ধান্ত-দিব্য-ধারাধরং গুরুম্ ।
শ্রীভক্তিরক্ষকং দেবং শ্রীধরং প্রণমাম্যহম্ ॥১০॥
শ্রদ্ধয়া যঃ পঠেন্নিত্যং প্রণতি-দশকং মুদা ।
বিশতে রাগমার্গেষু তস্য ভক্ত-প্রসাদতঃ ॥১১॥

## শ্রীল প্রভুপাদ-প্রণতি

নিখিল-ভুবন-মায়া-ছিন্নবিচ্ছিন্নকর্ত্রী
বিবুধবহুল-মৃগ্যা-মুক্তি-মোহান্ত-দাত্রী ।
শিথিলিত-বিধি-রাগারাধ্য-রাধেশ-ধানী
বিলসতু হৃদি নিত্যং ভক্তিসিদ্ধান্ত-বাণী ॥

গৌরাঙ্গৈক-গতির্ব্রজাশ্রিতমতিঃ শ্রীগৌরধামস্থিতিঃ
সচ্ছাস্ত্রৈকবৃতিঃ কুসঙ্গবিরতির্দুঃস্থব্যথা-নিষ্কৃতিঃ ।
শ্রীরূপৈকরতিঃ সনাতন-নতিঃ শ্রীজীবতেজস্ততিঃ
শ্রীসিদ্ধান্তসরস্বতী বিজয়তে গৌড়ীয়-গোষ্ঠীপতিঃ ॥

গৌড়ে গাঙ্গতটে নবব্রজ-নবদ্বীপে তু মায়াপুরে
শ্রীচৈতন্যমঠ-প্রকাশকবরো জীবৈক-কল্যাণধীঃ ।
শ্রীসিদ্ধান্তসরস্বতীতি-বিদিতো গৌড়ীয়-গুর্ব্বন্বয়ে
ভাতো ভানুরিব প্রভাতগগনে রূপানুগৈঃ পূজিতঃ ॥

## শ্রীল গদাধর-প্রার্থনা

নীলাম্ভোধিতটে সদা স্ববিরহাক্ষেপান্বিতং বান্ধবং
শ্রীমদ্ভাগবতী কথা মদিরয়া সঞ্জীবয়ন্ ভাতি যঃ ।
শ্রীমদ্ভাগবতং সদা স্বনয়নাশ্রুপায়নৈঃ পূজয়ন্
গোস্বামিপ্রবরো গদাধরবিভুর্ভূয়াৎ মদেকাগতিঃ ॥



## ঋক্ তাৎপর্য্যম্

তৎবিষ্ণোঃ পরমং পদং শ্রুতিমতং মুহ্যন্তি যৎ সূরয়ঃ
দ্রষ্টা চক্ষুরিব প্রসারিত-মহাসূর্য্যেব দিব্যাততম্ ।
ধাম্না স্বেন সদা নিরস্ত-কুহকং সত্যং পরং শব্দিতং
জ্যোতিঃপ্রীতিতনুং হিরণ্যপুরুষং পশ্যন্তি তং সূরয়ঃ ॥

## শ্রীমদ্ভাগবত-ধারায় গায়ত্রীর স্বরূপার্থ-বৈচিত্র্য

অর্থোঽয়ং ব্রহ্মসূত্রাণাং ভারতার্থ-বিনির্ণয়ঃ ।
গায়ত্রী-ভাষ্যরূপোঽসৌ বেদার্থঃ পরিবৃংহিতঃ ॥

## শ্রীগায়ত্রী-নির্গলিতার্থম্

ভূাদেস্তৎ সবিতুর্ব্বরেণ্যবিহিতং ক্ষেত্রজ্ঞসেব্যার্থকং
ভর্গো বৈ বৃষভানুজাত্মবিভবৈকারাধনা-শ্রীপুরম্ ।
(ভর্গো জ্যোতিরচিন্ত্যলীলনসুধৈকারাধনা-শ্রীপুরম্ ।)
(ভর্গো ধাম-তরঙ্গ-খেলন-সুধৈকারাধনা শ্রীপুরম্ ।)
(ভর্গো ধামসদা নিরস্তকুহকং প্রজ্ঞান-লীলাপুরম্ ।)
(দেবস্যামৃতরূপলীলরসধেরারাধধীঃ প্রেরিণঃ )
(দেবস্যামৃতরূপলীলপুরুষস্যারাধ-ধী প্রেষিণঃ )

দেবস্য দ্যুতিসুন্দরৈকপুরুষস্যারাধ্য-ধী-প্রেষিণঃ
গায়ত্রী-মুরলীষ্ট-কীর্ত্তনধনং রাধাপদং ধীমহি ॥
(গায়ত্রী-গদিতং মহাপ্রভুমতং রাধাপদং ধীমহি॥)
(ধীরারাধনমেব নান্যদিতিতদ্রাধাপদং ধীমহি ।)

—শ্রীল শ্রীভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজ

## শ্রীল ভক্তিবিনোদ প্রণতি

গুরুদং গ্রন্থদং গৌরধামদং নামদং মুদা ।
ভক্তিদং ভুরিদং বন্দে ভক্তিবিনোদকং সদা ॥

—শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেব-গোস্বামী ।

গৌরাঙ্গৈকগতিং গদাধরমতিং স্বানন্দকুঞ্জস্থিতিং
গোবিন্দৈকপতিং ব্রজাশ্রিতরতিং রাধাঙ্ঘ্রিসেবাকৃতিম্ ।
সচ্ছাস্ত্রৈকনতিং কুসঙ্গবিরতিং দুঃস্থ-ব্যথানিষ্কৃতিং
বন্দে ভক্তিবিনোদমাগমতিথিঞ্চস্য প্রজাশংকৃতিম্ ॥

—শ্রীল ভক্তিরক্ষক শ্রীধর দেব-গোস্বামী ।



## তিলক ধারণ মন্ত্র

১। ললাটে - ওঁ কেশাবায় নমঃ ।
২। উদরে - ওঁ নারায়ণায় নমঃ ।
৩। বক্ষস্থলে - ওঁ মাধবায় নমঃ ।
৪। কণ্ঠে - ওঁ গোবিন্দায় নমঃ ।
৫। দক্ষিণ পার্শ্বে - ওঁ বিষ্ণবে নমঃ ।
৬। দক্ষিণ বাহুতে - ওঁ মধুসূদনায় নমঃ ।
৭। দক্ষিণ স্কন্ধে - ওঁ ত্রিবিক্রমায় নমঃ ।
৮। বাম পার্শ্বে - ওঁ বামনায় নমঃ ।
৯। বাম বাহুতে - ওঁ শ্রীধরায় নমঃ ।
১০। বাম স্কন্ধে - ওঁ হৃষীকেশায় নমঃ ।
১১। পৃষ্ঠে - ওঁ পদ্মনাভায় নমঃ ।
১২। কটিতে - ওঁ দামোদরায় নমঃ ।

ডানহাতের অনামিকা (চতুর্থ আঙুল) দিয়ে তিলক ধারণ করতে হয় । ডানহাতের বাহুতে তিলক দেওয়ার জন্য বাম হাতের অনামিকা ব্যবহার করতে হবে। সর্বাঙ্গে তিলকাঙ্কনের পর বাম হাতের তালুর অবশিষ্ট তিলক-মিশ্রণ সামান্য জলে ধুয়ে ঐ জল 'ওঁ বাসুদেবায় নমঃ' উচ্চারণপূর্বক মস্তকে দিতে হবে ।

# শ্রীচৈতন্য সারস্বত মঠের প্রকাশিত গ্রন্থাবলী

## ওঁ বিষ্ণুপাদ পরমহংসকুলবরেণ্য শ্রীলভক্তিরক্ষক শ্রীধর দেবগোস্বামী মহারাজের গ্রন্থাবলী

শ্রীমদ্ভগবদ্গীতা (সম্পাদিত)
শ্রীভক্তিরসামৃতসিন্ধু (সম্পাদিত)
শ্রীপ্রপন্নজীবনামৃতম্
শ্রীপ্রেমধাম দেব-স্তোত্রম
অমৃতবিদ্যা (বাংলা, উড়িয়া)
শ্রীশিক্ষাষ্টক
সুবর্ণ সোপান
শ্রীগুরুদেব ও তাঁর করুণা
শাশ্বত সুখনিকেতন
শ্রীভক্তিরক্ষক দিব্যবাণী
Centenary Anthology
Golden Staircase
Heart and Halo
Home Comfort
Holy Engagement
Inner Fulfilment
Life Nectar of the Surrendered Souls
(Sri Sri Prapanna-jivanamritam)
Loving Search for the Lost Servant
Sermons of the Guardian of Devotion
(Vol I, II, III, & IV)
Sri Guru and His Grace
Srimad Bhagavad-Gita -
The Hidden Treasure of the Sweet Absolute
Subjective Evolution of Consciousness
The Golden Volcano of Divine Love
The Search for Sri Krishna Reality the Beautiful

## ওঁ বিষ্ণুপাদ পরমহংস শ্রীলভক্তিসুন্দর গোবিন্দ দেবগোস্বামী মহারাজের ও তাঁর সম্পর্কিত গ্রন্থাবলী

Benedictine Tree of Divine Aspiration
Dignity of the Divine Servitor
Divine Guidance
Divine Message for the Devotees
Golden Reflections
Original Source
The Divine Servitor

শ্রীভক্তিকল্পবৃক্ষ
রচনামৃত

## নবদ্বীপ শ্রীচৈতন্য সারস্বত মঠ থেকে প্রকাশিত ও প্রাপ্তব্য অন্যান্য গ্রন্থাবলী

শ্রীব্রহ্মসংহিতা
শ্রীকৃষ্ণকর্ণামৃতম
শ্রীগৌড়ীয় গীতাঞ্জলী
শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য
শ্রীনবদ্বীপ ভাবতরঙ্গ
শ্রীনামতত্ত্ব নামাভাস ও নামাপরাধ বিচার
শ্রীনাম ভজন বিচার ও প্রণালী
শরণাগতি
কল্যাণকল্পতরু
শ্রীচৈতন্যচরিতামৃত
শ্রীচৈতন্যভাগবত
শ্রীহরিনাম মাহাত্ম্য ও নামাপরাধ

# শ্রীচৈতন্য সারস্বত মঠ

**ঃ সর্বপ্রধান কেন্দ্র ঃ**

কোলেরগঞ্জ, নবদ্বীপ, নদীয়া, পিন নং - ৭৪১ ৩০২
ফোন - (০৩৪৭২) ৪০০৮৬/৪০৭৫২
Email: info@scsmath.com   Web: scsmath.com

## ভারত ও বহির্ভারতের প্রধান কেন্দ্রসমূহ

৪৮৭, দমদম পার্ক,
৩নং পুকুরের নিকটে
কলিকাতা - ৭০০ ০৫৫
ফোন - ৫৫১ - ৯১৭৫

বিধবা আশ্রম রোড
গৌরবাটসাহী, পুরী,
উড়িষ্যা  - ৭৫২ ০০১
ফোন - (০৬৭৫২) ৩১৪১৩

গ্রাম ও পোঃ - হাপানিয়া
জেলা - বর্দ্ধমান, পশ্চিমবঙ্গ

কৈখালী চিড়িয়ামোড়, কলি - ৫২
ফোন - (০৩৩) ৫৭৩ ৫৪২৮

দশবিসা, পোঃ গোবর্ধন, মথুরা
উত্তর প্রদেশ - ২৮১ ৫০২
ফোন - (০৫৬৫) ৮১৫ ৪৯৫

৯৬ সেবাকুঞ্জ, বৃন্দাবন
মথুরা, উত্তর প্রদেশ - ২৮১ ১২১
ফোন - (০৫৬৫) ৪৪৬ ৭৭৮

৪৬৬ গ্রীন স্ট্রীট, লণ্ডন
ফোন - (০১৮১) ৫৫২ ৩৫৫১

২৯০০ নর্থ রোডিও গলচ রোড
সোকেল, ক্যালিফোর্নিয়া
CA 95073, U.S.A.
ফোন - (৪০৮) ৪৬২ ৪৭১২

পো,অ, বক্স ৭২ উকি, মুরিলম্বা,
N.S.W. 2486, অস্ট্রেলিয়া
ফোন - (০২) ৬৬৭৯ ৫৫৪১

নবদ্বীপ ধাম রোড
লং মাউন্টেন, মরিসাস্
ফোন - (২৩০) ২৪৫ ৩১১৮

মোরস্কয়া ১৩, সেইন্ট পিটার্সবার্গ
রাশিয়া
ফোন - (৮১২) ২৩৮ ২৯৪৯

কণাসিন, যুকাতন
মেক্সিকো
ফোন - (৯৯) ৮২৮ ৪৪৪